# বছরের প্রতিটি দিন ও আপনার ভাগ্য

কিরোর সর্বাপেক্ষা উল্লেখযোগ্য বই। বছরের প্রতিটি দিনের নিখুঁত ভাগ্য গণনার পরিচায়ক গ্রন্থ।


**কিরো**

অবলম্বনে

**পরীক্ষিৎ**


১৯ শ্যামাচরণ দে ষ্ট্রীট

কলিকাতা-১২

# প্রতিটি দিন ও আপনার ভাগ্য

জগতের সর্বাপেক্ষা সফল এক প্রসিদ্ধ হস্তরেখাবিদ্ কিরো। তিনি ইংরাজী ভাষায় তার বহুদিনের সঞ্চিত জ্ঞান ভাণ্ডার পুস্তকের মাধ্যমে জনসাধারণকে পরিবেশন করেছেন। তাঁর নির্ভুল গণনার মতই তাঁর লিখিত বইগুলিও নির্ভুল এবং অভ্রান্ত। বাংলাদেশে কিরোর বই সম্বন্ধে গভীর গবেষণা পরীক্ষিতের মত খুব অল্প লোকই করেছেন। পরীক্ষিৎ কিরোর হস্তরেখা বিচারের মূল সূত্রগুলি সুললিত গদ্যে বঙ্গ ভাষাভাষী জনসাধারণের জন্যে লিখেছেন। পরীক্ষিতের রচনা সম্বন্ধে ভারতবিখ্যাত রাজজ্যোতিষী মহোপাধ্যায় পণ্ডিত ডঃ হরিশ্চন্দ্র শাস্ত্রী বলেছিলেন, "এর পর্বে পর্বে গ্রথিত রয়েছে লেখকের নিজস্ব অভিজ্ঞতালব্ধ পরম ধন। হস্তরেখাবিদ্যা পরিপূর্ণরূপে অধীত না হলে এই পুস্তকের জ্ঞানরত্নরাজির সঙ্গে intution বা অন্তর্দৃষ্টিরূপ ইন্ধন বা Fuel সংযোজিত না হলে এ রকম স্বচ্ছ, সরল ও সুললিত ভাষায় এমন সুন্দর ভাবে লেখা কোন মতেই সম্ভব নয়। cheiro'র ভাব গঙ্গার সঙ্গে পরীক্ষিতের জ্ঞান যমুনার সঙ্গম হয়েছে।" সত্যিকারের হস্তরেখাবিদ্যা জানতে হলে পরীক্ষিতের বইগুলির জুড়ি নেই।

প্রিয় বন্ধু

শ্রীমতী কল্পনা রায় ও শ্রীপ্রসাদ রায়কে

—পরীক্ষিৎ

# প্রথম পরিচ্ছেদ

## জানুয়ারী

[ সাধারণভাবে জানুয়ারী মাসে জন্মানোর ফল। চরিত্র, বৈশিষ্ট্য, অর্থভাগ্য এবং স্বাস্থ্যের উপর এই সময়ে যাঁরা জন্মগ্রহণ করেছেন, তার প্রভাব। ]

জানুয়ারী মাসটি জ্যোতিষশাস্ত্রে মকর চিহ্নের অধীন। এই চিহ্নটি মোটামুটি শুরু হয় ২১শে ডিসেম্বর। তবে পূর্বতন গ্রহের প্রভাব ৭ দিন থাকে। তারপর ২৮শে ডিসেম্বরের পর পূর্ণ শক্তিতে বলীয়ান হয়ে বিরাজমান থাকে ২১শে জানুয়ারী পর্যন্ত। তারপর ৭ দিন পর পরবর্তী আগত চিহ্ন বায়ুর তৃতীয় ঘর কুম্ভ চিহ্নে চলে যায়।

মকর হচ্ছে পৃথীর তৃতীয় ঘর। এর অধিপতি হচ্ছেন শনি ( ধনাত্মক )। একে শনির ঘরও বলা হয়।

আপনি যদি এই মাসে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং বিশেষ ধারা নিম্নরূপ হবে :—

আপনি প্রকৃতিতে হচ্ছেন উচ্চাভিলাষী, অসীম প্রাণশক্তি-বিশিষ্ট, লেগে থাকবার ক্ষমতা আপনার অপরিসীম এবং একটু মিলিটারী মেজাজের। আপনার অভীপ্সিত বস্তুলাভের জন্য প্রভূত পরিমাণে প্রচেষ্টা করেন। এই মাসটা শনির অধীন বলে আপনি সাবধানী এবং সতর্ক। আপনি সব কাজেই খুব ভেবেচিন্তে এগোন এমন কি যদি কোন বিষয়ে স্থিরনিশ্চয় না হতে পারেন তবে সেদিকে পদক্ষেপই করেন না। শনির মধ্যে কোনরকম ফাটকা খেলার ভাব নেই। আপনি সন্দিগ্ধমনা, বিশ্লেষণধর্মী, অনেক ভেবেচিন্তে নতুন কিছু গ্রহণ করেন। কিন্তু মন আপনার খোলা এবং আপনার মনের জানালা মুক্ত।

আপনার মনের গঠন হচ্ছে শক্তিশালী, দার্শনিক অথচ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীসম্পন্ন। খুব গভীরভাবে চিন্তা করবার শক্তি আপনার আছে এবং যৌক্তিকতা আপনার মধ্যে প্রচুর। ধর্মের বিষয়ে আপনি খুব গভীরভাবে গোঁড়া বা মন আবার একেবারে ওদিকে চলে যেতে পারে সেক্ষেত্রে আপনি

ধর্মে একেবারেই বিশ্বাস করেন না। সবচেয়ে ওপরে আপনি বুদ্ধিমত্তাকে স্থান দেন এবং আপনি যে কোন বন্ধুকে যে কোন দোষে ক্ষমা করতে পারেন তাদের মধ্যে যদি কোনরকম অনন্যসাধারণ বুদ্ধি বা ক্ষমতা দেখতে পান।

ব্যক্তি সম্বন্ধে অন্তর্দৃষ্টি আপনার অত্যন্ত তীক্ষ্ণ, কিন্তু আপনার পরিকল্পনা সম্বন্ধে সহজে হতাশ হয়ে পড়েন এবং কোনরকম বিঘ্ন বা হতাশা এলে বিষাদ-খিন্নতার অন্ধকারে ডুবে যান। আপনার প্রেম, কর্তব্য এবং সামাজিক চিন্তা বিশেষ মৌলিকত্ব দাবী করতে পারে এবং এর ফলে লোকেরা আপনাকে একটু অন্যরকম বা ছেমোটে ভাবতে পারে। উচ্চমনা এবং স্বাধীন মনোবৃত্তি সম্পন্ন বলে আপনি যা কাজ করছেন তাতে সবচেয়ে উর্দ্ধে আপনার স্থান হওয়া উচিৎ, নইলে আপনি সে কাজে সবরকম আগ্রহ হারিয়ে ফেলবেন। আপনি কোনরকম নিয়ন্ত্রণ পছন্দ করেন না এবং কোনরকম বাধ্যবাধকতার বিরুদ্ধে আপনি রুখে দাঁড়ান। কিন্তু আবার আপনি ট্র্যাডিশন এবং কর্তৃত্বকে অন্তর থেকে মান্য করে চলেন। জীবন আপনার কাছে গভীর এক সমস্যা এবং সমস্যাজর্জরিত মুহূর্তে আপনি বিদ্রোহ ঘোষণা করে থাকেন।

একেবারে নিয়মতান্ত্রিকভাবে লেগে থাকা এবং পরিশ্রম করা আপনার এক ধরণের ম্যানিয়া হয়ে দাঁড়ায়। কিন্তু সত্যি বলতে কি উত্তেজনা বা তাড়াহুড়োর মধ্যে কাজ না করে ধীরে সুস্থে, গুছিয়ে গাছিয়ে লক্ষ্য বস্তুতে পৌঁছনো আপনার পক্ষে অত্যন্ত শুভজনক। আপনার ব্যক্তিগত প্রচেষ্টা এবং স্বাতন্ত্র্য দিয়ে আপনি নিজে যে অবস্থায় জন্মেছিলেন তার চেয়ে অনেক উর্দ্ধে উঠবেন। আপনি চরিত্রগতভাবে উচ্চাকাঙ্খী, কিন্তু আপনার নিজের মধ্যে একটু প্রফুল্লতা আনতে চেষ্টা করা উচিৎ। নইলে আপনি অসুখের বাতিক বা বিষাদখিন্নতায় ভুগবেন।

অপরে আপনাকে সাধারণতঃ ভুল বুঝবে। আপনি সহজে লোকেদের সঙ্গে মিশবেন না, আপনার বন্ধু-বান্ধব খুব অল্পই থাকবে। কিন্তু নিজেকে আপনার প্রায়ই ভীষণ একলা একলা লাগবে।

আপনি দুর্বলকে রক্ষা করতে গিয়ে বা অ-জনপ্রিয় কর্তব্য করতে গিয়ে প্রচুর শত্রু সৃষ্টি করবেন।

আপনার উচিৎ হচ্ছে জনগণের সঙ্গে সম্পর্ক আছে এমন কোন কাজে লিপ্ত থাকা। যেমন পৌরসভা, রাজনীতি, সরকারী কাজ বা দায়িত্বপূর্ণ এবং বিশ্বাসপূর্ণ পদে অধিষ্ঠিত হওয়া।

## স্বাস্থ্য

জানুয়ারী মাসে জন্মগ্রহণ করেছেন বলে শনির প্রভাবে আপনার শারীরিক গঠন খুব শক্তিশালী হবে এবং প্রভূত জীবনীশক্তি থাকবে। এইসঙ্গে কিন্তু মনে রাখতে হবে যে গভীর হতাশা এবং বলহীনতার ভাবকে যদি রুখতে না পারেন তবে পিত্ত প্রকোপ, গলব্ল্যাডারের কষ্ট, পেটে ঘা, হজমী শক্তির অতিশয় গণ্ডগোল এবং আন্ত্রিক ক্রিয়াকলাপ বন্ধ অবধি হয়ে যেতে পারে। আপনার নিজের মঙ্গলের জন্য প্রফুল্ল এবং আশাবাদী সমাজে আপনার মেশা উচিৎ। ঠাণ্ডা আপনাকে ভীষণভাবে বিরক্ত করবে এবং আপনি যদি সাবধান না হন তবে হাঁপানী, ব্রঙ্কাইটিস এবম্বিধ অসুখে আপনার ভোগবার সম্ভাবনা সমধিক। নীচু জলাভূমিতে বাস করার চেয়ে শুষ্ক উচ্চ স্থান আপনার পক্ষে মঙ্গলজনক।

আপনার খাদ্যবস্তুর ওপর বিশেষভাবে নজর রাখুন এবং যথোপযুক্ত ব্যায়াম করে শরীরের রক্ত সঞ্চালন ঠিক রাখুন এবং ম্যাজম্যাজে কনকনে ঠাণ্ডা হাওয়া থেকে নিজেকে দূরে রাখুন। মধ্যে মধ্যে পরিবর্তন আপনার খুব প্রয়োজন তবে তা যেন নিঃসঙ্গতার দিকে না যায়। আপনার দৃষ্টিভঙ্গী যদি বাধাপ্রাপ্ত হতে থাকে এবং আর পারছি না এই গোছের মনোভাব আসে তবে যথাসম্ভব নিজের মধ্যে প্রফুল্লতা আনতে চেষ্টা করুন, নইলে আপনার মানসিক গ্লানি আপনাকে রোগের বাতিক এনে দেবে।

গাঁয়ের দিকে একটা কুটির বানাবার প্রকল্প আপনার মধ্যে থাকবে এবং যদি সম্ভব হয়, তবে পাহাড়ের পাশে বা কোন পাহাড়ী জায়গায় আপনি গৃহ নির্মাণ করতে চেষ্টা করুন। আপনি স্যাঁৎস্যাঁতে বা জলাভূমিতে কখনই বাস করতে চেষ্টা করবেন না। কারণ আপনার বাত, গেঁটে বাত, পা ফোলা বা পায়ে ব্যথা হবার সম্ভাবনা রয়েছে। আপনার অপর লোকেদের চেয়ে গোড়ালীতে, পায়ে এবং চেটোতে আঘাত লাগাতে পারেন অনেক বেশী।

## অর্থভাগ্য

জন্মমাস অনুযায়ী শনির প্রভাব অর্থভাগ্য সম্বন্ধে খুব শুভজনক নয় এবং বহু বাধা, বিলম্ব, সীমাবদ্ধতা আপনার আর্থিক উন্নতির অন্তরায় হবে বিশেষ করে জীবনের প্রথম ভাগে।

আপনার অর্থ নৈতিক সাফল্য এবং লাভ আসবে পরিশ্রম, ধীর কিন্তু গভীর অধ্যবসায় এবং যত্ন ও অর্থকৃচ্ছ্রতা থেকে। সত্যি কথা বলতে কি আপনি নিজের প্রচেষ্টা দ্বারাই ধনী হতে পারেন। কিন্তু কোনরকম ভাগ্য বা সৌভাগ্যের জন্য নয়। জমি-জমা, গৃহ-সম্পত্তি, যেসব ফ্যাক্টরী বিশেষ করে কয়লা, শীসে বা লোহার জিনিষ ব্যবহার করে তা নির্মাণ করা; যানবাহনের বা কৃষির যন্ত্র নির্মাণ করা, কৃষিকে উন্নত করতে চেষ্টা করা বা যা কিছুর মূল বনিয়াদ খুব দৃঢ় সেইসব কাজে আপনার অর্থ বিনিয়োগ করা উচিৎ।

ন্যায্যভাবে যে অর্থের অধিকারী আপনি, তা পেতে আপনার ভীষণ কষ্ট হবে এবং কোনরকম জামিন না রেখে আপনি কখনও অর্থ ধার দেবেন না নাহলে নিশ্চিতভাবে আপনি তা ফেরৎ পাবেন না। আপনি যাতে অর্থ বিনিয়োগ করতে যাচ্ছেন তা দৃঢ়ভিত্তিতে প্রতিষ্ঠিত কিনা আপনার বিশেষভাবে দেখা উচিৎ। কারণ এগুলিই আপনার সৌভাগ্যপ্রদ হবে। কারণ ফাটকাতে আপনি কখনই লাভবান হতে পারবেন না।

## বিবাহ, যোগাযোগ, পার্টনারশিপ

যাঁরা আপনার চিহ্নে (মকরে) পৃথির তৃতীয় ঘরে ডিসেম্বর মাসের ২১ থেকে জানুয়ারী মাসের ২১ তারিখে জন্মগ্রহণ করেছেন, তাঁদের সঙ্গে আপনি খুব একাত্মতা বোধ করবেন।

যাঁরা বৃষ চিহ্নে এপ্রিল মাসের ২০ তারিখ থেকে মে মাসের ২০ তারিখের মধ্যে জন্মগ্রহণ করেছেন, যা পৃথির প্রথম ঘর বা কন্যা চিহ্নে, আগস্ট মাসের ২১ তারিখ থেকে সেপ্টেম্বর মাসের ২০ তারিখ যা পৃথির দ্বিতীয় ঘর এবং এর আগের ৭ দিন বা পরের ৭ দিন এবং আপনার একেবারে উল্টোদিকের ঘর অর্থাৎ ২৭শে জুলাই থেকে ২৭শে সেপ্টেম্বর পর্যন্ত, তাদের সঙ্গে আপনার সুখ ও মনের মিল থাকবে।

* * * * *

## পাঠকদের প্রতি উপদেশ

বৈজ্ঞানিকভাবে নির্ণীত হয়েছে যে আমাদের প্রাণের সঙ্গে সম্পর্ক আছে সৌরজগতে এমনি ৯টি গ্রহ আছে।

এইভাবে কেবলমাত্র ৯টি সংখ্যা দিয়েই পৃথিবীতে সবরকম গণনা হয়ে থাকে। ১ থেকে ৯ সংখ্যার পরে বাকি সবগুলি ওই ১ থেকে ৯ সংখ্যারই যোগফল। যেমন ১০ হচ্ছে শুধুমাত্র ১ সংখ্যা পেছনে একটা শূন্য। ১১ হচ্ছে ১+১=অর্থাৎ ২। এইভাবে ১২ হচ্ছে ১+২=অর্থাৎ ৩। এইভাবে সব সংখ্যাই তা যত বড়ই হোক না কেন শুধুমাত্র যাকে স্বাভাবিক যোগফল বলে অর্থাৎ বাঁ দিক থেকে ডান দিকে যোগ করে, তাকে একটিমাত্র সংখ্যায় আনয়ন করা যায়। এই একক সংখ্যাটি হচ্ছে পূর্ববর্তী সংখ্যার যোগফলের 'আত্মা'।

এইভাবে এগোলে আমরা দেখতে পাই যে সব জন্মদিনই ১ থেকে ৯ সংখ্যার মধ্যে পড়ে। সৌরজগতে যে ৯টি গ্রহ রয়েছে তাদের সংখ্যার অনুরূপ। কোন ব্যক্তি যদি কোন মাসে ১০, ১৯ বা ২৮ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে তাঁরা '১' সংখ্যার লোক, যেন তাঁরা ১ তারিখেই জন্মগ্রহণ করেছেন। এই যে বিশিষ্ট ভাবধারা তা প্রতিমাসে বিভিন্ন হয় যা আমি পরবর্তী পাতাগুলিতে বলছি।

## দ্বিতীয় পরিচ্ছেদ

### যাঁরা জানুয়ারী মাসের ১লা, ১০ই, ১৯শে বা ২৮শে তারিখে জন্মগ্রহণ করেছেন।

এই মাসের ১ সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোনদিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ শাস্ত্র এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি মকরের ঘরে ( ধনাত্মক শনি ) পৃথির তৃতীয় ঘরে রবি, ইউরেনাস এবং শনির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক প্রবণতা এবং, বিশিষ্ট বৈশিষ্ট্যগুলি সাধারণভাবে জানুয়ারী মাসে জন্মালে কি হয়, তা আগের পরিচ্ছেদে দেওয়া আছে। কিন্তু রবি এবং ইউরেনাস আপনার চরিত্রে স্বাতন্ত্র দেবে। আপনি দৃষ্টিভঙ্গীতে হবেন অত্যন্ত স্বাধীনচেতা, মৌলিকতা এবং সৃষ্টিধর্মী মনোভাব আপনার বিশেষত্ব। সৌভাগ্য কিন্তু আপনার দেরীতে আসবে, হঠাৎ যদি শিকল ছিঁড়ে কিছু সৌভাগ্য আপনার উপর বর্ষিত না হয়। তবে সৌভাগ্য শেষকালে আসবেই, তা আপনার কার্যধারা থেকেই বোঝা যায়।

ভেতরে ভেতরে আপনি অত্যন্ত চিন্তাশীল এবং গম্ভীর মেজাজের এবং যা কিছুই করেন তা অত্যন্ত খুঁটিনাটি বিষয়ের দিকে লক্ষ্য রেখে করেন।

আপনি স্থির চিত্ত এবং ব্যবহারিক জ্ঞানসম্পন্ন। সহজে অপরের মতামত বা প্রভাবের দ্বারা প্রভাবিত হন না। আপনার সব পরিকল্পনার পেছনেই একটা 'স্থিতাবস্থা' রয়েছে এবং যে কোন বাধা-বিঘ্ন আপনাকে কাবু করতে পারে না।

আপনি যদিও চরিত্রগতভাবে খুব মহৎ তবুও জোর করে কেউ কিছু আপনাকে দিয়ে করিয়ে নিতে পারবে না এবং দান বা দয়া যা কিছু করবার তা আপনি নিজের মতেই করবেন।

আপনি অত্যন্ত উচ্চাভিলাষী হবেন এবং আপনার সঙ্গী-সাথী বা আত্মীয়-পরিজনকে পেছনে ফেলে রেখে এগিয়ে যাবেন।

অনেক বাধা-বিঘ্ন আপনার যাত্রাপথে আসবে, কিন্তু আপনার ধৈর্য এবং লেগে থাকবার ক্ষমতার জন্য আপনি একে একে সব বাধা-বিঘ্ন অতিক্রম করবেন।

## অর্থভাগ্য

টাকাকড়ির ব্যাপারে আপনি বেশ হিসাবী আর সতর্ক এবং সচরাচর যেসব ব্যবসা-বাণিজ্য ভালো আর্থিক প্রতিদান দেয় সেরকম স্থানেই আপনি অর্থ বিনিয়োগ করেন। যে কোন সুযোগই আপনার সামনে আসুক না কেন আপনি তার সদ্ব্যবহার করতে পারেন এবং যে কোন অবস্থাতেই আপনি পড়ুন না কেন তার থেকে অবলীলাক্রমে বেরিতে আসতে পারবেন।

অপরের ওপর আপনার চুম্বক শক্তির মতন প্রভাব থাকবে। বিশেষতঃ যাতে জনগণের সামনে আসতে হয়, এমন কোন বিষয় হলে তো আর কথাই নেই। কিন্তু একটা কথা মনে রাখতে হবে আপনাকে জীবনের বিভিন্ন সময়ে দুর্নাম এবং কুৎসার সম্মুখীন হতে হবে।

## স্বাস্থ্য

আপনি যদি এই ১, ১০, ১৯ বা ২৮ তারিখে জন্মে থাকেন, তবে আপনার প্রাণশক্তি হবে অনন্ত। অবশ্য আপনি যদি বেশী ওষুধপত্র বা মাদকদ্রব্য না খান।

মাঝে মাঝে আপনি প্রচণ্ড সর্দিকাশি, বাত এবং আর্টারাইটিস্-এ ভুগবেন। এর থেকে নিস্তার পাবার জন্য আপনার কোন শুষ্ক এবং উচ্চস্থানে বাস করা উচিৎ।

আপনার সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে '১' (যা সূর্যকে নির্দেশ করে) এবং '৪' (যা ইউরেনাসকে নির্দেশ করে)। আপনার দরকারী কাজকর্মগুলি আপনি যে কোনো মাসেই হোক না কেন, ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ বা ৩১ তারিখে করতে চেষ্টা করবেন।

আপনার ব্যক্তিত্বের চৌম্বক শক্তি বর্ধিত করবার জন্য আপনি আপনার পরিধেয় বস্ত্রে রবি এবং ইউরেনাসের বর্ণ ব্যবহার করবেন। যেমন: রবির বর্ণ হচ্ছে সবরকম সোনালী বা হলদে রং থেকে তামার রং এবং সোনালী বাদামী। ইউরেনাসের বর্ণ হচ্ছে: নীল নীল ধূসর এবং যে কোন হাল্কা রং।

আপনার সৌভাগ্যজনক রত্ন হচ্ছে হীরক, পোখরাজ এবং এ্যাম্বার।

আপনার জীবনের স্মরণীয় বৎসর হবে ১০, ১৯, ২৮, ৩৭, ৪৬, ৫৫, ৬৪, ৭৩ ও ৪, ১৩, ২২, ৩১, ৪০, ৪৯, ৫৮, ৬৭ এবং ৭৬।

যাঁদের জন্মসময়ের যোগফল ১ বা ৪ হয় তিনি যে কোন মাসেই হোক না কেন, খুব অনায়াসেই আপনার মনের কাছে চলে আসতে পারবেন। যেমন, ১, ৪, ১০, ১৩, ২২, ২৮ বা ৩১ তারিখের জাতকেরা।

## তৃতীয় পরিচ্ছেদ

যাঁরা জানুয়ারী মাসের ২, ১১, ২০ এবং ২৯ তারিখে জন্মগ্রহণ করেছেন।

### এই মাসের ২ সংখ্যাব লোকেরা

আপনি যদি উপরোক্ত দিনগুলির যে কোন একটিতে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ শাস্ত্র এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী ধনাত্মক শনির মকর চিহ্নে পৃথির তৃতীয় ঘরে চন্দ্র এবং নেপচুনের স্পন্দনে আর্পনি জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং বিশেষ প্রবণতাগুলি জানুয়ারী মাসের জাতকদের মতই হবে। তবে চন্দ্র এবং নেপচুন আপনাকে শান্ত, কল্পনাপ্রবণ এবং সহজাত বোধশক্তি দেবে যা অন্য সময়ে জাত জানুয়ারী মাসের জাতকদের মধ্যে থাকে না। আপনার কল্পনানুযায়ী সব জিনিস না চললে আপনি ভীত হয়ে পড়েন এবং কোন কিছু আঘাত বা প্রতিকূলতার সম্মুখীন হলে আপনি নিজের মধ্যে নিজেকে গুটিয়ে ফেলেন। আপনি অত্যন্ত অনুভূতিপ্রবণ এবং সহজেই মনে আঘাত বা ব্যথা পান।

কোনরকম কঠিন বা দ্রুত ব্যবসায়ী কার্যক্রম ছাড়াও আপনি সচরাচর আপনার কল্পনাশক্তির প্রভাবের জন্য সফলতা অর্জন করেন। আপনার উচ্চাভিলাষ পূর্ণ করবার জন্য আপনি 'দিব্যস্বপ্ন' দেখেন। আপনার স্বপ্নগুলি সত্য হতে পারে যদি আপনি সেগুলিকে রূপান্তরিত করবার জন্য আত্মবিশ্বাস বর্ধিত করতে পারেন। অত্যন্ত অনুভূতিশীল বলে আপনার সহজাত গুণাবলীগুলিকে প্রস্ফুটিত করবার জন্য আপনি প্রশংসার কাঙাল। যদি অবস্থাগতিকে আপনাকে আটকে থাকতে হয় তবে আপনি অত্যন্ত অস্থির এবং অসুখী হয়ে পড়েন, কারণ আপনার স্বপ্নকে রূপ দেবার জন্য স্বাধীনতা আপনার অতি অবশ্য প্রয়োজন।

## অর্থভাগ্য

অর্থ সম্বন্ধে এমনিতে গ্রাহ্য করেন না, কিন্তু অর্থ না হলে চলে না তাই আপনি অর্থ চান। আপনার অর্থ সম্বন্ধে বেশ একটা তাচ্ছিল্যের ভাবও থাকা অসম্ভব নয়। কারণ আপনি জানেন যে মাথা খাটিয়ে আপনি যে কোন সময়েই প্রয়োজনীয় অর্থ রোজগার করতে পারেন। আপনার যা অর্থ আছে, লোকে তার চেয়ে আপনাকে ধনী ভাববে। আপনার স্পর্শকাতর মন অর্থ সম্বন্ধে কারুর কোন যাচ্ঞাকে ফেরৎ দিতে পারে না। ফলে জগতে আপনাকে মান, খ্যাতি রাখবার জন্য মাঝে মাঝে আপনার আর্থিক অবস্থা বেশ খারাপ হয়ে পড়ে। এ সত্ত্বেও আপনি সহজাতভাবে অর্থ সম্বন্ধে সতর্ক।

## স্বাস্থ্য

আপনি অত্যন্ত বেশী পরিশ্রম করে নিজেকে ক্ষয় করে এনে 'স্নায়বিক দৌর্বল্যে' ভুগতে পারেন। কিন্তু একটুখানি বিশ্রাম বা শান্তি আপনার ভগ্ন স্বাস্থ্যকে আবার জোড়া লাগিয়ে দেবে। কোন একরকম বিশেষ ধরণের খাদ্য নিজের থেকেই আপনি খাবেন, যা আপনার স্বাস্থ্যের পক্ষে খুবই মঙ্গলজনক হবে। সবরকম বাত বা গেঁটে বাত সম্বন্ধে আপনার সাবধান থাকা উচিত এবং শুষ্ক আবহাওয়ায় থাকা আপনার পক্ষে মঙ্গলজনক।

চোখ নিয়ে আপনি মাঝে মাঝে ভুগতে পারেন এবং মেরুদণ্ড আপনার দুর্বল, ব্যাঁকা এবং নরম হতে পারে।

আপনার সবচেয়ে সৌভাগ্যশালী সংখ্যা হচ্ছে '২' যা চন্দ্রের প্রতীক এবং '৭' যা নেপচুনের প্রতীক।

আপনার দরকারী কাজকর্মগুলি সচরাচর এই সংখ্যার দিনগুলিতে করতে চেষ্টা করবেন তা যে কোন মাসেই হোক। যেমন, ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ এবং ২৯।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য আপনি আপনার পরিধেয় বস্ত্রে চন্দ্র বা নেপচুনের বর্ণ ব্যবহার করবেন।

চন্দ্রের বর্ণ হচ্ছে : সবরকম সাদা, ক্রীম এবং হাল্কা সবুজ।

নেপচুনের বর্ণ হচ্ছে : সবরকমের ঘুঘু পাখীর মতন ধূসর রঙ। খুব হাল্কা থেকে খুব ভারী।

আপনারী সৌভাগ্যশালী রত্ন হচ্ছে জেড, মুক্তো, মুনস্টোন বা বৈদুর্যমণি।

আপনার জীবনের সবচেয়ে শুভ বছরগুলি হবে ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২ ৫৬, ৬১, ৬৫, ৭০ এবং ৭৪।

বছরের যে কোন মাসেরই যদি কেউ ২, ৭, ১১, ১৬, ২০. ২৫ বা ২৯ তারিখে জন্মগ্রহণ করে থাকুন না কেন তাঁর চট করে আপনার অন্তরের মধ্যে স্থান করে নেবে।

এই দুই সংখ্যার প্রথম দিনটি হচ্ছে কিন্তু ২৯শে ডিসেম্বর। মাননীয় ডবলু. ই. গ্ল্যাডস্টোন এই সংখ্যার একটি জাজ্বল্য দৃষ্টান্ত। তাঁর মননশীলতা অত্যন্ত উচ্চস্তরের ছিল, এবং তিনি যদিও ইংল্যাণ্ডের অন্যতম শ্রেষ্ঠ রাজনৈতিক নেতা ছিলেন, কিন্তু তিনি কখনও ধনী হতে পারেন নি।

## চতুর্থ পরিচ্ছেদ

যাঁরা জানুয়ারী মাসের ৩, ১২, ২১ এবং ৩০ তারিখে জন্মগ্রহণ করেছেন।

### এই মাসের ৩ সংখ্যার ব্যক্তিরা

আপনি যদি উপরোক্ত দিনগুলির মধ্যে কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ শাস্ত্র অনুযায়ী এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি মকরের ঘরে পৃথির তৃতীয় ঘর ধনাত্মক শনির অধীনে বৃহস্পতির স্পন্দনে জন্মলাভ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং বিশেষ গুণাবলী পূর্বে বর্ণিত জানুয়ারী মাসে জাতকের মতই হবে কিন্তু শক্তিশালী বৃহস্পতির জন্য আপনি আপনার পরিকল্পনা এবং ইচ্ছাকে রূপ দেবার জন্য অনেক বেশী আগ্রাসী এবং দৃঢ়চেতা হবেন।

আপনি যা কিছুই করতে যান না কেন, আপনার প্রবল উচ্চাকাঙ্খা তার মধ্যে পরিলক্ষিত হবে। আপনি আপনার নিজস্ব প্রচেষ্টা এবং সাফল্য অর্জনের দৃঢ়তার জন্য জীবনে অনেকখানি উঠে যাবেন। আপনি যে-

জীবিকাতেই নিযুক্ত থাকুন না কেন, আপনাকে প্রচুর লোকের ঈর্ষা এবং বাধার সম্মুখীন হতে হবে এবং বহু শত্রুও আপনি সৃষ্টি করবেন।

যে কোন কাজ, যাতে জনগণের সঙ্গে সম্পর্ক আছে তাতে আপনি সাফল্য লাভ করবেন। যাতে অপরের ওপর দায়িত্ব নিয়ে কাজ করতে হয় এমন ধরণের কাজ আপনার খুবই উপযোগী।

আপনি নিজে নিজেই আইন-শৃঙ্খলা রচনা করতে ভালবাসেন এবং আপনার নিজস্ব মতবাদ এবং যুক্তিকে আঁকড়ে ধরে থাকতে ভালবাসেন।

বিবাহিত জীবনে আপনার সুখী হওয়া শক্ত, যদি না ভাগ্যক্রমে আপনি এমন কোন নারীকে পান, যিনি আপনাকে তার চেয়ে শ্রেষ্ঠরূপে দেখবেন।

আপনার মানসিক গঠন খুব সৃষ্টিধর্মী এবং খুব বড় বড় পরিকল্পনার খসড়া আপনি তৈরী করতে পারেন। অপরের উপর বেশী বিশ্বাস না রেখে আপনার নিজস্ব পরিকল্পনাগুলি নিজে নিজে রূপদান করতেই চেষ্টা করা উচিৎ।

আপনি যদি ২১ বা ৩০শে জানুয়ারী জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি সহজেই দায়িত্ববান পদে অতি অনায়াসেই উন্নতি করবেন।

আপনি যদি জানুয়ারী মাসের শেষের দিকে জন্মগ্রহণ করে থাকেন, তবে নির্যাতিত জনগণকে উর্দ্ধে তোলবার মানসে লিপ্ত থাকবেন। আপনি ব্যক্তি বিশেষের চেয়ে জনগণের কল্যাণকামনায় নিমগ্ন থাকবেন বেশী, ফলে ব্যক্তি বিশেষের কাছ থেকে প্রভূত শত্রুতা আসবে মধ্যে মধ্যে, যাতে আপনার প্রাণ সংশয় অবধি হতে পারে।

আপনি যে কাজ করতে আরম্ভ করেছেন, তাতে কখনও লাগাম আলগা করেন না বলে বহুবার আপনাকে স্নায়বিক দৌর্বল্যের কবলে পড়তে হবে।

## অর্থভাগ্য

আপনার উচ্চাশা বা পরিকল্পনাকে রূপ দেবার জন্য আপনি প্রভূত পরিমাণে অর্থ বিনিয়োগ করে থাকেন। আপনার পরিকল্পনা রূপদানের জন্য বিরাট ঝুঁকি নিতেও ভয় পান না। আর একটু যদি কিছুতে ভুল করে ফেলেন, তবে আপনার শত্রুরা একেবারে ছেঁকে ধরবে। সাধারণভাবে সাফল্য আপনি আশা করতে পারেন, যদি না এটা বিশেষ করে নিজের জন্য হয়।

## স্বাস্থ্য

যদিও চমৎকার স্বাস্থ্য সম্পদ নিয়ে আপনি জন্মগ্রহণ করেছেন, তবে অনবরত মানসিক পরিশ্রম এবং অতি শ্রম করে করে আপনার শরীরকে আপনি দুর্বল করে ফেলবেন। আপনি যদি গোড়া থেকে সতর্ক না হন এবং নিজের মধ্যে প্রয়োজনীয় শক্তি সঞ্চয় না করে রাখেন তবে আপনার পক্ষাঘাত রোগ বা হার্টফেল করবার যোগ রয়েছে। সাধারণ জীবনসীমায় আপনি যদি না পৌছতে পারেন, তবে তার জন্য একমাত্র দোষী আপনিই।

আপনার সবচেয়ে সৌভাগ্যপ্রদ সংখ্যা হচ্ছে '৩' এবং এর যোগফলগুলি যা বৃহস্পতিকে নির্দেশ করে আর '৮' সংখ্যা যা শনিকে নির্দেশ করে।

আপনার পরিকল্পনাগুলি এবং অন্যসব বিষয়ে সাফল্যের জন্য বৎসরের যে কোন মাসের ৩, ১২, ২১ এবং ৩০ তারিখটিকে বেছে নিন।

আপনি যদি ৩০শে জানুয়ারী জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি কুম্ভে ঋণাত্মক শনির ঘরে জন্মগ্রহণ করেছেন। আপনার সংখ্যা ৩, ১২ এবং ২১ জানুয়ারীর জাতকের মতই হবে। তবে আপনি ঋণাত্মক শনির প্রভাবে জন্মগ্রহণ করেছেন বলে আপনাকে বাধা-বিঘ্ন দেবার লোক কম থাকবে এবং সাধারণভাবে জীবনকে উপভোগ করবেন অনেক বেশী।

আপনার চৌম্বক শক্তি বাড়াবার জন্য এবং আরও সৌভাগ্য আনয়ন করবার জন্য আপনি পরিধেয় বস্ত্রে বৃহস্পতির রং ব্যবহার করুন। যেমন হাল্কা বেগুনী রং থেকে খুব ঘোর বেগুনী রং।

আপনার সৌভাগ্যপ্রদ রত্ন হচ্ছে এ্যামেথিষ্ট, যেসব রত্নে বেগুনী এবং হলদে ভাব আছে এবং কালো মুক্ত ও কালো হীরক।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বৎসরগুলি হচ্ছে ৩, ৮, ১২, ১৭, ২১, ২৬, ৩০, ৩৫, ৩৯, ৪৪, ৪৮, ৫৩, ৫৭, ৬২, ৬৬, ৭১, ৭৫ এবং ৮০।

অন্য যে কোন মাসেই হোক কেউ যদি ৩, ১২, ২১ এবং ৩০ তারিখে জন্মগ্রহণ করে থাকে, তবে সে চট করে আপনাকে টানবে। যদি কেউ কোন মাসের ৮, ১৭ এবং ২৬ তারিখে জন্মগ্রহণ করে থাকে, তবে তারাও আপনার প্রতি আকর্ষণ বোধ করবে। কিন্তু '৩' সংখ্যা বা তার যোগফলের মত এরা আপনার পক্ষে তত সৌভাগ্যপ্রদ হবে না।

# পঞ্চম পরিচ্ছেদ

যাঁরা জানুয়ারী মাসের ৪, ১৩, ২২ এবং ৩১ তারিখে জন্মগ্রহণ করেছেন।

## এই মাসের ৪ সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোন একদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুসারে আপনি মকরের ঘরে ধনাত্মক শনির প্রভাবে পৃথির তৃতীয় ঘরে ইউরেনাস, রবি এবং শনির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

সাধারণভাবে জানুয়ারী মাসে জাতকের সব কিছু প্রভাবই আপনার মধ্যে পরিলক্ষিত হবে, তবে ইউরেনাসের প্রভাব সবকিছুকে বেশী করে প্রকট করবে।

আপনার ভাবধারা হবে মৌলিক, চারিত্রিক গঠনে আপনি স্বতন্ত্র এবং অপরের মতাবলী বা ভাবধারার সঙ্গে বা যাদের সঙ্গে আপনি বাস করছেন, তাদের কারুর সঙ্গেই আপনার মিলবে না।

বাড়ীর কোন বন্ধন বা বিবাহ আপনার পক্ষে অত্যন্ত কষ্টদায়ক হবে। আপনাকে লোকেরা অত্যন্ত ভুল বুঝবে এবং চলার পথে ক্রমশই আপনি একা হয়ে পড়বেন। আপনার দৃষ্টিভঙ্গী এবং কর্মধারা প্রচলিত মতবাদ মেনে চলে না এবং সাফল্য অর্জন করবার জন্য আপনার নিজের পথ আপনাকে নিজেকে তৈরী করে নিতে হবে। আপনার উচ্চাকাঙ্ক্ষা অপরের বিরুদ্ধতার জন্য বারবার বাধাপ্রাপ্ত হবে তাইজন্য আপনার পরিকল্পনাগুলিকে রূপদান করবার জন্য আপনার সবচেয়ে প্রয়োজন হচ্ছে ধৈর্য।

ভিতরে ভিতরে আপনি অত্যন্ত গম্ভীর প্রকৃতির। কিন্তু বাইরে আপনি দেখাবেন যেন জীবনের উত্থান-পতনকে আপনি ব্যঙ্গ করছেন, এমনকি ভাগ্যকেও, যেন জীবন রঙ্গমঞ্চে শুধু একজন অভিনেতার অংশ গ্রহণ করেছেন, তা ভালোর জন্যই হোক আর মন্দর জন্যই হোক।

আপনার সব কাজের প্রধান উদ্দেশ্যই হচ্ছে অপরের উপর কর্তৃত্ব অর্জন করা। তা কলম দ্বারাই হোক, বাক্য দিয়েই হোক বা তরবারী দিয়েই হোক।

সাধারণভাবে জানুয়ারী মাসে জাত এই ব্যক্তিদের জনগণের সঙ্গে সংযোগ আছে, এমন কোন কাজে উন্নতি বোঝায়, কিন্তু তারা মৌলিকত্ব, অস্বাভাবিকত্ব প্রকাশ করেন যাতে লোকেরা তাদের ছেমোটে মনে করতে পারেন।

## অর্থভাগ্য

এস্থলেও আপনি অস্বাভাবিকত্ব কিছু আশা করতে পারেন। অর্থ আপনি রোজগার করবেন, কিন্তু আপনার হাত থেকে তা জলের মত বেরিয়ে যাবে।

সুনাম বা দুর্নাম আপনার যাই থাকুক না কেন তা আপনার অর্থভাগ্যের চেয়ে দীর্ঘস্থায়ী হবে। আপনার নাম হয়তো অনেকে মনে রাখবে, কিন্তু আপনি গত হবার পর আপনার কবরের কাছে কেউ যাবে না। আপনি যদি ভবিষ্যৎ-এর জন্য যত্ন না করে অর্থ সঞ্চয় না করেন, তবে শেষ বয়সে আপনার অনেক দুঃখ আছে।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ব্যাপারে আপনি অন্য সবাইয়ের চেয়ে একটু আলাদা হবেন। আপনি সাধারণ অসুখের চেয়ে দুর্ঘটনায় পড়বেন বেশী। আপনার তলাকার অঙ্গ-প্রত্যঙ্গ ও পা অল্পেই আহত হতে পারে।

আপনার কিন্তু অজস্র জীবনীশক্তি থাকবে। নৃশংসভাবে হত্যা বা দুর্ঘটনায় মৃত্যু ছাড়া আপনার প্রাণবায়ু বেরোনো শক্ত। এবং এই দুটো জিনিষকে আপনার জীবনে মোকাবিলা করতেই হবে।

আপনার সৌভাগ্যপ্রদ সংখ্যা '৪' এবং এর যোগফল যা ইউরেনাসকে নির্দেশ করে, '১' এবং এর যোগফল যা রবিকে নির্দেশ করে এবং '৮' এবং এর যোগফল যা শনিকে নির্দেশ করে।

'৪' সংখ্যা এবং '১' সংখ্যা হচ্ছে আপনার সবচেয়ে শুভপ্রদ। '৮' সংখ্যা বা তার যোগফলও আপনার জীবনে ঘুরে ফিরে আসবে, তবু আমি আপনাকে উপদেশ দিচ্ছি যে যতদূর সম্ভব এই সংখ্যাটি আপনি বর্জন করে চলবেন।

'৮' সংখ্যার সংখ্যাগুলি হচ্ছে যে কোন মাসের ৮, ১৭ এবং ২৬ তারিখ। আপনার পরিকল্পনাগুলি এবং ইচ্ছাগুলিকে পূরণ করবার জন্য আপনি '১'

এবং '৪' সংখ্যাগুলির সুযোগ যতটা সম্ভব নিতে চেষ্টা করুন। যেমন, ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ এবং ৩১ তারিখ।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে কোনরকম হলুদ, সোনালী বা সোনালী বাদামী এবং নীল ধূসর এবং যে কোন রকম হালকা রং ব্যবহার করুন।

আপনার পক্ষে সর্বাপেক্ষা সৌভাগ্যপ্রদ বর্ণ হচ্ছে :—

রবি—সবরকম হলুদ এবং স্বর্ণ-বর্ণ থেকে ব্রোঞ্জ বা সোনালী বাদামী।

ইউরেনাস—সবরকম হাল্কা নীল, ধূসর বা যে কোন হাল্কা রং।

আপনার শুভ রত্ন হচ্ছে হীরক, টোপাজ, পোখরাজ এবং কালো মুক্তা।

আপনার জীবনের স্মরণীয় বছরগুলি হবে ১০, ১৩, ১৯, ২২, ২৮, ৩১, ৩৭, ৪০, ৪৬, ৪৯, ৫৫, ৫৮, ৬৪ এবং ৬৭। এ ছাড়াও ৮, ১৭ বা ২৬ আপনার উপর প্রভাব ফেলবে, কিন্তু তা ঠিক খুব শুভ হবে না।

যারা '১' এবং '৪' সংখ্যায় যে কোন মাসেই জন্মগ্রহণ করুন না কেন, তারা চট করে আপনার জীবনে জায়গা করে নেবে। যেমন, ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮, এবং ৩১।

যেসব ব্যক্তিরা ৮, ১৭ এবং ২৬ তারিখে জন্মগ্রহণ করেছেন, তারা অনেক রকমে আপনার জীবনে প্রবেশ করবে, কিন্তু তারা বস্তুতান্ত্রিক দিক দিয়ে আপনার দিক দিয়ে তারা কেউই ততো পয়মন্ত হবে না।

## ষষ্ঠ পরিচ্ছেদ

যাঁরা জানুয়ারী মাসের ৫, ১৪ এবং ২৩ তারিখে জন্মগ্রহণ করেছেন।

এই মাসের ৫ সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোনদিন জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুসারে আপনি মকরের ঘরে শনির প্রভাবে পৃথিবীর তৃতীয় ঘরে বুধের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আগে সাধারণভাবে জানুয়ারী মাসে জাত ব্যক্তিদের বেলায় যা বলেছি আপনার বেলায়ও তাই খাটবে কিন্তু বুধের প্রভাবে এই মাসের খারাপ বৈশিষ্ট্যগুলি কিছু কিছু কাটাকাটি হয়ে যাবে।

প্রভূত বিষয়ে আপনার স্বাভাবিক প্রবণতা আছে এবং আপনার পক্ষে আপনার প্রতিভা এবং উচ্চাকাঙ্খা অনুযায়ী লাইন খুঁজে পাওয়াই শক্ত হবে। আপনি জীবনে অনেক কিছু চেষ্টা করবেন এবং জীবিকাও বহুবার পরিবর্তন করবেন।

পাঠ্য বস্তু বা ব্যক্তি দুইয়ের সঙ্গেই আপনার একাত্মতা জন্মে যায়। আপনি গতি পছন্দ করেন, প্রভূত ভ্রমণ করবেন এবং দুনিয়ার বহু জায়গা দেখবেন।

আপনি সত্যিকারের কি জীবিকার উপযোগী তা বাছাই করা আপনার পক্ষে কঠিন হবে। কারণ সব কাজের সঙ্গেই আপনি খাপ খাইয়ে নিতে পারেন, কিন্তু কোন কিছুতে একভাবে লেগে থাকা আপনার স্বভাব বিরুদ্ধ।

আপনি চলার পথে অত্যাশ্চর্য এবং অচিন্তনীয় সুযোগ সব পাবেন।

আপনার মননশক্তি অত্যন্ত তীক্ষ্ণ এবং সমালোচনাপূর্ণ। বিশেষ করে প্রথম যখন কারুর সঙ্গে আপনার আলাপ হয়। কোন ব্যক্তি একমাত্র করুণা এবং সমবেদনা দিয়ে আপনাকে জয় করতে পারে।

আপনি অত্যন্ত তুখোড়, কূটনৈতিক বুদ্ধি-সম্পন্ন। চট করে লোকের পেটের কথা বার করে নিতে পারেন যা সুযোগ সুবিধামত পরে কাজে লাগান।

আপনি বই-পত্তর পড়বেন প্রচুর এবং সাহিত্যের প্রতি আপনার অগাধ প্রীতি থাকবে। সময় সময় আপনি বিজ্ঞান, রসায়ন শাস্ত্র এবং নব নব আবিষ্কারের প্রতি অনুরাগী হয়ে পড়বেন। আধিভৌতিক বিষয় সংক্রান্ত পড়াশোনাও আপনি করবেন, কিন্তু আপনার মননশীলতা বাস্তবধর্মী বলে কোনরকম 'দৈব' সম্বন্ধে আপনার প্রীতি না থাকাই স্বাভাবিক।

আপনাকে ছোটবেলায় প্রায়ই শুনতে হতো যে, 'ওই ছোট মাথায় অত বুদ্ধি ধরে।'

আপনার আশাবাদিতা অভ্যাস করা প্রয়োজন। নইলে মাঝে মাঝে বিষাদখিন্নতা আপনাকে পেয়ে বসবে।

## অর্থভাগ্য

আপনি অর্থ সম্বন্ধে যত্নশীল এবং হিসাবী। দেনা করা সম্বন্ধে আপনার ভীতি থাকবে। অর্থ বিনিয়োগ সম্বন্ধে আপনার বেশ বাস্তব দৃষ্টিভঙ্গী থাকবে। কিন্তু অতি সতর্কতার জন্য অনেক সুবর্ণ সুযোগ আপনি হারান যা হয়তো আপনাকে রাজা করে দিয়ে যেতে পারতো।

## স্বাস্থ্য

আপনি যদি জানুয়ারী মাসের ৫, ১৪ বা ২৩ তারিখে জন্মে থাকেন, তবে আপনার সবচেয়ে প্রয়োজন হচ্ছে বিশ্রাম এবং স্নায়ুমণ্ডলী থেকে ক্ষতিকর প্রভাবগুলির অপসারণ। আপনি প্রত্যেকটি জিনিষই অতি তীক্ষ্ণভাবে অনুধাবন করতে পারেন ফলে মেজাজ আপনার কখনও নরম কখনও গরম। আপনি প্রায়ই আশাভঙ্গের মনস্তাপে ভুগবেন এবং আপনার পরিপাকক্রিয়া ক্ষতিগ্রস্ত হবে এবং ফলে আপনার অম্বল হবে এবং তাতে গ্রন্থিতে গ্রন্থিতে ব্যথা, হাড়ে ব্যথা বিশেষ করে হাঁটুতে ব্যথা হবে।

আপনার শারীরিক গঠন কিন্তু খুব শক্ত হবে। ফলে, যে কোন রোগই আসুক না কেন আপনি তাকে সফলভাবে প্রতিহত করতে পারবেন।

আপনার সবচেয়ে শুভপ্রদ সংখ্যা হচ্ছে '৫' এবং এর যোগফলগুলি যেমন ৫, ১৪, ২৩। কিন্তু সাধারণভাবে সব সংখ্যাগুলিই আপনার সৌভাগ্যজনক শুধুমাত্র '৪' এবং '৮' সংখ্যা এবং তাদের যোগফলগুলি ছাড়া যেমন ৪, ১৩, ২২ ৩১ এবং ৮, ১৭ ও ২৬।

আপনার ব্যক্তিগত যে '৫' সংখ্যা সেই অনুযায়ীই আপনার সব শুভ কাজগুলি করা উচিৎ যেমন যে কোন মাসের ৫, ১৪ এবং ২৩ তারিখে।

আপনার চৌম্বকশক্তি বর্দ্ধিত করবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার যথাসম্ভব হাল্কা রং ব্যবহার করা উচিৎ।

আপনার শুভ রত্ন হচ্ছে হীরক এবং সবরকম জলজলে পাথর।

আপনার জীবনের স্মরণীয় বছরগুলি হচ্ছে ৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৬৮, ৭৭ বছর এবং ৮, ১৭, ২৬, ৩৫, ৪৪, ৫৩, ৬২ এবং ৭১ বছর।

যারা যে কোন মাসেরই হোক না কেন যদি '৫' সংখ্যায় জন্মগ্রহণ করে

থাকেন যেমন ৫, ১৪ বা ২৩ তারিখে তবে আপনি তাদের প্রতি এক সহজাত আকর্ষণ বোধ করবেন।

যে সব ব্যক্তিরা ৪, ১৭ বা ২৬ তারিখে জন্মগ্রহণ করেছেন তারা হয়তো আপনার জীবনে আসবে কিন্তু তারা কেউই আপনার পক্ষে তত সৌভাগ্যজনক হবে না।

## সপ্তম পরিচ্ছেদ

### যাঁরা জানুয়ারী মাসের ৬, ১৫ এবং ২৪ তারিখে জন্মগ্রহণ করেছেন। এই মাসের ৬ সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোন তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালীতে আপনি মকরের ঘরে ধনাত্মক শনির পৃথির তৃতীয় ঘরে শুক্র ও শনির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চরিত্রের মূল বনিয়াদ ও চারিত্রিক বৈশিষ্ট্য জানুয়ারী মাসে জাতকের মতই হবে। কিন্তু এক্ষেত্রে শুক্রের প্রভাব আপনার পক্ষে অতিশয় মঙ্গলজনক হবে।

প্রেম, প্রীতি এবং মমতা আপনার জীবনে এক বিশিষ্ট ভূমিকা গ্রহণ করবে এবং এসব ব্যাপারে আপনি অল্পেই অভিভূত হবেন।

অপর লিঙ্গের প্রভাব আপনার জীবন ও জীবিকা বিশিষ্ট ঘটনাপূর্ণ করবে। আপনার ইচ্ছাশক্তি এবং ব্যক্তিত্বকে বিশেষরূপে বর্দ্ধিত করা প্রয়োজন, যাতে আপনি এসব প্রভাবে সহজে বিচলিত না হন, যদিও সাধারণভাবে আপনার ব্যক্তিত্বের চৌম্বকশক্তির জন্য আপনি প্রচুরভাবে লাভবান হবেন।

জনগণের সঙ্গে সম্পর্ক আছে এমন কোন ব্যবসা বা জীবিকায় আপনার সাফল্যের সম্ভাবনা সবচেয়ে বেশী, বিশেষ করে তা যদি সুকুমার শিল্পকে কেন্দ্র করে গড়ে ওঠে। যেমন সঙ্গীত, কলা, সাহিত্য, থিয়েটার বা প্রচলিত পথ অনুসরণ না করে কোন কিছু আবিষ্কার।

আপনার ছোটবেলায় পারিবারিক পরিবেশ, আত্মীয়-বর্গের দাবী বা নিজের শারীরিক অন্তর্নিহিত অঙ্গ-প্রত্যঙ্গের ব্যাধির জন্য বাল্যকালে এক বদ্ধ দশার মধ্য দিয়ে আপনাকে অতিবাহিত করতে হবে।

তবে শেষকালে আপনি এই সবরকম বাধা-বিপত্তি অতিক্রম করবেন এবং যে কোন জীবিকাই আপনি গ্রহণ করুন না কেন, আপনি তাতে সাফল্যলাভ করবেন।

আপনি যদি ১৫ বা ২৪ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে ৬ তারিখে যারা জন্মগ্রহণ করেছেন তার চেয়ে আপনি বেশী সৌভাগ্যশালী হবেন। বাল্যকালে হয়তো একই বাধা-বিঘ্নের সম্মুখীন আপনাকে হতে হয়েছে, তবুও এইসব বাধা-বিঘ্ন আপনি অল্পায়াসেই অতিক্রম করতে পারবেন। আপনি যা করবেন মনস্থ করেছেন তাতে খ্যাতি এবং সম্মান দুই-ই পাবেন।

## অর্থভাগ্য

যারা জানুয়ারী মাসের ৬ তারিখে জন্মগ্রহণ করেছেন তারা যতরকম সুযোগ সুবিধাই পান না কেন, অর্থ সঞ্চয়ে আগ্রহী হবেন না। কিন্তু যারা ১৫ই বা ২৪শে তারিখে জন্মগ্রহণ করেছেন তারা ধীরে কিন্তু দৃঢ়ভাবে তাদের অর্থভাগ্য উন্নত করবেন। তারা ভবিষ্যতের জন্য ভাল অর্থই সঞ্চয় করবেন এবং ধনীরূপে পরিগণিত হবারও তাদের বিশেষ সম্ভাবনা রয়েছে।

## স্বাস্থ্য

আপনি যদি ৬, ১৫ বা ২৪ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে আজীবনই আপনি স্বাস্থ্য সম্পদে পূর্ণ থাকবেন। অগ্নি এবং মোটরগাড়ী থেকে আপনার সাবধান হওয়া উচিৎ এবং আপনার নিজেকে এবং বিষয়-সম্পত্তিকে ভালভাবে বীমা করে রাখা উচিৎ।

আপনার সবচেয়ে সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে '৬' এবং এর যোগফল-গুলি। যেমন ৬, ১৫ এবং ২৪। এইসব দিনগুলিতে আপনার দরকারী কাজগুলি করা উচিৎ।

যে দিনগুলি '৪' বা '৮' সংখ্যার এবং তাদের যোগফলগুলি সম্বন্ধে সাবধানতা অবলম্বন করা উচিৎ। যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এবং নিজেকে সৌভাগ্যশালী করবার জন্য আপনার সবসময় শুক্রের বর্ণ অর্থাৎ হালকা নীল থেকে গভীর নীল বর্ণ পরিধান করা উচিৎ।

আপনার শুভরত্ন হচ্ছে টারকুইজ এবং সবরকম নীল পাথর।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হচ্ছে ৬, ১৫, ২৪, ৩৩, ৪২, ৫১, ৬০ এবং ৬৯ বছর।

যারা বছরের যে কোন মাসের ৬, ১৫ বা ২৪ তারিখে জন্মগ্রহণ করেছেন তাদের প্রতি আপনি গভীর আসক্তি বোধ করবেন। যারা '৪' বা '৮' সংখ্যায় জন্মগ্রহণ করেছেন তারা আপনার জীবনে হয়তো বারবার প্রবেশ করবে কিন্তু এটা খুব সুবিধানজনক হবে না। কারণ তাদের বিপদ এবং বোঝা আপনাকেই বহন করতে হবে।

## অষ্টম পরিচ্ছেদ

### যাঁরা জানুয়ারী মাসে ৭, ১৬ এবং ২৫ তারিখে জন্মগ্রহণ করেছেন। এই মাসের ৭ সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোন দিন জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি জ্যোতিষমতে এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালীতে ধনাত্মক শনির মকরের ঘরে পৃথির তৃতীয় ঘরে, নেপচুন, চন্দ্র এবং শনির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চরিত্রের মূল বনিয়াদ এবং চারিত্রিক বৈশিষ্ট্য জানুয়ারী মাসে জাত ব্যক্তিদের মতই হবে। কিন্তু আপনার ক্ষেত্রে উপরোক্ত স্পন্দনের জন্য কোন কোন ক্ষেত্রে তা বর্দ্ধিত করবে বা প্রতিহত করবে।

আপনি উৎসর্গীকৃত প্রাণ এবং যে কোন জীবিকাতেই আপনি লিপ্ত থাকুন না কেন, ভেতরে ভেতরে আপনি অত্যন্ত ধার্মিক, কিন্তু ধর্মের দিকে যে টান তা একটু প্রচলিত পথ অনুযায়ী চলবে না বা একটু অন্যরকম হবে।

CHANDRA PUBLIC LIBRARY AGARTALA, TRIPURA 2127 2.5.77

আপনি অত্যন্ত রোমান্টিক, আদর্শবাদী, অত্যন্ত কল্পনাপ্রবণ এবং নিজের জগৎ নিজেই সৃষ্টি করে তাতে বাস করবেন।

আপনি ভ্রমণ করতে খুব ভালবাসেন, বিশেষ করে সমুদ্র দিয়ে। বস্তু-তান্ত্রিক জগৎ এবং ব্যবসায়িক জগৎ আপনার স্বপ্নে দেখা জীবনের সঙ্গে ঠিক খাপ খাবে না। আপনার যদি ঘুরে বেড়াবার পয়সা থাকে, তবে আপনি বহুবার ভ্রমণ করবেন এবং বাসস্থানও বারবার পাল্টাবেন। আপনার জন্মস্থান থেকে বহুদূরে যদি আপনি বসতি স্থাপন করেন এবং একেবারে ভিন্ন জাতির মধ্যে বসবাস করতে পারেন তবে আপনার সাফল্য লাভের সম্ভাবনা সমধিক।

আপনি যদি উপরোক্ত দিনগুলিতে জন্মলাভ করে থাকেন, তবে ভাগ্যবলে এবং অবস্থাগতিকে, আপনি অপরের ওপর কর্তৃত্ব করতে হয় এবং দায়িত্ব নিতে হয় এমন কোন পদে অধিকৃঢ় হবেন। তবে এই সঙ্গে মনে রাখতে হবে যে আপনার জীবনের গতিপথ সবটাই কুসুমাস্তীর্ণ হবে না, বিশেষ করে পারিবারিক কোন বিষয়ে বা আত্মীয় থেকে কোনরকম দুঃখ বা হতাশা আপনি বিশেষ করে পেতে পারেন।

## অর্থভাগ্য

আপনি যে জীবিকায় নিযুক্ত থাকবেন তা আপনাকে সুনাম এবং প্রভূত জনপ্রিয়তা এনে দেবে। কিন্তু যে অর্থ আপনার হাত দিয়ে বার হয়ে যাবে তা আপনাকে প্রত্যাশিত কোন সুখই দেবে না। জাগতিক দিক থেকে দেখতে গেলে আপনার বিয়েটা ভালই হবে, কিন্তু অনেক ঝামেলা এর জন্য আপনাকে পোহাতে হবে।

## স্বাস্থ্য

অল্প বয়সে আপনার স্বাস্থ্য খুব মজবুত থাকবেন. আপনি সচরাচর এমন ধরণের সব অসুখে ভুগবেন যা সাধারণভাবে চিকিৎসকরা নির্ণয় করতে পারবেন না। আপনার বিশেষ করে কণ্ঠ, ফুসফুস এবং হার্টের দিকে লক্ষ্য রাখা উচিৎ।

আপনার সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে '৭' এবং '২, এবং তাদের যোগফল। যে কোন দরকারী কাজকর্ম আপনি এই বিশেষ দিনগুলিতে ফেলতে চেষ্টা করুন। যেমন ২, ৭, ১১, ২০, ২৫ এবং ২৯ তারিখ।

সচরাচর যারা '৪' বা '৮'-এর ঘরের লোক অর্থাৎ যারা ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১ তারিখে জন্মগ্রহণ করেছেন এমন লোকেদের কাছ থেকে আপনি পাবেন শুধু হতাশা এবং নৈরাশ্য। এদের যতটা সম্ভব পরিহার করে চলুন।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এবং নিজেকে আরো সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে কোনরকম ধূসর বা সবুজ বর্ণ যেন থাকেই থাকে। যেমন সবরকম ধোঁয়াটে রং থেকে সবরকম হালকা রং বা জলজলে ধূসর রং।

আপনার শুভবর্ণ হচ্ছে সবুজ জেড, মুনস্টোন এবং মুক্তো।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছরগুলি হবে ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫ এবং ৭০ বছর।

যদি কেউ যে কোন মাসেই হোকনা কেন যা '২' বা '৭' বা তাদের যোগফল যেমন, ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ এবং ২৯ তারিখে জন্মে থাকেন, তবে তাদের প্রতি আপনি প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন।

## নবম পরিচ্ছেদ

### যাঁরা জানুয়ারী মাসের ৮, ১৭ এবং ২৬ তারিখে জন্মগ্রহণ করেছেন এ মাসের আট সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোন দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি পৃথিবীর তৃতীয় ঘর ধনাত্মক শনির মকরের ঘরে শনির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বনিয়াদ এবং বৈশিষ্ট্য এক্ষেত্রেও জানুয়ারী মাসে জাত ব্যক্তিদের মতই হবে, কিন্তু শনির প্রচণ্ড প্রভাবের জন্য ফলগুলির অনেক

হেরফের হবে। যারা এই সময়ে জন্মগ্রহণ করেছেন শনির প্রভাব দ্বিগুণভাবে তাদের মধ্যে পরিলক্ষিত হয়। এর জন্য তাদের অনেক কিছু সহ্য করতে হয় এবং তাদের ঘাড়ে লোকেরা যেন দায়িত্ব জোর করে চাপিয়ে দেন।

আপনি যদি জানুয়ারী মাসের ৮, ১৭ বা ২৬ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনাকে আজীবন প্রচুর বাধা বিপত্তির সম্মুখীন হতে হবে। আপনি অবশ্য যাই করতে যান না কেন আপনার কঠিন ধৈর্য, লেগে থাকবার ক্ষমতা এবং সুদৃঢ় মনোবৃত্তি থাকবে। আপনি অপরের কাছ থেকে খুব অল্পই সাহায্য পাবেন, এবং কোনরকম সাফল্যলাভ করবার জন্য আপনাকে নিজের ওপরই নির্ভরশীল হতে হবে। আপনার মধ্যে প্রভূত উচ্চাশা থাকবে এবং কোন বাধা-বিঘ্নই আপনার পরিকল্পনা বা উদ্দেশ্যকে বাধা দান করতে পারবে না। মাঝে মাঝে আপনি প্রচণ্ডভাবে হতাশাগ্রস্ত এবং দুশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়বেন এবং মধ্যে মধ্যে এমন বিষাদখিন্ন হয়ে পড়বেন যা ঝেড়ে ফেলা শক্ত হয়ে ওঠে। আপনাকে এমনি বহু দুঃখ বা পরীক্ষার সম্মুখীন হতে হবে যা সচরাচর আপনার পারিবারিক কোন বিষয়কে কেন্দ্র করে বা আপনি যাদের ভালবাসেন তাদের কেন্দ্র করে হবে। আপনি যত দেরীতে বিয়ে করেন আপনার পক্ষে ততই মঙ্গলজনক।

আপনি কোন জুয়াখেলা, ফাটকাবাজী বা হঠাৎ বড়লোক হবার পরিকল্পনা করবেন না, কারণ আপনার ভাগ্যে তা নেই।

আপনি খুব কঠোর পরিশ্রম করে, প্রচণ্ড মাথা খাটিয়ে বা কোন কোন ক্ষেত্রে জমি, খনি, খনিজদ্রব্য যেমন কয়লা, সীসা, কংক্রিটের কাজ বা বৃহৎ গৃহ নির্মাণ করে, নিজের ঘাড়ে সমস্ত দায়িত্ব নিয়ে যদি কোন কিছু করেন তবে আপনার সাফল্যলাভের সম্ভাবনা সমধিক।

সাধারণভাবে আপনার প্রকৃতি অতি গভীর। আপনি গভীরভাবে চিন্তা করতে পারেন। আপনি যুক্তি তর্কে পটু, যৌক্তিকতাপূর্ণ, যদি অবশ্য যা নিয়ে কথাবার্তা হচ্ছে, তা যদি আপনার যথেষ্ট আগ্রহ সৃষ্টি করে তবেই আপনি প্রতিপক্ষকে আক্রমণ করবেন বা নিজেকে রক্ষা করবেন।

আপনার উচ্চাশা অপরিসীম। কিন্তু তা কোনরকম মিথ্যা দম্ভ বা ক্ষমতা লাভের জন্য নয়, কিন্তু অত্যন্ত বিবেকনিষ্ঠভাবে আপনি এ বিষয়ে অগ্রসর হবেন, বিশেষ করে আপনি যদি বুঝতে পারেন এতে অপরের সাহায্য হবে।

যারা মানসিক এবং সামাজিক অবস্থায় আপনার চেয়ে নীচু শ্রেণীর তাদের মধ্যে আপনি এক সৌহার্দ্র বন্ধন বোধ করবেন, যাতে আপনাকে বিরুদ্ধ মন্তব্য শুনতে হবে এবং অনেকে অসৎ উপায়ে আপনার শত্রুতা করবে।

যদিও মানুষের দোষ-ত্রুটি আপনার নজরে পড়ে আপনি তাদের কাজের সম্ভাব্য একটা যুক্তি খুঁজে বার করেন বা তাদের কাজের দায়িত্ব নিজের ঘাড়ে নিয়ে নেন।

জগতে আপনার স্থান যাই হোক না কেন, আপনি যে 'বিশেষ এক ব্যক্তিত্ব' অপরে তা চট করে ধরতে পারবে।

মাঝে মাঝে আপনি নিজের ক্ষমতা সম্বন্ধে হতাশ হয়ে পড়বেন, বিশেষতঃ এমন এক জায়গায় গিয়ে আপনি পৌঁছে থাকেন যেখান থেকে লোকের আর ভাল করা আপনার পক্ষে সম্ভব নয়।

আপনি প্রাণ খুলে আপনার মনের কথা কাউকে বলেন না, নিজের মনের মধ্যেই সব কিছু রেখে দেন। আপনি যখন অন্ধকারাচ্ছন্ন পথে চলেন, তখনও আপনার মুখ আলোকোচ্ছল থাকবে।

## অর্থভাগ্য

অনেক সুযোগ সুবিধা পাওয়া সত্ত্বেও ভবিষ্যতের জন্য খুব বেশী সঞ্চয় আপনি করতে পারবেন না। যদিও অপরকে আপনি চমৎকারভাবে উপদেশ দিতে পারবেন, নিজে কিন্তু যাতে ভাল হয় সেই অনুসারে চলেন না। আপনার বন্ধু-বান্ধবদের অবাক করে দিয়ে আপনার জীবনের শেষভাগে অপরকে অর্থ দিয়ে নিজে গরীব হয়ে যেতে পারেন বা আপনার উইলে অদ্ভুত সর্ত আরোপ করতে পারেন।

## স্বাস্থ্য

আপনার হঠাৎ হঠাৎ অসুখ বিসুখ করবে। শরীরের অন্তর্নীল অঙ্গ-প্রত্যঙ্গের প্রদাহ এবং তার ওপর সার্জেনের ছুরি-কাঁচিও চলবে, কিন্তু তবুও দীর্ঘ দিন ধরে আপনি সুস্বাস্থ্যের অধিকারী হয়ে কাটাবেন।

আপনার সাধারণের চেয়ে খাদ্যের ব্যাপারে বেশী নজর দেওয়া উচিত এবং দীর্ঘদিন ধরে নীচু স্যাঁৎসেঁতে প্রদেশে বসবাস করা আপনার উচিৎ নয়।

আপনার তলাকার প্রত্যঙ্গে আঘাত লাগতে পারে, গোড়ালীর দুর্বলতা বা গোড়ালী ঘুরে যেতে পারে, পড়ে গিয়ে বা দুর্ঘটনার জন্য মেরুদণ্ডে কোনরকম আঘাত লাগতে পারে।

আপনার সবচেয়ে সৌভাগ্যশালী সংখ্যা হচ্ছে '৪' এবং '৮' এবং তাদের যোগফল এবং এই সংখ্যাগুলি আপনার জীবনে এক বিশিষ্ট ভূমিকা নেবে।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এই বর্ণগুলি পরিধান করা উচিৎ। যেমন ঘন বেগুনী রং, কালো, কালো নীল, ঘন নীল থেকে সবরকম ধূসর রং।

আপনার শুভরত্ন হচ্ছে কালো মুক্তা, কালো হীরক আর নীলা।

আপনার জীবনের স্মরণীয় বছরগুলি হচ্ছে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭, ৭১ এবং ৮০ বছর।

বছরের যে কোন মাসেরই যদি কেউ '৪' বা '৮'-এর ঘরে জন্মগ্রহণ করে থাকেন, যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১ তারিখে, তবে আপনি তাদের ওপর প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন, কিন্তু সাধারণভাবে তারা আপনার ঘাড়ে তাদের বোঝা চাপিয়ে দেবে।

## দশম পরিচ্ছেদ

### যাঁরা জানুয়ারী মাসে ৯, ১৮ এবং ২৭ তারিখে জন্মগ্রহণ করেছেন। এই মাসের ৯ সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোন দিনে জন্মে থাকেন তবে জ্যোতিষ অনুযায়ী এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী হিসাবে আপনি মকরের ঘরে পৃথির তৃতীয় ঘরে ধনাত্মক শনির ক্ষেত্রে মঙ্গল এবং শনির স্পন্দনে জন্মলাভ করেছেন।

জানুয়ারী মাসে জাত ব্যক্তিদের মতই আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং প্রবণতা হবে, কিন্তু মঙ্গলের প্রভাব আপনার জীবনকে ঘটনাবহুল, উত্তেজনাপূর্ণ

অথচ অদৃষ্টবাদী করবে। যে সমস্ত অবস্থার ওপর আপনার নিজের কোন নিয়ন্ত্রণাধিকার নেই, সেই সব ঘটনা আপনার জীবনে আজীবন ঘটবে।

আপনি যাই করতে যান না কেন আপনি উর্দ্ধে উঠে যাবেন, কিন্তু বহু উত্থান-পতনের খাদ বেয়ে আপনার ভাগ্য প্রবাহিত হবে। এক এক সময় মনে হবে যে, ভাগ্য সব বিষয়েই আপনার সহায়ক আবার এক এক সময় মনে হবে ভাগ্যের নিদারুণ পরিহাসে আপনি জর্জরিত। আপনি যদি ধনীর ঘরে জন্মগ্রহণ না করে থাকেন তবে আপনার জীবন শুরু করবার সময় অত্যন্ত কঠোর এবং কষ্টকর বাস্তবতার সঙ্গে আপনাকে লড়াই করতে হবে।

প্রায় ৩৩ বছর থেকে ৩৫ বছর বয়স অবধি আপনার প্রকৃতি এবং বাসনার সঙ্গে খাপ খায় না, এমনই অত্যন্ত বিরক্তিকর কাজে আপনাকে লেগে থাকতে হবে।

আপনি অত্যন্ত উচ্চাভিলাষী এবং যতক্ষণ না আপনার পরিচিতদের সমান হচ্ছেন বা তাদের উর্দ্ধে না উঠছেন, ততদিন আপনি কর্মে কোন অবহেলা করেন না। আপনার মধ্যে প্রভূত পরিমাণে সাহস এবং আত্মবিশ্বাস আছে যা আপনাকে জীবনযুদ্ধে প্রভূত পরিমাণে সাহায্য করবে।

আপনার মধ্যে পরিচালনা এবং গঠন শক্তি খুব বেশী পরিমাণে বিদ্যমান, কিন্তু আপনার নিজের মঙ্গলের জন্য কোন বৃহত্তর কর্মক্ষেত্রে আপনার পরিধি বিস্তার করা উচিৎ।

সরকারী কাজে কোন উচ্চপদ বা কোন বাণিজ্য বা ফ্যাক্টরীতে দায়িত্বপূর্ণ পদে আসীন হতে পারলে আপনার প্রকৃতি তুষ্ট হয়।

আপনি দুঃসাহসিকতা এবং উত্তেজনা ভালবাসবেন, যার ফলে বহুবার বহুরূপে বিপদের সম্মুখীন আপনাকে হতে হবে।

আপনাকে জীবনে বহু দুর্ঘটনার সম্মুখীন হতে হবে এবং অদ্ভুত পরিবেশে আপনার জীবন সংশয় হতে পারে।

পরিশ্রমী এবং সঞ্চয়ী বলেই আপনি যে কোন শিল্পেই নিয়োজিত থাকুন না কেন তাতে সফল হবেন, কিন্তু ভিতরে ভিতরে আপনার মধ্যে বেশী কিছু জুয়াড়ী মনোবৃত্তি আছে। যার ফলে আপনি মাঝে মাঝে এমন ঝুঁকি নেবেন, যাতে আপনার বিলুপ্ত হবার সম্ভাবনা অবধি থাকবে।

আপনি অজানিতভাবে শত্রু সৃষ্টি করবেন। ফলে অনেক গুপ্তশত্রু আপনার বিরুদ্ধে দলবেঁধে শত্রুতা করতে চেষ্টা করবে এবং অভাবিত সূত্র থেকে আপনার বিরুদ্ধে বিশ্বাসঘাতকতা আসবে।

বিবাহদ্বারা সমাজে আপনার স্থান বেশ পাকা হয়ে যাবে, কিন্তু এই বিষয়ে শেষ জীবনে আপনার সব অদ্ভুত অভিজ্ঞতা লাভ হবে।

আপনি চট করে চটে যান এবং আপনার মেজাজও বেশ খিটখিটে। আপনি অত্যন্ত অনমিত প্রকৃতির এবং গোঁয়াড়। ফলে আপনি অত্যন্ত শক্তিশালী শত্রুর সৃষ্টি করবেন। এবং বয়স বাড়বার সঙ্গে সঙ্গে বন্ধুবেশী শত্রুর বিশ্বাসঘাতকতার দরুণ আপনার অপদস্থ হবার যোগ রয়েছে।

## অর্থভাগ্য

আপনি যদি জানুয়ারী মাসের ১৮ই বা ২৭শে তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে ৩৫ বছর থেকে ৩৬ বছরের মধ্যে আপনার প্রভূত অর্থের উপর নিয়ন্ত্রণ করবার অধিকার এসে যাবে বা বহু অর্থ আপনার হাত দিয়ে যাতায়াত করবে। তারপর থেকে আপনার জীবনের শেষ ভাগ অবধি আপনার অর্থ সম্বন্ধে যত্নশীল এবং সাবধানতা অবলম্বন করা বাঞ্ছনীয় যদি আপনি জীবনের শেষ ভাগ অবধি আপনার অর্থভাগ্য এবং জাগতিক স্থান অক্ষত রাখতে চান।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের দিক দিয়ে দেখতে গেলে প্রথম থেকেই আপনার স্বাস্থ্য খুব মজবুত থাকবে এবং শারীরিক গঠন হবে খুব শক্ত, এইভাবে বৃদ্ধ অবস্থা অবধি চলবে তারপর অতি ব্যবহৃত হৃদযন্ত্র আস্তে আস্তে জানান দেবে। আপনি যদি বিশ্রাম নেন এবং খাটা খাটুনি না করেন, তবে সেই ভয়ঙ্কর দিনটিকে কিছুদিন ঠেকিয়ে রাখতে পারবেন তবুও পূর্ব থেকে কোনরকম সতর্কতা না দিয়েই আপনার মৃত্যু হবে।

আপনার শুভজনক সংখ্যা হচ্ছে '৯' এবং এর যোগফলগুলি। আপনার দরকারী পরিকল্পনা বা ইচ্ছাগুলিকে রূপ দেবার জন্য ৯, ১৮, ২৭ এই তারিখগুলি ব্যবহার করুন।

'৪' এবং '৮' সংখ্যা এবং তাদের যোগফল এবং এ সংখ্যার ব্যক্তিরা যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১ তারিখ, তারা যে কোন মাসেই জন্মে থাকুন না কেন, তারা আপনার জীবন এবং জীবিকায় একটা বিশিষ্ট অংশ নেবে। কিন্তু কোনরকম সৌভাগ্য তারা আনবে না। নিয়তির বিধি হিসাবেই তাদের সঙ্গে বা ওই তারিখের সঙ্গে আপনাকে মিলতে হবে।

ব্যক্তিগতভাবে এই '৪' এবং '৮' সংখ্যাটি আপনি যতদূর সম্ভব পরিহার করে চলুন।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য এই বর্ণগুলি ব্যবহার করুন।

মঙ্গল—সবরকম গোলাপের রং, লাল বা লালচে।

আপনার শুভপ্রদ রত্ন হচ্ছে, চুণী, গার্নেট এবং ব্লাডস্টোন।

আপনার জীবনে সবচেয়ে স্মরণীয় বছরগুলি হচ্ছে—৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ৭২, ৮১ এবং ৯০।

যদি কেউ যে কোন মাসেরই হোক না কেন মাসের ৩, ৬ বা ৯ তারিখে বা তাদের যোগফলে জন্মগ্রহণ করে থাকেন, তবে তাদের প্রতি আপনি অত্যন্ত বেশী আকর্ষণবোধ করবেন।

## একাদশ পরিচ্ছেদ

[ সাধারণভাবে ফেব্রুয়ারী মাসে জন্মানোর ফল। এই সময়ে জন্মগ্রহণ করলে চারিত্রিক বৈশিষ্ট্য, ভাবধারা, অর্থভাগ্য এবং স্বাস্থ্য। ]

কুম্ভ চিহ্নকে শনির ঋণাত্মক ঘরও বলে যা জানুয়ারী মাসের ২১ তারিখের কাছাকাছি আরম্ভ হয়ে পূর্বেকার চিহ্ন দ্বারা ৭ দিন আচ্ছন্ন থেকে তারপর ২৮শে জানুয়ারী বা ১লা ফেব্রুয়ারী থেকে প্রবল শক্তিমত্তার সঙ্গে পূর্ণবলী হয়ে ১৯শে ফেব্রুয়ারী অবধি রাজত্ব করে, তারপর আগত চিহ্ন মীনের প্রভাবের কাছে হতবলী হয়ে পড়ে।

**বিশেষ দ্রষ্টব্য :**—এই দুই সময়ের মধ্যবর্তী সময়ে যাঁরা জন্মগ্রহণ করেছেন, তাঁরা দুই গ্রহের ফলাফল পান। যেমন ২১শে জানুয়ারী থেকে

২৮শে জানুয়ারী পর্যন্ত মকর এবং কুম্ভের প্রভাব এবং ১৯শে ফেব্রুয়ারী থেকে ২৭শে ফেব্রুয়ারীর মধ্যে জন্মালে কুম্ভ এবং মীনের প্রভাব দুটোই থাকে।

আপনি যদি ফেব্রুয়ারী মাসে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি অত্যন্ত অনুভূতিশীল এবং সহজেই মনে আঘাত বা ব্যথা পান। আপনার বহুলোকের সঙ্গে জানাশোনা থাকলেও আপনি প্রায়শই একলা একলা বোধ করবেন।

স্নেহ-প্রীতির ব্যাপারে আপনি উচ্ছ্বাস প্রকাশ করতে পারেন না এবং ভালবাসার পাত্রের কাছেও আপনি নিজেকে মেলে ধরতে পারেন না। কিন্তু ভালবাসার পাত্রের কাছে আপনি অতি বিশ্বস্ত থাকেন এবং তাদের জন্য বা নিজে যা ঠিক মনে করেন তার জন্য শেষ পর্যন্ত ভীষণভাবে যুদ্ধ করে যান।

আপনি যাদের সংস্পর্শে আসেন তাদের সম্বন্ধে আপনার গভীর অন্তর্দৃষ্টি থাকে এবং সচরাচর সব ক্ষেত্রেই আপনার ধারণা সঠিক প্রমাণিত হয়। আপনি চট করে লোকদের ধরতে পারেন কিন্তু আপনি অত্যন্ত অনুভূতিশীল বলে এবং অপরকে আঘাত করতে চান না বলে আপনার অভিমত আপনি নিজের মধ্যে লুকিয়ে রেখে দেন, কাউকে বলেন না।

আপনি নিজের অভিমত প্রকাশ করতে পারেন না বলে আপনার স্নায়ুমণ্ডলী একটু চড়া সুরে বাঁধা থাকবে, ফলে সময়ে সময়ে আপনার স্নায়ুমণ্ডলী বিপর্যস্ত হয়ে পড়বে।

আপনি যদি কখনও নিয়ন্ত্রণক্ষমতা হারিয়ে ফেলে নিজের মনে যা আছে, তা যদি ব্যক্ত করে ফেলেন তবে বিবেকের পীড়নে ভুগবেন এবং যা বলে ফেলেছেন তার জন্য তীব্র অনুশোচনা বোধ করবেন এবং তা মেরামত করবার জন্য একেবারে অপরপ্রান্তে চলে যাবেন।

জনসাধারণের মঙ্গলের জন্য আপনি সক্রিয় হবেন বা এমন কোন কাজে লেগে থাকবেন যাতে আপনি জনসাধারণের মঙ্গল করতে পারেন এবং অপরের দুঃখ মোচনের জন্য অবাধে অর্থব্যয় করতে পারেন। আপনি ব্যক্তি বিশেষের চেয়ে দাতব্য প্রতিষ্ঠানে সাহায্য করতে ভালবাসেন, কারণ আপনি ভয় পান যে ব্যক্তি বিশেষ আপনার উপর চড়াও হয়ে সুবিধা নেবে বা নানারকম আজগুবি দুর্ভাগ্যের গল্প বলবে।

আপনার মন অত্যন্ত যৌক্তিকতাপূর্ণ এবং সাধারণের সঙ্গে ধীর স্থির ভাবে যুক্তিতর্ক করতে আপনি ভালই বাসেন।

ব্যবসা সম্বন্ধে আপনার ধ্যান-ধারণা অতি উচ্চশ্রেণীর হবে এবং অপরকে এ বিষয়ে চমৎকার উপদেশ দেবেন। কিন্তু সাধারণভাবে আপনি অপরের হয়ে দায়িত্বপূর্ণ এবং বিশ্বস্ত পদে থেকে অনেক বেশী সাফল্যলাভ করবেন।

বিশেষ অবস্থা বিপর্যয় বা কর্তব্যের 'ডাক' না এলে আপনাদের অন্তর্নিহিত গুণাবলীসমূহ বিকাশের পথ খুঁজে পায় না, কিন্তু যদি একবার 'ডাক' আসে তবে আপনি সবরকম বাধা-বিঘ্ন অতিক্রম করে উপরে উঠবেন এবং আপনার অন্তর্নিহিত শক্তি এবং প্রতিভা দেখে প্রত্যেকে অবাক হয়ে যাবে।

আপনি যদি আপনার অনুভূতিশীলতা জয় করে আত্মবিশ্বাস অর্জন করতে পারেন তবে ছুনিয়ায় এমন কোন কাজ নেই যা আপনি করতে পারেন না।

আপনার সাফল্যের সর্বাধিক সম্ভাবনা হচ্ছে জনগণের যাতে মঙ্গল হয় এমন কোন বিরাট কর্মকাণ্ডে নিজেকে নিযুক্ত রাখলে। এই চিহ্নে যাঁরা জন্মগ্রহণ করেছেন, তাঁরা যদি একবার জেগে ওঠেন তবে সচরাচর তাঁরা মানবজাতির কল্যাণের জন্য বিশেষ নাম রেখে যান বা এমন কিছু আবিষ্কার করেন, যা সাধারণভাবে জগতের বিশেষ মঙ্গল করে।

যাতে জনগণ বিপুলভাবে অংশ নেয় এমন কোন কাজে আপনি গভীরভাবে অনুরক্ত থাকবেন। আপনি যে দেশেই বাস করুন না কেন তাতে আপনি নিজের দেশের মতনই থাকবেন এবং জাতীয় জীবনে প্রয়োজন এমন সব অনুষ্ঠানে আপনি লিপ্ত থাকবেন।

যদিও আপনি নিজেকে নিয়ে থাকতেই ভালবাসেন তবুও আপনি যেখানে প্রচুর জনসমাগম হয় যেমন থিয়েটার, আনন্দানুষ্ঠান, যে মিটিং-এ প্রচুর জনসমাবেশ-এর মধ্যে যেতে আপনি ভালবাসেন।

আপনার নিজের স্নায়ুমণ্ডলী যদিও সবসময় উত্তেজিত থাকে তবে এটা একটা অদ্ভুত ব্যাপার যে উত্তেজিত ব্যক্তি বা যারা হিস্টিরিয়াগ্রস্ত বা পাগল তাদের নিয়ন্ত্রণ করবার আপনার মধ্যে এক অদ্ভুত ক্ষমতা থাকবে এবং জীবন-পথে চলতে গিয়ে এমনই বহু চরিত্রের সম্মুখীন আপনাকে বারবার হতে হবে।

আপনি যদি বড়লোকের ঘরে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার

অন্তর্নিহিত গুণাবলীর ফুটে ওঠবার সম্ভাবনা খুব কম, জীবনস্রোতে শুধুই ভেসে যাবেন যখন আর কোন পরিবর্তন সম্ভব নয় বা বড্ড দেরী হয়ে গেছে।

অন্যসব শ্রেণীর চেয়ে সঙ্গী-সাথী বাছার ব্যাপারে আপনার খুব সাবধানতা অবলম্বন করা উচিৎ। কারণ আত্মবিশ্বাস আপনার মধ্যে কম বলে আপনি যাদের বেশী নিকটবর্তী হচ্ছেন তাদের দ্বারা প্রভাবিত হতে পারেন।

## স্বাস্থ্য

আপনি স্নায়বিক কোন অসুখ বা যকৃৎ, গল ব্ল্যাডার এবং পেটের উপরিভাগের কোন অসুখে ভুগতে পারেন, যা ডাক্তাররা চট করে ধরতে পারবেন না বা আপনার কষ্ট কমাতে পারবেন না। বিজ্ঞাপন দেখে হাতুড়ে ডাক্তারের ওষুধ খাবার আপনার সমধিক সম্ভাবনা আছে এবং বন্ধু-বান্ধবদের জন্য কোন টনিক বা বড়ি সময়সময়ই আপনি ডাক্তার না হয়েও প্রেসকাইব করে যান।

সাধারণভাবে রক্ত সঞ্চালনের অপ্রাচুর্য, রক্তহীনতা, মাথায় এবং পিছনে ব্যথা, বুক ধড়ফর করা এবং হৃদযন্ত্রের দুর্বলতা, মূত্রস্থলী এবং কিডনীর অসুখ এবং উদরী থেকে আপনার ভোগবার সম্ভাবনা আছে। এছাড়াও পায়ে অদ্ভুতভাবে আঘাতলাগা বা পা ঘুরে যাওয়া, গোঁড়ালী মচ্‌কে যাওয়া বা হাড় ভেঙে যাওয়া থেকে আপনি প্রাপ্তবয়সে কষ্ট পাবেন।

## অর্থভাগ্য

এই চিহ্নটির ওপর শনি এবং ইউরেনাস কর্তৃত্ব করে বলে আপনার ভাগ্যের হঠাৎ হঠাৎ বিরাট পরিবর্তন হতে পারে। আপনার সব সময়েই অনভিপ্রেত এবং নিষ্ঠুর ভাগ্য পরিবর্তনের জন্য তৈরী থাকা উচিৎ এবং অনিশ্চিত ও যাতে বেশী বাধা-বিঘ্ন আছে এসব বিষয়ে অত্যন্ত যত্নশীল হওয়া উচিৎ। এ চিহ্নটি কিন্তু কোনরকম ট্রাষ্ট, বীমা কোম্পানী, ব্যাঙ্ক এবং রেল কোম্পানী, বৈদ্যুতিক সংগঠন, উড়ো জাহাজ এবং কোন আবিষ্কার থেকে সৌভাগ্য ইঙ্গিত করে।

আপনি যদি অত্যন্ত সাবধানী না হন, তবে আপনার রোজগারের কোন

স্থিরতা থাকবে না এবং আপনার ভাগ্যের মধ্যেই অনিশ্চয়তা দেখা দেবে সবচেয়ে বেশী। জীবনের কোন সময়ে এক অভাবিত সূত্র থেকে হঠাৎ প্রচুর অর্থ পেয়ে যেতে পারেন যা কেউ কল্পনাই করতে পারে না।

## বিবাহ, যোগাযোগ, পার্টনারশিপ

আপনার সবচেয়ে সামঞ্জস্যপূর্ণ সম্পর্ক হবে যারা বায়ুর তৃতীয় ঘরে আপনার চিহ্ন কুম্ভে, ২১শে জানুয়ারী থেকে ১৯শে ফেব্রুয়ারীর মধ্যে জন্মগ্রহণ করেছেন বা মিথুন চিহ্নে অর্থাৎ বায়ুর প্রথম ঘরে ২১শে মে থেকে ২০শে জুন-এর মধ্যে জন্মগ্রহণ করেছেন বা তুলা চিহ্নে অর্থাৎ বায়ুর দ্বিতীয় ঘরে ২১শে সেপ্টেম্বর থেকে ২০শে অক্টোবরের মধ্যে জন্মগ্রহণ করেছেন। এবং এসব চিহ্নের সাতদিন আগে ও সাতদিন পরে যাঁরা জন্মগ্রহণ করেছেন। এছাড়াও আপনার জন্মচিহ্নের ঠিক উল্টোদিকে যিনি জন্মগ্রহণ করেছেন অর্থাৎ জুলাই মাসের শেষ ভাগ থেকে আগস্ট মাসের শেষভাগ অবধি।

## দ্বাদশ পরিচ্ছেদ

### যাঁরা ফেব্রুয়ারী মাসের ১, ১০, ১৯ বা ২৮ তারিখে জন্মেছেন।
### এই মাসের ১ সংখ্যার লোকেরা।

আমরা এবার ফেব্রুয়ারী মাসের জন্মদিন নিয়ে আলোচনা করবো।

আমি পূর্বেই বলেছি যে মকরের (জানুয়ারী) অধিপতি ধনাত্মক শনি এবং কুম্ভ চিহ্নের অধিপতি হচ্ছে ঋণাত্মক শনি।

প্রত্যেক চিহ্ন শুরু হবার মুখে একটা দ্বৈতভূমি আছে, যেখানে এক চিহ্নের উপর আর এক চিহ্নের প্রভাব পড়ে।

২১শে জানুয়ারী থেকে ২৮শে জানুয়ারী মকর এবং কুম্ভের দ্বৈতভূমি। ২১শে জানুয়ারী থেকে প্রত্যেকদিন মকরের ক্ষমতা ক্ষয়প্রাপ্ত হচ্ছে এবং কুম্ভের ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে। এইভাবে ২৮শে জানুয়ারীর কাছাকাছি থেকে কুম্ভ চিহ্ন যার অধিপতি হতে ঋণাত্মক শনি পূর্ণ বলে বলীয়ান হয়ে রাজত্ব করে,

১৯শে ফেব্রুয়ারী পর্যন্ত তারপর আগত চিহ্ন মীনের কাছে ক্ষমতা হারাতে শুরু করে।

সুতরাং আমরা দেখছি যে ফেব্রুয়ারী মাসের প্রায় পুরোটাই কুম্ভ চিহ্নের অধীনে আসে যার অধিপতি হচ্ছেন ঋণাত্মক শনি বায়ুর তৃতীয় ঘরের মালিক।

এইজন্য ফেব্রুয়ারী মাসের সব জন্মদিনগুলি জানুয়ারীর ওই তারিখের জন্মদিনের মতনই হবে। কিন্তু এঁরা ঋণাত্মক শনির অধীনে বলে অদৃষ্টবাদীতা এঁদের অনেক কম থাকবে।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ১৯ তারিখ অবধি উপরোক্ত দিনগুলিতে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষশাস্ত্র এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়ম অনুযায়ী আপনি বায়ুর তৃতীয় ঘর কুম্ভ চিহ্নে ঋণাত্মক শনির আধিপত্যে রবি, ইউরেনাস এবং শনির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন। জানুয়ারী মাসে ধনাত্মক শনির প্রভাবে যাঁরা জন্মগ্রহণ করেছেন, তাঁদের চেয়ে আপনারা কম অদৃষ্টবাদী হবেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং ভাবধারা পূর্বোক্ত ফেব্রুয়ারী মাসের জাতকের মতনই হবে। কিন্তু আপনি ১, ১০ বা ১৯ তারিখে জন্মেছেন বলে আপনি অনেক বেশী স্বচ্ছন্দে আপনার পরিকল্পনা বা উচ্চাশাকে রূপ দিতে পারবেন।

আপনার বাল্যজীবন হবে নিশ্চিন্ত এবং সক্রিয়। কিন্তু অনাকাঙ্খিত ঘটনা সব আপনার পরিবারের মধ্যে ঘটবে এবং তারা আপনার জন্য যা পরিকল্পনা করেছিলেন তা করা সম্ভব হবে না এবং খুব অল্প বয়সেই আপনার [illegible] পথ আপনাকে নিজে বেছে নিতে হবে।

আপনার বহুমুখী যোগ্যতা থাকবে এবং মৌলিক চিন্তাধারাও আপনার মধ্যে বিদ্যমান। আপনার উচ্চাশা গগনচুম্বী, ইচ্ছাশক্তি অদম্য এবং দৃঢ়তা অসীম এবং সৌভাগ্যশীর্ষে আরোহণ করবার জন্য আপনি বহুভাবে প্রচেষ্টা নেবেন।

আপনার প্রতি ঈর্ষাবশতঃ শত্রুরা আপনার সঙ্গে বিশ্বাসঘাতকতা করবে এবং অসাধু পথ নেবে এবং প্রথম জীবনে যে জীবিকাই গ্রহণ করতে যান না কেন, তাতে বহু পরিবর্তন হবে।

আপনি অন্য লোকেদের সঙ্গে ব্যবহারে মোটেই সৌভাগ্যশালী হবেন না এবং পার্টনার বা সহকর্মীদের সঙ্গে কাজ-কারবারে খুব সাবধানী হওয়া উচিৎ।

আপনার পরিকল্পনা যাই হোক না কেন আপনি একলা কাজ করলে তাতে সাফল্যলাভের সম্ভাবনা বেশী, কারণ অপরে আপনাকে সহজেই ঠকাতে পারে বা আপনার অর্থ অপহরণ করতে পারে।

আপনার সবসময়ই লক্ষ্য খুব উঁচু হওয়া দরকার এবং যারা আপনার চেয়ে উচ্চে আছে, তাদের সংস্পর্শে আসতে আপনার চেষ্টা করা উচিৎ।

## অর্থভাগ্য

অপরের অর্থের প্রশ্ন যেখানে জড়িত, সেখানে কোনরকম জুয়াখেলা বা ফাটকাখেলা আপনার উচিৎ নয়: মাঝে মাঝে অর্থ রোজগারের প্রবল বাসনায় আপনি নিজের ক্ষমতার বাইরে চলে যেতে পারেন।

যাঁরা° বিশেষ ধরণের এক বৃত্তি অনুসরণ করেন যেমন ডাক্তার, উকিল, ব্যারিস্টার, অভিনেতা, শিল্পী প্রভৃতি ব্যক্তিরা ফেব্রুয়ারী মাসে জন্ম, তাঁদের অর্থসঞ্চয় বা টাকা হাতে রাখা শক্ত। অপরদিকে যাঁরা বেশ বলিষ্ঠ জীবিকায় আছেন যেমন ব্যাঙ্কার, অর্থ বিনিয়োগকারী বা বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের ম্যানেজার তাঁদের এ মাসে জন্মানো শুভপ্রদ। কারণ এই চিহ্নের লোকেরা নিজের চেয়ে অপরের সম্বন্ধে কথাবার্তা বলতে পারেন অনেক ভাল। আপনি যদি ২৮শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি মীন চিহ্নের শুরু হবার মুখে পড়েছেন, ঋণাত্মক শনির কুম্ভের ঘরে নয়। এতে আপনি বাধা-বিঘ্ন অনেক কম ভোগ করবেন এবং আপনি যে জীবিকাতেই নিযুক্ত থাকুন না কেন, তাতে আপনি যথেষ্ট সাফল্য লাভ করবেন।

## স্বাস্থ্য

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ১, ১০ বা ১৯ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি মানসিক প্রাণ-প্রাচুর্যে ভরপুর থাকবেন। কিন্তু ২৮শে ফেব্রুয়ারী যাঁরা জন্মগ্রহণ করেছেন, তাঁদের মত শারীরিক শক্তিশালী হবেন না। আপনার পরিপাক যন্ত্র সহজেই বিদ্রোহ ঘোষণা করবে, তাই জন্য আপনার আহার অত্যন্ত হালকা ধরণের হওয়া উচিৎ এবং সাধারণের চেয়ে আপনার ঘুমোনোও দরকার বেশী। আপনার শারীরিক কাঠামো কিন্তু অত্যন্ত মজবুৎ হবে এবং আপনি অল্পেই অসুস্থতাকে দূর করতে পারবেন।

আপনার সবচেয়ে সৌভাগ্যশালী সংখ্যা হচ্ছে '১' সংখ্যা যা রবিকে নির্দেশ দেয় এবং '৪' যা ইউরেনাসকে নির্দেশ দেয়।

আপনি দরকারী কিছু করতে হলে এই সংখ্যাগুলি বা এর যোগফলের দিনে আপনার কাজগুলি করতে চেষ্টা করুন। যেমন ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ এবং ৩১ তারিখ।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে রবি এবং ইউরেনাসের বর্ণ ব্যবহার করুন।

রবির বর্ণ হচ্ছে সবরকম স্বর্ণ বর্ণ, হলুদ এবং সোনালী বাদামী। ইউরেনাসের বর্ণ হচ্ছে সবরকম স্যাফায়ার, ঘন নীল এবং ধূসর রং।

আপনার শুভ বর্ণ হচ্ছে হীরক, স্যাফায়ার, এ্যাম্বার এবং টোপাজ।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বর্ষ হচ্ছে ১০, ১৩, ১৭, ২২, ২৮, ৩১, ৩৭, ৪০, ৪৬, ৪৯, ৫৫, ৬৪, ৬৭ এবং ৭৩ বৎসর।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ১৯ বা ২৮ তারিখে জন্মগ্রহণ করেন, তবে আপনি আগত চিহ্ন মীনের প্রভাবে পড়বেন, যার অধিপতি হচ্ছেন বৃহস্পতি। এই দুই তারিখে জন্মানো ফেব্রুয়ারী মাসের ১ বা ১০ তারিখের চেয়ে অনেক মঙ্গলজনক।

১৯শে ফেব্রুয়ারী যদি আগত চিহ্ন মীনের দ্বৈতভূমি ধরা যায় তবে এই সংখ্যা এবং ২৮শে ফেব্রুয়ারীর মঙ্গলজনক সংখ্যা হচ্ছে রবি এবং ইউরেনাসের সংখ্যা ড্যাস দিয়ে ১—৪ এবং '৩' সংখ্যা যা হচ্ছে জুপিটারের সংখ্যা।

ঋণাত্মক বৃহস্পতির দ্বৈতভূমিতে জন্মগ্রহণ করবার জন্য এরা অনেক বেশী সৌভাগ্যশালী হন। যে কোন কাজেই তারা লিপ্ত থাকুন না কেন, তারা তাদের উচ্চাশা পূরণ করবার জন্য অনেক স্বাধীনভাবে কাজ করতে পারবেন। নানারকম বাধা-বিঘ্ন যারা জানুয়ারী মাসের ১, ১০ এবং ১৯ তারিখ থেকে আরম্ভ করে ১৯শে ফেব্রুয়ারী তারিখে তাদের প্রতিহত করে, কিন্তু এদের সে বাধা থাকবে না। তাদের এই ভীষণ অদৃষ্টবাদী সংখ্যা '৮'-এর মোকাবিলা করতে হবে না। এদের সংখ্যাগুলি ১—৪ এবং '৩' সংখ্যা যেমন, ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮, ৩১ এবং যদি ২৯শে বা ২৮শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করে থাকেন তবে ৩, ১২, ২১ এবং ৩০।

আপনি যদি উপরোক্ত সময়ে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার শুভরত্ন এবং শুভবর্ণ '১' সংখ্যার মতই হবে। তবে এক্ষেত্রে যাঁরা ১৯শে বা

২৮শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেছেন তাঁদের সঙ্গে বৃহস্পতির বর্ণও যোগ হবে। যেমন সবরকম বেগুনী রং, মেজেণ্টা এবং উজ্জ্বল বেগুনী রং আর বৃহস্পতির রত্ন হচ্ছে এ্যামেথিষ্ট।

সবচেয়ে বেশী পরিবর্তন হবে স্বাস্থ্যের ব্যাপারে। আপনি যদি ১৯শে বা ২৮শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করে থাকেন তবে আপনার আশ্চর্যভাবে প্রবল জীবনীশক্তি থাকবে যা হয়তো আপনি সময়ে অত্যধিক পরিশ্রম করে বা অপব্যয় করে নষ্ট করে ফেলতে পারেন। আপনি প্রতিদিনই যেন ঠিক সূর্যের মত বীর্যে পরিপূর্ণ হয়ে জেগে উঠবেন আর একটি দিন শুরু করবার জন্য। তবে আপনার যকৃৎ সংক্রান্ত কোন অসুখ, রক্ত দূষিত হওয়া এবং চট করে ঠাণ্ডা লেগে যাবার প্রবণতা থাকবে এবং সময়ে প্লুরিসি বা ফুসফুসের দুর্বলতায় ভুগতে পারেন।

যাঁরা যে কোন মাসেই হোক না কেন যদি তাঁর জন্মদিন '১', '৪' বা '৩' হয় যেমন ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০ এবং ৩১ তারিখ হয়, তবে আপনি তাঁদের প্রতি এক সহজাত আকর্ষণ বোধ করবেন।

আপনার জীবনে সবচেয়ে স্মরণীয় পরিবর্তন হবে ১০, ১৩, ১৯, ২২, ২৮, ৩১, ৩৭, ৪০, ৪৬, ৪৯, ৫৫, ৫৮, ৬৪, ৬৭, ৭৩ এবং ৭৬ বছর বয়সে।

## ত্রয়োদশ পরিচ্ছেদ

### যাঁরা ফেব্রুয়ারী মাসের ২, ১১, ২০ এবং ২৯ তারিখে জন্মেছেন। এই মাসের দুই সংখ্যার লোকেরা

আপনি যদি ফেব্রুয়ারী মাসের উপরোক্ত দিনগুলিতে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি চন্দ্র এবং নেপচুনের স্পন্দনে জন্মেছেন এবং ফেব্রুয়ারী মাস বলে শনি ঋণাত্মক ঘরে আছে। ফলে এক্ষেত্রে শনির সেই পূর্বেকার বাধা, বিঘ্ন বা অদৃষ্টবাদীতা কম। আপনি অনেকটা শুভপ্রদ ফল পাবেন এবং আপনার উচ্চাশা ও পরিকল্পনায় রূপ দেবার সৌভাগ্যপ্রদ ইঙ্গিত এখানে রয়েছে।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং ভাবধারা পূর্বে বর্ণিত ফেব্রুয়ারী মাসে জাতকের মতই হবে।

আপনি বেশ রোমান্টিক ও আদর্শবাদী এবং একটু অদ্ভুত অদ্ভুত ধরনের প্রেমের ব্যাপার আপনার জীবনে ঘটবে। আপনার মধ্যে উচ্চাকাঙ্খা বেশ বেশীরূপে বিদ্যমান এবং আপনার অবস্থার উন্নতি করবার বহু সুযোগ আপনি পাবেন।

আপনার প্রথম জীবনের পারিবারিক প্রভাব এবং পারিপার্শ্বিক আপনার পক্ষে খুব শুভপ্রদ না হওয়াই স্বাভাবিক এবং জীবনে চলার পথে আপনাকে একলাই বেরিয়ে পড়তে হবে। আপনাকে অতি অবশ্য করে স্পর্শকাতরতা জয় করে আত্মবিশ্বাস অর্জন করতে হবে। কারণ এ চিহ্নে জন্মালে আপনার পক্ষে তা অতীব প্রয়োজন।

আপনার জীবন ও জীবিকায় বহুবার পরিবর্তন হবে এবং বহু দেশ আপনি দেখবেন এবং সমুদ্রের দূর দূরান্তে ভ্রমণ করে বেড়াবেন।

আপনার মধ্যে অনেকরকম প্রতিভা থাকবে কিন্তু আপনি কল্পনাশক্তির প্রবণতা বৃদ্ধি করতে যত্নপরায়ণ হবেন এবং এমন কিছু আবিষ্কার করবেন যা মানবজাতির অনেক কল্যাণ করবে।

আপনার নিজেকে কলা, সাহিত্য, সঙ্গীতে প্রকাশ করবার বাসনা থাকবে এবং এসব বিষয়ে আপনি সফলতাও অর্জন করবেন।

## অর্থভাগ্য

আপনি নিজের ক্ষমতা বলেই পরবর্তী জীবনে ধনী হয়ে উঠবেন, অর্থ বা সম্পত্তিও অপরের কাছ থেকে পেতে পারেন। আপনি জীবনে অনেক মূল্যবান উপহার এবং সম্মান পেতে পারেন। আপনি যদি স্বচ্ছল অবস্থায় না জন্মে থাকেন তবে ফেব্রুয়ারী মাসের ২, ১১ বা ২০ তারিখে জন্মগ্রহণ করলে প্রথম জীবনে অনেক বাধা-বিঘ্ন এবং অর্থকৃচ্ছ্রতা ভোগ করতে হবে। কিন্তু জীবনের শেষভাগে আপনার মানসিক প্রতিভাবলে সাফল্য আপনার আসবেই। তা শিল্পকলাকে কেন্দ্র করেই হোক বা কোন আবিষ্কারকে কেন্দ্র করেই হোক। আপনার নিয়ন্ত্রণে যদি সৌভাগ্যপ্রদ কোন বিনিয়োগ হয়ে থাকে সবই মঙ্গল। কিন্তু বিপদ হচ্ছে আপনি যদি কোন বৃত্তিতে নিযুক্ত থাকেন, তবে টাকা আপনার হাতে থাকবে না এবং ভবিষ্যতের জন্য ভাল সঞ্চয়ও আপনি করতে পারবেন না। যদি আপনি লীপইয়ারে অর্থাৎ ২৯ তারিখে

জন্মগ্রহণ করে থাকেন যা মীন চিহ্নে পড়ে, তবে আপনার জীবনে বাধা-বিঘ্ন অনেক কম আসবে এবং বাল্যকালও আপনার সুখে কাটবে।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ব্যাপারে আপনার কোন কিছু অভিযোগ না থাকাই সম্ভব। আপনার পটভূমি অনুসারে আপনার শারীরিক গডন বেশ দৃঢ়ই হবে এবং নিজে নিজেই গোটাকতক সহজ নিয়ম পালন করে দীর্ঘদিন অবধি আপনি বেঁচে থাকবেন।

আপনার শুভ রং এবং শুভ রত্ন জানুয়ারী মাসের ওই তারিখের মতই হবে। তবে এক্ষেত্রে অশুভ অদৃষ্টবাদী '৮' সংখ্যাটি থাকছে না। তবুও '৪' সংখ্যা এবং তার যোগফলগুলিকে আপনার যথাসম্ভব পরিহার করে চলা উচিৎ।

যারা ফেব্রুয়ারী মাসের ২০ বা ২৯ তারিখে জন্মেছেন তারা মীন চিহ্নের আওতায় আসেন যা ঋণাত্মক বৃহস্পতির ঘর বলে তাদের শুভ সংখ্যাগুলি হবে ২, ৭ ও ৩ এবং তাদের যোগফলগুলি যেমন ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯ এবং ৩, ১২, ২১ এবং ৩০।

আপনার জীবনে সবচেয়ে স্মরণীয় বর্ষ হবে ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫ এবং ৭০।

যারা বছরের যে কোন মাসেই জন্মগ্রহণ করুক না কেন তাদের জন্মদিন যদি ২ বা ৭ হয় যেমন ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ এবং ২৯ হয় তাদের প্রতি এক সহজাত আকর্ষণ বোধ করবেন।

# চতুর্দশ পরিচ্ছেদ

## যাঁরা ফেব্রুয়ারী মাসের ৩, ১২ এবং ২১ তারিখে জন্মেছেন। এই মাসের তিন সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত দিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী রাহুর তৃতীয় ঘর কুম্ভের ঘরে বৃহস্পতি এবং শনির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৩ বা ১২ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে জানুয়ারী মাসে ওই তারিখে জাত ব্যক্তিদের মতই আপনার গুণাবলী হবে। কিন্তু এক্ষেত্রে ঋণাত্মক শনি আপনার গ্রহের অধিপতি বলে আপনি বাধা-বিঘ্ন অনেক কম পাবেন যাতে করে আপনি আপনার জন্মকালীন বৃহস্পতির সংখ্যাটি আরও পরিষ্কারভাবে ফুটিয়ে তুলতে পারেন। সংক্ষেপে এই গুণগুলি হচ্ছে:—সবল ইচ্ছাশক্তি, কর্মে দৃঢ়তা, কোন কিছু সংগঠন করবার বিশেষ প্রতিভা, বিশেষ করে জনগণের কোন সংগঠন, সরকারী কোন কাজ বা রাজনীতিতে।

শনি যখন ঋণাত্মক বা মানসিক হয় তখন তার শান্ত করবার, পরিশীলিত করবার শক্তি বৃহস্পতির পক্ষে অত্যন্ত শুভকর। একপক্ষে যা কুম্ভ চিহ্নে জাত ব্যক্তিরা পেয়ে থাকেন। এব্রাহাম লিঙ্কন যিনি ফেব্রুয়ারী মাসের ১২ তারিখে জন্মগ্রহণ করেছিলেন, এই চিহ্নে জাত ব্যক্তির এক সুন্দরতম উদাহরণ।

আপনি যদি ২১শে ফেব্রুয়ারী জন্মে থাকেন যা প্রায় ঋণাত্মক বৃহস্পতির ঘর মীনে এসে গেছে, তবে আপনি এই শুভগ্রহের প্রভাব বেশ বেশী করে পাবেন এবং এমাসে প্রথমের দিকে জাত ব্যক্তিদের চেয়ে বস্তুতান্ত্রিক জগতে সাফল্য লাভ করবেন বেশী।

২১ ফেব্রুয়ারী বৃহস্পতির ( তিন ) সংখ্যা বলে এবং আপনি যদি বৃহস্পতির দ্বৈতভূমির শুরুতে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার উচ্চাকাঙ্খার লাগাম অনেক দূর ছেড়ে দিতে পারেন এবং আপনার উচ্চাকাঙ্খা ফলবতী হবেই। কোন ধরণের কাজই হোক না কেন, যাতে অপরের উপর দায়িত্ব নিতে হয় এবং কর্তৃত্ব করতে হয় এমন ধরনের কাজই আপনার পক্ষে খুব উপযোগী।

দুনিয়ায় এমন কোন জীবিকা নেই, যাতে আপনি কৃতকার্য না হতে পারেন, অবশ্য সে বিষয়ে আপনার উচ্চাশা জাগা চাই। ওই সময়কে জুপিটারের ঋণাত্মক সময় বলে আপনার উচ্চাশা শারীরিক কার্যকে কেন্দ্র করে হওয়ার চেয়ে মানসিক ভাবেই বেশী হবে। এর অর্থ হচ্ছে যদিও আপনি অপরের ওপর কর্তৃত্ব করবার জন্যই জন্মগ্রহণ করেছেন, এক্ষেত্রে আপনি সচরাচর মুখোমুখি দেখাটা পরিহার করে চলবেন। এক্ষেত্রে আপনি বিরাট কোন বস্তু সংগঠন করতে পারেন কিন্তু এর জন্য জনগণের কাছ থেকে যে প্রশংসা পাওয়ার কথা তা আপনার বদলে অপরে পেতে পারে।

## অর্থভাগ্য

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৩, ১২ বা ২১ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে সাধারণের চেয়ে আপনি সহজে সম্মান এবং খ্যাতি অর্জন করতে পারেন, তা যা কিছুকেই কেন্দ্র করে হোক না কেন। বিশেষ করে তারিখটি যদি ১২ বা ২১ তারিখ হয়। কারণ এই চিহ্নটি বিশেষ করে মানসিক ভাবধারা নির্দেশ করে। তাই জন্য আপনি কি করতে মনস্থ করেছেন তা হচ্ছে সবচেয়ে প্রয়োজনীয়। আপনি যতই সাবধানতার সঙ্গে চলতে যান না কেন, মাঝে মাঝে আপনার প্রচুর অর্থক্ষতি হবে।

## স্বাস্থ্য

আপনার অত্যধিক পরিশ্রম করে স্নায়বিক দৌর্বল্য আসতে পারে। নিউরাইটিস বা স্যায়াটিকা, যকৃতের বৃদ্ধি, রক্তপেশী এবং ধমনীর কঠিনতা এবং উচ্চ রক্তচাপ প্রভৃতি রোগে আপনার ভোগবার সম্ভাবনা রয়েছে।

সুতরাং যতদূর সম্ভব স্নায়ুমণ্ডলীকে শান্ত রাখতে চেষ্টা করুন। সোজা সরল ভোজ্য বস্তু গ্রহণ করুন এবং যতটা সম্ভব ঘুমোতে চেষ্টা করুন।

আপনার সবচেয়ে উল্লেখযোগ্য সংখ্যা হচ্ছে '৩' ও '৮' এবং তাদের যোগফলগুলি যেমন ৩, ৮, ১২, ১৭, ২১, ২৬ এবং ৩০।

আপনি কুম্ভ চিহ্নে জন্মগ্রহণ করেছেন বলে নিষ্ক্রিয় শনি আপনার অধিপতি এবং এর ক্ষমতা কমে আসছে বলে ঐ তারিখে জাত জানুয়ারী মাসের জাতকদের চেয়ে আপনি বেশী সৌভাগ্যশালী হবেন।

তবুও আপনি '৪' এবং '৮' সংখ্যার প্রভাবকে সম্পূর্ণ কাটিয়ে উঠতে পারবেন না এবং এ সংখ্যায় জাত ব্যক্তিরা আপনার জীবনে বিশিষ্ট অংশ নেবে। যেমন, ৪, ৮ ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১ তারিখে জাত ব্যক্তিরা।

শুভবর্ণ এবং শুভরত্ন আপনার ক্ষেত্রে '৩' সংখ্যার জাতকদের মতই হবে। যেমন সবরকম বেগুনী, ঘন বেগুনী ও জলজলে বেগুনী এবং শুভরত্ন হচ্ছে এ্যামেথিষ্ট ও সবরকম ঘোর রঙের পাথর।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বর্ষগুলি হচ্ছে ৩, ১২, ৩০, ৩৯, ৪৮, ৫৭, ৬১ এবং ৭৫।

যে কোন মাসেই যদি কেউ ৩, ১২, ২১ এবং ৩০ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তাদের প্রতি আপনি এক তীব্র আকর্ষণ বোধ করবেন এবং এই সংখ্যার জাতকরা আপনার জীবন এবং জীবিকার প্রতি খুব শুভপ্রদ হবে।

## পঞ্চদশ পরিচ্ছেদ

### যাঁরা ফেব্রুয়ারী মাসের ৪, ১৩, এবং ২২ তারিখে জন্মেছেন। এই মাসের চার সংখ্যার লোকেরা।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের উপরোক্ত যে কোন তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চালডিন সংখ্যাতত্ত্ব অনুযায়ী আপনি বায়ুর তৃতীয় ঘর ঋণাত্মক শনির কুম্ভের ঘরে ইউরেনাস ব'ব শনির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য পূর্বে উল্লিখিত ফেব্রুয়ারী মাসের জাতকদের মতই হবে।

যেহেতু রবিকে (১) সবসময় ইউরেনাস (৪ -এর সঙ্গে যুক্ত করে ভাবা হয় এবং হাইফেন দিয়ে ১-৪ বলে লেখা হয়, কিন্তু এক্ষেত্রে ইউরেনাসই প্রধান বলে এইখানে হাইফেনটি ৪-১ বলে লিখতে হবে।

যদিও শনি এখানে তার ঋণাত্মক ঘরে, তবুও ৯শে ফেব্রুয়ারী পর্যন্ত শনি এ গ্রহের অধিপতি। সুতরাং ঐ দিন অবধি শনির প্রভাব থাকবে। সুতরাং আপনার পক্ষে উল্লেখযোগ্য সংখ্যাগুলি '৪' ও '৮' এবং এদের যোগফলগুলি যেমন, ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১।

ফেব্রুয়ারী মাসের ৪, ১৩ এবং ২২ তারিখে জাত ব্যক্তদের গুণাবলী এবং চারিত্রিক বৈশিষ্ট্য ঠিক এই তারিখে জাত জানুয়ারী মাসের জাতকদের মত একই প্রকার। তাই এ নিয়ে আমি আর পুনরুক্তি করলাম না। কিন্তু এটা ঋণাত্মক শনির ঘর, ধনাত্মক শনির ঘর নয়। ফলে শনির অত বেশী বাধ্য বাধ্যকতার মধ্যে এদের বাস করতে হয় না। ফলে এরা জীবনে অনেক বেশী কিছু করতে পারবেন।

এইসঙ্গে আমি একটা সাবধান বাণীও উচ্চারণ করতে চাই। আপনি

যতদূর সম্ভব '৪' ও '৮' সংখ্যাটি পরিত্যাগ করতে চেষ্টা করুন এবং প্রয়োজনীয় কাজ-কর্ম বা পরিকল্পনাগুলি ঐ তারিখে করবেন না। যেমন, ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১ তারিখ।

আপনার সবচেয়ে সৌভাগ্যশালী সংখ্যা হচ্ছে রবির সংখ্যা অর্থাৎ ১, ১৯ ও ২৮ এবং পরিবর্তন করে চন্দ্রের সংখ্যা অর্থাৎ ২, ১১, ২০ ও ২৯।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৪, ১৩ বা ২২ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার দৃষ্টিভঙ্গী অত্যন্ত মৌলিক হবে এবং আপনার কার্যাবলীতে আপনি সনাতন প্রথা মেনে চলবেন না। আপনি সবসময় নতুন চিন্তাধারার দিকে ঝুঁকবেন। নতুন কোন দর্শন বা ধর্ম আপনাকে যেমন ভীষণভাবে টানবে, তেমনি নতুন কোন প্রণালী বা স্বাধীন চিন্তাধারা বা কার্যও আপনাকে আকর্ষণ করবে। আপনার সহযোগিরা আপনার বিষয় মতামত দেবে যে ও একটু অদ্ভুত, একটু কিম্ভুত আর বড় বেশী স্বাতন্ত্র্যপ্রিয়। এই কারণে আপনি জীবনপথে চলতে গিয়ে সাধারণ নর-নারীর সঙ্গে নিজেকে মেলাতে পারবেন না।

এই প্রবণতা আরো বেড়ে যাবে আপনি নিষ্ক্রিয় শনির ঘরের লোক বলে। শনি এক্ষেত্রে নিষ্ক্রিয় বলে আপনার মনের দিকটাকেই প্রভাবিত করবে সবচেয়ে বেশী। এইভাবে যদিও আপনি শনির নিদারুণ অদৃষ্টবাদীতার হাত থেকে রক্ষা পেয়েছেন, তবুও শনির বিষাদখিন্ন দার্শনিক মনোবৃত্তি ইউরেনাসের অদ্ভুত গুণাবলীর সঙ্গে মিশে আপনার স্পর্শকাতরতাকে আরও বর্দ্ধিত করবে এবং ফলে আপনি লোকজনের সঙ্গে যোগাযোগ পরিহার করে চলবেন।

যেসব শিশুরা এইসব দিনে জন্মগ্রহণ করেছে প্রকৃতপক্ষে যাদের জন্মদিনের যোগফল '৪' বা '৮' হয়, বিশেষ করে জানুয়ারী এবং ফেব্রুয়ারীর ২২ তারিখ পর্যন্ত, তাদের সঙ্গে অত্যন্ত ধৈর্যশীলতা এবং সহানুভূতির সঙ্গে ব্যবহার করা উচিত। কোনরকম রুক্ষ এবং কঠোর ব্যবহার এদের মানসিক ভাবধারা বিবর্তনের পক্ষে ভীষণ ক্ষতিকর। এদের মন এত স্পর্শকাতর যে এরা সবকিছুই অত্যন্ত গভীরভাবে বোধ করে। এরা অদ্ভুত ধরণের গোপনতাপ্রিয় এবং নিজেদের ব্যক্ত করবার ক্ষমতা কম থাকে বলে এদের সহজেই লোকে ভুল বোঝে। এটা এত বেশী করে হয় যে আমি দেখেছি যে যারা '৪' বা '৮' এর ঘরে জন্মেছেন, বিশেষ করে যদি জানুয়ারী মাস থেকে শুরু করে ২২শে ফেব্রুয়ারীর মধ্যে জন্মে থাকেন। তবে আমি দেখেছি যে, যে কাজ এরা করেন নি, লোকে সেই কাজের জন্য এদের দোষী বলছে। আমি অনেক

এমনি ব্যক্তি দেখেছি, যারা এই সংখ্যায় বা এই দিনে জন্মেছেন, তাদের মিথ্যা করে বিচারের জালে জড়ানো হয়েছে এবং নিজেদের নির্দোষিতা প্রমাণ করবার সাধারণ সুযোগ থেকেও তাদের বঞ্চিত করা হয়েছিল।

২২শে ফেব্রুয়ারী তারিখটি আগত চিহ্ন মীনের দ্বৈতভূমিতে পড়ে বলে যার অধিপতি হচ্ছেন বৃহস্পতি, ঐ তারিখে জাত জাতকেরা সচরাচর ফেব্রুয়ারী মাসের অন্যান্য '৪' সংখ্যার জাতকদের চেয়ে সৌভাগ্যশালী হন।

যারা ফেব্রুয়ারী মাসের ৪, ১৩ বা ২২ তারিখে জন্মগ্রহণ করেছেন তাদের পক্ষে প্রকৃতপক্ষে খুব কম সংখ্যাই সৌভাগ্যশালী হয়। একমাত্র রবির সংখ্যা এবং এর যোগফল এবং এর পরিবর্তনযোগ্য সংখ্যা '২' যা মেয়েলী বলে আবার খুব শক্তিশালী নয়। আমি যাদের জন্মসংখ্যা '৪' বা '৮' তাদের নাম পাল্টাতে অনুরোধ করছি যা মিলিয়ে ১, ৩ বা ৬ হয়।

যারা ফেব্রুয়ারী মাসের ৪ বা ১৩ তারিখে জন্মেছেন তাদের শুভবর্ণ এবং শুভরত্ন জানুয়ারী মাসে ঐ তারিখে জাত ব্যক্তিদের মত হবে।

আমরা এবার ২২শে ফেব্রুয়ারী তারিখটি বিচার করবো। এই '৪' সংখ্যাটি ইতিমধ্যে মীনের দ্বৈতভূমি যা ঋণাত্মক বৃহস্পতির ক্ষেত্রে এসে পড়েছে। এক্ষেত্রে শনির প্রভাব কেটে যাবে। কিন্তু এই স্থানের বৃহস্পতি শারীরিক অপেক্ষা মানসিকতা নির্দেশ করে বেশী। ফলে আমরা দেখতে পাই যে বৃহস্পতির উচ্চসঞ্জাত মানসিকতায় সঙ্গে '৪' সংখ্যার ইউরেনাসের মিলন হচ্ছে।

এখানে ইউরেনাস তার স্বাতন্ত্র্য দৃষ্টিভঙ্গীকে রূপায়িত করতে পারে, সনাতন ধারার বিপক্ষে যেতে পারে বা পুরোনো ধরণের প্রশাসন যন্ত্র বা সরকারী নীতির বিরুদ্ধতা করতে পারে। এই সঙ্গে বৃহস্পতির শুভপ্রভাব বিদ্রোহকে বিপ্লবে রূপান্তরিত করে জয়লাভ করতে পরে। ইউরেনাসের আবিষ্কারধর্মী মন নিয়ে নতুন ভাবধারায় সঞ্জীবিত হয়ে ধুলোমুঠিকে সোনা মুঠিতে নিয়ে আসতে পারে। সে হয়তো যুদ্ধের নৃশংসতাকে এবং ভয়াবহতাকে ঘৃণা করে, কিন্তু পরিকল্পনা ব্যতিরেকে নতুন কিছু জয়লাভ করতে পারে না। যুদ্ধ যখন শেষ হয় তিনি তখন শত্রুদের প্রতি হয়তো মহানুভবতা দেখাবেন, কারণ বৃহস্পতির জাতক বলে উনি অন্য কিছু করতে পারেন না। ইউরেনাসের নূতন ভাবধারা নূতন কিছু প্রবর্তন করলো, কিন্তু ইউরেনাস, রবি এবং বৃহস্পতির প্রভাব এক নতুন কিছু সনাতন ভাবধারার বিরুদ্ধে জন্ম দেবে।

জর্জ ওয়াশিংটন, যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট যিনি ২২শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেছিলেন। এই চিহ্নের এক জলন্ত প্রতীক।

## অর্থভাগ্য

আপনি যদি ফেব্রুয়ারী মাসের উপরোক্ত দিনগুলিতে জন্মগ্রহণ করে থাকেন, তবে সাধারণভাবে অন্য লোককে অর্থ যেভাবে আকর্ষণ করে আপনাকে সেভাবে করবে না। আপনি অদ্ভুতভাবে অর্থ লাভ করতে পারেন, আবার অদ্ভুতভাবে অর্থ লোকসান খেতে পারেন। একটু বেশী সতর্কতা এবং সঞ্চয়ী হলে আপনি কিছু পরিমাণে নিজেকে রক্ষা করতে পারেন। কিন্তু আপনাকে সব সময়ই ঠগ-প্রতারকের বিষয়ে সাবধানতা অবলম্বন করতে হবে এবং হঠাৎ বড়লোক হবার মতলবগুলি ত্যাগ করতে হবে।

## স্বাস্থ্য

আপনার স্বাস্থ্যের ব্যাপারে মনই বড কথা। যতদিন আপনি আপনার মনোমত কাজে লিপ্ত থাকবেন এবং মন মেজাজ ভাল থাকবে, ততদিন কোন অসুখই আপনার ত্রিসীমানায় ঘেষতে পারবে না। কিন্তু অপরদিকে যদি নৈরাশ্যময় চিন্তাকে আপনার ওপর প্রাধান্য বিস্তার করতে দেন, তবে আপনি বিশেষ ধরণের এক স্নায়বিক বদহজম নিয়ে আসবেন, যার থেকে আরোগ্যলাভ করা বিশেষ কষ্টসাধ্য হবে।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হবে ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮, ৩১, ৩৭, ৪০, ৪৬ ৪৯, ৫৫, ৫৮, ৬৪, ৬৭, ৭৩ এবং ৭৬।

২০শে ফেব্রুয়ারী জাত ব্যক্তিরা সচরাচর তাদের দৃষ্টিভঙ্গী বা পরিকল্পনায় বিশেষরূপে বাধা পান। তাদের লোকেরা প্রায়শঃ ক্ষেত্রেই ভুল বোঝে এবং ফলে পরে নিজেদের মধ্যেই নিজেরা বাস করেন। তারা নিজেদের খুব বেশী প্রকাশ করতে চান না বা দেখাতেও চান না। তারা বক্তৃতার চেয়ে সংগঠন করতে পারেন আরও ভাল। তারা প্রচলিত সমাজবিধি বা অপরের মতামতকে থোড়াই কেয়ার করেন। জীবন সম্বন্ধে তাদের এক দার্শনিক মনোবৃত্তি হয়।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের উপরোক্ত দিনগুলিতে জন্মগ্রহণ করে থাকেন যার যোগফল '১', '৪' বা '৮' হয়, তবে তাদের প্রতি আপনি প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন। যেমন যারা ১, ৪, ৮, ১০, ১৩, ১৭, ১৯, ২২, ২৬, ২৮ এবং ৩১ তারিখে জন্মগ্রহণ করেছেন।

# ষোড়শ পরিচ্ছেদ

## যাঁরা ফেব্রুয়ারী মাসের ৫, ১৪ বা ২৩ তারিখে জন্মেছেন।

### এ মাসের পাঁচ সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোন একদিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী বায়ুর তৃতীয় ঘরে ঋণাত্মক শনির কুম্ভ চিহ্নে বুধ এবং শনির স্পন্দনে জন্মলাভ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং মূল ভাবধারা পূর্বে উক্ত ফেব্রুয়ারী মাসে জাতকের মতই হবে।

এক্ষেত্রে বুধ এবং শনির যুক্ত হওয়া বেশ শুভপ্রদ। কারণ বুধের গুণাবলীগুলি শনির বিবেকনিষ্ঠ কষ্টসহিষ্ণু স্বভাবের দ্বারা প্রভাবিত হয় এবং মানসিকতা উন্নত করবার পক্ষে এটা একটা খুব ভাল যোগ।

আপনি যদি ২৩শে ফেব্রুয়ারীতে জন্মগ্রহণ করেন, তবে আপনি আগত চিহ্ন মীনের দ্বৈতভূমিতে পড়ে গেলেন, যার অধিপতি হচ্ছেন বৃহস্পতি যা আপনাকে অত্যন্ত আগ্রাসী মনোবৃত্তিসম্পন্ন করবে এবং চরিত্রে স্বাতন্ত্র্য প্রধান করবে এবং জগতে কে কি ভাবছে তাই নিয়ে আপনি তোয়াক্কা করেন থোড়াই।

ফেব্রুয়ারী মাসের এইসব তারিখে জন্মালে অত্যন্ত তীক্ষ্ণ সমালোচনাপূর্ণ মানসিক ভাবধারা প্রদান করে। এতে মানব চরিত্র সম্বন্ধে এক অন্তর্দৃষ্টিমূলক তীক্ষ্ণ জ্ঞান প্রদান করে এবং অপরের প্রভাবও নির্দেশ দেয়। এদের চোখে যেন এক সম্মোহনী দৃষ্টি থাকে যা দ্বারা যারা উত্তপ্ত ব্যক্তিকে সহজে শান্ত করেন এবং তাদের যৌক্তিকতা এবং ঠিক কিভাবে চলা উচিৎ এ বিষয়ে নির্দেশ দিতে পারেন। চিকিৎসক হলে রোগ ধরবার এক ঐশ্বরিক ক্ষমতা থাকে। এরা একেবারে বইয়ের পোকা হন। যা কিছু পড়েন বা শোনেন নিজের মনের মণিকোঠায় তাকে রেখে দেন এবং সময় হলে অপরের মঙ্গলের জন্য তা প্রকাশ করেন। তারা বিজ্ঞান এবং যা কিছু প্রমাণ দিয়ে প্রমাণ করা যায় তাই ভালবাসেন। এরা খুব ধনশালী হতে বা বিরাট কিছু উচ্চপদ চান না।

কিন্তু তবুও তারা অত্যন্ত উচ্চাভিলাষী বলে তারা চান যে কাজ তারা করেছেন, তা যেন আদৃত হয়।

যদিও এরা নিজের মধ্যেই নিজেই সমাহিত, তবুও এরা বিশেষ করে প্রশংসাবাণী চান। একটুখানি পিঠ চাপড়ানো বা ভাল কথা শুনে তাদের জন্য দুনিয়ায় এমন কিছু নেই, যা করতে পারেন না।

তাদের উচ্চাশা যদি ফলবতী না হয়, তবে তারা অতি অল্পেই মর্বিড এবং বিষাদখিন্ন হয়ে পড়েন।

## অর্থভাগ্য

অর্থ সংক্রান্ত বিষয়ে ফেব্রুয়ারী মাসে এই তারিখে জাত ব্যক্তিরা অপরকে চমৎকার উপদেশ দিতে পারেন, কিন্তু নিজেদের বিষয় খুব অল্পক্ষেত্রেই তা মেনে চলেন। তারা মাথা খাটিয়ে প্রায়ই অর্থ রোজগার করেন এবং বিত্তশালীও হন কিন্তু তারা ঐ টাকা রাখতে পারেন না বা বৃদ্ধ বয়সের জন্য কোন সংস্থানও রাখতে পারেন না। আমি আপনাদের অনুরোধ করছি যে, আপনারা যদি উপরোক্ত দিনগুলিতে জন্মে থাকেন, তবে খবরদার কখনও ফাটকাবাজীর দিকে যাবেন না এবং এমন জায়গায় অর্থ বিনিয়োগ করবেন যেখানে আপনার নিয়ন্ত্রণাধিকার আছে। আপনার কাছ থেকে লোকেরা নেবার জন্য সব সময়ই উন্মুখ হয়ে থাকবে, কিন্তু ফিরিয়ে বিশেষ কিছুই দেবে না।

## স্বাস্থ্য

সাধারণভাবে আপনি সুস্বাস্থ্যের অধিকারী হবেন এবং প্রচুর জীবনীশক্তি আপনার থাকবে। কিন্তু সময় সময় যকৃত, প্লীহা, কিড্‌নী এবং ব্যাডারের রোগে আপনি কষ্ট পাবেন। একশ্রেণীর লোক এই সময়ে পাওয়া যায় যে, তারা যদি বড়লোকের ঘরে জন্মে থাকেন, তবে তীব্র উত্তেজক পানীয়, মাদক দ্রব্য ভোজন, যথেচ্ছভাবে জীবনযাপন করে এরা শরীরের একেবারে বারোটা বাজিয়ে দেন। এইসব লোকেদের কোনরকম লক্ষ্যবস্তুর অভাব, চঞ্চলতা এবং অত্যন্ত খিটখিটে মেজাজের জন্য অপরের চেয়ে এদের তফাৎটা চট করে ধরা যায়।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৫, ১৪ এবং ২৩ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার '৫' সংখ্যাটি অতীব শুভপ্রদ। যেমন বছরের যে কোন মাসেরই ৫, ১৪ এবং ২৩ তারিখটি। কিন্তু বিশেষ করে যদি সেটা ফেব্রুয়ারী, জুন এবং সেপ্টেম্বর হয়।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে সবরকম হালকা রঙ ব্যবহার করুন এবং বিশেষ করে শাদা ও জলজলে রঙ।

আপনার শুভরত্ন হচ্ছে হীরক এবং সবরকম শাদা ঝকমকে পাথর।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছরগুলি হবে ৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৫৯, ৬৮ এবং ৭৭।

যারা বছরের যে কোন মাসেরই ৫, ১৪, ২৩ তারিখে জন্মগ্রহণ করুন না কেন, তারা আপনাকে টানবে।

## সপ্তদশ পরিচ্ছেদ

### যাঁরা ফেব্রুয়ারী মাসের ৬, ১৫ বা ২৪ তারিখে জন্মেছেন। এই মাসের ছয় সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোন একদিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি বায়ুর তৃতীয় ঘর ঋণাত্মক শনির কুম্ভ চিহ্নে শুক্রের স্পন্দনে জন্মগ্রহণ ক রেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য বিশেষ গুণাবলী সাধারণভাবে ফেব্রুয়ারী মাসের জাতকদের মতই হবে।

যারা ফেব্রুয়ারী মাসের ৬ বা ১৫ তারিখে জন্মেছেন, তারা শুক্র এবং ঋণাত্মক শনির স্পন্দনে পড়েন, আর যারা ২৪ তারিখে জন্মেছেন তারা আগত চিহ্ন মীনের দ্বৈতভূমিতে পড়েন। তাইজন্য এরা বৃহস্পতি এবং শুক্রের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

ফেব্রুয়ারী মাসের ৬ বা ১৫ তারিখে জন্মেছেন বলে শুক্রের গুণাবলীর উপর শনির প্রভাবের ফলে এদের কেবলমাত্র আকাঙ্ক্ষা হচ্ছে স্নেহ এবং ভালবাসা। কিন্তু তবুও এ বিষয়ে তারা অত্যন্ত হতভাগ্য হন, কারণ হয়তো তাদের 'একরোখা' মনোবৃত্তি।

তাদের ভালবাসার যোগ্য হোক বা না হোক, তাদের স্নেহ-প্রীতির পাত্রের কাছে অন্ধবিশ্বাসেই হোক বা অত্যধিক অনুরক্ত বলেই হোক, তাদের যা কিছু আছে তা উজাড় করে ঢেলে দেন। হঠাৎ ভাগ্যক্রমে তারা যদি দেখতে পান যে এমন কেউ আছে যারা তাদের প্রাণভরা ভালবাসা নিতে চান, তবে তাতেও তাদের অনেক কিছু সহ্য করতে হবে। যে কোন ক্ষেত্রেই প্রেমে যে পরিতৃপ্তি, তারা তা কখনও পান না। প্রায়শঃই তারা এমন কাউকে বিয়ে করেন, যারা সামাজিকভাবে তাদের অনেক নীচে বা মানসিকতায় তার চেয়ে অনেক নিকৃষ্ট।

জগতের সবচেয়ে বড় প্রেম বা আত্মনিবেদন-এর উদাহরণ আমি ফেব্রুয়ারী মাসে উপরোক্ত জাতকদের যা দেখেছি, আর কারো মধ্যে তা দেখি নি। কিন্তু তাদের সবাইকার মুখ্য উদ্দেশ্য ছিল ভালবাসার অন্বেষণ।

সাধারণভাবে ফেব্রুয়ারী মাসের '৬' সংখ্যার জাতকদের মধ্যে সহজাত শিল্পী অন্তঃকরণ থাকে। জনগণের সামনে আসতে হয় এমন ধরণের কাজে তারা সাফল্য অর্জন করেন এবং সুনাম কেনেন। এরকম ক্ষেত্রে এরা জনগণের কাছ থেকে স্নেহ-প্রীতি পান এবং এরা জনগণকে ভালবাসেন।

এদের শিল্পকলা কি অর্থ আনছে সে বিষয়ে তারা বিন্দুমাত্র ভ্রূক্ষেপ করেন না এবং বিরাট কোন, কিছু করতে প্রলোভিত হন, ফলে এই সময়ে যারা জন্মেছেন তাদের মধ্যে যত কিছু প্রতিভাই থাক না কেন, তারা গরীব হয়ে মৃত্যুবরণ করেন।

স্যর হেন্‌রী আরভিং এ বিষয়ে এক প্রকৃষ্ট উদাহরণ। দুনিয়ায় এমন কেউ জন্মান নি যিনি শুধুমাত্র জনসাধারণের জন্য বেঁচেছিলেন বা তার জনগণকে এত ভালবেসেছিলেন। তিনি ৬ই ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেছিলেন এবং তার অত সাফল্য ও সুনাম সত্ত্বেও মরণকালে তিনি অত্যন্ত দরিদ্র ছিলেন। তার যে স্নেহ-ভালবাসা পাবার লালসা তা জনগণকে দিয়ে তৃপ্ত হয়েছিল। কিন্তু তার ব্যক্তিগত জীবন এ বিষয়ে অত্যন্ত অসুখী ছিল।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৬, ১৫ বা ২৪ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে সবরকম সামাজিক জীবনে আপনি আগ্রহ বোধ করবেন।

আপনি যেখানেই যান, আপনার চট করে বন্ধু-বান্ধব হয়ে যাবে এবং খুব চট করে অপরিচিত লোকেদের সঙ্গে বন্ধুত্ব করতে পারেন।

আপনার অধীনস্থ কর্মচারীরা বা যারা আপনার আদেশ পালন করে তারা

আপনাকে ভালবাসবে। ওইভাবে যারা আপনার চেয়ে যোগ্যতা, পদাধিকার বা অর্থশালী, তারা আপনার প্রতি আকর্ষণ বোধ করবে।

আপনি অদ্ভুতরকম রোমান্টিক জীবন যাপন করতে চান। অপর লিঙ্গের প্রতি আপনার বিশাল প্রভাব থাকবে। কিন্তু কর্তব্য বা আপনার যে কাজে সম্মতি আছে, এমন কোন ডাকে আপনি মুহূর্তের সুখ ত্যাগ করে তাতে ঝাঁপিয়ে পড়তে পারেন।

আপনি নিজের কাজে নিজেই যেন একজন 'হিরো'। সবসময় এক আদর্শনিষ্ঠ স্বপ্নের সন্ধান করে যাবেন। কোন গ্রহ যেন আপনার প্রথম জীবনের দুঃখ-দুর্দশা কাটিয়ে আলোর পথে নিয়ে যাচ্ছে।

তথাপি আপনি সাফল্যলাভ করবেন, এ বিষয়ে আপনার কোন সন্দেহ থাকবে না। সবসময় আপনি অসাধ্য সাধন করতে যাবেন এবং নিজের মনে ভাববেন আপনার দ্বারা সবই সম্ভব।

আপনার স্বাভাবিক প্রবণতা হচ্ছে বিলাসপ্রিয়তা এবং অপব্যয়। আপনার যদি প্রবল মনের জোর না থাকে তবে আপনি দেনাগ্রস্ত হবেন।

সাধারণভাবে আপনি এমন শুভগ্রহের প্রভাবে থাকবেন যে, লোকেরা আপনাকে সাহায্য করতে এগিয়ে আসবে এবং বেশী মহানুভবতা দেখিয়ে যদি ঋণ করে থাকেন তাও তারা দিয়ে দেবে।

## অর্থভাগ্য

আপনার জীবনের প্রথম অংশটি অতিবাহিত হবার পর দেখবেন ভাগ্যদেবী আপনার প্রতি ক্রমে ক্রমে সুদৃষ্টি ফেরাচ্ছেন। অর্থের ব্যাপারে আপনি অনেক কিছু বোকামী করতে পারেন এবং অনেক অপরীক্ষিত ব্যাপারে অর্থ হারাতে পারেন, যদিও শেষকালে আপনি দাঁড়াবার মত মাটি সবসময়ই পেয়ে যাবেন। জনসাধারণ আপনার পেছনে থাকবে এবং জনসাধারণ নিয়ন্ত্রিত ব্যবসায়ে আপনি বেশ সাফল্য অর্জন করতে পারবেন। কোন ব্যবসা সংগঠন করার কাজে আপনি বিশেষ যোগ্যতার পরিচয় দেবেন এবং আপনার মস্তিষ্ক উদ্ভাবিত কোন পরিকল্পনা জনগণের খুব সমর্থন লাভ করবে। কিন্তু তথাপি আপনার ক্ষমতার বাইরে চলে যাবার সম্ভাবনা রয়েছে এবং সময়ে প্রচুর অর্থক্ষতি আপনাকে সহ্য করতে হবে।

### স্বাস্থ্য

আপনার স্বাস্থ্য বেশ ভাল হবে। অসুখ-বিসুখের কথা কল্পনায় আনেন না বলে পরিবর্তনশীল রীতিতে ঠাণ্ডা বা গরম লেগে যেতে পারে এবং অতি পরিশ্রম করে নিজের বিপদ নিজে ডেকে আনতে পারেন। আপনার শরীরের সবচেয়ে দুর্বল অংশ নিউমোনিয়ার ভয়, ব্রংকিয়াল, ফুসফুসের অসুখ এবং অতি ক্লান্ত স্নায়বিকমণ্ডলী।

আপনার শুভ সংখ্যা হচ্ছে '৬' এবং এর যোগফল। যেমন ৬, ১৫, ও ২৪ সংখ্যা বা তারিখটিতে আপনার সব শুভ কাজগুলি করুন।

আপনার সবচেয়ে শুভবর্ণ হচ্ছে—সবরকম নীল হালকা থেকে ঘোর। যদি ২৪ তারিখে জন্মে থাকেন, তবে বেগুনী রঙ ঘোর থেকে হালকাও আপনি ব্যবহার করতে পারেন।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হচ্ছে ৬, ১৫, ২৪, ৩৩, ৪২, ৫১, ৬০, ৭৮ এবং ৮৭ বছর।

যারা এই '৬' সংখ্যার লোক অর্থাৎ যারা যে কোন মাসেই হোক না কেন ৬, ১৫ বা ২৪ তারিখে যদি জন্মে থাকেন, তবে তাদের প্রতি আপনি এক সহজাত আকর্ষণ বোধ করবেন।

## অষ্টাদশ পরিচ্ছেদ

### যাঁরা ফেব্রুয়ারী মাসের ৭, ১৬ এবং ২৫ তারিখে জন্মেছেন। এই মাসের সাত সংখ্যার লোকেরা

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৭, ১৬ বা ২৫ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি '২' ও '৭' এবং '৪' ও '৮'-এর স্পন্দনে বায়ুর তৃতীয় ঘরে ঋণাত্মক শনির কুম্ভ চিহ্নে জন্মগ্রহণ করেছেন। '২' সংখ্যাটি চন্দ্রকে, '৭' সংখ্যাটি নেপচুনকে, '৪' সংখ্যাটি ইউরেনাসকে এবং '৮' সংখ্যাটি শনিকে নির্দেশ করে।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং বিশেষ গুণাবলী পূর্বেই ফেব্রুয়ারী মাসের জাতকের ক্ষেত্রে কি হবে বলেছি।

আপনি যদি ৭ই বা ১৬ই জন্মগ্রহণ করে থাকেন তবে যিনি ২৫শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেছেন তার সঙ্গে সম্পূর্ণ ভিন্ন হবে। কারণ ১৯শে ফেব্রুয়ারীর পর ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নের প্রভাব শুরু হচ্ছে। সুতরাং শেষোক্ত দিনে যারা জন্মগ্রহণ করেছেন, তাদের জীবনে শনির বাধ্যবাধকতা পূর্ণ পরিবেশ থাকে না এবং তারা অনেকটা মুক্তভাবে জীবনযাপন করতে পারেন।

যদি আপনি ফেব্রুয়ারী মাসের ৭ই বা ১৬ই জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার এক অদ্ভুত ধরণের চড়া বায়ুর ধাত হবে। সত্যিকারের কোন্‌দিকে প্রবণতা বা [illegible] আপনার পক্ষে ভাল, তা আপনার পক্ষে খুঁজে পাওয়া শক্ত হবে এবং আপনি কি চান, তাই খুঁজতে খুঁজতেই আজীবন কাটিয়ে দিতে পারেন। কিন্তু যদি কোন উদ্দেশ্য আপনার দৃষ্টি আকর্ষণ করে, তবে আপনি দৃঢ়তা এবং জেদের সঙ্গে তাতে লেগে থাকবেন।

আপনার ওপর পরিবেশের প্রভাব অপরিসীম এবং অপরের স্পন্দনও আপনার মধ্যে সহজে অনুভূত হয় বলে আপনি কোথায় থাকবেন এবং কার সঙ্গে মেলামেশা করবেন যা যত্নসহকারে নির্ণয় করা বাঞ্ছনীয়।

আপনার মধ্যে অলৌকিক ধরণের কল্পনাশক্তি, আদর্শবাদীতা বা রোমান্স সম্বন্ধে প্রতিভা থাকতে পারে।

আপনার মধ্যে আত্মবিশ্বাস একটু কম এবং যদি বাইরে থেকে কোন 'ডাক' না আসে, তবে নিজের উপর বিশ্বাস কম বলে জনতার সামনে নিজেকে উন্মুক্ত করতে পারেন না।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৭ই, ১৬ই বা ২৫শে জন্মগ্রহণ করে থাকেন এবং ওই 'ডাক' যদি আসে, তবে আপনি কর্তব্য হিসাবে যা গ্রহণ করবেন তার জন্য যে কোন ত্যাগ স্বীকার করতে আপনি প্রস্তুত এবং যে কোন কঠোরতার সম্মুখীন হতে আপনি প্রস্তুত।

আপনি ঠিক ঐভাবেই নিয়োজিত করবেন যদি বিশেষ কোন ধরণের কারুশিল্প আপনার দৃষ্টি আকর্ষণ করে। কোন একটি উদ্দেশ্য বা বস্তু আপনার কর্মতৎপরতা বৃদ্ধি করবে নিজের ব্যক্তিগত লাভালাভের চেয়ে।

আধিভৌতিক বিষয় সহজেই আপনার দৃষ্টি আকর্ষণ করবে। যেমন,

টেলিপ্যাথি, হিপনোটিজম্, ধর্ম বিষয়ক গবেষণা, জ্যোতিষ্কমণ্ডলী বা জ্যোতিষ। আপনি মানুষের 'মন' নিয়ে নানারকম গবেষণা করবেন এবং মাঝে মাঝে লোকেরা আপনার অদ্ভুত বন্ধু নিয়ে ঠাট্টা করবে।

যাদের মধ্যে মানসিক ভারসাম্য কম, তাদের প্রতি আপনার অত্যধিক সহানুভূতি থাকবে এবং তাদের আরোগ্য করবার জন্য আপনি আপনার ব্যাঙ্ক ব্যালেন্স বেশ কমিয়ে ফেলবেন এবং এমন ধরণের প্রতিষ্ঠানেও আপনি দান করবেন।

আপনি যদি ৭ই বা ১৬ই ফেব্রুয়ারী জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার লোকেদের সম্বন্ধে সহজাত অন্তর্দৃষ্টি থাকবে, কিন্তু কাউকে কেন আপনি পছন্দ করেন এবং কাউকে কেন আপনি পছন্দ করেন না তার যুক্তিযুক্ত কারণ আপনি দিতে পারবেন না।

এইভাবে বস্তু সম্বন্ধেও আপনার এমন অন্তর্দৃষ্টি থাকবে যে, জ্ঞানলাভের জন্য আপনাকে কোন বই পড়তে হয়নি।

আপনি যদি ২৫শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করে থাকেন, তবে যদিও আপনি '২' এবং '৭' সংখ্যার মধ্যে পড়ছেন, তবুও পূর্বে বর্ণিত জাতকের সঙ্গে আপনার তফাৎ খুব বেশী থাকবে। ২৫শে ফেব্রুয়ারী তারিখটি মীনের ক্ষেত্রের প্রায় আধাআধি অবধি চলে গিয়েছে। বৃহস্পতির স্পন্দন দিচ্ছে এবং ফলে এই তারিখে জাত ব্যক্তিরা জীবনে অনেক কিছুই করতে পারেন। যে কোন কাজই করুন না কেন, অর্থ যদি তাতে নাও থাকে এরা সেইটা অত্যন্ত বিবেকনিষ্ঠভাবে করেন।

ফেব্রুয়ারী মাসের '৭' সংখ্যার জাতকরা তাদের জীবনের এবং কর্মের প্রতি তা যেকোন ধরনেরই হোক না কেন, মৌলিক দৃষ্টিভঙ্গীর জন্য প্রসিদ্ধ হন। এরা পড়তে খুব ভালবাসেন এবং সাহিত্য বা শিল্পে যথেষ্ট ব্যুৎপত্তি অর্জন করতে পারেন।

এদের ধর্মসম্বন্ধে একটু অদ্ভুত মতবাদ থাকে এবং কোন পুরনো প্রচলিত ধর্মের অনুগামী এরা হতে পারেন না। এরা অধার্মিক মোটেই নন এবং জনগণের প্রতি এর রহস্যজনতা এবং প্রভাব এরা ভালভাবেই জানেন, কিন্তু কোনরকম গোঁড়ামি এরা সহ্য করতে পারেন না।

## অর্থভাগ্য

ফেব্রুয়ারী মাসের উপরোক্ত তারিখগুলিতে যারা জন্মগ্রহণ করেছেন, অর্থ সম্বন্ধে তারা বেশ সজাগ। অর্থ সম্বন্ধে তারা সৌভাগ্যশালী হন না এবং সবরকম ফাটকা খেলাতেই এদের ক্ষতি হবার সম্ভাবনা। তাদের মহৎ হৃদয়ের জন্য অপরের যদি বিন্দুমাত্র সাহায্য করতে পারি এই ভেবে তাদের হাত দিয়ে অর্থ খুব সহজেই গলে যায়। আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৭, ১৬ বা ২৫ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আমি সরকারী কাগজ বা যাতে প্রতিদানে অল্প সুদ পাওয়া যায়, তাতে আপনাকে অর্থ বিনিয়োগ করতে অনুরোধ করবো এবং সবরকম ফাটকা পরিহার করতে অনুরোধ করছি।

## স্বাস্থ্য

ফেব্রুয়ারী মাসের উপরোক্ত তারিখগুলিতে যারা জন্মগ্রহণ করেছেন স্বাস্থ্য সম্বন্ধে তাদের বিচিত্র অভিজ্ঞতা হয়।

বাল্যকালে সচরাচর এদের স্বাস্থ্য বেশ ক্ষণভঙ্গুর থাকে এবং নানারকমভাবে ডাক্তারের সম্মুখীন হতে হয়। চিকিৎসকদের কাছে এরা যেন এক হেঁয়ালী, এরা নিজেরাই সর্বহর জ্বর বটিকা প্রভৃতি খেতে যান এবং এ সবের পেছনে অর্থব্যয়ও করেন প্রচুর। এদের এক রহস্যজনক পেটের অসুখ হয় এবং খাদ্য ও পথ্যের ব্যাপারে এরা অন্যদের চেয়ে একটু অন্যরকম। এরা অপরের স্পন্দনের প্রতি এত অনুভূতিশীল হন যে, কারুর প্রতি যদি এদের বিদ্বেষ থাকে, তবে তাদের সাহচর্যে এসে এরা অসুস্থ হয়ে পড়েন। ফেব্রুয়ারী মাসের ৭, ১৬ এবং ২৫ তারিখের জাত ব্যক্তিদের যতদূর সম্ভব ওষুধ এবং মাদক দ্রব্য পরিহার করা উচিত।

যথেষ্ট পরিমাণে জল, নিদ্রা এবং সরল পথ্য এদের যত তাড়াতাড়ি আরোগ্য করতে পারবে জগতের বিশেষ বিশেষ বিভাগে বিশিষ্ট বিশিষ্ট চিকিৎসকরাও এদের তত সহজে আরোগ্য করতে পারবে না।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের '৭' সংখ্যার তারিখগুলিতে জন্মে থাকেন তবে আপনার স্মরণীয় সংখ্যা, শুভবর্ণ এবং শুভরত্ন ৭, ১৬ বা ২৫শে জানুয়ারীর জাতকের মতই হবে, তবে তফাৎ হবে আপনি যদি ২৫ ফেব্রুয়ারী জন্মগ্রহণ

করে থাকেন। কারণ এক্ষেত্রে আপনি আবার বেগুনী, ঘন বেগুনী রং ব্যবহার করতে পারছেন।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ২৫ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার প্রচলিত পথ থেকে বিভিন্ন কোন জীবিকা নেওয়া উচিৎ। আপনি মানসিক জগৎ ঘেঁষে বেশী চলেন বলে আপনি অপরের কাছ থেকে প্রতারণা বা নিষ্ঠুর ব্যবহার পেতে পারেন, বিশেষ করে অর্থের সাধনা করা ছাড়া জীবনে যাদের অন্য কোন ধর্ম নেই।

আপনার সৌভাগ্যপ্রদ সংখ্যা হচ্ছে সাত হাইফেন দুই (৭-২) এবং এদের যোগফলগুলি।

আপনার দরকারী কাজকর্ম ও পরিকল্পনাগুলি ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ এবং ২৯ তারিখে করতে চেষ্টা করুন।

যে সংখ্যাগুলি '৪' এবং '৮' বা তাদের যোগফল হয় সেসব দিন সম্বন্ধে সাবধান হবেন। যেমন, ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১।

আপনার সৌভাগ্যপ্রদ বর্ণ হচ্ছে সবরকম সবুজ ঘি রং, সাদা এবং ধূসর বর্ণ।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বর্ষ হবে ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫ এবং ৭০ বছর।

যারা বছরের যে কোনো মাসেই এই '২' বা '৭' সংখ্যা বা তাদের যোগফলে জন্মগ্রহণ করেছেন তাদের প্রতি এক বিশেষ আকর্ষণ বোধ করবেন যেমন, ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ বা ২৯ তারিখ বা যারা '১' বা '৪' সংখ্যার লোক যেমন, ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ এবং ৩১ তারিখের যে কোন মাসেই জন্মগ্রহণ করে থাকুন না কেন তাদেরও আপনার খুব ভাল লাগবে।

## ঊনবিংশ পরিচ্ছেদ

### যাঁরা ফেব্রুয়ারী মাসের ৮, ১৭ এবং ২৬ তারিখে জন্মেছেন। এই মাসের আট সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুযায়ী আপনি বায়ুরু

তৃতীয় ঘরে ঋণাত্মক শনির কুম্ভ চিহ্নে ইউরেনাস এবং ঋণাত্মক শনির প্রভাবে জন্মগ্রহণ করেছেন।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ২৬ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে এ ক্ষেত্রে রবি খানিকটা মীন চিহ্নে বৃহস্পতির প্রভাবে পড়ে গেছে। এক্ষেত্রে আপনি বৃহস্পতির প্রভাবও পাবেন এবং ঋণাত্মক শনি এবং ইউরেনাসের প্রভাবও পাবেন।

এই সময়ে ঋণাত্মক শনির প্রভাব ১৯শে ফেব্রুয়ারী পর্যন্ত থাকে তারপর মীন চিহ্নের দ্বৈতভূমি আরম্ভ হয়। কিন্তু আগত চিহ্ন সাত দিনের আগে পূর্ণ শক্তিশালী হয় না—অর্থাৎ ২৬শে ফেব্রুয়ারীর কাছাকাছি।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৮, ১৭ বা ২৬ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার জীবনযাপন প্রণালীও আপনার পরিচিত লোকদের চেয়ে ভিন্ন হবে।

আপনি যে ধরণের জীবিকাতেই নিযুক্ত থাকুন না কেন, আপনি গভীরভাবে চিন্তাশীল এবং দার্শনিক মনোবৃত্তি সম্পন্ন হবেন।

আপনি না খুঁজলেও অদ্ভুত সব পরিস্থিতির উদ্ভব হবে এবং সুযোগ এসে আপনার দরজায় করাঘাত করবে। এছাড়াও অদ্ভুত অদৃষ্টের যোগাযোগে আপনাকে দায়িত্বপূর্ণ পদে আসীন হতে হবে তা আপনি চান বা না চান।

আপনি যদি ২৬শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করে থাকেন, তবে ব্যবহারিক জগতে আপনি সাফল্যলাভ করবেন, কিন্তু যারাই এই '৮' সংখ্যায় জন্মগ্রহণ করেছেন তারা কোন সময়ে শত্রু দ্বারা উৎপীড়িত হবেন এবং অনেক কেচ্ছা, কেলেঙ্কারী এবং রূঢ় সমালোচনার সম্মুখীন হতে হবে।

এরা যদি বিত্তশালীর গৃহে জন্মগ্রহণ না করে থাকেন, তবে এই সব ব্যক্তির প্রথম জীবন অত্যন্ত কষ্টকর এবং দুঃসহ হয় এবং পরবর্তী জীবনে কতটা সাফল্য আসতে পারে তার কোন নির্দেশ দেয় না।

আপনি যদি উপরোক্ত দিনগুলির কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে স্নেহ-প্রীতির ব্যাপারে বা গৃহসুখের ব্যাপারে আপনাকে অনেক পরীক্ষা এবং দুঃখ সইতে হবে।

অদৃষ্টের খেলায় বিচ্ছেদ, অসুস্থতা বা মৃত্যু আপনার প্রিয়জনদের কাছ থেকে নিষ্ঠুরভাবে সরিয়ে রাখবে। বিবাহ আপনাকে এক অদ্ভুত অভিজ্ঞতা

এনে দেবে, যা সচরাচর কারুর জীবনে ঘটে না এবং আপনার যদি বাচ্চা হয়, তবে তাদের ঘিরেও আপনার দুঃখ বা প্রচণ্ড দুশ্চিন্তা থাকবে।

আপনি বস্তুতান্ত্রিক দিক অপেক্ষা মানসিক সাফল্য পাবেন বেশী। আপনি অর্থলাভ হয়তো করতে পারেন, বিত্তশালী বা খুব উচ্চপদে আসীনও হতে পারেন, কিন্তু এসবের জন্য আপনাকে অত্যন্ত উচ্চমূল্য দিতে হবে। ততটা করবার জন্য আপনি হয়তো তৈরী নাও থাকতে পারেন।

## অর্থভাগ্য

ফেব্রুয়ারী মাসের ৮, ১৭ এবং ২৬ তারিখে জাত ব্যক্তিরা অর্থ সঞ্চয় করতে যদি মনস্থ করেন, তবে নিশ্চয়ই অর্থ সঞ্চয় করতে পারেন। বিপরীত লিঙ্গের কোন কার্যকলাপের ফলে মামলাতে বা ব্ল্যাকমেলে তারা প্রচুর অর্থ হারাতে পারেন।

## স্বাস্থ্য

ফেব্রুয়ারী মাসের এই তিনটি তারিখে যারা জন্মগ্রহণ করেছেন, তাদের স্বাস্থ্য বাইরে থেকে ঠিক বোঝা যায় না। এরা অসুখ-বিসুখ সম্বন্ধে পূর্ব থেকে কিছু জানতে পারেন না, তাইজন্য হঠাৎ হার্টফেল করে বা মাথার ধমনী ছিঁড়ে গিয়ে মৃত্যুমুখে পতিত হন।

এই সংখ্যার জাত ব্যক্তিদের সবচেয়ে প্রয়োজনীয় সংখ্যা হচ্ছে '৪' এবং '৮' যা তাদের জীবনে এক বিশিষ্ট ভূমিকা গ্রহণ করে।

'৪' সংখ্যা এবং এর যোগফলগুলির প্রভাব এই মাসে অত্যন্ত বেশী। কারণ শুধু এই কুম্ভ চিহ্নটি যে ঋণাত্মক শনির ঘর তা নয়, এটা ইউরেনাসেরও ঘর এবং ইউরেনাস এখানে তুঙ্গী।

আমরা যখন ২৬শে ফেব্রুয়ারীর জাতকদের ধরি, তখন এটা মীনের দ্বৈত-ভূমিতে চলে এসেছে যার অধিপতি হচ্ছেন বৃহস্পতি। তাই এক্ষেত্রে জাতকের বৃহস্পতির (৩) এবং শনির (৮) স্পন্দন থাকবে যে জন্য যারা ২৬শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেছেন তাদের ৮ বা ১৭ তারিখের ব্যক্তিদের চেয়ে নিজের ভাগ্য নিজে গড়বার অধিকার অনেক বেশী আছে।

যারা ২৬ তারিখে জন্মেছেন তাদের পেছনে বৃহস্পতির প্রভাব কাজ করছে বলে তাদের জীবনে পারিপার্শ্বিকতা, অবস্থা, পারিবারিক বন্ধন প্রভৃতির বন্ধন

কম থাকে বলে তারা তাদের উচ্চাশা যাই হোক না কেন, সেই দিকে যেতে পারেন।

সাধারণভাবে এই '৮' সংখ্যার লোকেরা যে কোন মাসেই জন্মগ্রহণ করে থাকুন না কেন তাদের নিজেদের এক বিশেষ চারিত্রিক বৈশিষ্ট্য থাকে। এরা হয় বিরাট সাফল্যলাভ করেন, নয়তো বিরাটভাবে জীবনে ব্যর্থ হন। এদের সব কিছুই নয় এস্পার নয় ওস্পার হয়। হয় তারা জীবন রঙ্গমঞ্চে ভালো বা খারাপ যাই হোক না কেন একটা বিরাট অংশ গ্রহণ করেন বা পিঞ্জরাবদ্ধ এদের আত্মা বন্ধন খুলতে না পেরে জনচক্ষের অন্তরালে থেকে যান।

সব ক্ষেত্রেই '৮' সংখ্যার লোকেরা বিশেষ করে তারা যদি জানুয়ারী বা ফেব্রুয়ারী মাসে জন্মগ্রহণ করে থাকেন, তাদের জীবনযাত্রা-প্রণালী অপরের চেয়ে একটু অদ্ভুত হয়। এটা তাদের বিধিলিপি বলে হয় না তাদের মানসিক গঠনের জন্য হয় তা বোঝা শক্ত, তবু তাদের উদ্দেশ্যের প্রতি আত্মনিয়োগ করা তাদের অবশ্য কর্তব্য।

আপনি যদি উপরোক্ত দিনে জন্মগ্রহণ করে থাকেন যেমন ৮, ১৭ বা ২৬শে ফেব্রুয়ারী, আপনার জীবনের বৃত্তির অস্বাভাবিকতার জন্য ইতিহাসে আপনার নাম লিপিবদ্ধ থাকবে।

পারিবারিক বা পারিপার্শ্বিক গঠন আপনাকে জীবনে সুখ দেবে অল্পই, কিন্তু আপনি যেখানেই থাকুন না কেন, আপনি যে বিশেষ একটি ব্যক্তিত্ব তা লোকেরা সহজে বুঝতে পারবে।

আপনি যে কোন কাজই করুন না কেন, আপনি তাতে অর্থ রোজগার করবেন। কিন্তু ঘটনা পরম্পরায় বা ব্যক্তি বিশেষের জন্য সে টাকা আপনার খরচ হয়ে যাবে। তাইজন্য আপনার বিশেষ উচিত হচ্ছে বৃদ্ধবয়সের জন্য অর্থ সংস্থান করা।

কোনরকম ফাটকার দিকে আপনার যাওয়া উচিৎ নয়। কারণ বিচার-শক্তির অভাব না থাকলেও যেসব ঘটনা বা অবস্থার ওপর আপনার কোন নিয়ন্ত্রণ করবার ক্ষমতা নেই, তা বারবার উদিত হবে এবং টাকা-কড়ি বেশ কিছু খসিয়ে দেবে।

আপনার সবচেয়ে সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে '৪' ও '৮' এবং তাদের যোগফল। যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ২৬ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে

'৩' সংখ্যা এবং তার যোগফল আপনার '৪' বা '৮' সংখ্যার চেয়ে অনেক বেশী সৌভাগ্যজনক হবে।

তিন সংখ্যার তারিখগুলিও আপনার পক্ষে শুভকর হবে। যেমন, ৩, ১২, ২১ এবং ৩০ তারিখ।

আপনার শুভবর্ণ হচ্ছে সবরকম নীল স্যাফায়ারের বর্ণ এবং লাল বাদ দিয়ে সবরকম ঘোর রং।

আপনার শুভরত্ন হচ্ছে স্যাফায়ার, কালো মুক্তা এবং কালো হীরে।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হচ্ছে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭, ৭১, ৭৬ এবং ৮০ বছর।

যারা যে কোন মাসেরই '৪' বা '৮' সংখ্যায় বা তাদের যোগফলে জন্মগ্রহণ করেছেন তাদের প্রতি আপনি এক সহজাত প্রবল আকর্ষণ বোধ করবেন। কিন্তু প্রায়শঃই এইসব তারিখে যারা জন্মগ্রহণ করেছেন তাদের দুঃখ এবং বোঝা আপনাকে কাঁধে নিতে হবে।

## বিংশ পরিচ্ছেদ

### যাঁরা ফেব্রুয়ারী মাসের ৯, ১৮ বা ২৭ তারিখে জন্মেছেন। এই মাসের নয় সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষমতে এবং আমার চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি মঙ্গল এবং ঋণাত্মক শনির প্রভাবে জন্মগ্রহণ করেছেন, কিন্তু আপনি যদি ২৭ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার স্পন্দন মীন চিহ্নের হবে। সেক্ষেত্রে মঙ্গল এবং ঋণাত্মক বৃহস্পতির প্রভাবে আপনি জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং বিশেষ গুণাবলী পূর্বে উল্লিখিত ফেব্রুয়ারী মাসের জাতকের মতই হবে।

এই '৯' সংখ্যার লোকেরা যত ফেব্রুয়ারী মাসের দ্বৈতভূমি ১৯ তারিখের কাছাকাছি জন্মাবেন, ততই তাদের স্বাতন্ত্র্য ব্যক্তিত্ব জানান দেবে। ফলে

যারা ৯ই ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেছেন লোকেরা তাদের কাছ থেকে আশা করবে অনেক বেশী।

২৭শে ফেব্রুয়ারী তারিখটি একেবারে দ্বৈতভূমির শেষে বলে মঙ্গল ও শনির স্পন্দন ও প্রভাবের মধ্যে আসে। সাধারণভাবে এ যোগটি সৌভাগ্যজনক। কারণ বৃহস্পতি এখানে ঋণাত্মক বলে মানসিক গুণাবলীকে উচ্চাশাপূর্ণ ও প্রাণবন্ত করে এবং মঙ্গলের অক্লান্ত প্রাণশক্তির জন্য যে কাজই তারা করতে যান তাতে সাফল্য অর্জন করেন।

যারা ২৭শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেছেন তারা সচরাচর বেশ নাম করেন।

৯ সংখ্যার সব ব্যক্তিরা যারা ৯, ১৮ বা ২৭ তারিখে জন্মগ্রহণ করেছেন, তাদের ওই তারিখে জাত জানুয়ারী মাসের ব্যক্তিদের মতই মানসিক ভাবধারা হবে। কিন্তু ওদের শারীরিক অপেক্ষা মানসিক কষ্ট হবে অনেক বেশী। এরা নিজের ভাগ্যকে নিয়ন্ত্রণ করবেন এবং জানুয়ারী মাসে ওই তারিখে জাত ব্যক্তিদের মত এদের ভাগ্যের অত উত্থান-পতন ও ব্যর্থতার মধ্য দিয়ে যেতে হয় না।

আপনি যদি ৯, ১৮ বা ২৭ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি চিন্তায় এবং কর্মে যথেষ্ট স্বাধীনতার পরিচয় দেবেন এবং যে কাজে আপনার সমর্থন আছে বা কোন ব্যক্তিকে যদি আপনার মতে খারাপ ব্যবহার করা হয়ে থাকে, তবে আপনি সুদৃঢ় মনোবলের সঙ্গে তার সঙ্গে লেগে থাকতে পারেন।

আপনি যাই করুন না কেন আপনার বিশিষ্ট ব্যক্তিত্বের ছাপ তাতে পড়বে।

আপনি যুক্তি-তর্কে খুব পটু হবেন এবং বাচনভঙ্গী সুদৃঢ় এবং সহজে বোধগম্য। আপনি যুক্তি-তর্কের দুটো দিকই দেখতে পান এবং সুযোগ পেলেই চট করে তাদের দুর্বলতার সুযোগ নিতে পারেন।

লোকে আপনাকে অত্যন্ত খোলামেলা আর হঠকারিতা, গোঁয়ার্তুমি এবং সব সময়ই নিজের খেয়ালখুশি মত কাজ করার জন্য সমালোচনা করবে, কিন্তু তবুও আপনার ব্যক্তিত্বের চৌম্বকশক্তির জন্য অনেকে আপনার দিকে ভিড় করবে।

অন্তরে অন্তরে মানবাত্মার জন্য আপনার প্রাণ কাঁদে এবং অপরের মঙ্গলের জন্য নিজেকে নিয়োজিত করেন বা সমাজ সংস্কারকের কাজ নেন। আপনার

বিশেষ ধরনের প্রকৃতির জন্য আপনার অনেক শত্রু হবে এবং আপনার বিরুদ্ধতা করবার জন্য শক্তিশালী একটা দল হবে।

আপনি সংগঠক হিসাবে খুব ভাল। বিশেষ করে পরিকল্পনাটা যদি খুব বৃহৎ হয় এবং যারা আপনার অধীনে আছেন, তাদের প্রতি আপনি সহানুভূতিশীল।

অনেকরকম কাজ আছে যার মধ্যে দিয়ে আপনি সুখ্যাতি আহরণ করতে পারেন। তা সৈন্যদলকে খাওয়ানো থেকে বিরাট শিল্পের তত্ত্বাবধান করা অবধি হতে পারে। আপনি সবকিছুর সঙ্গেই সহজে খাপ খাইয়ে নিতে পারেন, কিন্তু আপনি যাই করুন না কেন জনগণের সঙ্গে সম্পর্ক আছে এমন কোন কাজ পেলে আপনি আর কিছু চান না।

## অর্থভাগ্য

গোটাকতক বিষয়ে আপনি অর্থ সম্বন্ধে সৌভাগ্যবান হবেন, কিন্তু আপনি যেভাবে আপনার অর্থ ব্যয় করেন, তা লোকেরা দেখে অবাক হয়ে যায়। আপনার জীবনের যবনিকাপাত হবার আগে অদ্ভুত ধরনে আপনি অর্থ খরচ করেন বা কোন ট্রাস্টে বা অদ্ভুত ধরনে এটা দাতব্য করেন।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ব্যাপারে আপনার ভয়ের কোন কারণ নেই। আপনি এ সম্বন্ধে কম চিন্তা করেন বলে সেই কারণেই হয়তো সাধারণভাবে যে রোগ হয় আপনার তা হবে না। আপনি অবশ্য ফুসফুস আর হৃদযন্ত্রের দিকে একটু নজর দেবেন।

আপনার সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে '৯' ও এর যোগফল এবং আপনার পক্ষে যা প্রয়োজনীয় ও মঙ্গলজনক তা বছরের যে কোন মাসের ৯, ১৮ এবং ২৭ তারিখে করতে চেষ্টা করুন।

আপনার সবচেয়ে সৌভাগ্যজনক বর্ণ হচ্ছে মঙ্গলগ্রহের বর্ণ, সবরকম ঘন এবং হালকা লাল রং।

আপনার শুভরত্ন হচ্ছে রুবি, গ্যারনেট এবং সবরকম লাল পাথর।

আপনি যদি ২৭শে ফেব্রুয়ারী জন্মগ্রহণ করে থাকেন তবে দ্বিতীয় রং হিসাবে আপনি সবরকম বেগুনী, ঘন বেগুনী থেকে হালকা বেগুনী রং

ব্যবহার করতে পারেন ( বৃহস্পতির রত্ন ) এবং গ্যারনেট, রুবি এবং ব্যাডস্টোন ( মঙ্গলের রত্ন ) পরতে পারেন।

আপনার জীবনের সর্বাপেক্ষা স্মরণীয় বছর হবে ৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ৭২ এবং ৮১ বছর।

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ৯ বা ১৮ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি '৮' বা '৯' সংখ্যার লোকদের দ্বারা বিশেষভাবে প্রভাবিত হবেন। আপনি যদি ফেব্রুয়ারী মাসের ২৭ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে যারা বছরের যে কোন মাসের '৩' বা '৯' সংখ্যার জন্মগ্রহণ করলে তারা আপনাকে বিশেষভাবে প্রভাবিত করবে।

## একবিংশতি পরিচ্ছেদ

সাধারণভাবে মার্চমাসে জন্মানোর ফল। যারা বছরের এই সময় জন্মগ্রহণ করেছেন সাধারণভাবে তাদের চরিত্র, ভাবধারা, অর্থভাগ্য এবং স্বাস্থ্য।

রবি মীন চিহ্নে আসে ১৯শে ফেব্রুয়ারী, কিন্তু সাতদিন পূর্বতন গ্রহের প্রভাব থাকে বলে ফেব্রুয়ারীর ২৬ তারিখের আগে পূর্ব বলে বর্তমান হতে পারে না। এরপর থেকে পূর্ণ শক্তিমত্তার সঙ্গে ২১শে মার্চ পর্যন্ত রাজত্ব করে আগত মেষ চিহ্নের কাছে ক্রমশঃ ক্ষমতা হারাতে থাকে।

বছরের এই সময় যারা জন্মগ্রহণ করেন যেমন ১৯শে ফেব্রুয়ারী থেকে ২১শে মার্চ এবং দ্বৈতভূমিতে ২৮শে মার্চ অবধি, তাদের এক অন্তর্নিহিত ক্ষমতা থাকে যাতে তারা সব কিছু সহজে বুঝতে পারে। তারা খুব অনায়াসেই জ্ঞান সঞ্চয় করতে পারেন, বিশেষ করে কোন দেশ বা জাতির ইতিহাস, ভ্রমণ এবং কোন দূরদেশ সম্বন্ধে গবেষণা সহজেই করতে পারেন।

সাধারণভাবে যা প্রতীয়মান হয়, তার চেয়ে এরা অনেক বেশী উচ্চাকাঙ্খা-বিশিষ্ট, কিন্তু কোন বিষয়ে পূর্ণভাবে অবগত না হয়ে তারা কোন কিছু বলতে বা লিখতে চান না।

বন্ধু-বান্ধবদের প্রতি তারা বিশ্বস্ত এবং যে কোন কাজই তারা করুন না

কেন তারা তাতে বিশ্বস্ত, যদি তারা বুঝতে পারেন যে তাদের সাহায্য চাওয়া হয়েছে বা তাদের বিশ্বাস করা হচ্ছে। সবরকম দায়িত্বপূর্ণ পদে তারা সাফল্য লাভ করতে পারেন, কিন্তু তারা যেচে কিছু করতে চান না এবং কেউ কিছু জিজ্ঞাসা করলে তবে তাদের অভিমত দেন।

তারা আইন ও শৃঙ্খলা খুব মনে প্রাণে মেনে চলেন এবং যে কোন সমাজেই জন্মগ্রহণ করে থাকুন না কেন সেই সমাজের রীতি নীতি নিষ্ঠার সঙ্গে মেনে চলেন।

সবচেয়ে শক্তিশালী এবং সবচেয়ে দুর্বল চরিত্রের লোকেদের এই চিহ্নে জন্মগ্রহণ করতে দেখা যায়।

কেউ কেউ নিজেদের অন্তর্নিহিত বিলাসিতা এবং কুঁড়েমিকে প্রশ্রয় দিতে চান এবং ফলে এরা বড় বেশী সহজগামী, অপরের চিন্তাধারার প্রতিফলন, মিথ্যা বন্ধুর দ্বারা প্রতারণা, অসৎ পরিকল্পনায় অর্থনাশ এবং মদ ও মাদক দ্রব্যে অত্যন্ত আসক্ত হতে পারেন।

কিন্তু এ সময়ে যারা জন্মেছেন, তারা যদি বাঁচবার একটা উদ্দেশ্য খুঁজে পান, তবে আপৎকালীন অবস্থার যেভাবে সম্মুখীন হন, সেভাবে আর কেউই হতে পারেন না। এরা হচ্ছেন সেই শ্রেণীর লোক যারা জীবনের কোন না কোন সময়ে তাদের চরিত্রের পরিবর্তনে বন্ধু-বান্ধবদের অবাক করে দেন।

তারা যে কোন মুহূর্তে যে কোনরকম দুর্বলতা বা বিলাসিতাকে ছুঁড়ে ফেলে দিতে পারেন এবং যে কোনরকম কষ্ট সহ্য করতে পারেন। এই সময়ে যারা জন্মগ্রহণ করেছেন তাদের চরিত্রের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে দ্বৈতমুখিতা। এটা নির্ভর করে যে দুটো রাস্তার কোন্ রাস্তাটা ধরে তিনি এগোবার জন্য তৈরী হয়েছেন।

এই চিহ্নে জাত ব্যক্তিরা অত্যন্ত ভালবাসাপ্রবণ হন। যদি এরা এই চিহ্নের দুর্বল দিকটিতে জন্মগ্রহণ করে থাকেন, তবে তাদের পারিপার্শ্বিক লোকেদের দ্বারা ভীষণভাবে প্রভাবিত হতে পারেন। কিন্তু যদি শক্তিশালী দিকটিতে জন্মগ্রহণ করে থাকেন, তবে তাদের ভাবাবেগ যে কোন উচ্চস্থানে তুলে ধরতে পারে।

এরা ভ্রমণ করতে খুব ভালবাসেন এবং সমুদ্র বা বিরাট জলাশয় এদের খুব প্রিয়। যদি অবস্থার খাতিরে এরা বেশী ভ্রমণ করতে না পারেন, তারা এমন

জায়গায় গৃহ নির্মাণ করেন যেখান থেকে সমুদ্র দেখা যায় বা কোন লেক বা নদীর ধারে বসবাস করেন।

যানবাহন, বৈদেশিক বাণিজ্য, আমদানী রপ্তানী বা সমুদ্রবাহিত যে কোন ধরনের বাণিজ্য এদের পক্ষে খুব উপযোগী।

এদের প্রত্যেকের মধ্যে একসঙ্গে অদ্ভুত ধরনের এক রহস্যজনক দিক আছে, আবার ব্যবহারিক দিকও আছে। এদের সকলে কুসংস্কারাচ্ছন্ন বলে ভাবে। কারণ আধিভৌতিক দিকটা কোন না কোন ভাবে এদের টানে।

তারা অজানাকে জানতে চান এবং বাঁধতে চান। দার্শনিক বা রহস্যজনক কিছু এরা রাখতে চান না। এরা মনে প্রাণে যদিও দয়ালু, তবুও এদের মনের মধ্যে দারিদ্র সম্বন্ধে এক অস্বাভাবিক ভয় থাকে, সেইজন্য সত্যিকারের কাউকে ভাল না বাসলে তারা তাদের দয়ালু প্রকৃতিকে চেপে চুপে রাখেন। এইসব ক্ষেত্রে তারা অত্যন্ত চট করে প্রভাবিত হন ও ভালবাসার পাত্রের প্রভাবে শেষ কপর্দক অবধি দিয়ে দিতে পারেন।

এদের চোখে অর্থের কোন দাম নেই। এটা যেন ব্যবহার করার জন্য। শুধু এছাড়া চলে না তাই এর দরকার। এছাড়া এর আর অন্য কোন মূল্য নেই যেন।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ব্যাপারে এদের শারীরিক অপেক্ষা মানসিক দিক থেকেই বিপদ আসার সম্ভাবনা সমধিক। কারণ এই চিহ্নে জাত ব্যক্তিদের দুশ্চিন্তা যা ক্ষতি করে, তা অন্য কোন মাসে জাতকদের করে না। অত্যন্ত দুশ্চিন্তাগ্রস্ত হয়ে তারা বিষাদখিন্ন এবং দুর্বলচিত্ত হয়ে পড়েন, তাতে তাদের পরিপাকযন্ত্র ক্ষতিগ্রস্ত হয় যার থেকে তাদের স্নায়বিক দৌর্বল্য বা পক্ষাঘাত হতে দেখা যায়। এদের ফুসফুসও বেশ দুর্বল থাকে। অন্য কোন মাসের চেয়ে এ সময়ে জাত ব্যক্তিদের ফুসফুসে যক্ষা হবার সম্ভাবনা সবচেয়ে বেশী। এদের শরীর খুব অল্পে ঘেমে যায় বিশেষ করে হাত আর পা। অন্ত্র প্রদাহ বা টিউমার জাতীয় অসুখও এই চিহ্নে জন্মালে হতে পারে।

## অর্থভাগ্য

১৯শে ফেব্রুয়ারী থেকে ১লা মার্চ অবধি রবি মীন চিহ্নে প্রবেশ করছে যার অধিপতি হচ্ছে ঋণাত্মক বৃহস্পতি। ১৯শে ফেব্রুয়ারী থেকে শনির প্রভাব হ্রাস পেতে শুরু করে এবং ২১শে মার্চের পর প্রতিদিন বৃহস্পতির প্রভাব বাড়তে থাকে এবং ক্রমশঃ শুভ ফলদায়ক হয়।

যারা ১৯শে ফেব্রুয়ারী থেকে ২১শে মার্চ-এর মধ্যে জন্মগ্রহণ করেছেন, তারা জীবনে অনেক কিছু করতে পারেন, অবশ্য তাদের উচ্চশাকে যদি জাগরূক করা যায় তবেই।

আমাদের সব সময়েই কিন্তু মনে রাখা উচিৎ যে এই সময়ে বৃহস্পতির প্রভাব বৃহস্পতির ঋণাত্মক গৃহে, সুতরাং এসব জাতকরা শারীরিক অপেক্ষা মানসিক উচ্চাশাসম্পন্ন হন বেশী। তারা সব দারুণ দারুণ দিবাস্বপ্ন দেখবেন যা তারা তাদের শারীরিক পরিশ্রমের অপারগতার জন্য ওর ঠিক ফল পান না। ফলে এটা অনিশ্চিত অর্থভাগ্য নির্দেশ করে এবং ভাগ্যের অনেক ওঠা-পড়ার মধ্যে দিয়ে এ সময়ে জাত ব্যক্তিদের চলতে হয় যদি না তারা বিশেষ কোন উদ্দেশ্যের প্রতি আত্মনিয়োগ না করছেন।

এই সময়ে জাত ব্যক্তিরা যদি তাদের উদ্দেশ্যের পারম্পরিকতা রাখতে পারেন, তবে জীবনে এমন কিছু নেই যা তিনি করতে পারেন না এবং প্রায়ই তাদের সামনে স্বর্ণ সুযোগ আসবে।

তারা কিন্তু অর্থ সম্বন্ধে খুব একটা যত্নবান নন এবং দুঃসময়ের জন্য কিছু সঞ্চিতও করেন না। অনেক সময় দেখা যায় যে, তারা নিজেদের নষ্ট করছেন এবং ফলে বয়স বাড়ার সময় নিজের স্থান হারাচ্ছেন বা দারিদ্র দশায় পতিত হচ্ছেন।

এরা যদি অবশ্য এই সময়ের বিশেষ কোন শক্তিশালী দিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে সব কিছুই মঙ্গল এবং অর্থ বা পদ যে সম্বন্ধেই হোক না কেন, তারা তাদের স্বপ্ন সফল করেন।

## বিবাহ, চুক্তি, পার্টনারশিপ

আপনি যদি ফেব্রুয়ারী মাসের ১৯ থেকে ২০শে মার্চের মধ্যে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার সবচেয়ে সামঞ্জস্যপূর্ণ বন্ধুত্ব যারা জলের তৃতীয় ঘরে

আপনার চিহ্নে ১৯শে ফেব্রুয়ারী থেকে ২০শে মার্চের মধ্যে জন্মগ্রহণ করেছেন। জলের প্রথম ঘর, কর্কট চিহ্নে যারা ২১শে জুন থেকে ২০শে জুলাই-এর মধ্যে জন্মগ্রহণ করেছেন বা জলের দ্বিতীয় ঘরে বৃশ্চিক চিহ্নে ২১শে অক্টোবর থেকে ২০শে নভেম্বরের মধ্যে জন্মগ্রহণ করেছেন এবং এই সমস্ত দিন শেষ হবার সাতদিন পরে অবধি যারা জন্মগ্রহণ করেছেন, তাদের সঙ্গে আপনার গভীর প্রীতির সম্পর্ক থাকবে।

এ ছাড়াও যারা আপনার ঠিক উল্টো চিহ্নে অর্থাৎ কন্যা চিহ্নে জন্মগ্রহণ করেছেন তাদের প্রতিও আপনার গভীর আকর্ষণ থাকবে।

# দ্বাবিংশ পরিচ্ছেদ

## যাঁরা মার্চ মাসের ১, ১০, ১৯ এবং ২৮ তারিখে জন্মেছেন। এই মাসের এক সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত কোন একদিন জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষ মতে এবং আমার চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি জলের তৃতীয় ঘরে ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে রবি এবং ইউরেনাসের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং বিশেষ গুণাবলী পূর্বে উল্লেখিত ১ সংখ্যায় জাত ব্যক্তিদের মতই হবে, তবে রবি এবং ইউরেনাস আপনার জীবনকে ঘটনা-বহুল করবে এবং আপনার নাম ছড়ানোর কাজে বিশেষ করে সাহায্য করবে।

ইউরেনাস গ্রহটি জ্যোতির্মণ্ডলীকে একবার অতিক্রম করতে ৮৪ বছর সময় নেয়। এটি প্রতি ১৪ বছর অন্তর রবির ওপর অত্যন্ত বেশী প্রভাব ফেলে। বৃহস্পতির ঘরে উপরোক্ত তারিখে জন্মালে ইউরেনাস খুব বেশী প্রভাব ফেলে।

রবি এবং ইউরেনাসের প্রভাব আপনাকে অন্তর্দৃষ্টি দেবে এবং আধ্যাত্মিক শক্তিসম্পন্ন করবে। সুতরাং আপনার সব সময়েই প্রথম চিন্তা যেটি আসবে সেইমত কাজ করা উচিৎ।

আপনি যদি ১লা, ১০ই, ১৯শে বা ২৮শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার মধ্যে প্রচুর সম্ভাবনা রয়েছে। আপনি যাই করুন না কেন আপনার উত্তম এবং মৌলিকত্ব তাতে প্রতিভাত হবে যদিও মাঝে মাঝে হঠকারিতা এবং

গোয়ার্তুমির পরিচয় দিতে পারেন। আপনার উচিৎ হচ্ছে ধৈর্য অবলম্বন করতে শিক্ষা করা এবং ভেবে চিন্তে পরিকল্পনা করা।

আপনার আশাবাদীতা এবং আশা-আকাঙ্খা অত্যধিক। ফলে কোনরকম বিলম্ব বা অবরোধ যা প্রত্যেকেরই আসা স্বাভাবিক, তাতে আপনি অত্যন্ত বিরক্ত হয়ে পড়বেন। ধীরে ধীরে যতদিন যাবে, ততই আপনি ক্ষমতাবান হবেন এবং আত্মবিশ্বাসী হবেন, যা আপনার হয়তো বাল্যকালে কম ছিল এবং যা বর্দ্ধিত করা আপনার একান্তভাবেই উচিৎ।

যদিও গৃহ এবং গার্হস্থ্য ধর্মের দিকে আপনার টান অত্যধিক, তবুও পরিবারের কর্মের ফলে আপনাকে ক্ষতিগ্রস্ত হতে হবে।

সবদিক বিচার বিবেচনা করে বলা যায় যে আপনি একটি ঘটনা-বহুল জীবন আশা করতে পারেন এবং আপনি যেখানেই বাস করুন না কেন বা আপনার জীবিকা যাই হোক না কেন, তা আপনাকে সাফল্য দেবে এবং জগতের সামনে এসে দাঁড় করাবে।

২৮শে মার্চ তারিখটি ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্নের '১' সংখ্যা বলে ১, ১০ বা ১৯শে মার্চ জাত ব্যক্তিদের চেয়ে সৌভাগ্যের সম্ভাবনা অনেক বেশী দেয়। কারণ রবি এই চিহ্নে তুঙ্গী।

## অর্থভাগ্য

আপনি যদি মার্চ মাসের '১' সংখ্যার লোক হন, তবে সাধারণভাবে অর্থ সম্বন্ধে আপনাকে সৌভাগ্যবান বলা চলে। আপনি সৌভাগ্যশালী হবার অসংখ্য সুযোগ পাবেন, বিশেষ করে বাণিজ্য বা ব্যবসায় কোন দায়িত্বপূর্ণ পদে আসীন হতে পারেন যদি। আপনি অনেক দূর অবধি দেখতে পান এবং ব্যক্তি বা বস্তু সম্বন্ধে আপনার এক সহজাত অন্তর্দৃষ্টি থাকে এবং সেইগুলিকেই অবলম্বন করে আপনার এগোনো উচিৎ।

আপনার পক্ষে সবচেয়ে কষ্টকর হবে একেবারে কারুর অধীনে কাজ করা। আপনি যতক্ষণ না পূর্ণ কর্তৃত্বপদে আসীন না হচ্ছেন, ততদিন আপনি শান্তি পান না এবং আপনার এমন সবল ব্যক্তিত্ব হবে যে দুজনে একসঙ্গে মিলে কাজ করা শক্ত হবে।

নিয়মতান্ত্রিকভাবে আপনি অর্থ সঞ্চয় করবেন তবে আপনার জীবিকা যাই হোক না কেন, তাতে বহুবার পরিবর্তন হবে।

## স্বাস্থ্য

আপনার শারীরিক গঠন খুব মজবুত হবে এবং প্রাণশক্তিতেও আপনি ভরপুর থাকবেন কিন্তু আপনি তা অযত্ন বা অবহেলায় নষ্ট করে ফেলতে পারেন। রবি বৃহস্পতির মানসিক ঘরে রয়েছে বলে আপনি আপনার উচ্চাশাকে ফলবতী করবার জন্য অত্যধিক মানসিক পরিশ্রম করে ক্লান্ত হয়ে পড়তে পারেন। কিন্তু আপনি সেই বিশেষ আশাবাদীদের শ্রেণীতে পড়েন এবং বেশী কিছুদিন আপনাকে দমিয়ে রাখতে পারে না। আপনি সময়ে সময়ে অতি চিন্তায় আপনার স্নায়ুমণ্ডলীকে বিপর্যস্ত করে ফেলবেন।

আপনার সৌভাগ্যপ্রদ সংখ্যা হচ্ছে এক হাইফেন চার (১-৪) এবং '৩'। আপনার উচিৎ হচ্ছে আপনার পরিকল্পনাগুলিকে এই সংখ্যাগুলিতে রূপদান করা। যেমন ৩. ৪. ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০ এবং ৩১ তারিখে।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে গ্রহগুলির রং ব্যবহার করা উচিৎ। যেমন, রবি—সবরকম স্বর্ণ বর্ণ, হলুদ, ব্রোন্জ থেকে সোনালী বাদামী। ইউরেনাস—সবরকম স্যাফায়ার, কালো, নীল এবং ধূসর। বৃহস্পতি—সবরকম বেগুনী ঘন থেকে হালকা।

আপনার সৌভাগ্যপ্রদ রত্ন হচ্ছে হীরক, টোপাজ, এ্যাম্বার ও স্যাফায়ার এবং সবরকম স্বর্ণ বর্ণ বা হলদে পাথর বা নীল স্যাফায়ার রংয়ের পাথর।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হবে ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০, ৩১, ৩৭, ৩৯, ৪০, ৪৬, ৪৮, ৪৯, ৫৫, ৫৭, ৫৮, ৬৪, ৬৬, ৬৭, ৭৩, ৭৫ এবং ৭৬ বছর।

যারা যে কোন মাসেরই যদি ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ বা ৩১ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে তাদের প্রতি আপনি প্রবল আকর্ষণ বোধ করবেন এবং যদি '৩' সংখ্যা বা তার যোগফলে জন্মগ্রহণ করে থাকেন যেমন ৩, ১২, ২১ বা ৩০ তারিখে, তবে তাদের প্রতিও আপনার টান থাকবে।

# ত্রয়োবিংশতি পরিচ্ছেদ

## যাঁরা মার্চ মাসের ২, ১১, ২০ এবং ২৯ তারিখে জন্মেছেন।

## এই মাসের দুই সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোন একটি দিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং আমার চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি জলের তৃতীয় ঘরে ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে চন্দ্র এবং নেপচুনের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে উল্লেখিত মার্চ মাসে জাত ব্যক্তিদের মতই হবে, তবে চন্দ্র এবং নেপচুন আপনার মধ্যেকার কল্পনাপ্রবণ এবং শিল্পী মনোভাবকে বেশী মাত্রায় জাগিয়ে দেবে। আপনার প্রতিভার সবিশেষ স্ফুরণের জন্য আপনার উচিৎ হচ্ছে দৃঢ়তা এবং সবল ইচ্ছাশক্তি বর্জিত করা এবং একটি বিশেষ উদ্দেশ্যের পেছনে লেগে থাকা। আপনি যদি তা করেন, তবে সাফল্যলাভ আপনার অবশ্যম্ভাবী। বিশেষ করে আপনি যদি আপনার সহজাত শিল্পী অন্তঃকরণের নির্দেশ মেনে চলেন।

আপনার মনের ওপর আপনার পারিপার্শ্বিকতার প্রভাব অপরিসীম এবং আপনার উচিৎ সামঞ্জস্যের সন্ধান করা। এতে যদি আপনাকে নিজের তৈরী কুঁড়ে ঘরেও বাস করতে হয়, তাও আপনার যাদের সঙ্গে বনে না, আপনাকে বিরক্ত করে বা বাধা দেয় তাদের সঙ্গে রাজপ্রাসাদে বাস করার চেয়ে ভাল হবে।

আপনি প্রাকৃতিক সৌন্দর্য, রংয়ের মিল এবং শব্দের সামঞ্জস্য গভীর ভাবে উপভোগ করতে পারেন। আপনি অন্তরে অন্তরে রোমান্টিক কবিদের মত অশান্ত হবেন এবং আপনি সবরকম শিল্পসম্মত কাজে সাফল্যলাভ করবেন যেমন, অঙ্কন, সঙ্গীত, সিনেমা বা থিয়েটার, লেখা বা যে কোনরকম সুচারু শিল্প।

আপনি খুব মিডিয়াম হতে পারেন। কোন এক অজানা আকাশ থেকে উদ্দীপনা পাবেন এবং আপনার স্বপ্নও একটু অদ্ভুত রকমের হবে।

আপনার বস্তুতান্ত্রিক জ্ঞান একটু কম বলে প্রথম জীবনে অর্থ রোজগার করতে আপনাকে বেশ বেগ পেতে হবে।

আপনি যদি ২৯শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে এই তারিখটি ইতিমধ্যেই মেষ চিহ্নের অধীনে এসে গেছে বলে আপনার জীবন আরও ঘটনা বহুল হবে।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে অনিশ্চয়তা একটা থাকবেই। আপনি হঠাৎ হঠাৎ অর্থ রোজগার করবেন। কিন্তু এটা আপনার পক্ষে রাখা শক্ত হবে যদি না আপনি এ সম্বন্ধে সতর্কতা এবং পরিকল্পনা না করেন। আপনার ইচ্ছাশক্তি আপনার ক্ষমতার বাইরে হবে এবং আপনি যা বিনিয়োগ করবেন, তা আপনাকে মনের শান্তি বা সোয়াস্তি দেবে না।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ব্যাপারে আপনাকে যারা জানে তাদের কাছে আপনি এক হেঁয়ালী হবেন। আপনার সব কিছু অসুখই মনের। আপনি যদি সুখে আর আনন্দে থাকেন তবে সবই শুভ। আর আপনি যদি অসুখী পরিবেশের মধ্যে থাকেন তবে আপনার অসুখ জগতের কোন ওষুধ খেলেও সারবে না।

আপনার অসুখের প্রবণতা হবে অপুষ্টি, রক্তাল্পতা, রক্ত সঞ্চালনের অভাব এবং সাধারণভাবে মেরুদণ্ডের দুর্বলতা, কোমরের কাছে ব্যথা এবং কিডনীর দুর্বলতা। কিন্তু সব কিছুই নির্ভর করবে আপনি বিষাদখিন্ন হয়ে আছেন কি না তার ওপর।

আপনার সবচেয়ে শুভপ্রদ সংখ্যা হচ্ছে '২' যা চন্দ্রকে নির্দেশ করে, '৭' যা নেপচুনকে নির্দেশ করে এবং '৩' যা বৃহস্পতিকে নির্দেশ করে। আপনার দরকারী পরিকল্পনাগুলি বা কারুর সঙ্গে কোন বিশেষ ব্যাপারে দেখা করতে হলে এই দিনগুলিতে করুন। যেমন ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯ এবং ৩০ তারিখ।

আপনি যদি ২৯শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে '৯' সংখ্যা এবং তার যোগফল ও '৩' সংখ্যা এবং তার যোগফলের স্থান গ্রহণ করে।

আপনার চৌম্বকশক্তি বর্দ্ধিত করবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে চন্দ্র, নেপচুন এবং বৃহস্পতির বর্ণ ব্যবহার করুন।

চন্দ্রের বর্ণ—সবরকম ঘি-এর মত রং আর হালকা সবুজ।

নেপচুনের বর্ণ—সবরকম ধূসর রং হালকা থেকে গভীর।

বৃহস্পতির বর্ণ—সবরকম বেগুনী রং হালকা থেকে গভীর।

আপনি যদি ২৯শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে বৃহস্পতির বর্ণের বদলে মঙ্গলের বর্ণ ব্যবহার করতে হবে যা হচ্ছে কালচে লাল, লাল এবং গোলাপ বর্ণ।

আপনার শুভরত্ন হচ্ছে সবুজ জেড, মুক্তো, মুনষ্টোন, ওপ্যাল এবং এ্যামেথিষ্ট। আপনি যদি ২৯শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন তবে এ্যামেথিষ্ট-এর পরিবর্তে চুনী, গার্নেট এবং লাল পাথর ব্যবহার করুন।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হবে ২, ১১, ২০, ২৯, ৩৮, ৪৭, ৫৬, ৬৫, ৭৪ ও ৭, ১৬, ২৫, ৩৪, ৪৩, ৫২, ৬১, ৭০ এবং ৩, ১২, ২১, ৩০, ৩৯, ৪৮, ৫৭ এবং ৬৬ বছর।

যারা এই '২' বা '৭' সংখ্যার লোক তারা বছরের যে কোন মাসেই জন্মান না কেন, যদি ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখে জন্মে থাকেন, তাদের প্রতি আপনি এক সহজাত প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন।

এছাড়াও যারা '১' বা '৪' সংখ্যার লোক অর্থাৎ তারা যদি ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ বা ৩১ তারিখে জন্মে থাকেন, তাদের প্রতি আপনি এক স্বভাবজ আকর্ষণ বোধ করবেন।

## চতুর্বিংশ পরিচ্ছেদ

### যাঁরা মার্চ মাসের ৩, ১২, ২১ এবং ৩০ তারিখে জন্মেছেন

### এই মাসের তিন সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং আমার চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি জলের তৃতীয় ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে বৃহস্পতির স্পন্দনে জন্মলাভ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং ভাবধারা মার্চ মাসে উল্লিখিত জাতকের মতই হবে, তবে সোজাসুজি একেবারে বৃহস্পতির প্রভাবের মধ্যে আসছে বলে সাধারণভাবে অনেক বেশী সৌভাগ্য এবং প্রতিশ্রুতি আপনি আশা করতে পারেন।

আপনি উপরোক্ত তারিখে দুভাবে বৃহস্পতিকে পাচ্ছেন যে যোগ আপনার পক্ষে শক্তিশালী। এ আপনাকে অক্লান্ত মানসিক উদ্যম এবং উচ্চাশা দেবে। আপনি যতক্ষণ না আপনার উদ্দেশ্যকে রূপায়িত করছেন ততক্ষণ আপনি থামেন না।

আপনি সঙ্গী বা সহযোগীর ব্যাপারে সৌভাগ্যশালী হবেন যদি আপনি অবশ্য সেই প্রতিষ্ঠানের কর্তা হন।

আপনি একই সঙ্গে প্রবলভাবে আদর্শবাদী এবং বস্তুতান্ত্রিক হবেন এবং মানুষের ভাল করবার অনেক মহৎ পরিকল্পনা আপনি তৈরী করবেন।

অপরের উপর যেখানে কর্তৃত্ব করতে হয়, তেমন কোন জীবিকায় আপনি বিশেষ ভাবে সাফল্যলাভ করবেন এবং অন্য কোন বৃত্তিতেও আপনার সাফল্যলাভের সম্ভাবনা প্রচুর।

আপনি বড় বড় প্রতিষ্ঠান যেমন স্কুল, কলেজ, হাসপাতাল সম্বন্ধে যথেষ্ট আগ্রহ বোধ করবেন এবং যদি ধনী হতে পারেন, তবে এসব ব্যাপারে মোটা টাকা দাতব্য করবেন।

আপনি সবসময়ই জাতি ধর্ম নির্বিশেষে অন্যকে সাহায্য করতে প্রস্তুত থাকেন এবং আপনি যে কোন সমাজেই থাকুন না কেন, আপনি তাদের কাছ থেকে সাহায্য পাবেন।

আপনি বড় বড় প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত থাকলে আপনার পক্ষে শুভ হবে বিশেষ করে যদি কোনরকম বৃহৎ শিল্প, খনি, জমি-জমা, যান-বাহন এবং জাহাজ চলাচলের সঙ্গে যুক্ত থাকেন।

আপনি যদি ৩০শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে পরের চিহ্নে বৃহস্পতির প্রভাব নির্দেশ করে যা আপনার সৌভাগ্যের আরও সহায়ক হবে।

আপনি যদি এই মাসে '৩' সংখ্যায় জন্মগ্রহণ করে থাকের যেমন ৩, ১২, ২১ এবং ৩০ তারিখে, তবে ব্যক্তি এবং বস্তু সম্বন্ধে আপনার এক তীব্র অন্তর্দৃষ্টি থাকবে, যা আপনার সব কাজেই ব্যবহার করা উচিৎ। আপনি অতিথিপরায়ণ, কিন্তু তাই নিয়ে বেশী বাড়াবাড়ি করেন না। আপনি জীবজন্ত

ভালবাসবেন, খোলা মাঠে খেলাধূলা ভালবাসবেন এবং এক বিশেষ চারিত্রিক বৈশিষ্ট্য অর্জন করবেন।

## অর্থভাগ্য

আপনার অর্থ রোজগারের উচ্চাশা থাকবে, কিন্তু নিজের সুনাম সম্বন্ধে খুব সাবধানে থাকেন। আপনি বেশ স্থিতিশীল ব্যবসায়ে আত্মনিয়োগ করে ধনী হন। আপনি যাই করুন না কেন, আপনি তাতে যথেষ্ট প্রচেষ্টা করেন এবং যে জীবিকাতেই লিপ্ত থাকুন না কেন, তাতে উচ্চপদ এবং সম্মান পাবেন।

## স্বাস্থ্য

আপনার জীবনের দৃষ্টিভঙ্গীর ওপর আপনার স্বাস্থ্য নির্ভরশীল হবে। আপনি যতদিন সক্রিয়ভাবে নিজেকে নিযুক্ত রাখতে পারবেন, ততদিন আপনার স্বাস্থ্য ভাল থাকবে। যদি কোন কারণে আপনাকে নিষ্ক্রিয় হয়ে পড়তে হয়, তবে আপনি আমোদ-প্রমোদ প্রিয়, কুঁড়ে হয়ে পড়বেন, শরীরে চর্বির আধিক্য হবে এবং জীবনের রশি আলগা করে ফেলবেন।

আপনি পারিবারিক জীবনে বা দাম্পত্য জীবনে ততখানি সাফল্যলাভ করতে পারবেন না। কারণ সব কিছুতেই নিজের মতামত জাহির করতে যাবেন এবং অপরের চাওয়া পাওয়ার দিকে দেখবেন না।

আপনার সৌভাগ্যপ্রদ সংখ্যা হচ্ছে '৩' এবং এর যোগফল। আপনার জরুরী পরিকল্পনা বা কোন প্রয়োজনীয় কার্যে লিপ্ত হবার জন্য ৩, ১২, ২১ বা ৩০ তারিখটিকে বেছে নিন, তা যে কোন মাসেরই হোক না কেন।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে আপনার গ্রহগুলির রং পরিধান করুন যা আপনার ক্ষেত্রে হচ্ছে বেগুনী হালকা থেকে গভীর বেগুনী সব রং।

আপনি যদি ৩০শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে এর সঙ্গে মঙ্গলের রং যোগ করুন যা হচ্ছে কালচে লাল, লাল এবং গোলাপের রং।

আপনার শুভ রত্ন হচ্ছে এ্যামেথিষ্ট বা যে কোন বেগুনী রংয়ের পাথর। কিন্তু ৩০শে মার্চ জন্মালে মঙ্গলের রত্ন ব্যবহার করুন। যা হচ্ছে—চুনী, গার্নেট এবং সবরকম লাল পাথর।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হচ্ছে ৩, ১২, ২১, ৩০, ৩৯, ৪৮, ৫৭, ৬৬ এবং ৭৫ বছর।

যে কোন মাসের '৩' সংখ্যার জাতক অর্থাৎ যারা বছরের যে কোন মাসের যদি ৩, ১২, ২১ বা ৩০ তারিখে জন্মগ্রহণ করেছেন বা '৬' এবং '৯' সংখ্যার জাতকেরাও অর্থাৎ যারা ৬, ৯, ১৫, ২৪ বা ২৭ তারিখে জন্মগ্রহণ করেছেন, তাদের প্রতি গভীর প্রীতি অনুভব করবেন।

# পঞ্চবিংশ পরিচ্ছেদ

## যাঁরা মার্চ মাসের ৪, ১৩, ২২ এবং ৩১ তারিখে জন্মেছেন। এই মাসের চার সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোন একদিন জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষ শাস্ত্রমতে এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি জলের তৃতীয় ঘরে ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে ইউরেনাস, বৃহস্পতি এবং রবির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং বিশেষ গুণাবলী পূর্বে উল্লিখিত মার্চ মাসে জাত ব্যক্তির মতই হবে, তবে বছরের এ সময় ইউরেনাসের প্রভাব আপনার ছেমোটে ভাব এবং প্রচলিত সংস্কারের প্রতি অবজ্ঞা আরও বর্দ্ধিত করবে।

জীবনের প্রথম ভাগে আত্মীয়-স্বজন, পারিবারিক জীবন এবং বৈবাহিক সূত্রে আবদ্ধ আত্মীয়দের কাছ থেকে অনেক দুঃখ কষ্ট এবং বাধা-বিঘ্নের সম্মুখীন হতে হবে।

লোকেরা আপনার কাছ থেকে দেবার অপেক্ষা নেবে অনেক বেশী এবং আপনার পরিকল্পনাকে রূপ দেবার জন্য আপনাকে একলাই কাজ করতে হবে।

আপনার চিন্তা হবে মৌলিক এবং দৃষ্টিভঙ্গী হবে প্রচলিত ধ্যান-ধারণার চেয়ে আলাদা। আপনি কর্মধারায় হবেন স্বতন্ত্র এবং তার ফলে প্রত্যেক পদে সমালোচনার সম্মুখীন হতে পারে।

সবরকম আধিভৌতিক বিষয় আপনাকে আকর্ষণ করবে এবং আত্মা নিয়েও আপনি বহু গবেষণা করবেন এবং এসব বিষয়ে অদ্ভুত সব অভিজ্ঞতাও

আপনার লাভ হবে। কিন্তু আপনার চরিত্রের এ দিকটা আপনি প্রকাশ না করে নিজের মধ্যেই রাখতে চান।

আপনি শিল্প, সাহিত্য বা সঙ্গীতে বা কোন পুরণো পেন্টিং কিনতে গেলে আপনার অন্তরাত্মাকে প্রকাশ করতে চেষ্টা করেন।

আপনি নানারকম দৈব বিষয়ে স্বপ্ন দেখবেন, ভবিষ্যৎ জানতে পারবেন এবং বস্তু ও ব্যক্তি সম্বন্ধে কঠিন অন্তর্দৃষ্টি থাকবে।

সবরকম আর্থিক লেন দেন আপনার অতি বিবেচনার সঙ্গে করা উচিৎ এবং সবরকম ফাটকা খেলা সম্বন্ধে সাবধানে থাকবেন। হঠাৎ বড়লোক হতে যাবেন না।

আপনার বন্ধু-বান্ধবরা সাধারণের চেয়ে একটু আলাদা হবে। আপনি খুব অল্প লোককেই সত্যিকারের পছন্দ করবেন এবং নিজের মধ্যে নিজে থাকতেই আপনি যেন ভালবাসেন।

আপনার আধিভৌতিক বিষয় এবং আত্মার অনুসন্ধান সম্বন্ধে গোপন কিন্তু গভীর অনুসন্ধিৎসা থাকবে। কিন্তু নিজে হাতে-কলমে এটা না করে অপরকে এই কাজে নিয়োজিত করবেন। আপনার স্পর্শকাতর অন্তর্লীন ব্যক্তিত্ব বলে আপনি আপনার ওই সব অভিজ্ঞতার কথা জগতে ব্যক্ত করবেন না।

আপনি যদি ৩১শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে মেষ চিহ্নে ধনাত্মক মঙ্গলের প্রভাব চলেছে বলে আপনি অনেক বেশী আগ্রাসী মনোবৃত্তি সম্পন্ন হবেন, তবে আপনার বিরুদ্ধাচারণও আবার সৃষ্টি করবেন অনেক বেশী মাত্রায়।

## অর্থভাগ্য

আপনি অর্থ সম্বন্ধে বিবেচক এবং অপরকে অবিশ্বাস করা আপনার অর্থ সম্বন্ধে মঙ্গলজনক হয়। আপনার অর্থ বা সম্পত্তি পাবার যোগ আছে। নিজে অর্থ রোজগার করার চেয়ে এবং ওই সম্পত্তি বাড়াবার চেষ্টা করার চেয়ে, যা আছে তাই নিয়ে আপনার সন্তুষ্ট থাকা উচিৎ।

আপনি অবশ্য কোনরকম কলা, সাহিত্য, সঙ্গীত, আবিষ্কার বা বৈজ্ঞানিক গবেষণায় বিশেষভাবে সাফল্য লাভ করতে পারেন।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ব্যাপারে আপনি নিজেই আপনার নিজের ডাক্তার হবেন। সঠিক জীবন ধারণ এবং খাদ্য সম্বন্ধে এক অদ্ভুত মত আপনি গড়ে তুলবেন। লোকেরা এসব ব্যাপারে আপনাকে একটু কিম্ভুত ভাবতে পারে। কিন্তু আপনি বাড়ীর লোকের ওপরে এই নিয়ে জোর করতে যান বলে বাড়ীতে খিটিমিটি বা বিরক্ত লেগেই থাকবে।

আপনি সবল বা সুস্থ-প্রায় কখনই বোধ করবেন না। এর কারণ কিন্তু হচ্ছে আপনার অসুস্থ চিন্তাধারা, যা ঘন ঘন বাড়বে এবং অপরের সমালোচনাও আপনাকে গভীরভাবে আঘাত করবে।

আপনার সবচেয়ে সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে 'চার' হাইফেন 'এক'(৪-১), '৩'-এর সঙ্গে যুক্ত হয়ে এবং আপনার দরকারী কাজগুলি এই তারিখগুলিতে করতে চেষ্টা করুন। যেমন ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০ এবং ৩১ তারিখ।

আপনি যদি ২১শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে মঙ্গলের '৯' সংখ্যা বৃহস্পতির '৩' সংখ্যার পরিবর্তে রাজত্ব করবে।

আপনার প্রতি প্রবল আকর্ষণ বোধ করবে যারা '৪' বা '৮' তারিখে জন্মেছেন। যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ তারিখ এবং যদি ৩১শে মার্চ জন্মগ্রহণ করে থাকেন, তবে '৯' সংখ্যা এবং এর যোগফল যেমন ৯, ১৮ এবং ২৭ তারিখ। অদ্ভুত সব ঘটনা অন্য সব দিনের চেয়ে অনেক বেশী ঘটবে এই সংখ্যাগুলিতে।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রের কোন না কোন অংশে আপনার সৌভাগ্যশালী গ্রহের বর্ণ পরিধান করুন। যেমন,

রবি—স্বর্ণ, হলুদ, ব্রোন্‌চ থেকে সোনালী গোলাপী।

বৃহস্পতি—বেগুনী, ঘোর বেগুনী থেকে হালকা বেগুনী।

আপনার সৌভাগ্যজনক রত্ন হচ্ছে স্যাফায়ার, সবরকম ঘোর নীল পাথর, হীরক, টোপাজ, এ্যাম্বার এ্যামেথিষ্ট।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হবে ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮, ৩১, ৪০, ৪৬, ৪৯, ৫৫, ৫৮, ৬৪, ৬৭ এবং ৭৩ বছর।

যারা বছরের যে কোন মাসেই হোক না কেন যদি এই '১' বা '৪' সংখ্যায় জন্মে থাকেন, তারা আপনাকে চুম্বকের মতন টানবে। যেমন ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ ও ৩১ তারিখে জাত ব্যক্তিরা এবং যদি কেউ মার্চ মাসের ৩১ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে তাদের এ ছাড়াও ৯, ১৮ বা ২৭ তারিখে জাত ব্যক্তিদের সঙ্গে চমৎকার খাপ খাবে।

## ষড়বিংশ পরিচ্ছেদ

### যাঁরা মার্চ মাসের ৫, ১৪ এবং ২৩ তারিখে জন্মেছেন। এই মাসের পাঁচ সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোনদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি জলের তৃতীয় ঘরে ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে বুধের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে উল্লিখিত মার্চ মাসে জাত ব্যক্তিদের মতই হবে কিন্তু এই সময়ে বুধের স্পন্দনের সঙ্গে বৃহস্পতির স্পন্দন মিলে অনেক রকম খারাপ ফলকে প্রশমিত করবে।

আপনি হয় খুব সাফল্যলাভ করবেন নইলে একেবারে নিষ্ফল হবেন, এটা নির্ভর করবে যে আপনি আপনার চরিত্রের বলিষ্ঠ দিকটা উন্নত করেছেন না দুর্বল দিকটার দিকেই বেশী ঘেঁষছেন।

আপনি যদি এই বলিষ্ঠ দিকটা উন্নত করতে পারেন, তবে আপনার অপরিসীম বুদ্ধির ঔজ্জ্বল্য থাকবে, মন লাগলে যে কোনরকম কাজের সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিতে পারবেন। খুব মৌলিক ও আবিষ্কারধর্মী উপস্থিত বুদ্ধি আপনার খুব বেশী থাকবে এবং যে কোন কঠিন সমস্যার সমাধান আপনি করতে পারবেন।

অর্থকরী ব্যাপারে ফাটকা সম্বন্ধে আপনার বেশ জ্ঞান থাকবে এবং ফাটকাবাজী করতে বা কোন ঝুঁকি নিতে আপনি সদা তৎপর। অর্থ অবশ্য আপনি রাখতে পারেন না এবং অর্থের ব্যাপারে আপনাকে বহু ওঠানামার মধ্যে দিয়ে চলতে হবে। আর চরিত্রের দুর্বল দিকটির প্রতি যদি আপনি বেশী

হেলেন, তবে কোন কিছুতেই আপনি দীর্ঘদিন লেগে থাকতে পারেন না। আপনি সব কিছুই মোটামুটি জানবেন, কিন্তু কোন কিছুরই সব কিছু জানবেন না।

আপনি সুযোগ, অর্থ এবং সম্মান নিয়ে জুয়ো খেলবেন এবং তাতে সবকিছু হারাবেন। আপনার অলসতার জন্য আপনার যে প্রখর বুদ্ধিবৃত্তি ছিল তা নষ্ট হবে।

আপনি যদি চরিত্রের ভাল দিকটি উন্নত করেন তবে বস্তু এবং ব্যক্তি সম্বন্ধে আপনার প্রখর অন্তর্দৃষ্টি থাকবে এবং আপনি প্রকৃতপক্ষে জ্ঞানের খনি হবেন। আপনার মধ্যে এক বিশেষ ধরনের অস্থিরতা থাকবে। তা যদি নিয়ন্ত্রণ করে আপনি একাগ্রচিত্ত না হতে পারেন তবে আপনার পরে ক্ষতি হবে।

মার্চ মাসে ৫, ১৪ বা ২৩ তারিখে জাত ব্যক্তিরা প্রায় নিয়ম করে বারবার তাদের বাসগৃহ পরিবর্তন করেন। কোন রকম বন্ধন দশা তারা ঘৃণা করেন এবং কোন গৃহে বেশীদিন থাকতে পারেন না। তারা বাসগৃহ পরিবর্তন বা ভ্রমণ করবার জন্য সবসময় প্রস্তুত হয়ে থাকবেন এবং তা করবার কারণও ঠিক খুঁজে খুঁজে বের করেন।

এদের জ্ঞান বহুমুখী হয় এবং সাধারণ আলাপ-আলোচনায় যে কোন বিষয় নিয়ে কথা বলতে পারেন। আমি দেখেছি উপরোক্ত তারিখে জন্মালে তাদের অর্থ রোজগার করার বিশেষ ক্ষমতা থাকে যদি তারা তাদের পরিকল্পনাগুলি তাদের নিয়ন্ত্রণের বাইরে না যেতে দেন। এই প্রভাবে জন্ম''ন অসীম আবিষ্কারের ক্ষমতা থাকে বা নতুন তত্ত্ব যা জগৎকে চমকিত করে এমন সব জিনিস আবিষ্কার করেন। যেমন ১৪ই মার্চ তারিখের জাতক আইনষ্টাইন প্রমাণ করেছিলেন তার 'আপেক্ষিক তত্ত্বে'।

## অর্থভাগ্য

এই তারিখে জাত ব্যক্তিদের অসম্ভব প্রতিভা থাকলেও তারা মৃত্যুর সময় ধনী প্রায় কেউই থাকেন না। এদের হাতে অর্থ যেন গলে যায়, তাই বৃদ্ধকালের জন্য প্রায়ই কোন সঞ্চয়ই করতে পারেন না।

আমি এই সময়ে জাত বহু বিশিষ্ট ধনবানদের জানি, যাদের জীবন শেষ হবার আগে তাদের বড় বড় পরিকল্পনাগুলি চূর্ণ-বিচূর্ণ হয়ে গিয়েছিল।

## স্বাস্থ্য

আপনার স্নায়ুমণ্ডলী মাঝে মাঝে গোলমাল করবে এবং প্রতিরোধের মুখে পড়লে আপনি খিটখিটে হয়ে পড়বেন। আপনার এই জিনিসটি নিয়ন্ত্রণ করতে চেষ্টা করা উচিৎ। নইলে আপনি যে ভাবেই আপনার মানসিকতা উন্নত করতে যান না কেন তাতে বাধা আসবে।

আপনার প্রতিভা এত বহুমুখী হবে যে ঠিক কোন্ বিষয়ে আপনি ব্যুৎপত্তি অর্জন করতে পারেন, তা বোঝা আপনার পক্ষে শক্ত হবে। এই সমস্তই আপনার স্বাস্থ্যের উপর প্রভাব ফেলবে এবং স্নায়বিক বৈকল্যের দিকে নিয়ে যাবে যদি না আপনি আপনার স্নায়ুমণ্ডলীকে নিয়ন্ত্রণাধীনে রাখতে অবহিত হন।

আপনি যদি মার্চ মাসের ৫, ১৪ বা ২৩ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার সৌভাগ্যপ্রদ সংখ্যা হবে '৫' ও '৩' এবং তাদের সম্মিলিত যোগফল এবং আপনার জরুরী এবং দরকারী জিনিসগুলি তাইজন্য ওই তারিখ-গুলিতে করা উচিৎ। যেমন ৩, ৫, ১২, ১৪, ২১, ২৩ এবং ৩০ তারিখ।

সব বর্ণই আপনার পক্ষে সৌভাগ্যজনক। বিশেষ করে হালকা রং। বিশেষতঃ তাতে যদি একটু বেগুনী রংয়ের ছোঁয়া থাকে, তবে তা আপনার পক্ষে খুব শুভপ্রদ হবে।

আপনার শুভ রত্ন হচ্ছে হীরক এবং জলজলে চমৎকার পাথর।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হবে ৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৬৮ এবং ৭৭ বছর।

যদি কেউ যে কোন মাসেরই হোক না কেন, যদি তা '৫' সংখ্যা হয় যেমন, ৫, ১৪, এবং ২৩ তারিখ, তাদের প্রতি আপনি প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন। এ ছাড়াও যারা ৩, ১২, ২১ এবং ৩০ তারিখে জন্মগ্রহণ করেছেন, তাদের প্রতিও আপনার আকর্ষণ থাকবে।

## সপ্তবিংশ পরিচ্ছেদ

### যাঁরা মার্চ মাসের ৬, ১৫ এবং ২৪ তারিখে জন্মেছেন।
### এই মাসের ছয় সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত কোন একদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি জলের তৃতীয় ঘরে ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে শুক্রের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং বিশদ গুণাবলী পূর্বে উল্লিখিত মার্চ মাসের জাতকের মতই হবে, তবে এক্ষেত্রে শুক্র এবং বৃহস্পতির শুভ প্রভাবে আপনি অনেক কুফল এড়াতে পারবেন।

এত শুভ প্রভাব পেয়েও আপনি যদি সাফল্যলাভ করতে না পারেন তো দোষটা সম্পূর্ণভাবেই আপনারই।

সব কিছু সৌন্দর্যময় বস্তুর প্রতি আপনি আকৃষ্ট হবেন। সঙ্গীত, চিত্রকলা, সাহিত্য, কারুশিল্প, সূক্ষ্মকলা এবং থিয়েটার আপনার ভাল লাগবে এবং এর যে কোন বিষয়ে আপনি নাম করতে পারেন।

আপনি অত্যন্ত আবেগ প্রবণ। কেউ দুঃখ-দুর্দশায় পড়লে আপনার প্রাণ কেঁদে ওঠে এবং অপরের দুর্দশা দূরীকরণের জন্য মুক্ত হস্তে দান করেন।

আপনার অনেক বন্ধু-বান্ধব থাকবে এবং তারা সবাই আপনাকে ভালবাসবে। সামাজিকতা আপনি পছন্দ করেন এবং তাদের আদর-আপ্যায়ন করতেও আপনার ভাল লাগে। স্বাচ্ছন্দ্য আরাম এবং মধুর পারিপার্শ্বিক পরিবেশ আপনার অভিপ্রেত।

সৃষ্টিধর্মী বৃত্তি ছাড়াও যাকে বড়লোকের ব্যবসা বলে তাতেও আপনি সবিশেষ সাফল্য অর্জন করবেন। যেমন ক্যাটারিং, আনন্দ উৎসব, পার্টি পরিচালনা করা, খুব দামী রেষ্টুরেণ্ট, হোটেল বা সে দোকান পুরাবস্তু বা সূক্ষ্ম শিল্পের কোন সম্পর্ক আছে বা অন্য যে কোন শিল্পকলা।

মাঝে মাঝে কুঁড়েমি, অপব্যয় এবং আত্মতুষ্টি মনোভাব আপনার পরিহার করা উচিৎ এবং বৃদ্ধ বয়সের জন্য কিছু কিছু অর্থ সঞ্চয় করা উচিৎ।

আপনার জীবনে অনেক রোমান্স এবং প্রেমের ঘটনা ঘটবে এবং প্রেম-প্রীতির ব্যাপারে আপনি পরিবর্তনশীল।

আপনার একাধিক বিবাহের সম্ভাবনা আছে এবং বিবাহিত জীবনে অসাধারণ কিছু থাকতে পারে।

আপনি সবদিক দিয়েই দয়ালু, দাতা এবং মহৎ। অত্যন্ত আবেগপ্রবণ, আদর্শবাদী এবং রোমান্টিক। সামাজিকতা এবং অপরকে আদর অভ্যর্থনা আপনার খুব প্রিয় এবং অত্যধিক খরচের হাত আপনার।

আপনার জীবনের কোন না কোন সময়ে আপনি এমন এক বিবাহ করবেন যা প্রচলিত নয় এবং বিবাহদ্বারা এবং বিবাহের পর স্ত্রীর আত্মীয়-স্বজন দ্বারা আপনি অনেক কষ্ট পাবেন।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে সচরাচর আপনি ভাগ্যবান। অচিন্ত্যনীয়ভাবে অর্থ, উপহার বা ধনদৌলত আপনার হাতে আসবে। আপনার অর্থ সম্বন্ধে অদূরদর্শিতার জন্য বৃদ্ধবয়সে আপনাকে কষ্ট পেতে হবে, আপনি যদি দুঃসময়ের জন্য অর্থ সঞ্চয় না করে রাখেন।

## স্বাস্থ্য

আপনার প্রথম জীবনে চমৎকার স্বাস্থ্য থাকবে এবং আপনি যদি নিজেকে সামলে চলতে না পারেন তবে অত্যধিক বিলাসিতাপূর্ণ জীবনযাপন করে আপনি আপনার স্বাস্থ্য নষ্ট করে ফেলতে পারেন।

বয়স বাড়ার সঙ্গে সঙ্গে হার্ট সংক্রান্ত কোনরকম অসুখ বা রক্তচাপবৃদ্ধির জন্য আপনি কষ্ট পেতে পারেন।

আপনার সৌভাগ্যপ্রদ সংখ্যা হচ্ছে সব '৩' ও '৬' এবং এর যোগফল। আপনার সমস্ত পরিকল্পনাগুলো তাই এই তারিখগুলোতে করতে চেষ্টা করুন। যেমন ৩, ৬, ১২, ১৫, ২১, ২৪ এবং ৩০।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে শুক্র বা বৃহস্পতির বর্ণ পরিধান করুন।

শুক্রের বর্ণ—সবরকম নীল, হালকা থেকে ঘন।

বৃহস্পতির বর্ণ—বেগুনী, হালকা থেকে ঘন।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছরগুলি হচ্ছে ৬, ১৫, ২৪, ৩৩, ৪২, ৫১, ৬০, ৬৯ এবং ৭৮ বছর।

যদি কেউ বছরের যে কোন মাসেই হোক না কেন এই '৩' বা '৬' এর ঘরে জন্মে থাকেন যেমন ৬, ১৫, ২৪ এবং ৩, ১২, ২১ ও ৩০ তারিখ, তাদের প্রতি আপনি তীব্র আকর্ষণ বোধ করবেন।

## অষ্টবিংশ পরিচ্ছেদ

### যাঁরা মার্চ মাসের ৭, ১৬ এবং ২৫ তারিখে জন্মেছেন।
### এই মাসের সাত সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি জলের তৃতীয় ঘরে ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে নেপচুন, চন্দ্র এবং বৃহস্পতির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে উল্লিখিত মার্চ মাসে জাত ব্যক্তিদের মতই হবে। কিন্তু নেপচুন এবং চন্দ্রের প্রভাব আপনার গুণাবলীকে আরও বর্দ্ধিত করবে এবং সম্পূর্ণ অপ্রত্যাশিত সব এবং অনেক উল্লেখ্য বিষয় আপনার জীবনে ভীড় করবে।

আপনার উচ্চাকাঙ্খা হবে প্রভূত এবং আদর্শ হবে খুব উঁচু কিন্তু একটু স্বতন্ত্র এবং আপনি অপ্রচলিত জীবনযাপন করবেন।

আপনার মন হবে খুব উদার। কিন্তু ধর্ম সম্বন্ধে আপনার ধারণা হবে একটু অন্যরকম এবং এসব বিষয়ে নিজের দৃষ্টিভঙ্গী হিসাবেই আপনি চলতে চান।

অজানা এবং রহস্যজনককে জানবার আপনার কৌতুক হচ্ছে সহজাত এবং অনেক জীবন্ত স্বপ্ন ও অনেক অজানা অনুপ্রেরণা আপনি পাবেন, যে কাজেই লিপ্ত থাকুন না কেন।

জাগতিক দিক থেকে এই যোগ খুব ভাল নয় এবং অর্থ সম্বন্ধে আপনার খুব যত্নবান হওয়া উচিৎ। যদিও কোন কোন সময়ে ব্যবসায়ে আপনার অন্তর্দৃষ্টি এবং দৈবানুভূতির সাহায্যে আপনি খুব ধনী হয়ে উঠতে পারেন।

আপনার প্রভৃতি হবে পরস্পর বিরোধী। আপনি একই সঙ্গে সবল এবং দুর্বল হবেন। আপনার মনকে ছুঁতে পারলে বা আদর্শের সঙ্গে কেউ এক হলে অপরে আপনাকে খুব সহজে পরিচালিত করতে পারে, কিন্তু সবসময় আপনি এমন দৃঢ় গোঁয়ার্তুমি করে ফেলতে পারেন, যা আপনার নিজের স্বার্থের পরিপন্থী হতে পারে।

আপনার মধ্যে কল্পনাশক্তি এবং শিল্পীহৃদয় থাকবে এবং আঁকা, লেখা, সঙ্গীত, থিয়েটার বা কোন উচ্চকলায় আপনি সাফল্যলাভ করতে পারেন। আপনার মধ্যে উদ্দীপনার শক্তি পরিলক্ষিত হয়, কিন্তু সেগুলিকে বর্দ্ধিত করবার জন্য আপনার নিজস্ব পারিপার্শ্বিক প্রয়োজন যেখানে, অপর লোকেদের দ্বারা প্রভাবিত হবার আশঙ্কা থাকে না।

বিবাহিত জীবনে সুখ সম্বন্ধে একটু সন্দেহ আছে যদি না অবশ্য আপনি বেশী বয়সে বিয়ে না করেন বা আপনার আদর্শে সেও যদি উদ্বুদ্ধ না হয়।

আপনি মানবপ্রেমিক এবং যে প্রতিষ্ঠানগুলি মানবজাতির কল্যাণ করবার জন্য কাজ করে, তাদের মুক্ত হস্তে দান করতে চান। অবস্থা বিপাকে আপনি যদি আপনার ভগবৎদত্ত শিল্পক্ষমতাকে কাজে লাগাতে না পারেন তবে আপনি চিত্রকরদের প্রায়ই সাহায্য করেন, তাদের আঁকা কেনেন এবং যদি আপনার অর্থ থাকে তবে আর্ট গ্যালারীতে মধ্যে মধ্যে দান করেন।

## অর্থভাগ্য

অর্থ বিষয়ে আপনার নিজের মননশীলতা আপনার পক্ষে খুব উপকারী হবে। আপনি যে কোন বিষয়েই নিযুক্ত থাকুন না কেন অর্থ আপনি রোজগার করবেনই। মাঝে মাঝে আপনি মাত্রাতিরিক্ত মহত্ব দেখান, যাতে আপনার প্রদর্শিত পন্থায় অপরে অর্থ রোজগার করে। জীবনে একমাত্র অর্থ রোজগার করাই আপনার জীবনের মূলমন্ত্র হবে না।

আপনি জাহাজে এক দেশ থেকে আর এক দেশে মাল চালান করে সাফল্য অর্জন করতে পারেন, নিজের জন্মস্থানের দূরদেশে জমি থেকে অর্থ রোজগার করতে পারেন কিন্তু বিশেষ করে আপনি যদি আপনার উদ্দীপনাময় দিকটা বর্দ্ধিত করেন এবং দৈবানুভূতি মেনে চলেন, তবে ধনী হবেন আপনি সবচেয়ে বেশী।

### স্বাস্থ্য

আপনাকে বাইরে থেকে যতটা মনে হবে আপনার শারীরিক কাঠামো ততটা মজবুত হবে না। আপনি সবসময় স্নায়ুর দ্বন্দ্বের মধ্যে থাকবেন এবং মাঝে মাঝে চরম মানসিক ক্লান্তি এবং শারীরিক সহ্যের শেষ সীমায় পৌঁছবেন যা ঝেড়ে ফেলা শক্ত হয়। আপনি পরিবর্তন ভালবাসেন, সমুদ্র বা অগাধ জলরাশি যেখানে রয়েছে আপনি তা ভালবাসেন। আপনি যদি অসুস্থ হন বা শরীর যদি ভেঙে পড়ে, তবে সমুদ্রযাত্রা আপনার সঞ্জীবনীর কাজ করবে।

আপনার সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে '৭', '২' ও '৩' এবং তাদের যোগফল। এইসব তারিখগুলিতে আপনার সব শুভ বা দরকারী কাজগুলি করবেন। যেমন ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখ।

আপনার জীবনের স্মরণীয় বছরগুলি ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫ এবং ৭০ বছর।

যে ব্যক্তিরা বছরের যে কোন মাসে যদি ওই '২' বা '৭' এর ঘরে জন্মে থাকেন, তাদের প্রতি আপনি প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন। যেমন ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯ এবং যেসব জাতকরা '১' বা '৪' সংখ্যার লোক।

# ঊনত্রিংশ পরিচ্ছেদ

## যাঁরা মার্চ মাসের ৮, ১৭ এবং ২৬ তারিখে জন্মেছেন। এই মাসের আট সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী জলের তৃতীয় ঘরে ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে শনি এবং বৃহস্পতির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে লিখিত মার্চ মাসের জাতকের মতই হবে, তবে এই সময়ে শনির প্রভাব আপনার চরিত্রের গভীর এবং গম্ভীর দিকটিকে আরও বর্ধিত করবে।

সাধারণভাবে ৮, ১৭ বা ২৬ তারিখে জন্মগ্রহণ করলে যে যে গ্রহের প্রভাব

পড়ে তা জীবনের প্রথম দিকটিকে ভীষণ কষ্টকর এবং দুঃখজনক করে কিন্তু ৩৩ বা ৩৫ বছরের পর থেকে জীবনে অনেক দিক থেকে উন্নতির সম্ভাবনা থাকে।

এই সময়ে জাত ব্যক্তিদের লোকেরা প্রায়ই ভুল বোঝে এবং জীবনপথে তাদের বহুবার কলঙ্ক এবং মিথ্যা রটনার সম্মুখীন হতে হয়। এইসব ঘটনাগুলি কিন্তু ঘটবে টাকার অভাবে, আপনি আপনার পরিকল্পনাগুলি কার্যকরী করতে পারছেন না বলে, আত্মীয় সূত্রে বা অপরের সঙ্গে কোন যোগাযোগের জন্য।

আপনি যদি উপরোক্ত কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার জীবনে অনেক গোপন দুঃখ এবং হতাশার জন্য তৈরী থাকা উচিৎ যা প্রায়ই মাঝে মাঝে ঘটবে, কিন্তু ইচ্ছাশক্তিকে বর্ধিত করে এবং উচ্চাকাঙ্ক্ষা থেকে কখনও না হটে এসে এবং শেষকালে সব বাধা-বিঘ্নকে জয় করতে পারবেন।

আপনার ঘাড়ে অনেক দায়িত্ব অর্পিত হবে এবং আপনার কোন দোষের জন্য আপনি সেই পদ বা দায়িত্ব ঠিকভাবে বহন করতে পারছেন না তা কখনও হবে না। কিন্তু অবস্থাগতিকে আপনার প্রতিভা বা কর্মক্ষমতা তার যথাযোগ্য কৃতিত্ব পাবে না।

আপনি যদি অল্পবয়সে বিয়ে করেন, তবে আপনি নিজের ওপর এক বন্ধন-দশা টেনে আনবেন তা-বাড়ীর বাঁধনের জন্যই হোক বা আপনার সাথীর অসুস্থতার জন্যই হোক।

আপনি যদি দার্শনিকতার সঙ্গে গ্রহণ করতে না পারেন তবে বিবাহ সম্বন্ধে আপনার অভিজ্ঞতা খুব মধুর হবে না। তবে যে কোন ভূমিকাতেই হোকনা কেন আপনি সবেতেই বিশিষ্ট ভূমিকা নেবেন।

আপনি যে কোন জিনিসকেই যতদূর সম্ভব সহনীয় করে তুলতে পারেন এবং আপনার দুঃখ বা বিপদ আপনি জগৎকে জানাতে চান না।

উপরোক্ত যে কোন একদিন জন্মালে জাতকের কর্তব্যজ্ঞান খুব তীক্ষ্ণ হয়, গৃহ এবং পরিবারকে এরা গভীরভাবে ভালবাসেন। এদের সব উঁচু উঁচু আদর্শ হয় বিশেষতঃ মানবতা সম্বন্ধে এবং জনগণের কল্যাণকামী বড় বড় পরিকল্পনায় এদের লিপ্ত থাকতে দেখা যায়।

মার্চ মাসের এই ৮, ১৭ বা ২৬ তারিখে জন্মালে তাদের জীবিকা যাই হোক না কেন এদের মধ্যে গোপনতা এবং আত্মসম্মানজ্ঞান থাকে যা দিয়ে তারা

নিজেদের ভাবাবেগকে চাপতে যান। সাধারণতঃ এইসব ব্যক্তিরা খুব উচ্চসম্মানের আসনে প্রতিষ্ঠিত হন এবং সম্মান ও সুনাম পেয়ে থাকেন।

## অর্থভাগ্য

এই প্রভাবে জাত ব্যক্তিরা কখনই সম্পদকে ব্যক্তিগত জিনিস হিসাবে কল্পনা করেন না। তারা যে উদ্দেশ্যে নিয়োজিত করেন তারজন্য অর্থকে কামনা করেন এবং সচরাচর তারা তা পেয়েও যান।

আপনি যদি মার্চ মাসের ৮, ১৭ বা ২৬ তারিখে জন্মে থাকেন, তবে নিজের ব্যক্তিগত খরচে রাশ টেনে চলতে চেষ্টা করা উচিৎ এবং সবরকম ফাটকাবাজী পরিহার করা উচিৎ।

অপরের কি করা উচিৎ সে সম্বন্ধে আপনার গভীর অন্তর্দৃষ্টি থাকলেও আপনি নিজের ক্ষেত্রে সে উপদেশ মেনে চলতে পারেন না এবং চক্রান্তকারীরা নিজের সুবিধার জন্য যা করছে আপনি সহজে তার শিকার হন।

আপনার জীবনে সব সময়ই ভাগ্য বিপর্যয় ঘটতে পারে এবং দুর্দিনের জন্য কিছু সঞ্চয় আপনার অবশ্যই করা উচিৎ।

## স্বাস্থ্য

আপনার স্বাস্থ্যের ব্যাপারে মনের প্রভাব হবে সর্বাধিক। যে দুর্ভাবনা বা দুশ্চিন্তা আপনাকে রোগের মুখে নিয়ে যেতে পারে এবং ফলে আপনাকে হতাশাচ্ছন্ন এবং বিষাদখিন্ন করবে।

আপনি দীর্ঘদিন ধরে সর্দি এবং ঠাণ্ডা লেগে ভুগতে পারেন এবং রক্ত সঞ্চালনের দুর্বলতাও আপনার থাকবে বিশেষ করে আপনি যদি ৮ই বা ১৭ই মার্চ জন্মে থাকেন।

আপনার যতদূর সম্ভব শুষ্ক জলহাওয়ার দেশে থাকা উচিৎ এবং যতদূর সম্ভব বহির্জীবন যাপন করা উচিৎ। ভ্রমণ করা উচিৎ এবং পরিবর্তন করা উচিৎ। নইলে আর্থারাইটিস ও তাতে ভোগবার সম্ভাবনা আপনার প্রবল। বিশেষ করে পায়ে, গোঁড়ালিতে এবং হাঁটুতে।

আপনার সবচেয়ে প্রয়োজনীয় সংখ্যা হচ্ছে '৪', '৮' এবং '৩' এবং এর যোগফলগুলি। যেমন, ৩, ৪, ৮, ১২, ১৩, ১৭, ২১, ২২, ২৬, ৩০ এবং ৩১।

এইসব সংখ্যাগুলি ঘুরে-ফিরে প্রায়ই আপনার জীবনে আসবে এবং এর ফলও খুব সুদূর প্রসারী হবে, তা ভালোর জন্যই হোক বা খারাপের জন্যই হোক।

আমি আপনাকে যতদূর সম্ভব '৩' তারিখ এবং তার যোগফলগুলিকে ব্যবহার করতে পরামর্শ দেব। যেমন, ৩, ১২, ২২ এবং ৩০।

আপনার পরিধেয় বস্ত্রে কালো রং ব্যবহার করবার ইচ্ছা খুব বেশী থাকবে। কিন্তু আমি আপনাকে খুব জোর দিয়ে আপনার পরিচ্ছদে কোনরকম বেগুনী রং হালকা থেকে ঘন ব্যবহার করতে পরামর্শ দিচ্ছি।

আপনার শুভপ্রদ রত্ন হচ্ছে কালো মুক্তো এবং কালো হীরক। কিন্তু আপনাকে এগুলির সঙ্গে এ্যামেথিষ্ট বা স্যাফায়ার পরবার উপদেশ দিচ্ছি।

আপনার জীবনের স্মরণীয় বর্ষ হবে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭, ৭১, ৭৬ এবং ৮০ বছর।

যদি কেউ বছরের যে কোন মাসে নিম্নলিখিত তারিখগুলিতে জন্মগ্রহণ করে থাকেন তাদের প্রতি আপনি প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন। যেমন, ৪, ১৩, ২২, ৩১, ৮, ১৭, ২৭, এবং ৩, ১২, ২১ ও ৩০ তারিখ।

## ত্রিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা মার্চ মাসের ৯, ১৮ বা ২৭ তারিখে জাত ব্যক্তিরা জন্মেছেন। এই মাসের নয় সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোন দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং আমার সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি জলের তৃতীয় ঘরে ঋণাত্মক বৃহস্পতির মীন চিহ্নে মঙ্গল এবং বৃহস্পতির স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং সাধারণ ভাবধারা পূর্বে উল্লিখিত মার্চ মাসে জাত ব্যক্তিদের মতই হবে। তবে বছরের এ সময়কার মঙ্গলের প্রভাব আপনাকে অনেক বাধা-বিঘ্ন অতিক্রম করতে এবং জয় করতে সমর্থ করবে।

বছরের এই সময় মঙ্গলের প্রভাব আপনাকে চিন্তায় এবং কর্মে মাঝে মাঝে হঠকারিতা এবং তাৎক্ষণিক প্রবৃত্তি জাগাবে। আপনার প্রকৃতি সব সময় ঠিক

একরকম থাকবে না। আপনি সদা অস্থির এবং জীবিকা বৃত্তিতে ঘন ঘন পরিবর্তন করবেন। যথেষ্ট না ভেবে চিন্তে আপনি নতুন পরিকল্পনার পেছনে দৌড়বেন।

আপনার মেজাজকে একটু ঠাণ্ডা রেখে চলা অবশ্য কর্তব্য। বিশেষ করে ছোটখাট জিনিষের বেলায় এবং আশে-পাশে যারা আছে বা যাদের সঙ্গে কাজ করেন, তাদের সঙ্গে সহানুভূতির সঙ্গে ব্যবহার করা কর্তব্য।

আপনি গুপ্ত শত্রুর কাছ থেকে বহুকষ্ট পাবেন। মিথ্যা রটনা বা কলঙ্কও আপনার নামে ছড়াবে এবং সত্যি বা মিথ্যা যাই হোক না কেন, আপনি যদি এসব নিয়ে মামলা করতে যান তবে সুবিচার পাবার আশা আপনার কম। বরঞ্চ আপনার বিপক্ষে কেলেঙ্কারী আরও ছড়াবে।

ব্যবসা সম্বন্ধীয় পরিকল্পনায় সহযোগী বা পার্টনার সম্বন্ধে আপনার খুব সাবধানতা অবলম্বন করা কর্তব্য। কারণ যদি কিছু ভুল পথে চলে, তবে সব দোষটা আপনার ঘাড়ে এসে পড়বে।

আপনি অর্থ সম্বন্ধে বড় বেশী মহত্ব দেখাবেন এবং হঠাৎ হঠাৎ ফাটকাও খেলতে যাবেন। আপনার উচ্চাকাঙ্খা অত্যন্ত প্রবল এবং আপনি স্বাধীনভাবে সব কিছু করতে চান। এইজন্য অর্থ সঞ্চয়ের জন্য আপনি কোন ঘাৎঘোৎ বাকি রাখবেন না এবং এর জন্য অনেক ঝুঁকিও আপনাকে পোহাতে হবে।

যে কোন কঠোর পরীক্ষা বা বিপদে আপনি অনেক দূর অবধি নিজের সাহস বজায় রাখতে পারেন, কিন্তু সাহস যদি আপনার একবার চলে যায়, তবে একটা থমথমে ভাব আপনার মধ্যে নেমে আসে। আপনি তখন খিটখিটে এবং বিষাদখিন্ন হয়ে পড়েন এবং তার ফলে এমন কোন কাজ করেন, পরে যার জন্য আপনাকে পস্তাতে হয়।

যারা আপনার চেয়ে উচ্চপদে আসীন, তাদের সঙ্গে সহজে আপনার বন্ধুত্ব হবে। কিন্তু আপনার অবস্থার লোকেদের সঙ্গে বা যারা আপনার চেয়ে নীচু, তাদের মধ্যে আপনি প্রতিহিংসা পরায়ণ শত্রুর সৃষ্টি করবেন।

প্রেম-প্রীতির ব্যাপারেও আপনার অনেক বাধা এবং হতাশা আছে এবং আপনার সন্তান-সন্ততিদের নিয়ে আপনাকে অনেক কষ্ট পেতে হবে।

মাঝে মাঝে আপনার মদ বা মাদক দ্রব্যের দিকে ঝোঁক যাবে। এটা কিন্তু আপনার উচ্চাশার ওপর নির্ভর করবে যে আপনি ওদিকে যাবেন কিনা।

অর্থ সম্বন্ধে আপনি বদান্য ও মুক্তহস্ত। তবে আপনি অত্যধিক খরচ এবং অযথা অপব্যয় করেন।

আপনি যদি কোন ব্যবসা বা শিল্পে নিযুক্ত থাকেন, তবে দায়িত্বপূর্ণ পদে আসীন হবেন, কিন্তু আপনার শত্রুতা সৃষ্টির প্রবণতার জন্য বলা যায় না এটা আপনি রাখতে পারবেন কিনা।

যে কোন সরকারী কাজে যদি লিপ্ত থাকেন, তবে খুব দায়িত্বপূর্ণ পদে আসীন হবার সম্ভাবনা রয়েছে।

আপনার ব্যক্তিত্বে একরকম চৌম্বকশক্তি থাকবে এবং জনগণের সামনে প্রকাশিত হতে হয়, এমন কোন কাজে সাফল্যলাভ করবার সম্ভাবনা রয়েছে। যেমন লেখক, বক্তা, ধর্মপ্রচারক বা কোন এক বড় আন্দোলনের নেতৃত্ব করা। মার্চ মাসের ১৮ এবং ১৯ তারিখটি জন্মদিন হিসাবে খুব শুভ।

## অর্থভাগ্য

আপনি যদি অর্থশালীর গৃহে জন্মগ্রহণ না করে থাকেন, তবে অর্থ সম্বন্ধে জীবনে বহুবার ওঠা-পড়ার সম্মুখীন হতে হবে। আপনি কোন প্রকার বিনিয়োগ বা ফাটকা খেলায় লাভবান হতে পারেন, কিন্তু সচরাচর তা নিজের চেয়ে অপরের হয়ে ভাল করতে পারবেন। যদি সম্ভব হয় ভবিষ্যতের জন্য আপনার কোন দীর্ঘকালীন বীমা করে রাখা উচিৎ। কারণ বয়স বাড়ার সঙ্গে সঙ্গে অর্থ সঞ্চয় করবার বা ভবিষ্যতে কিছু সরিয়ে রাখার ইচ্ছা আপনার হবে না।

## স্বাস্থ্য

আপনি যদি মার্চ মাসের ৯, ১৮ বা ২৭ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে প্রথম জীবনে আপনার কোন শক্ত অসুখ হবে না। কিন্তু চল্লিশে পড়বার পর থেকে আপনার শারীরবৃত্তের বৃহৎ পরিবর্তন হবে। আপনি যদি এ সময়টা একটু নিজের দিকে নজর রাখেন, বিশেষ করে খাবার দাবার বিষয়ে, তবে আপনি আরও এক যুগ সুস্থ থাকবেন। কিন্তু তা যদি আপনি না পারেন, আপনার কঠিন কষ্টের সম্মুখীন হবার সম্ভাবনা আছে। যেমন বিশেষ করে লিভারের এবং কিডনীর অসুখ, আন্ত্রিক অসুখে সব বন্ধ হয়ে যাওয়া, হৃদযন্ত্রের দুর্বলতা এবং নানাভাবে অপারেশন-এর সম্ভাবনা রয়েছে।

আপনার সবচেয়ে বড় সম্ভাবনাময় সংখ্যা হচ্ছে '৯' ও '৩' এবং এইসব

তারিখেই আপনার পরিকল্পনাগুলি করতে যাওয়া উচিৎ। যেমন ৩, ৯, ১২, ১৮, ২১, ২৭ এবং ৩০ তারিখ।

আপনার পক্ষে অশুভ সংখ্যা হচ্ছে '৪' ও '৮' এবং তাদের যোগফলগুলি। যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১ তারিখ।

আপনার পক্ষে সবচেয়ে শুভপ্রদ বর্ণ হচ্ছে—

মঙ্গল—সবরকম ঘোর লাল রং, লাল রং এবং গোলাপী লাল রং।

বৃহস্পতি—সবরকম ঘোর বেগুনী থেকে হালকা বেগুনী।

আপনার সৌভাগ্যপ্রদ রত্ন হচ্ছে চুনী, গার্নেট, ব্যাডস্টোন এবং এ্যামেথিষ্ট।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হবে ৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ৭২ এবং ৮১ বছর।

বছরের যে কোন মাসেই যদি কোন মাসেই যদি কেউ এই '৯'-এর ঘরে জন্মে থাকেন, তাদের প্রতি আপনি প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন এবং এ ছাড়াও যারা '৩' বা '৬'-এর ঘরে জন্মগ্রহণ করেছেন যেমন ৩, ৬, ১২, ১৫, ২১, ২৪, ৩০ এবং যারা ১, ১০, ১৯, বা ২৮ তারিখে জন্মেছেন তাদের সঙ্গেও আপনার সদ্ভাব থাকবে।

## একত্রিংশৎ পরিচ্ছেদ

### এপ্রিল মাস

সাধারণভাবে এপ্রিল মাসে জন্মানোর ফল। চরিত্র, প্রকৃতি, অর্থ এবং স্বাস্থ্যের ওপরে এ সময়ে জন্মানোর প্রভাব।

জ্যোতিষশাস্ত্রের শেষ চিহ্নটি, এপ্রিল মাসের ওপর কর্তৃত্ব করে তা ২১ মার্চ শুরু হয়। কিন্তু সাতদিন পূর্বতন গ্রহের প্রভাবে থাকে ২৭শে মার্চের আগে পূর্ণবলী হতে পারে না। এরপর থেকে পূর্ণ শক্তিমত্তার সঙ্গে ১৯শে এপ্রিল অবধি বিরাজ করে। এরপর সাতদিন ক্রমশঃ ক্ষমতা হারাতে হারাতে আগত চিহ্ন শুক্রের ঘর বৃষ চিহ্নের কর্তৃত্বাধীনে চলে আসে।

এই সময় অর্থাৎ ২৬শে মার্চ থেকে ১৯শে এপ্রিল এবং এর দ্বৈতগৃহ ২৬শে এপ্রিল-এর মধ্যে জন্মালে আপনার সবল ইচ্ছাশক্তি থাকবে, দৃঢ়তা এবং মন্ত্রের সাধন-এর জন্য প্রচণ্ড গোঁ থাকবে। তারা যেন জাত লড়ুইয়ে। সাধারণভাবে ব্যবস্থাপনা সম্বন্ধে তাদের প্রভূত প্রতিভা থাকে তা বড় ব্যবস্থা বা যাতে প্রচুর পরিমান লোক নিযুক্ত থাকেন এমন কোন কাজেই হোক।

তারা কাজ-কর্মে অত্যন্ত স্বাধীনচেতা এবং সবসময়ই নিজের মতে সব জিনিস করতে যান। যদি কেউ এদের বাধা দেয়, তবে তারা তক্ষুনি সেখান থেকে বেরিয়ে পডেন এবং সেই অপর লোকটাকে নিজের জায়গা ছেড়ে দেন

বস্তুতান্ত্রিক সাফল্য বা ক্ষমতা সম্পর্কীয় কোন বিষয়ে এমন কোন উচ্চতা নেই যা এ সময়ে জাত ব্যক্তিরা পৌঁছতে পারেন না, অবশ্য যদি তারা 'মাথা ঠাণ্ডা' রেখে চলতে পারেন। সাফল্য মাঝে মাঝে এদের সর্বনাশ করে। কারণ প্রশংসা এবং চাটুকারিতা এদের মাথা ঘুরিয়ে দেয়। এসব ক্ষেত্রে কোন জিনিসই তারা সোজাভাবে দেখতে চান না ও গোঁয়ার্তুমি এবং উদ্ধত কর্ম করে অনেক ক্ষেত্রে নিজের পতন নিজেই ডেকে আনেন।

তারা মানসিক প্রাণবত্তায় অফুরন্ত এবং সবসময়ই তাদের মস্তিষ্কে নতুন পরিকল্পনা বা মৌলিক চিন্তা রয়েছে। তারা নিজের মত ছাড়া অন্য লোকের মতামতের কোন মূল্য দেন না এবং কঠিন যুক্তিতর্ক এবং যথার্থতা একমাত্র তাদের মত থেকে টলাতে পারে।

এদের মধ্যে সতর্কতা একটু কম। কারণ চরিত্রগতভাবে চিন্তায় এবং কাজে এরা হঠকারী।

সবকিছুতেই বাড়াবাড়ি করা এদের স্বভাব। কথা-বার্তায় বড বেশী খোলামেলা, স্পষ্ট এবং চাতুর্যের অভাবে অনেক শত্রু সৃষ্টি করেন। এরা অত্যন্ত উচ্চাভিলাষী এবং সাধারণভাবে এরা জীবনে সাফল্যলাভ করেন। হয় প্রচুর অর্থ সঞ্চয় করেন বা কোন গভীর দায়িত্বপূর্ণ পদে আসীন হন।

এই চিহ্নের নীচু শ্রেণীর যারা তাদের উদ্দেশ্য সিদ্ধির জন্য কোন কিছুকেই খারাপ বলে ভাবে না। প্রভু হিসাবে তারা পাশবিক, নৃশংস এবং সচরাচর অপঘাতে প্রাণ হারান। উচ্চশ্রেণীর যারা প্রভু হিসাবে তারাও ভাল। কিন্তু নিয়মানুবর্তিতা খুব কঠোরভাবে অনুসরণ করেন এবং তাদের অধস্তনদের কাছ থেকে পাওনা গণ্ডায় সব কাজ বুঝে নেন।

দুই শ্রেণীরই ভবিষ্যতের দিকে উঁকি দেবার ঝোঁক আছে। কারণ কোন

জিনিসই পূর্ণতা লাভ করবার আগেই তারা অধৈর্য হয়ে পড়েন। তারা প্রায়ই ভবিষ্যৎবাণী করেন এবং এ সম্বন্ধে ভগবৎদত্ত এক ক্ষমতাও তাদের থাকে।

তারা সবসময়েই চান যে তাদের গৃহে, ব্যবসায় বা বৃত্তিতে সবাই যেন তাদের 'প্রধান' বলে মনে করে।

সাধারণভাবে এ সময়ে যারা জন্মগ্রহণ করেছেন তারা স্নেহ-প্রীতির ব্যাপারে নানারকম কষ্ট পেয়ে থাকেন। তারা সচরাচর নারী জাতিকেই বুঝতে পারেন না এবং তাদের সংস্পর্শে এলে বহু মারাত্মক ভুল করেন।

পুরুষ বা নারী যাই হোন না কেন, আপনার জীবনের সবচেয়ে আনন্দ আসবে কর্ম থেকে এবং বাধা-বিঘ্ন অতিক্রম করা থেকে।

বছরের এই অংশটি অর্থাৎ ধনাত্মক মঙ্গলের ঘরটিকে 'রবির 'তুঙ্গী' ঘর বলা হয়। তার ফলে সব অগ্নি, সব শক্তি এবং মঙ্গলের ভয়হীনতা এই সময়ে জাত ব্যক্তিদের উদ্বুদ্ধ করে।

পূর্বকালীন যুদ্ধ বিগ্রহের দেবতা মঙ্গল যুদ্ধ করবার মনোবৃত্তিকে বাড়িয়ে দেন। ফলে তারা নিয়মতান্ত্রিকভাবে সবরকম বাধা-বিঘ্নের মধ্যে দিয়ে লড়াই করতে এগোন, অনেক বিপদের সম্মুখীন হন এবং জীবনে ও জীবিকায় বহুরকম বাধার সম্মুখীন হন।

গভীরভাবে সক্রিয়, গুরুত্বপূর্ণ এবং জোরালো এই ধরণের চরিত্রের অসম্ভব শক্তি থাকে, বিপদের মুখেও এরা আশাবাদী থাকেন এবং যে কোন আপৎকালীন অবস্থার মোকাবিলা করতে পারেন। সত্যি যদি সাফল্যের দিকে এদের নজর থাকে, তবে এদের হঠকারিতা ত্যাগ করা উচিৎ। কারণ সত্যিকারের বিতর্কের কেন্দ্র বিবেচনা না করে তারা যুদ্ধে অবতীর্ণ হন এবং প্রায়ই দেখা যায় যে, তারা ভুল দিকটা নিয়ে লড়াই করছেন। তারা মনস্থির করেন তাৎক্ষণিক তাৎপর্য ভেবে দূরের দিকে দৃষ্টি না দিয়ে।

একে ঠিক দূরদৃষ্টির অভাব বলা যায় না বিশেষ মুহূর্তের বাসনাই তাদের প্রভাবিত করে বেশী। কিন্তু এরা সঙ্গে সঙ্গে আবার আপাতবিরোধী মনে হতে পারে। যদিও এদের সহজাতভাবে নেতা হবার ক্ষমতা থাকে, গঠন করবার ক্ষমতা থাকে, এবং এরা বস্তুনিষ্ঠ, আগ্রহী এবং উচ্চাভিলাষী।

সবরকম প্রচলিত বিধি এবং নিয়মানুবর্তিতা এদের স্বভাব-বিরুদ্ধ। সাধারণভাবে এদের পারিবারিক জীবন খুব সুখের হয় না, যদি না ভাগ্যক্রমে

এমন সঙ্গীর দেখা তারা না পান। যারা এদের পরিকল্পনা এবং ইচ্ছার কাছে নিজেকে বিলীন করে দিতে থাকে। বস্তুতান্ত্রিক দিক দিয়ে দেখতে গেলে অবশ্য এমন কোন উচ্চতা নেই যেখানে এরা এদের দৃঢ়তা, পরিচালনা করবার দক্ষতা এবং সংগঠন করবার ভগবৎদত্ত ক্ষমতা দিয়ে এরা পৌঁছতে না পারেন।

## অর্থভাগ্য

এপ্রিল মাসটি মঙ্গলগ্রহের পরিচালনাধীন বলে এবং রবির তুঙ্গী ক্ষেত্র বলে এ মাসে জাতকদের সাধারণতঃ অর্থ রোজগার করবার বেশ ভাল ক্ষমতা থাকে। যেখানে অপরকে পরিচালন করতে হয়, সেখানে তাদের ব্যবহারিক জ্ঞান পুরোমাত্রায় থাকে। কিন্তু জরুরী সব বিষয়ে ঝোঁকের মাথায় কাজ করে ফেলবার সম্ভাবনা এদের থাকে এবং এদের নজরে কোন বড অর্থনৈতিক পরিকল্পনা পড়ে। তবে এর ফলাফলের কথা বিবেচনা না করেই তাতে ঝাঁপ দেন। এদের অন্তরের স্বতঃস্ফূর্ততা এবং বড় বড মতলব-এর জন্য ভাগ্যের অনেক ওঠা পডা হয়, এবং মাঝে মাঝে প্রচুর লোকসানের সম্মুখীন হতে হয়।

অর্থ সঞ্চয়ের ব্যাপারে এরা খুব দৃঢতার পরিচয় দেন কিন্তু তা হঠাৎ সৌভাগ্যের বদলে যুক্তিমত্তার সঙ্গে বিনিয়োগ বা বড় বড় শিল্প বা ব্যবসা থেকে আসে।

এপ্রিল মাসে যারা জন্মেছেন তারা সচরাচর এমন বিবাদ বা মতান্তর করেন যে, তার ফলে এদের প্রায়ই আদালতে হাজির হতে হয় এবং আইনের দ্বারা তারা সৌভাগ্যজনক খুব কমই হন।

## স্বাস্থ্য

এইসব ব্যক্তিদের মঙ্গলের সবল প্রভাব এক অনিন্দ্যসুন্দর শারীরিক স্বাস্থ্য এবং অসীম প্রাণশক্তি দেয়। কিন্তু এই অসীম প্রাণশক্তির জন্যই তারা অতি পরিশ্রম করে নানারকম আধি বাধি্য টেনে আনেন। তাদের প্রচেষ্টা কঠিন প্রতিকূলতার সম্মুখীন হয়ে বা ঠিক সুযোগ বুঝে না করে তারা প্রায়ই এবং হতাশার সম্মুখীন হন যার থেকে অসহিষ্ণুতা এবং খিটখিটে দেখা যায়, যার থেকে স্নায়বিক ক্লান্তি বা চিন্তাশক্তির অসাড়তা দেখা দেয় এবং যার ফলে পেটের বা লিভারের নানা অসুখ হতে পারে।

তাদের রীতিনীতি বা অভ্যাস সম্বন্ধে তারা খুব যত্নশীল নন এবং তাদের উচিৎ হচ্ছে শান্ত জীবনযাপন করা এবং মাত্রা না ছাড়ানো। এরা কম বেশী জ্বর বা অন্তর্প্রদাহে ভোগেন। তাদের ঘরের বাইরে কঠোর ব্যায়াম করা উচিৎ এবং মদ্য বা কোন উত্তেজক মাদক দ্রব্য গ্রহণ করা উচিৎ নয়। কারণ তাদের ভাবাবেগপূর্ণ চরিত্রের নিয়ন্ত্রণ দরকার। কোনরকম খোঁচাখুঁচির প্রয়োজন নেই।

মাথাকে ঘিরে সবরকম অসুখ বা প্রদাহ হবে। যেমন দাঁত, কান এবং চোখ ব্যথা, মাথায় রক্ত ওঠা, মাথাধরা এবং সন্ন্যাস রোগ। এ সময়ের জাতকরা সচরাচর মাথায় কোনরকম আঘাত, কেটে যাওয়া বা ঘুষি খান। তা দুর্ঘটনা থেকে হতে পারে বা অপরের কাছ থেকেও হতে পারে।

এদের এ ছাড়াও পেট, কিড্‌নী এবং লিভার থেকে ভোগবার বিশেষ সম্ভাবনা আছে। এদের গলষ্টোন হবার সম্ভাবনা আছে, মূত্রস্থলী থেকে কষ্ট পাবার সম্ভাবনা আছে এবং অস্ত্রপোচার-এর ছুরি এদের ওপর বহুবার ব্যবহার হবার সম্ভাবনা আছে।

এদের সবচেয়ে সুসমঞ্জস সম্পর্ক হবে যারা তাদের নিজের চিহ্ন মেষে জন্মেছেন ২১শে মার্চ থেকে ১৯শে এপ্রিল, অগ্নির প্রথম ঘর। জুলাই ২১ থেকে ২০শে আগষ্ট সিংহ চিহ্নে, অগ্নির দ্বিতীয় ঘর। নভেম্বর ২১ থেকে ২০শে ডিসেম্বর ধনু চিহ্নে অগ্নির তৃতীয় ঘর। এবং এইসব দিনগুলির আরম্ভ হবার আগের সাতদিন এবং তাদের জন্মের একেবারে উল্টো দিকে যারা জন্মেছেন এক্ষেত্রে ২১শে সেপ্টেম্বর থেকে ২১শে নভেম্বর।

এটা অবশ্যই মনে রাখতে হবে যে অক্টোবর ২১ থেকে নভেম্বর ২২-২৮ তারিখ পর্যন্ত হচ্ছে ঋণাত্মক মঙ্গলের সময়। তাইজন্য যারা মার্চ মাসের ২১ তারিখ থেকে এপ্রিল মাসের ১৯-২৭ তারিখে (ধনাত্মক মঙ্গল) জন্মেছেন তারা ঋণাত্মক মঙ্গলের সময় যারা জন্মেছেন তাদের প্রতি ভীষণভাবে এক টান অনুভব করেন।

# দ্বাত্রিংশৎ পরিচ্ছেদ

## যাঁরা এপ্রিল মাসে ১, ১০, ১৯ এবং ২৮ তারিখে জন্মেছেন।

### এ মাসের এক সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোন একদিন জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি অগ্নির প্রথম ঘরে ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্নে রবি এবং মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

এই সমন্বয়টি বিশেষ শক্তিশালী যা আপনার পরিকল্পনা এবং উচ্চাশাকে সাফল্যমণ্ডিত করতে সাহায্য করবে।

সাধারণভাবে আপনার কি কি চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী থাকবে তা এপ্রিল মাসে জাত ব্যক্তিদের বিষয় পূর্বে বলা হয়েছে।

আপনার বিশেষ ক্ষেত্রে এই বিশেষ গুণাবলীগুলি আপনার বৃত্তি নির্ণয়ের সময় থেকেই বিশেষরূপে কার্যকরী হবে।

আপনার পরিকল্পনাতে আপনি বিশেষভাবে সৃষ্টিধর্মী, মৌলিক, আদর্শনিষ্ঠ এবং নির্ভয়তা আপনার বিশেষ গুণ।

আপনি অত্যন্ত উচ্চাকাঙ্খী এবং আপনার জানাশোনা লোকেদের চেয়ে অনেক উচ্চে উঠে যাবেন এবং আপনার জ্ঞাতি বা পরিবারের মধ্যে একজন শ্রেষ্ঠ ব্যক্তি হবেন।

আপনার কারুর সঙ্গে পার্টনারশিপে কিছু করতে যাওয়ার চেয়ে নিজে একলা কিছু করা ভাল।

কোনরকম নিয়ন্ত্রণ আপনি পছন্দ করেন না, নিজের মতামত অপরের ঘাড়ে চাপাতে যান এবং ফলে জীবন যুদ্ধে লড়াই করবার সময় আপনি প্রচুর শত্রুর সৃষ্টি করবেন। আপনাকে নিজের মতানুযায়ী চলতে গেলে আপনি অত্যন্ত দয়ালু হন, কিন্তু আপনাকে কেউ বাধা দিলে আপনি বজ্রের মত কঠিন হয়ে যান, যদি কেউ যত সামান্যই হোক না কেন, সুবিধা আপনার কাছ থেকে নিতে চেষ্টা করে।

আপনি স্নেহ-ভালবাসার কাঙাল, কিন্তু জগতে এইটাই আপনার জীবনে পাওয়া শক্ত হবে। যদি কেউ না আপনার উচ্চাশার সঙ্গী হন।

আপনার সন্তান-সন্ততিদের সঙ্গে আপনার বিবাদ অবশ্যম্ভাবী এবং গৃহেও বিবাদ বিসম্বাদ লেগে থাকবে।

বহির্জীবন যাপন করার জন্য আপনার এক প্রচণ্ড আগ্রহ থাকবে। সবরকম খেলাধুলাই আপনার ভাল লাগবে। আপনি যখন আগ্নেয়াস্ত্র বহন করবেন, তখন একটু সাবধানে থাকবেন। কারণ আপনার আগুন, বিস্ফোরণ, মোটর গাড়ীতে দুর্ঘটনা প্রভৃতির সমধিক সম্ভাবনা রয়েছে।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে আপনাকে জীবনে বহু ওঠা-পড়ার মধ্যে দিয়ে চলতে হবে। কিন্তু সচরাচর এগুলি হবে আপনার হঠকারিতার জন্য এবং নিজের ক্ষমতার যা বাইরে, তেমন কোন প্রচেষ্টার ফলে। আপনার ব্যক্তিত্বের চৌম্বক শক্তির জন্য অপরের ওপর, বিশেষ করে বিপরীত লিঙ্গের ওপর আপনার বিশেষ প্রভাব থাকবে।

আপনি নতুন কোম্পানী সংগঠন, পাদরী, বক্তা, সংগঠক বা এমন কোন বৃত্তি, যাতে জনগণের সামনে আসতে হয় তাতে আপনার সাফল্য আসবে।

অর্থ রোজগার করবার ক্ষমতা আপনার সব সময়েই থাকবে, কিন্তু ওই সঙ্গে জীবিকার ক্ষেত্রে আপনি বহু শত্রু সৃষ্টি করবেন।

## স্বাস্থ্য

অফুরন্ত প্রাণশক্তি এবং চমৎকার স্বাস্থ্য আপনার। যদিও অতিরিক্ত পরিশ্রম এবং খাটুনির জন্য মাঝে মাঝে শরীর একটু খারাপ হতে পারে।

রক্তচাপবৃদ্ধি বা সন্ন্যাস রোগ থেকে আপনার বিপদ আসবার সম্ভাবনা সমধিক। আপনার সাদা-সিধে রান্না খাওয়া উচিৎ এবং বিশেষ করে মদ্য এবং সবরকম উত্তেজক পানীয় পরিহার করে চলা উচিৎ।

আপনার শুভ সংখ্যা শুভ তারিখ হচ্ছে সব '১' এবং '৯' সংখ্যা ও তাদের যোগফল। আপনার পরিকল্পনাগুলি এই সংখ্যাগুলিতে করা উচিৎ। যেমন ১, ৯, ১০, ১৮, ১৯, ২৭ এবং ২৮ তারিখ।

আপনি হয়তো লক্ষ্য করবেন যে '৪' এবং '৮' সংখ্যাটি আপনার জীবনে বারবার ঘুরে ফিরে আসছে, তবুও এই সংখ্যা এবং তারিখগুলিকে যতদূর

সম্ভব আপনার পরিহার করা উচিৎ। যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১ এবং এদের দুঃখ নির্দেশজ্ঞাপক কিছু ভেবে আপনার কাজ করা উচিৎ।

আপনার চৌম্বকশক্তি বর্দ্ধিত করবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে রবি এবং মঙ্গলের বর্ণ ব্যবহার করুন।

রবির বর্ণ হচ্ছে—সবরকম স্বর্ণ বর্ণ, হলুদ, গোলাপী থেকে সোনালী বাদামী।

মঙ্গলের বর্ণ হচ্ছে—সবরকম ঘোর লাল, লাল এবং গোলাপের লাল রং।

আপনার শুভপ্রদ রত্ন হচ্ছে টোপাজ এ্যাম্বার, হীরক এবং লাল পাথর। যেমন চুনী এবং গার্নেট।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছরগুলি হবে ৯, ১০, ১৮, ১৯, ২৭, ২৮, ৩৬, ৩৭, ৪৫, ৪৬, ৫৪, ৫৫, ৬৩, ৬৪, ৭২ এবং ৭৩ বছর।

যারা বছরের যে কোন মাসের '১', '৪', '৮' এবং '৯' তারিখে জন্মে থাকেন, তাদের ওপর আপনার আকর্ষণ থাকবে। যেমন, ১, ৪, ৮, ৯, ১০, ১৩, ১৭, ১৮, ১৯, ২২, ২৬, ২৭, ২৮ এবং ৩১ তারিখ।

## ত্রিত্রিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা এপ্রিল মাসের ২, ১১, ২০ এবং ২৯ তারিখে জন্মেছেন। এই মাসের দুই সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি অগ্নির প্রথম ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্নে চন্দ্র, নেপচুন এবং মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার প্রধান প্রধান চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে উল্লিখিত এপ্রিল মাসে জাত জাতকের মতই হবে।

আপনি যে যে গ্রহের সমন্বয়ে জন্মগ্রহণ করেছেন তা আপনার চরিত্রে পরস্পরবিরোধী ভাবধারা দেবে। যার মধ্যে বিরাট স্বকীয়তা, প্রবল ইচ্ছাশক্তি এবং দৃঢ়তা দেবে, কিন্তু তা কল্পনাপ্রবণ এবং রোমান্টিক চিন্তাধারা

দ্বারা পরিবর্তিত হবে। আপনার মধ্যে অপ্রচলিত এবং মৌলিক চিন্তাধারা থাকবে এবং সৃষ্টিধর্মী মন আপনার কল্পনাপ্রবণ বিষয়ে কাজে লাগবে।

আপনাকে বাধা-ধরার মধ্যে থাকতে হলে, কোন কিছুতে বাধা পেলে আপনি এই নিয়মতন্ত্রের বিরুদ্ধে এবং প্রচলিত মতামতের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন।

আপনি যদি আপনার চরিত্রের এই রোমান্টিক দিকটিকে সংযত করতে না পারেন, তবে পারিবারিক জীবনে আপনার অনেক ঝঞ্ঝাট আছে।

আপনি যাই কিছু করতে যান, তার মধ্যে প্রচণ্ড শক্তি ঢেলে দেন। কিন্তু সবসময় নিজের মতামতকে একটু বেশী জাহির করে ফেলেন যা হয়তো আপনার পক্ষে সবসময় মঙ্গলজনক হয় না।

জীবিকায় আপনার বহু পরিবর্তন হবে, কারণ কোনকিছুতে বাঁধাভাবে আপনি লেগে থাকতে পারেন না এবং যে কোন উচ্চপদেই আপনি স্থলাভিষিক্ত হোন না কেন তাতে আপনি সন্তুষ্ট হবেন না। আপনার পক্ষে বিবাহিত জীবনও খুব সুখের হবে না, যদি না আপনি আপনার আবেগ প্রবণতাকে জয় করতে পারছেন বা প্রচলিত জীবনধারণের সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিচ্ছেন।

অপরের ওপর যেখানে কর্তৃত্ব করতে হয়, সেখানে আপনি সবল প্রভুত্বপ্রিয় এবং আত্মবিশ্বাসী। আপনি একজন শক্তিশালী নেতা হিসাবে মাথা উঁচু করে দাঁড়াতে পারবেন যদি আপনি রাজনীতিতে যান বা সামরিক বিভাগে যান। এইসব ব্যাপারে আপনার চালচলন এবং কথাবার্তায় বা লেখায় আপনি আগ্রাসী হবেন, কিন্তু তথাপি আপনার অনেক ভক্ত জুটে যাবে। ব্যবসা বা শিল্পে আপনার সর্বপ্রধান হবার দিকে ঝোঁক থাকবে এবং আপনার মৌলিকতার জন্য আপনি নাম করবেন।

## অর্থভাগ্য

অর্থনৈতিক ব্যাপারে আপনার বেশ একটা কর্তৃত্ব থাকবে এবং বেশ একটা ওজন রেখেও আপনি চলতে পারেন ও আপনার নিজের পরিকল্পনা-গুলিকে সাফল্যমণ্ডিত করতে পারেন যদি আপনার পার্টনারদের দ্বারা বাধাপ্রাপ্ত না হন।

আপনি যদি শিল্পী বা সাহিত্যিক হিসাবে নিজেকে উন্নত করেন, তবে আপনি সুনাম এবং বেশ প্রসিদ্ধি লাভ করবেন। কিন্তু আপনি যাই করুন না কেন একজন সবল ব্যক্তিত্ববলে অপরের থেকে মাথা উঁচু করে দাঁড়াতে পারবেন।

## স্বাস্থ্য

আপনার শারীরিক কাঠামো অত্যন্ত মজবুত। কিন্তু বেশী কাজ করবার এবং উচ্ছ্বাসের মুখে আপনি নিজে শরীরের ওপর অনেক বেশী চাপ দেবেন।

আপনার জ্বর-জ্বালা বেশী হবে এবং রক্ত-সঞ্চালনের গণ্ডগোল থাকবে। যেজন্য মুখে, মাথায় এবং শরীরে ফোঁড়া ও ফোটকাদি পীড়া হবে।

আপনার শরীরের নানাস্থানে শল্য চিকিৎসকের ছুরি কাঁচি পড়বে এবং অন্ত্রের কোন রোগ থেকে আপনি কষ্ট পেতে পারেন। দাঁতের ব্যথা, মাড়ির ব্যথা, নাক, গলা, কান এবং সাইনাস থেকেও কষ্ট আপনি পেতে পারেন।

আপনি জীবনে বহুবার দুর্ঘটনার মুখে পতিত হবেন। শত্রুর কাছ থেকে জীবন হানির সম্ভাবনা আপনার আছে। বিশেষ করে আততায়ীর হাতে মৃত্যু বা নৃশংসভাবে হত্যা।

আপনার শুভপ্রদ সংখ্যা এবং দিন হচ্ছে '২', '৭' এবং '৯' এবং তাদের সব যোগফল। যেমন ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭ এবং ২৯। এর যে কোন দিনে আপনার পরিকল্পনাগুলি রূপদান করতে চেষ্টা করুন।

আপনার চৌম্বকশক্তি বর্দ্ধিত করবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে আপনার প্রধান গ্রহগুলির বর্ণ পরিধান করুন।

চন্দ্র—সবরকম সবুজ এবং সাদা রং।

নেপচুন—সবরকম ধোঁয়াটে রং।

মঙ্গল—সবরকম ঘন লাল, লাল এবং গোলাপ রং।

আপনার শুভরত্ন হচ্ছে সবুজ জেড, মুনস্টোন, বৈদূর্যমণি, ওপ্যাল, মুক্তো, চুণী, গার্নেট এবং সবরকম লাল পাথর।

আপনার সবচেয়ে স্মরণীয় বছর হবে ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭, ২৯, ৩৪, ৩৬, ৩৮, ৪৩, ৪৫, ৪৭, ৫২, ৫৪, ৫৬, ৬১, ৬৩, ৬৫, ৭০, ৭২, ৭৪, ৭৯ এবং ৮১ বছর।

বছরের যে কোন দিনই যদি কেউ '২' বা '৭' সংখ্যায় জন্মগ্রহণ করে থাকেন যেমন, ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ বা ২৯ তারিখে, তবে আপনি তাদের প্রতি প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন।

আপনি যদি ২৯শে এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি আগত চিহ্ন বৃষের অধীন যার অধিপতি হচ্ছেন শুক্র। তবে আপনার প্রকৃতি অনেকটা নরম হবে। অপরের প্রতি চৌম্বকশক্তি আপনার আরও বাড়বে, আগ্রাসী মনোবৃত্তি একটু কম হবে। কিন্তু বিপরীত লিঙ্গের কাছ থেকে কিছু কিছু ঝঞ্ঝাট আসতে পারে।

## চতুস্ত্রিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা এপ্রিল মাসের ৩, ১২, ২১ এবং ৩০ তারিখে জন্মেছেন। এই মাসের তিন সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোন একদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি অগ্নির প্রথম ঘরে ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্নে বৃহস্পতি ও মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে উল্লিখিত এপ্রিল মাসে জাত ব্যক্তিদের মতনই হবে। তবে এস্থলে এই যোগ আপনাকে আরও বেশী উচ্চাভিলাষী করবে। আপনার জীবনের উদ্দেশ্য যাই হোক না কেন তাতে জীবনে উন্নতি করবার জন্য প্রয়োজনীয় দৃঢ়তা দেবে।

অপরের ওপর যেখানে কর্তৃত্ব করতে হয়, এমন সব কাজেই সাফল্য অর্জন করবেন এবং আপনি একটু স্বেচ্ছাচারীও হবেন।

কোন কিছু সংগঠন পরিচালনা এবং অপরকে নিয়ন্ত্রণ করার ব্যাপারে আপনার বিশেষ যোগ্যতা রয়েছে। আপনার নিজের আত্মীয়-স্বজনও যদি

অন্যায় করে বা আইন বিরুদ্ধ কাজ করে আপনি কঠোর ভাবে তা নিবৃত্ত করেন অপরকে উদাহরণ দেবার জন্য।

আপনার ভয়ঙ্কর শত্রুও থাকবে আবার শক্তিশালী মিত্রও থাকবে। আপনি চরিত্রগত ভাবে ভীষণ স্বাধীনচেতা এবং কারুর কাছে কোনরকম সুযোগ সুবিধা নিতে ঘৃণা বোধ করেন।

পারিবারিক জীবনে আপনি সবসময় 'কর্তা' হয়ে থাকবেন। তা যদি না হতে পারেন, তবে সবসময় খিটিমিটি লেগেই থাকবে।

আপনার জীবনে 'মন্ত্রশক্তি' কাজ করবে। এমন সব দুর্ঘটনা এবং বিপদ থেকে আপনি রক্ষা পাবেন, যা অপরকে খতম করে দিতে পারতো।

আপনাকে প্রগতিশীল এবং আগ্রাসী মনোবৃত্তিসম্পন্ন বলা যায়। কিন্তু আপনার উদ্দেশ্য হচ্ছে সাধারণের মঙ্গল।

আপনি যে সমাজেই জন্মগ্রহণ করে থাকুন না কেন আপনার উদ্দেশ্য হবে সামাজিক প্রতিষ্ঠা লাভ করা। আপনার খুব সম্ভ্রান্ত এবং শক্তিশালী বন্ধু থাকবে। আবার অবহেলিত নির্যাতিত জনগণের প্রতিও আপনি দয়াশীল হবেন।

দায়িত্বপূর্ণ পদে আপনাকে আসীন হতে হবে এবং জীবনের কোন না কোন সময়ে সরকারী পদে আপনাকে আসীন হতে হবে।

আপনি যদি স্থলবাহিনী বা নৌবাহিনীতে যোগ দেন, তবে আপনি দ্রুত উন্নতিলাভ করবেন এবং সম্মান পাবেন।

আপনাকে সম্ভবতঃ দুটি বৃত্তিতে নিযুক্ত থাকতে হতে পারে। একটা আপনার নিজের ব্যবসা আর একটা হয় পৌর প্রতিষ্ঠান বা সরকারী প্রতিষ্ঠানে কোন কাজ।

আপনার যুক্তিশক্তির স্থিরতার জন্য এবং 'সত্যমেব জয়তে' দৃষ্টিভঙ্গীর জন্য আপনি খুব ভাল বিচারপতি হতে পারেন।

সাহিত্য, বিজ্ঞান বা গভীর কোন বিষয় নিয়ে আপনার আগ্রহ থাকবে বিশেষ করে যা আপনার ধীশক্তি বর্দ্ধিত করতে পারে।

আপনার আবিষ্কৃত কোন পথ সাধারণ জনগণের খুব স্বাচ্ছন্দ্য বৃদ্ধির কোন কাজে খুব সহায়তা করবে।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে আপনি বেশ সৌভাগ্যশালী এবং অনেক ধন-দৌলত আপনি সঞ্চয় করতে পারবেন। আপনি ফাটকা সম্বন্ধে সাবধানে চলেন এবং বিশেষ স্থায়িত্ব সম্পন্ন জিনিসে অর্থবিনিয়োগ করেন এবং বড় কোন শিল্প বা ব্যবসা গড়ে তোলেন।

## স্বাস্থ্য

আপনার প্রাণোচ্ছল চমৎকার স্বাস্থ্য হবে। আপনি বহির্জীবন ভালবাসেন এবং সবরকম খেলাধুলাও আপনি ভালবাসেন। কিন্তু আপনি জীবজন্তু সম্বন্ধে বড বেশী নির্ভয় বলে তাদের কাছ থেকে আপনার বিপদের সম্ভাবনা আছে।

আপনি মাঝে মাঝে ভীষণ বদহজম, পেটের কষ্টে ভুগবেন। খাওয়া-দাওয়ার অত্যাচার এবং অনেক পার্টি, যাতে হয়তো আপনি বাধ্য হয়ে যোগদান করবেন তার ফলে এটা হবে। মধ্য জীবনের পর আপনি মোটা হতে শুরু করবেন এবং হৃদযন্ত্রের কষ্ট দেখা দেবে।

আপনার শুভপ্রদ সংখ্যা এবং তারিখ হচ্ছে '৩', '৬' এবং '৯' এবং তাদের যোগফল। যেমন ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭ এবং ৩০ তারিখ।

'৬' সংখ্যাটি যদিও দরকারী, তবুও এই সংখ্যা বা এই সংখ্যার যোগফল যাদের, তাদের কাছ থেকে আপনার বিপদের সম্ভাবনা আছে।

আপনার সবরকম জরুরী পরিকল্পনা বা লোকজনের সঙ্গে দেখা করাটা ওই তারিখগুলিতে করতে চেষ্টা করুন।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য বৃহস্পতি, শুক্র এবং মঙ্গলের বর্ণ পরিধান করুন।

বৃহস্পতির বর্ণ হচ্ছে সবরকম বেগুনী—হাল্কা থেকে ঘন। শুক্রের বর্ণ হচ্ছে সবরকম নীল হাল্কা থেকে ঘন। মঙ্গলের বর্ণ হচ্ছে সবরকম ঘন লাল থেকে লাল এবং গোলাপ বর্ণ।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হবে ৩, ৬, ৯, ২১, ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০, ৩৩, ৩৬, ৩৯, ৪২, ৪৫, ৪৮, ৫১, ৫৪, ৫৭, ৬০, ৬৩, ৬৬, ৬৯, ৭২, ৭৫, ৭৮, এবং ৮১ বছর।

আপনি যদি ৩০শে এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি পরবর্তী

চিহ্ন বৃষের অধীনে চলে আসছেন, যার অধিপতি হচ্ছে শুক্র। আপনার চরিত্রের মূল ধারা মোটামুটি একই রকম থাকবে। তবে আপনি আরও স্নেহপ্রবণ এবং আরও বেশী বদান্য হবেন।

বছরের যে কোন মাসেই হোকনা কেন যারা ওই '৩', '৬' বা '৯' সংখ্যা বা তাদের যোগফলে জন্মেছেন, তাদের প্রতি আপনি এক প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন। যেমন, ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭ এবং ৩০ তারিখ।

## পঞ্চত্রিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা এপ্রিল মাসের ৪, ১৩ এবং ২২ তারিখে জন্মেছেন।
### এই মাসের চার সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোনদিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি অগ্নির প্রথম ঘরে ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্নে ইউরেনাস, রবি এবং মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

আপনার প্রধান প্রধান চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে উল্লিখিত এপ্রিল মাসে জাত ব্যক্তিদের মতই হবে। তবে ওই প্রবল কিন্তু অদ্ভুত সমন্বয় আপনার চলার পথে নানারকম পরস্পর বিরোধীতা করবে।

আপনি সফলও হবেন আবার বিফলও হবেন। আপনার জীবনে বহুবার অঘটন ঘটবে। আপনি প্রকৃতির হাতে ক্রীড়নক এবং ভাগ্য আপনার জীবনে এক বিশিষ্ট অংশ নেবে।

আপনার বৃত্তি এবং পরিকল্পনায় আপনি বহু পরিবর্তন করবেন এবং অশান্তি বোধ করবেন যদি না আপনি বিশেষ কোন জিনিস না পান, যাতে আপনার মনপ্রাণ ঢেলে দিতে না পারেন।

আপনার সত্যিকারের বন্ধু পাওয়া খুব শক্ত হবে এবং যারা আপনার বন্ধু হবে, তারা একটু অদ্ভুত কিম্ভুত হবে।

দৃষ্টিভঙ্গীতে আপনি মৌলিক এবং প্রচলিত প্রথার বিরুদ্ধে এবং নিজের মনোমত ধর্ম এবং দর্শন আপনি তৈরী করে নেবেন।

আপনি বহুবার শত্রুতা পাবেন, বন্ধুর বেশে আপনার শত্রু অনেক থাকবে এবং অপরের কাছ থেকে প্রচুর বাধা আপনি পাবেন। আপনার জীবন খুব সোজাপথে চলবে না, বিশেষতঃ বস্তুতান্ত্রিক বিষয়ে।

আপনার মন আবিষ্কারধর্মী, কলকব্জাও আপনি ভালবাসেন। বিশেষ করে যদি নতুন কিছু হয়। যেমন বৈদ্যুতিক সাজ সরঞ্জাম, রেডিও, টেলিভিশন এবং এই জাতীয় জিনিস।

আপনার খুব সুন্দর পরিকল্পনা থাকবে। কিন্তু তা থাকবে একটু দার্শনিক দিক ঘেঁষে। কিন্তু আপনার চরিত্রের একটি দিক থাকবে। যার ফলে অপরের সঙ্গে আপনার বিবাদ হবেই এবং যার ফলে সহযোগীর সঙ্গে ঝঞ্ঝাট, ছাডাছাড়ি এবং আইন আদালত অবধি আসবে।

আপনি কারুর উপদেশই শুনতে চান না। জীবনের প্রতি আপনার এক বিশেষ দৃষ্টিভঙ্গী আছে। বিশেষতঃ আপনার মাথার পরিকল্পনাসমূহ নিয়ে।

আপনি তর্ক বিতর্কের সময় ঠিক উল্টো দিকটাই নিতে ভালবাসেন এবং আপনার মতের সঙ্গে যাদের মত মেলে না, তাদের প্রতি আপনি বিদ্বেষ চেপে রাখতে পারেন না।

আপনি মাঝে মাঝে আচার ব্যবহারে রুক্ষতা এবং গোঁয়ার্তুমির পরিচয় দেন এবং অনিচ্ছাকৃতভাবে অপরের আঁতে ঘা দিতে পারেন। আপনাকে অনেক সময়েই লোক ভুল বুঝবে, কিন্তু আপনি এত স্বাধীনচেতা যে কেউ আপনাকে পছন্দ করুক বা না করুক, তাতে আপনার কিছু এসে যায় না।

আপনি পডাশোনা করতে খুব ভালবাসেন এবং সৎ সাহিত্যের প্রতি আপনার গভীর অনুরাগ আছে। আপনি যা কিছুই করুন না কেন তার মধ্যে আপনার প্রচুর প্রাণশক্তি এবং সক্রিয়তা ঢেলে দেন।

## অর্থভাগ্য

আপনি সহজে অপরের সঙ্গে কাজ করতে রাজী হবেন না। কিন্তু নিজের পছন্দমত কাজ করে আপনি খুব সাফল্যলাভ করতে পারেন।

টাকা-কড়ির ব্যাপারে আপনি হিসাবী এবং সতর্ক। ছোট ছোট ব্যাপারে আপনি কৃপণ বলেও আপনার দুর্নাম রটতে পারে।

আপনার ভবিষ্যৎ সম্বন্ধে দারুণ দুশ্চিন্তা থাকবে, ফলে ভবিষ্যতের জন্য

আপনি বেশ ভালো সঞ্চয় করতে চেষ্টা করবেন। আপনি যদি ব্যবসাদার হন, তবে আপনি তাড়াতাড়ি সক্রিয় কর্ম থেকে অবসর নিয়ে জীবন যাপন করবেন।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ব্যাপারে আপনি অদ্ভুত। আপনি অফুরন্ত প্রাণশক্তি নিয়ে অতি বেশী পরিশ্রম করবেন, সময়ে সময়ে আপনার আবার কোন প্রচেষ্টাই করতে ইচ্ছা হবে না।

অদ্ভুত অসুখ যা ধরা যায় না আপনি তার থেকে ভুগবেন। প্রকৃতির মধ্যে ফিরে সাদা মাটা খান, তাহলেই আপনার সব অসুখ উড়ে যাবে।

আপনার সবচেয়ে প্রয়োজনীয় সংখ্যা হচ্ছে '৪', '১' এবং '৯' এবং তাদের যোগফল। যেমন, ১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮ এবং ৩১ তারিখ।

আপনি দেখতে পাবেন যে '৮' সংখ্যাটি আপনার জীবনে বহুবার ঘুরে ফিরে আসছে এবং যারা এই সংখ্যায় জন্মেছে অর্থাৎ ৮, ১৭, ২৬ তারাও ঘুরে ফিরে আপনার জীবনে আসছে।

আপনার চৌম্বকশক্তি বর্দ্ধিত করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে ইউরেনাস, রবি এবং মঙ্গলের বর্ণ ব্যবহার করুন।

ইউরেনাসের বর্ণ হচ্ছে সবরকম ধোঁয়াটে এবং বৈদ্যুতিক রং।

রবির বর্ণ হচ্ছে সবরকম স্বর্ণ বর্ণ, হলুদ, কমলা থেকে সোনালী বাদামী।

মঙ্গলের বর্ণ হচ্ছে সবরকম লাল, ঘোর লাল এবং গোলাপী রং।

কিন্তু আপনি যদি ২২শে এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি আগত চিহ্ন বৃষের প্রভাবে পড়েছেন। তাই জন্য এক্ষেত্রে লালের বদলে সবরকম নীল রং ব্যবহার করুন।

আপনার শুভরত্ন হচ্ছে স্যাফায়ার এবং নীল পাথর, টোপাজ, হলদে হীরে এবং অ্যাম্বার। কিন্তু আপনি যদি ২২ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে যতদূর সম্ভব টারকুইজ এবং স্যাফায়ার ব্যবহার করুন।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হচ্ছে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭, ৭১, ৭৬ এবং ৮০ বছর।

যদি কেউ বছরের যে কোন মাসেই হোক না কেন যদি তার যোগফল '৪' বা '৮'-এর ঘরের লোক হন, অর্থাৎ তারা যদি কেউ ৪, ৮, ১৩, ২২, ২৬ এবং ৩১ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে তাদের সঙ্গে গভীর অন্তরঙ্গতা থাকবে।

## ষষ্ঠত্রিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা এপ্রিল মাসের ৫, ১৪ এবং ২৩ তারিখে জন্মেছেন এই মাসের পাঁচ সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত কোন একদিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষ-মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুযায়ী আপনি অগ্নির প্রথম ঘরে ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্ন বুধ এবং মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

এই সমন্বয়টি খুব ভালও হতে পারে আবার খুব খারাপও হতে পারে। আপনার ইচ্ছাশক্তি ও চারিত্রিক ভাবধারা কি করে বর্দ্ধিত করেন তার ওপর নির্ভর করবে। এটা খুব সৌভাগ্যশালীও হতে পারে তার উল্টোটাও হতে পারে।

আপনি যদি এপ্রিল মাসের ৫, ১৪ বা ২৩ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনার মানসিকতা হবে বহুমুখী চতুর বুদ্ধিমত্তাবিশিষ্ট। কিন্তু একে ঠিকভাবে চালনা করা দরকার। যদি একে নিয়ন্ত্রণ করে উর্ধমুখে প্রবাহিত করা যায়, তবে এমন কিছু নেই যা আপনি করতে না পারেন।

আপনার চিন্তাশক্তি বাক্য এবং কার্য খুব দ্রুত, যুক্তিতর্কে প্রত্যুহ। আপনার খুব তীক্ষ্ণ। কিন্তু তার সঙ্গে যৌক্তিকতা খুব বেশী মাত্রায় থাকবে। এবং যেকোন বিষয়ে আপনি দ্রুত জ্ঞানলাভ করতে পারেন।

সবরকম নতুন ধরনের বিষয়বস্তু আপনি পছন্দ করেন এবং কোনরকম প্রশ্ন না তুলে সনাতন পদ্ধতিকে মেনে নেওয়ার বিরুদ্ধে আপনি জেহাদ তোলেন।

আপনি পড়াশোনা করতে খুব ভালবাসেন এবং ইতিহাসের খুঁটি-নাটি আবিষ্কার করা আপনার প্রিয় এবং তথ্য ও দিন সম্বন্ধে আপনার স্মৃতিশক্তি অদ্ভুতভাবে সঠিক।

বাক্-শক্তি বা লেখনী দিয়ে আপনি অপরের ওপর অদ্ভুতভাবে প্রভাব বিস্তার করতে পারবেন।

আপনি যদি ইচ্ছাশক্তি বর্দ্ধিত করেন, তবে আপনি অত্যন্ত উচ্চপদে আসীন হয়ে আপনাকে গম্ভীর দায়িত্ব যাতে এমন কাজ নিতে হবে।

আপনি যদি আপনার মন্দ দিকটির দিকে বেশী হেলেন, তবে আপনার অনেক অসৎ সঙ্গী হবে, অযথা অর্থব্যয় করবেন, বেশী মদ খাবেন, জুয়া খেলবেন এবং নোংরা জীবনযাপন করবেন।

আপনি অপরের কাছ থেকে গভীর প্রেম ও অনুরাগ পাবেন কিন্তু আপনি স্নেহ-প্রীতির ব্যাপারে ভাবাবেগ-বিহীন হবেন ও একটু আড়ো-আড়ো ছাড়ো-ছাড়ো ভাব থাকবে।

আপনার একাধিক বিবাহ করবার সম্ভাবনা এবং পারিবারিক বহু ঝঞ্ঝাট আপনাকে পোহাতে হবে৮

আপনার প্রত্যুত্তরের দ্রুততা এবং কথা বার্তায় সরলতার জন্য আপনি শত্রুর সৃষ্টি করবেন। কিন্তু সবকিছু মিলিয়ে অপরের ওপর আপনার অপরিসীম প্রভাব থাকবে।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে আপনি নিজেই আপনার নিজের ভাগ্যাধিনায়ক। তবে সর্বপ্রথম আপনি সাফল্যের ওপরই জোর দেন।

আপনার ভগবৎদত্ত উচ্চ মানসিকতা আছে। তাকে যদি আপনি ঠিক পথে নিয়ে যান, তবে আপনি যথাযোগ্য উচ্চস্থানে আরূঢ় থাকবেন এবং আপনার উদ্দেশ্যের জন্য অর্থের কখনও অভাব হবে না। কিন্তু আপনি যদি এপ্রিল মাসের এই সমন্বয়ের নীচু দিকটিকে বেছে নেন, তবে মাদক দ্রব্য, মদ্য পান, দুশ্চরিত্র জীবনযাত্রা প্রভৃতির জন্য আপনার উচ্চমানসিকতাকে আপনি নষ্ট করে ফেলবেন এবং অনেকগুলো ভাল সুযোগ নষ্ট করবেন।

## স্বাস্থ্য

আপনার অতি সক্রিয় মস্তিষ্কের জন্য আপনার স্নায়ুমণ্ডলী সবসময়েই চড়া সুরে বাধা থাকবে। আপনি যদি নিজেকে সূক্ষ্ম কোন যন্ত্রের মত অনুধাবন করতে না পারেন তবে আপনি ক্লান্তিতে ভেঙ্গে পড়বেন। মাঝে মাঝে আপনার মুখের বা চোখের স্নায়ুগুলি দপদপ করবে এবং সেইগুলিই আপনি যে আপনার স্নায়ুমণ্ডলীকে বেশী উত্তপ্ত করতেন তারই নির্দেশ। আপনার অন্ত্র এবং পরিপাক যন্ত্র নিয়ে কষ্ট পাবার সম্ভাবনা আছে।

আপনার সবচেয়ে সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে '৫' এবং '৯' এবং তাদের যোগফল। যেমন ৫, ৯, ১৪, ১৮, ২৩ এবং ২৭। আপনার প্রয়োজনীয় এবং জরুরী পরিকল্পনাগুলি ওই দিনগুলিতে করতে চেষ্টা করুন।

আপনার চৌম্বকশক্তি বৃদ্ধি করবার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করবার জন্য পরিধেয় বস্ত্রে যতদূর সম্ভব হাল্কা রং ব্যবহার করুন। কিন্তু তাতে যেন একটু লালচে বা গোলাপী ভাব থাকে।

আপনার শুভরত্ন হচ্ছে হীরক, চুনী এবং সবরকম সাদা বা ঝকঝকে রং।

আপনার সবচেয়ে স্মরণীয় বছর হবে ৫, ৯, ১৪, ১৮, ২৩, ২৭, ৩২, ৩৬, ৪১, ৪৫, ৫০, ৫৪, ৫৯ ৬৩, ৬৮, ৭২ এবং ৭৭ বছর।

যারা বছরের যে কোন মাসেই হোকনা কেন যদি ৫, ১৪ বা ২৩ তারিখে জন্মে থাকেন তাদের প্রতি আপনার প্রচণ্ডরকম আসক্তি থাকবে।

## সপ্তত্রিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা এপ্রিল মাসের ৬, ১৫ এবং ২৪ তারিখে জন্মেছেন।
### এই মাসের ছয় সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত কোন একটি দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি অগ্নির প্রথম ঘরে ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্নে শুক্র এবং মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

এই শুভ সমন্বয় আপনাকে মনোরম স্বভাববিশিষ্ট দেয়, যা মঙ্গলের প্রাণশক্তি এবং দ্যোতনা দ্বারা পরিপুষ্ট হয়।

আপনার প্রধান প্রধান চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে উল্লিখিত এপ্রিল মাসে জাত ব্যক্তিদের মতই হবে।

আপনার স্বভাব হবে স্নেহ-প্রবল, উষ্ণ, উচ্ছ্বাসী, কামুক এবং বিপরীত লিঙ্গের প্রতি আপনার আসক্তিও থাকবে।

আপনি সামাজিক জটলায় খুব প্রিয় হবেন এবং যেখানেই যান না কেন বন্ধু করতে পারবেন। আপনি চরিত্রগতভাবে বদান্য স্বভাব বিশিষ্ট এবং

অপরের কাছ থেকে আবেদন আপনার মহানুভব চরিত্রকে সহজে দ্রবীভূত করে।

আপনি একটু বেশী খরচ করতে ভালবাসেন এবং গৃহে বা পারিপার্শ্বিকতায় একটু জাঁক-জমক দেখাতে ভালবাসেন। আপনার ইচ্ছে হচ্ছে খুব ভালভাবে বাঁচা, জীবনের সব আমোদ উপভোগ করা এবং আয়ের চেয়ে ব্যয় বেশী করা। আপনি অবশ্য অপরের বন্ধুবান্ধব এবং অপরের চেয়ে সৌভাগ্যশালী হবেন। কিন্তু আপনার উচিৎ হচ্ছে একটু দয়া-দাক্ষিণ্য কম দেখানো যাতে আপনার নিজের দারিদ্র না এসে উপস্থিত হয়।

আপনি হয়তো যুক্তির বদলে আবেগের বশীভূত হয়ে বিয়ে করবেন। কিন্তু অল্প বয়সে বিবাহ করলে সামঞ্জস্যের সম্ভাবনা কম। বয়স বাড়লে দ্বিতীয় বিবাহ আপনার পক্ষে শুভকর হবে।

আপনি শিল্পকলার কোন বিভাগে যেমন অঙ্কন, সঙ্গীত, মূর্তিগড়া, কবিতা বা সাহিত্যে সাফল্যলাভ করতে পারেন। থিয়েটার বা নৃত্যনাট্য আপনার খুব স্থির এবং এতেও আপনি নাম করতে পারেন।

আপনার অনেক বন্ধু-বান্ধব হবে। এবং আপনি অত্যন্ত জনপ্রিয় হবেন। কিন্তু তাদের মনোরঞ্জন করবার জন্য আপনি বড় বেশী সময় ও অর্থ নষ্ট করেন।

আপনি ভ্রমণ করতে খুব ভালবাসেন এবং অপর জাতির জীবনযাত্রা প্রণালী এবং সামাজিক রীতি সম্বন্ধে জানবার কৌতূহল আপনার বিশেষ থাকবে।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে জীবনের প্রথমভাগে অত্যন্ত ভাগ্যবান হবেন। কিন্তু অত্যন্ত অপব্যয়ী স্বভাবের জন্য এবং ভবিষ্যতের সংস্থান করেন না বলে আপনার দিন ফুরোবার অনেক আগে থেকেই অবস্থা বিপাকে পড়তে পারেন।

## স্বাস্থ্য

আপনার শারীরিক কাঠামো খুব মজবুত এবং যে কোন অসুস্থতা থেকে আপনি দ্রুত আরোগ্যলাভ করেন। কিন্তু গলা, নাক এবং কোনরকম দুর্বলতা বা ভীষণ মাথা ধরা থেকে আপনার ভোগবার সম্ভাবনা আছে।

আপনার সবচেয়ে প্রয়োজনীয় ও সৌভাগ্যশালী সংখ্যা ও তারিখ হচ্ছে '৩', '৬' এবং '৯' এবং তাদের যোগফল। যেমন, ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১,

২৪, ২৭ এবং ৩০ তারিখ। আপনার মূল্যবান পরিকল্পনাগুলি ওই তারিখগুলিতে করতে চেষ্টা করুন।

আপনার চৌম্বকশক্তি বাড়াবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে বৃহস্পতি, শুক্র এবং মঙ্গলের বর্ণ পরিধান করুন।

বৃহস্পতির বর্ণ হচ্ছে—বেগুনী রং।

শুক্রের বর্ণ হচ্ছে—নীল, হালকা নীল থেকে গাঢ় নীল।

মঙ্গলের বর্ণ হচ্ছে—লাল, ঘোর লাল এবং গোলাপী।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হচ্ছে ৬, ৯, ১৫, ১৮, ২৪, ২৭, ৩৩, ৩৬, ৪২, ৪৫, ৫১, ৫৪, ৬০, ৩, ৬৯ এবং ৭২ বছর।

যদি কেউ বছরের যে কোন সময়েই হোকনা কেন যদি এই '৩', '৬' বা '৯' সংখ্যা বা তার যোগফলে জন্মে থাকেন তবে তাদের প্রতি আপনি তীব্র আকর্ষণ বোধ করবেন।

## অষ্টত্রিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা এপ্রিল মাসের ৭, ১৬ এবং ২৫ তারিখে জন্মেছেন।
### এই মাসের সাত সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত কোন একদিনে জন্মগ্রহণ করে থাকেন, তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যাল্ডিন সংখ্যাতত্ত্বের প্রণালী অনুযায়ী আপনি অগ্নির প্রথম ঘরে ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্নে নেপচুন, চন্দ্র এবং মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন।

এই অদ্ভুত সমন্বয় আপনার চরিত্রকে রহস্যজনক করে তুলবে এবং এক অসাধারণ জীবন দেবে।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলী পূর্বে উল্লিখিত এপ্রিল মাসে জাত ব্যক্তিদের মতই হবে, তবে আপনার ক্ষেত্রে সব কিছুই বর্দ্ধিত হবে।

আধিভৌতিক, রহস্যজনক এবং গোপন সংস্থার প্রতি আপনি তীব্র আকর্ষণ বোধ করবেন এবং আত্মা ও আধিভৌতিক বিষয়ে আপনার তীব্র ভালবাসা থাকবে এবং কোনরকম বাদ্যযন্ত্র আপনি খুব ভাল বাজাবেন।

আপনার আবেগ এবং বোধ অতি গভীর হবে এবং ধর্ম ও সামাজিক বিষয়ে আপনার মৌলিক ধ্যান-ধারণা থাকবে। আপনাকে যারা বুঝতে পারে না, তারা হয়তো আপনাকে একটু ছেমোটে বা মাথার স্ক্রু একটু আলগা আছে বলবে। তবে যে কোন বাধাতেই আপনি হরষিত মনে নিজের পথ বেয়ে চলবেন।

আপনার ভ্রমণ করবার সুতীব্র বাসনা থাকবে এবং জন্মস্থান থেকে বহু দূরদেশে আপনার যেতে ইচ্ছে করবে। আপনার সবচেয়ে দোষ হচ্ছে চঞ্চলতা এবং ক্রমাগত পারিপার্শ্বিক বদল করবার প্রবণতা।

কোনরকম শিল্পসম্মত কাজে আপনি অত্যন্ত সাফল্য অর্জন করতে পারেন বা উদ্ভাবনী কল্পনাশক্তির প্রকাশ পায় তাতেও প্রচুর খ্যাতি পেতে পারেন। সাধারণ ব্যবসাতে আপনি বহুবার পরিবর্তন করবেন। কিন্তু গতানুগতিক কোন রুটিনের মধ্যে থাকা আপনার স্বভাববিরুদ্ধ।

এই সময়ে জন্মগ্রহণ করলে নেপচুনের প্রভাবে ভাবালুতা বেশী থাকে যা জাগতিক বস্তুতান্ত্রিক ব্যাপারে কোন কাজে লাগে না। তাই জন্য সাধারণভাবে প্রচলিত জীবনযাত্রা আপনি মেনে চলতে পারেন না।

কোন মানব দরদী প্রতিষ্ঠানের সংগঠনে আপনার আগ্রহ থাকতে পারে এবং সেই ধরণের কোন জাতীয় বা রাজনৈতিক প্রতিষ্ঠানে যুক্ত থাকলে আপনার ভাল হবে।

আপনার সঙ্গে যোগাযোগে অনেক লোক আসে। তাদের অনেকের প্রতি আপনার তীব্র বিরোধের সৃষ্টি হয় এবং এই ভুল বোঝাবুঝি এড়াবার জন্য আপনার এই জিনিসটিকে নিয়ন্ত্রণ করতে চেষ্টা করা উচিৎ।

## অর্থভাগ্য

অর্থভাগ্য সম্বন্ধে আপনার ভাগ্য একটু অদ্ভুত। প্রায় সবসময়েই অর্থের ব্যাপারে অনিশ্চয়তা এবং উত্থান-পতন চলবে। কিন্তু সময়ে সময়ে আপনার আবিষ্কারধর্মী পরিকল্পনা দিয়ে প্রচুর অর্থ রোজগার করতে পারেন।

আপনি অপর লিঙ্গের ব্যাপারে এক স্বপ্নময় এবং অবাস্তব দুনিয়া সৃষ্টি করে নেবেন এবং প্রচুর হতাশার সম্মুখীন হবেন। আপনার সবরকম ফাটকা এবং জুয়াখেলা থেকে সরে থাকা উচিৎ।

### স্বাস্থ্য

আপনার চেহারার বহুবার পরিবর্তন হবে এবং পারিপার্শ্বিকের প্রভাব আপনার ওপর অপরিসীম। আপনার প্রায়ই ঠাণ্ডা লাগবে, সর্দি জ্বর হবে, ইনফ্লুয়েঞ্জা হবে, ম্যালেরিয়া হবে এবং আপনার শরীরের ওপর একটু বেশী চাপ পড়লেই অসুস্থ হয়ে পড়বেন।

আপনার সবচেয়ে প্রয়োজনীয় ও শুভ তারিখ ও সংখ্যা হচ্ছে '৭' ও '২' এবং তাদের যোগফল। যেমন, ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ এবং ২৯।

আপনার প্রয়োজনীয় পরিকল্পনা এবং বিশেষ দরকারী কাজগুলি উপরোক্ত দিনগুলিতে করতে চেষ্টা করুন।

আপনার সৌভাগ্যশালী রং হচ্ছে নেপচুন, চন্দ্র এবং মঙ্গলের রং।

নেপচুন—সবরকম ধোঁয়াটে এবং বৈদ্যুতিক রং।

চন্দ্র—সবরকম সবুজ, ঘিয়োলো এবং সাদা রং!

মঙ্গল—সবরকম লাল, ঘোর লাল এবং গোলাপী রং।

আপনার জীবনে সবচেয়ে স্মরণীয় বছর হচ্ছে ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫, এবং ৭০ বছর।

যদি কেউ বছরের যে কোন মাসেই হোকনা কেন এই '২' বা '৭' এর ঘরে জন্মে থাকেন, তাদের প্রতি আপনি তীব্র আকর্ষণবোধ করেন। যারা ১, ১০, ১৯ বা ২৮ তারিখে জন্মেছেন, তাদের প্রতিও আপনার মনের ..শ টান থাকবে।

## ঊনচত্বারিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা এপ্রিল মাসের ৮, ১৭ এবং ২৬ তারিখে জন্মেছেন।
### এই মাসের আট সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোনদিন জন্মগ্রহণ ক'রে থাকেন যেমন ৮ বা ১৭ এপ্রিল, তবে জ্যোতিষশাস্ত্র মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুযায়ী আপনি অগ্নির প্রথম ঘরে ধনাত্মক মঙ্গলের মেষ চিহ্নে শনি এবং ধনাত্মক মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন। কিন্তু আপনি যদি ২৬শে

এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনার পারিপার্শ্বিক ভাবধারা এবং বৈশিষ্ট্য একদম অন্যরকম হবে কারণ তখন আপনি পৃথির প্রথম ঘরে শুক্রের বৃষ চিহ্নের অন্তর্গত প্রথম ৮-এর ঘরের লোক হচ্ছেন।

৮ বা ১৭ তারিখ শনি এবং মঙ্গলের স্পন্দনের সময় বলে এ যোগটা খুব একটা ভাল নয়, যদি না আপনার সব কাজে অত্যন্ত সতর্কতা এবং সাবধানতা অবলম্বন না করেন।

আপনার প্রধান প্রধান চারিত্রিক বৈশিষ্ট্য এবং ভাবধারা এপ্রিল মাসে জাত ব্যক্তিদের মতই হবে। কিন্তু আপনার ক্ষেত্রে সেগুলি বেশীভাবে প্রস্ফুটিত হবে।

আপনার জীবনের প্রথম ভাগে আপনার উচ্চাশাকে রূপ দেবার কাজে, আপনি বহু বাধা-বিঘ্নের সম্মুখীন হবেন। পারিবারিক বা আত্মীয়ের জন্য আপনার জীবন আটকে থাকবে এবং বহু লোকের দায়িত্ব বা ভরণ পোষণের দায়িত্ব আপনাকে নিতে হবে।

আপনার উচ্চাকাঙ্ক্ষা খুব প্রবল হবে এবং অবস্থার সঙ্গে আজীবন লড়াই করতে হবে। কিন্তু আপনার সবচেয়ে বড় সম্পদ হচ্ছে আপনার অসীম দৃঢ়তা এবং লেগে থাকবার ক্ষমতা।

ব্যবসায়ে বা বিবাহে সঙ্গী-সাথীর সঙ্গে যোগাযোগ খুব বেশী সৌভাগ্যপ্রদ হবে না, বিশেষ করে প্রথম জীবনে। এতে আপনি প্রচুর প্রতিকূলতা পাবেন এবং অসুখী হবেন। জীবনের পরবর্তীকালে অংশীদারদের সঙ্গে সম্পর্কে এলে তা ভালো হবে এবং বিবাহ করলেও অপেক্ষাকৃত তা শুভপ্রদ হবে।

নতুন কোন কারখানা সংস্থাপন বা ব্যবসাকে আরও বৃহত্তর পরিসরে নিয়ে যাবার জন্য আপনার চমৎকার পরিকল্পনা এবং জ্ঞান থাকবে। কিন্তু আপনার মতের সঙ্গে মিলবে এমন কাউকে পাওয়া আপনার পক্ষে শক্ত হবে।

আপনি সবসময়েই সব জিনিস বৃহদাকারে করতে যাবেন এবং আপনার দৃঢ়তা, সবল ইচ্ছাশক্তি এবং ধৈর্য শেষ পর্যন্ত আপনার কল্পনাকে রূপদানে সহায়তা করবে।

অর্থের প্রতি আপনার প্রীতি থাকবে, কারণ অর্থ ছাড়া কিছু করা যায় না বলে। কিন্তু দারিদ্রকে আপনি ভয় পান, ফলে শুধুমাত্র বাইরে থেকে বিচার করে আপনাকে অনেকে কিপটে বা নীচু মনে করতে পারে।

আপনি মেলামেশায় নিজেকে কখনও খুলে মেলে ধরেন না, অপরকে সহজে বিশ্বাস করেন না এবং অপরিচিতদের মনে মনে সন্দেহই করে থাকেন।

সঞ্চয় করবার প্রকৃতি আপনার জন্মগত, স্যুটকেস বা আলমারীতে এমন সব জিনিস ভরে রেখে দেন, যা হয়তো জীবনে কখনও ব্যবহার করবেন না।

যারা ৮ বা ১৭ এপ্রিল জন্মগ্রহণ করেন, তাদের মধ্যে অনেক বড় বড় ডাক্তার, সার্জেন, বৈজ্ঞানিক, রসায়নবিদ এবং বড় বড় সংগঠক জন্মগ্রহণ করে থাকেন।

আপনি যদি ২৬শে এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি আগত চিহ্ন ধনাত্মক শুক্রের বৃষ চিহ্নের অধীনে পড়েন এবং পূর্ব উল্লিখিত চরিত্রাবলী শুক্রের প্রভাবে অনেকখানি কোমল হয়ে পড়বে। যদি আপনাকে কেউ বাধা দেয়, তবে আপনার মতের প্রতি আনুগত্য দেখাবার জন্য আপনি আমৃত্যু সংগ্রাম করে যাবেন। কিন্তু যখন যুদ্ধ শেষ হবে, তখনই আপনি আপনার শত্রুকে ক্ষমা করবেন এবং গরম গরম বাক্য ব্যবহার করবার জন্য নিজেই লজ্জিত হবেন।

অপরের সঙ্গে কথাবার্তায় আপনি খুব বেশী ধৈর্যের পরিচয় দিতে পারেন না এবং একটু উত্তেজিত হলেই আপনার মেজাজ হারিয়ে ফেলেন।

জীবনে বহুবার আপনাকে আইন-আদালতের সম্মুখীন হতে হবে। সাধারণভাবে উকিল ব্যারিস্টার সম্বন্ধে আপনার অভিজ্ঞতা খুব মধুর হবে না এবং এসব ক্ষেত্রে নিজের লড়াই আপনি যদি নিজেই করেন তবে সবচেয়ে ভাল হয়।

জীবনের মধ্যভাগ পর্যন্ত আর্থিক ব্যাপারে আপনাকে সৌভাগ্যশালী কিছুতেই বলা যায় না, তবে যখন আসবে তখন পূর্বকার সব অভাব ধুয়ে মুছে দেবে। বৃষ চিহ্নের দ্বৈতভূমির শুরু হচ্ছে ১৯শে এপ্রিল থেকে পৃথিবীর প্রথম ঘর যার অধিপতি শুক্র, ফলে জমিজমা সংক্রান্ত কাজে জমি-জমাকে উন্নত করে এবং বিষয় সম্পত্তির ব্যাপার আপনার পক্ষে বেশ ভাল হবে। শুক্রসূচীত সবরকম কাজই আপনার পক্ষে মঙ্গলজনক হবে। যে কোন গন্ধদ্রব্য প্রস্তুত করা, ফুল গাছ বা চারার ব্যবসা করা। এ ছাড়াও সঙ্গীত, চিত্রকলা এবং সজ্জা সম্বন্ধীয় যে কোন ব্যাপার আপনার খুব প্রিয় হবে।

আপনার সবচেয়ে বড় দোষ হচ্ছে সবরকম কার্যধারা, চিন্তাধারায় বাড়াবাড়ি। সবসময়ই সব জিনিসই বিরাটভাবে করবার ইচ্ছা এবং একটু গোঁয়ার্তুমি করা।

সত্যি সত্যি কখন আত্মসমর্পণ করা উচিত তা না জানা এবং আঘাত পেয়ে পেয়েও শিক্ষালাভ না করা যে অনেক জিনিস মাঝে মাঝে ছেড়ে দিতেও হয়।

আপনি যদি ২৬শে এপ্রিল জন্মগ্রহণ করেন, তবে আপনার জীবন পরস্পর-বিরোধীতায় ভরা থাকবে। কারণ এই সময়টি হচ্ছে ধনাত্মক মঙ্গলের শেষ আর ধনাত্মক শুক্রের শুরু। মধ্যিখানে শক্তিশালী শনিগ্রহ। আপনার জীবন সত্যিই ঘটনাবহুল হবে এবং আপনার পরিকল্পনায় রূপ দিতে গিয়ে আপনাকে বহু বাধা-বিঘ্নের সম্মুখীন হতে হবে।

## অর্থভাগ্য

আপনার দৃঢ়বদ্ধভাবে লেগে থাকবার ক্ষমতা এবং গোঁয়ার্তুমি বিশেষ, কিন্তু খুঁব কম লোকই, যদি কাউকে সত্যি পান, আপনার সঙ্গে একসঙ্গে কাজ করতে পারবে।

আপনার নিজের ভাগ্যের অধিকর্তা আপনি নিজে হবেন। কারণ অপরের কাছ থেকে সাহায্য, আপনি খুব কমই পাবেন। কিন্তু এমন কোন কারণ নেই যাতে আপনি জীবনে সাফল্যমণ্ডিত হবেন না বা ধনশালী হবেন না।

## স্বাস্থ্য

আপনি যদি ৮, ১৭, বা ২৮ এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন, তবে স্বাস্থ্যের ব্যাপারে আপনার অদ্ভুত অভিজ্ঞতা হবে। যেমন ভুল চিকিৎসা, ভুল ওষুধ দেওয়া ইত্যাদি ইত্যাদি।

আপনার উচিৎ হচ্ছে সবরকম মাদক দ্রব্য, মদ বা উত্তেজক পানীয় থেকে নিজেকে দূরে রাখা। খাওয়া সম্বন্ধে আপনার লক্ষ্য রাখা উচিৎ এবং আন্ত্রিক গোলযোগ সম্বন্ধে সাবধান হওয়া উচিৎ। তা নইলে শরীরে বিষক্রিয়া, কার্বাঙ্কল, চর্মরোগ, কোষ্ঠকাঠিন্য এবং রক্ত সংক্রান্ত অদ্ভুত কোন ব্যাধি আপনার হতে পারে।

আপনার ওপর দিয়ে অনেকবার অপারেশন হবে। বিশেষ করে থুতনি, দাঁত এবং মাথার হাড়। খুব ছোটবেলায় আপনার টনসিল কাটা হবে এবং নাক, গলা, কান এবং ফুসফুস সম্বন্ধীয় দুর্বলতা আপনার থাকবে।

আপনি দেখবেন যে আপনার জীবনে '৪' এবং '৮' সংখ্যাটি বারবার ঘুরে ঘুরে আসছে, যেমন ৪, ৮, ১০, ১৭, ২২, ২৬ এবং ৩১ তারিখটি। আমি

ইচ্ছে করে এই দিনগুলি বা সংখ্যাগুলিকে ব্যবহার করা থেকে আপনাকে বিরত করতে চাইছি, তবে চলার পথে যদি এসেই পড়ে, তবে ব্যবহার করুন।

আপনি যদি এপ্রিল মাসের শেষের দিকে জন্মগ্রহণ করে থাকেন যেমন ২৬শে এপ্রিল, তবে যতদূর সম্ভব শুক্রের সংখ্যা ব্যবহার করুন। যেমন ৬, ১৫, ২৪ এবং রবির সংখ্যা ১, ১০, ১৯ এবং ২৮।

আপনার চৌম্বকশক্তি বর্দ্ধিত করবার জন্য যতদূর সম্ভব রবির বর্ণ ব্যবহার করুন। তারপরে শুক্র এবং মঙ্গলের বর্ণ।

রবির বর্ণ—সবরকম সোনালী, হলদে, কমলা, সোনালী বাদামী এবং ব্রোঞ্জ।

শুক্রের বর্ণ—সবরকম নীল, বিশেষ করে স্যাফায়ারের রং।

মঙ্গলের বর্ণ সবরকম লাল, গোলাপী ঘন লাল।

আপনার শুভ রত্ন হচ্ছে হীরক, টোপাজ, এ্যাম্বার, চুনী, গার্নেট, লাল পাথর, স্যাফায়ার এবং পান্না।

আপনার জীবনের স্মরণীয় বর্ষ হচ্ছে ৪, ৮, ১৩, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭, ৭১, ৭৬ এবং ৮০ বছর।

যদি কেউ বছরের যে কোন মাসেরই হোক না কেন '৪' বা '৮' তারিখে জন্মগ্রহণ করে থাকে যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১ তারিখে, তবে তাদের প্রতি আপনি এক সহজাত আকর্ষণ বোধ করবেন এবং ৬ এপ্রিল জন্মগ্রহণ করলে যারা ৬, ১৫ ২৪ তারিখে জন্মগ্রহণ করেছেন তারাও আপনাকে টানবে।

যে ব্যক্তিরা ৪টি বিশিষ্ট সময়ে জন্মগ্রহণ করেছেন যেমন এপ্রিল, জুলাই, অক্টোবর এবং ২২শে ডিসেম্বর থেকে ২৯শে ফেব্রুয়ারী তবে '৪' এবং '৮' সংখ্যার লোকেরা দেখবেন যে বছরের অন্যান্য মাসে জাত ব্যক্তিদের চেয়ে তাদের জীবনে ৪ এবং ৮ সংখ্যার গুরুত্ব অনেক বেশী।

## চত্বারিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা এপ্রিল মাসের ৯, ১৮ এবং ২৭ তারিখে জন্মেছেন।
### এই মাসের নয় সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোন একদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষমতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুযায়ী আপনি ধনাত্মক মঙ্গলের ঘরে মঙ্গলের স্পন্দনে জন্মগ্রহণ করেছেন। আপনি যদি ২৭শে এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি আগত চিহ্ন শুক্রের প্রভাবে পড়বেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং ভাবধারা মোটামুটি এপ্রিল মাসের জাতকের মতই হবে।

আপনার বিশেষ ক্ষেত্রে যদি আপনি ৯, ১৮ বা ২৭ তারিখে জন্মগ্রহণ করে থাকেন, তবে গুণগুলি বিশেষভাবে বিকশিত হবে।

আপনি চিন্তায় এবং কার্যে অত্যন্ত স্বাধীনচেতা হবেন এবং আপনার স্বাধীনতা খর্ব করে কেউ কোন বিধিনিষেধ দিতে এলে আপনি তা ভীষণভাবে অপছন্দ করবেন। আপনি আপনার মতামত বড স্পষ্টভাবে ব্যক্ত করেন, অপরে তাতে কিছু মনে করতে পারে কিনা একবারও ভাবেন না।

আপনার মেজাজ হঠাৎ গরম হয়ে ওঠে, সবসময় একটা যুদ্ধং দেহী মনোভাব থাকে এবং চট করে তৎকালীন আবেগের বশবর্তী হয়ে বিবাদ বা তর্কযুদ্ধ করেন।

সবরকম খেলাধূলাই আপনার প্রিয় এবং সবসময়েই এ্যাডভেঞ্চারের খোঁজ করেন। বিপদে আপনি ভয় পান না এবং সবসময় লড়াই করবার মনোবৃত্তি থাকে বলে বহুবার আপনাকে মৃত্যুর মুখোমুখি হতে হবে। সবরকম সামরিক কাজেরই আপনি উপযুক্ত এবং যুদ্ধে যাবার যদি সুযোগ পান তো কয়েক মুহূর্তের মধ্যেই আপনি তৈরী হয়ে নিতে পারবেন।

আপনি জীবনে চলার পথে বহুবার দুর্ঘটনার সম্মুখীন হবেন এবং কাটা ক্ষত, বিস্ফোরণ, আগ্নেয়াস্ত্র এবং সার্জেনের কাঁচি ছুরির সম্মুখীন আপনাকে বহুবার হতে হবে। চোখ, মুখের উপরিভাগে এবং মাথায় আপনার আঘাত লাগবার সমধিক সম্ভাবনা। আপনি বহির্জীবন ভালবাসবেন এবং সবরকম

খেলাধুলা আপনার ভাল লাগবে। আপনি জন্তু জানোয়ারদের খুব ভালবাসবেন তবে তাদের কাছ থেকে বিপদেরও সমধিক সম্ভাবনা আপনার রয়েছে।

আপনি সহজে কারুর কাছেই বশ্যতা স্বীকার করবেন না এবং সেইসব বৃত্তিতে আপনি সর্বাপেক্ষা বেশী সাফল্য অর্জন করবেন যেখানে নিজের মনিব আপনি নিজেই হতে পারেন।

আপনার মধ্যে প্রবল চৌম্বকশক্তি থাকবে। বিপরীত লিঙ্গের কাছে খুব প্রিয় হবেন, এবং সাধারণের চেয়ে প্রেম এবং রোমান্সের ব্যাপার আপনার জীবনে বেশী ঘটবে।

আপনার উপরোক্ত প্রবণতাগুলি থাকলেও আপনার বিবাহিত জীবন সুখের হবে যদি আপনি তেমন কাউকে পান, যিনি আপনার দোষগুলিকে ক্ষমা ঘেন্না করে আপনার গুণের দিকেই বেশী দেখবেন।

মাঝে মাঝে আপনি মাতাল হয়ে পড়তে পারেন, কিন্তু তা সত্যিকারের সুরার ওপর আসক্তির চেয়ে সামাজিকতা আপনার প্রিয় হবে বলে।

## অর্থভাগ্য

সবরকম বৃহৎ শিল্পে, ব্যবসা সংস্থায় বা অপরের অধীনে কাজ করে আপনার প্রচুর অর্থ সঞ্চয়ের যোগ রয়েছে। যে কোন বিপদেই আপনি পড়ুন না কেন, তার থেকে আপনার আত্মবিশ্বাস এবং দৃঢ়তার জন্য বেরিয়ে এসে নিজের পথেই চলতে পারবেন। আপনি নির্ভীক এবং সাহসী। কিন্তু একটু বেশী গোঁয়ার। যা হয়তো আপনার নিজের পক্ষে সবসময় খুব মঙ্গলজনক হবে না। আপনি যা কিছুই করতে যান না কেন বিরাটভাবে তাতে ঝুঁকি নেবেন। আপনি জীবনকে বাস্তব দৃষ্টিভঙ্গী দিয়ে না দেখে জুয়া হিসাবে কল্পনা করেন। সাধারণভাবে জীবনের বেশীরভাগ সময়েই ভাগ্য আপনার সহায় হবে।

## স্বাস্থ্য

আপনার শারীরিক কাঠামো খুব মজবুত হবে এবং প্রচুর প্রাণ শক্তি থাকবে। আপনি যে কোন অসুখ থেকেই দ্রুত আরোগ্যলাভ করবেন। আপনার সবচেয়ে বিপদের সম্ভাবনা হচ্ছে সবরকম দুর্ঘটনা থেকে। বিশেষ করে আগ্নেয়াস্ত্র, আগুন, বিস্ফোরণ এবং রাস্তায় কোন বিপদ।

এছাড়া আপনার রক্তচাপ বৃদ্ধি, হৃদযন্ত্রের অসুখ এবং সন্ন্যাস রোগের প্রবণতা রয়েছে।

আপনার সবচেয়ে সৌভাগ্যজনক সংখ্যা হচ্ছে '৯' এবং '১' এবং তাদের সমস্ত যোগফল। যেমন, ১, ৯, ১০, ১৮, ১৯, ২৭ এবং ২৮।

আপনার চৌম্বকশক্তি বর্দ্ধিত করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে বা তার কোন অংশে রবি বা মঙ্গলের বর্ণ ব্যবহার করুন।

মঙ্গলের বর্ণ—সবরকম লাল, গোলাপী এবং ঘোর লাল।

রবির বর্ণ—সবরকম সোনালী, হলুদ, কমলা, ব্রোঞ্জ বা সোনালী বাদামী।

কিন্তু আপনি যদি ২৭শে এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন তবে এর সঙ্গে শুক্রের বর্ণ যোগ করুন। সবরকম নীল হালকা থেকে ঘন।

আপনার শুভরত্ন হচ্ছে চুনী, গার্নেট, লাল পাথর, হীরক, টোপাজ এবং এ্যাম্বার। যদি ২৭শে এপ্রিল জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি এছাড়াও টারকুইজ এবং সবরকম নীল পাথর ব্যবহার করতে পারেন।

আপনার জীবনের সবচেয়ে স্মরণীয় বছর হবে ৯, ১৮, ২৭ ৩৬, ৪৫, ৫৪, ৬৩ এবং ৭২ বছর।

যদি কেউ বছরের যে কোন মাসেই হোক না কেন যদি '১' বা '৯' সংখ্যা বা তাদের সম্মিলিত যোগফলে জন্মগ্রহণ করে থাকে, তবে তাদের প্রতি আপনি এক অতি তীব্র আকর্ষণবোধ করবেন। যেমন ১, ১০ ১৯, ২৮ এবং ৯, ১৮ ও ২৭ তারিখ।

## এক চত্বারিংশ পরিচ্ছেদ

### মে মাসে জন্মগ্রহণ করলে সাধারণ ফল—চরিত্র, ভাবধারা, অর্থভাগ্য, চিন্তাধারা এবং স্বাস্থ্য—

জ্যোতিষ্ক মণ্ডলীর বৃষ চিহ্নটি যা মে মাসের ওপর কর্তৃত্ব করে, সুরু হয় ১৯শে এপ্রিল থেকে, কিন্তু সাতদিন পূর্ববর্তী গ্রহের প্রভাব থাকে বলে ২৬শে এপ্রিলের আগে পূর্ণবলী হ'তে পারে না। এই সময় থেকে ২০শে মে অবধি পূর্ণশক্তিমত্তার সঙ্গে বিরাজিত থেকে পরবর্তী ৭ দিনে ক্ষমতা হারাতে হারাতে মিথুনকে কর্তৃত্ব প্রদান করে, যার অধিপতি হচ্ছেন বুধ ( সক্রিয় )।

এ সময়ে যাঁরা জন্মগ্রহণ করেছেন তাঁরা বৃষ চিহ্নের অধীন, যাকে শুক্রের ( সক্রিয় ) ঘরও বলে। এটি স্থির রাশি এবং ত্রিগুণাত্মক পৃথির প্রথম ঘর।

নামকরণ থেকেই বোঝা যায় যে এই যোগ স্থিতধী সবল চরিত্র উদ্দেশ্যের পেছনে গভীরভাবে লেগে থাকবার ক্ষমতা এবং প্রচণ্ড গোঁয়ার্তুমি দেয়। যাঁরা ২১শে মে'র পর জন্মগ্রহণ করেছেন, তাঁদের মধ্যে ওই গোঁয়ার ভাবটা অনেক কমে যায় কারণ তাঁরা আগত চিহ্ন মিথুনের ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের প্রভাবে পড়েন। মে মাসের আগেকার দিকের জাতকদের ফলে অনেকবেশী বস্তুতান্ত্রিক গুণাবলী থাকে। ভাবধারার দিক থেকে এই চিহ্নটি নানান দিক থেকে পরস্পর বিরোধী।

এই সময়ে যাঁরা জন্মগ্রহণ করেছেন, যেমন ১৯শে এপ্রিল থেকে ২০ মে এবং কম করে ২৭শে মে অবধি, তাদের মধ্যে বৃষের সবরকম প্রভাব থাকে। যেমন, একটু বেশী সব জিনিস নিয়ে নাড়াচড়া করেন এবং ধৈর্যশীল, ভীষণ ক্ষেপে ওঠেন, যদি রেগে যান বা তাঁদের প্রতি কোনরকম অন্যায় হয়।

এঁরা কখনোই নতি স্বীকার করেন না এবং অনেক সময় লোকে এঁদের গোঁয়ার বা মাথা মোটা বলে। কিন্তু যদি কখনও এঁদের জীবনে ভালবাসা আসে, তবে সবশ্রেণীর চেয়ে এঁরা সহজেই আচ্ছন্ন হন। তবে কেবলমাত্র যাঁরা তাঁরা keehit ভালবাসার উদ্রেক করেছেন তাঁর কাছে।

এঁদের শারীরিক এবং মানসিক সহ্যশক্তি অপরিসীম এবং যতদিন এঁদের দৃঢ়তা থাকে ততদিন এঁরা যে কোনরকম কষ্ট সহ্য করতে পারেন।

এঁরা অত্যন্ত সামাজিক, এবং বন্ধুবান্ধব বা ভালবাসার পাত্রদের আমন্ত্রণ করে তাদের তদারকি করে আনন্দ যত পান তত আনন্দ এঁরা আর কিছুতেই পান না। আদর আপ্যায়ন করতে এঁদের তুলনা মেলা ভার, খাদ্য সম্বন্ধে এঁদের রুচি অতি চমৎকার, দরকার পড়লে চমৎকার রাঁধুনীও বনে যেতে পারেন। গৃহসজ্জার ব্যাপারে এঁদের শৈল্পীক অনুভূতি অত্যন্ত সূক্ষ্ম। আসবাব পত্র সাজাবার ধরণধারন একেবারে নিখুঁত, এবং অল্প খরচায় চমৎকারভাবে সবকিছু সাজিয়ে ফেলতে পারেন। নাটকীয় ভাবে পোষাক পরিচ্ছদ পরবার দিকে একটা ঝোঁক থাকে। এবং যে কোন ভূমিকায় এঁদের ফেলে দেওয়া হোক না কেন, চমৎকারভাবে সেই ভূমিকায় উত্তীর্ণ হয়ে আসতে পারেন।

সাধারণভাবে এঁদের যে টাকা আছে লোকেরা তারচেয়ে এঁদের ধনী

বলে ভাবেন এবং এঁরা যা কিছুই করুন না কেন লোকদেখানো ভাব তার মধ্যে একটু থাকে।

এঁরা সচরাচর ভাবাবেগ এবং ইন্দ্রিয়ানুভূতি দ্বারা চালিত হ'য়ে থাকেন। কিন্তু কাম অপেক্ষা প্রেম এঁদের কাছে বেশী আদৃত। এই সময়ে জাত ব্যক্তিদের সচরাচর চওড়া বুক, বৃষ স্কন্ধ এবং চওড়া কপাল থাকে। মেয়েদের বিশাল বক্ষ এবং সাধারণভাবে ছোট হাত আর ছোট পা হয়।

পুরুষ বা রমণী সব ক্ষেত্রেই প্রেম তাঁরা অঢেল ভাবে ঢেলে দেন। তাঁরা যাঁদের ভালবাসেন তাঁদের কাছে কোনরকম ত্যাগস্বীকারই এঁদের কাছে বেশী বলে মনে হয় না। কিন্তু যদি ঘৃণা করেন তবে ষাঁড়ের মতই আমৃত্যু লড়াই করে যান।

সাধারণভাবে তাঁরা সম্মুখযুদ্ধ এবং ধর্মযুদ্ধ করতে যান ফলে প্রথম দিকে এঁরা হারতে থাকেন কিন্তু একবার রক্ত চড়ে গেলে আত্মসমর্পণ করা কাকে বলে এঁরা তা জানেন না।

পরিবেশের প্রভাব এঁদের ওপর অপরিসীম এবং হতাশ এবং বিষাদক্লিষ্ট হ'য়ে পড়েন, যদি খারাপ বা অসুখী পরিবেশে বাস করতে হয়।

এই চিহ্নের পুরুষ বা নারী যেই হোন্ না কেন তাঁদের কখনই সকাল সকাল বিয়ে করা উচিৎ নয়। কারণ তাঁদের প্রথম বিবাহ বা প্রথম প্রেম প্রায়শই ভুল হয়, কিন্তু তথাপি সাধারণভাবে ওঁরা দ্রুত বেড়ে ওঠেন এবং বিয়েও তাড়াতাড়ি করেন এবং পরে পস্তান।

এই সময়ের পুরুষ বা রমণী দুজনেরই স্নেহ প্রীতির ব্যাপারে ঈর্ষা অ'ত প্রবল, যার ফলে সময়ে সময়ে তাঁরা অনেক অযৌক্তিক কাজ করেন বা মেজাজ গরম করেন, পরে আবার মেজাজ ঠাণ্ডা হ'লে নিজেদেরই হাত কামড়ান।

একটু কোন রকমে অনুভূতিতে সুড়সুড়ি দিতে পারলে বা করুণা দেখালে এঁরা একেবারে গলে যান এবং তাঁদের চরিত্রের এই বিশেষ দিকটির প্রভাবে তাঁরা এমন কিছু করে বসেন, দুনিয়া যাকে বোকামী ভাবে।

নেতা হিসাবে যে কোন কাজে এঁরা ভালবাসা এবং ভক্তি পান এবং সময় সময় অনেক দায়িত্ব জোর করে এঁদের ওপর চাপিয়ে দেওয়া হয়।

এঁদের মধ্যে একটা সুসমছন্দ, তান, লয়, এবং বর্ণ সুষমা রয়েছে যার ফলে এঁরা সঙ্গীত, কবিতা এবং চারুশিল্পে প্রায়শঃ সাফল্য লাভ করেন, কিন্তু এঁদের টাকা-কড়ির দিকে ঝোঁকটা কম বলে এঁদের প্রতিভার সম্যক সদ্ব্যবহার

করতে পারেন না। শুধুমাত্র বিশিষ্ট কয়েক দিনের ব্যক্তি ছাড়া, যে বিষয় পরে বলা হয়েছে।

এই সময়ে যাঁরা জন্মেছেন তাঁরা অত্যন্ত বিশ্বস্ত এবং জনগণের উপকারী বন্ধু। সরকারী উচ্চপদস্থ কর্মচারী বা অধিকর্তা বা পদাতিক বা নৌবাহিনীতে বিশিষ্ট পদ অধিকার করে থাকতে এঁদের দেখা যায়। রোগী হিসাবে এঁরা ভাল আবার রোগীর শুশ্রূষা করতে বা রোগ নিরাময় করতেও এঁরা চমৎকার। সাধারণভাবে এঁদের প্রত্যেকের মধ্যেই ফল, ফুল উদ্যানের প্রতি ভালবাসা এবং বহির্জীবনের প্রতি একটা ঝোঁক থাকে।

## অর্থভাগ্য

এই সময়ে জন্মালে অন্ততঃ অর্থভাগ্য সাধারণভাবে বেশ ভাল হয়। জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়টি সমবায়, অংশীদারী প্রতিষ্ঠান এমন কি বিবাহ থেকে অর্থভাগ্য নির্দেশ করে।

এই সময়ের শুক্রের প্রভাব অবশ্য এঁদের সুন্দর প্রকৃতির ওপর অন্যায়ভাবে অপরের হস্তক্ষেপ নির্দেশ করে এবং অপরকে সাহায্য ক'রে কোন নিষ্ঠুর অ ভজ্ঞতা লাভ প্রায়ই হয়।

এই সময়ে যাঁরা জন্মগ্রহণ করেছেন তাদের মধ্যে অর্থ রোজগার এবং সঞ্চয় করবার গুণাবলী থাকে, কিন্তু এই প্রবৃত্তি নিজের স্বার্থের চেয়ে ভালভাবে থাকার জন্য এবং ভালবাসার পাত্রকে যাতে সাহায্য করতে পারেন তাই জন্যে হয়ে থাকে।

এ সময়ে যে মহিলারা জন্মগ্রহণ করেছেন তাদের বিবাহ ভালই হয় অন্ততঃ অর্থনৈতিক তো বটেই, তবে সচরাচর তাদের জীবনে একাধিক বিবাহ সংঘটিত হয়।

এ সময়ে জাত মহিলার মধ্যে যথেষ্ট ব্যবসা বুদ্ধি এবং সংগঠনী প্রতিভার পরিচয় পাওয়া যায়; যা এই শ্রেণীর প্রধান বিশেষত্ব।

দু শ্রেণীরই জমি-জমা সম্বন্ধীয় বিষয়, খনি এবং খনিজজাত বস্তু খনন তাঁদের ভাগ্যচক্রে খাপ খায় যেন বেশী। জমি-জমা সম্বন্ধে নক্সা তৈরী এমন কি বিষয় সম্পত্তির তদারকি যেমন হোটেল, রেষ্টুরেণ্ট এমনি ধরণের প্রচেষ্টাও তাঁদের পক্ষে সৌভাগ্যদায়ক এবং ফলবতী হয়।

## স্বাস্থ্য

এই সময়ে যাঁরা জন্মেছেন শুক্র তাঁদের অধিশ্বর এবং এত অদম্য প্রাণশক্তি প্রদান করেন, তা যদি যথাযোগ্য অপরের মঙ্গলের জন্য পরিচালিত না করা যায়, তবে ওই প্রাণশক্তি বিপথগামী হয়ে অনৈসর্গিক ভাবধারা এনে দেয়। এর ফলে, স্বাস্থ্যের পক্ষে চরম ক্ষতিকর হচ্ছে আলস্য এবং আত্মতুষ্টি সম্পন্ন মনোভাব। জীবনের শেষভাগে উদরী রোগ দেখা দিতে পারে। সেই কারণে খাদ্য সম্পর্কে প্রথম থেকেই সাবধান হওয়া উচিত। লিভার, কণ্ঠ এবং জনন যন্ত্র আক্রান্ত হবে, স্বাস্থ্য যখন ভেঙ্গে পড়বে। এই জাতকের সব বিষয়েই সংযম অভ্যাস করা উচিৎ এবং মদ, মাদক দ্রব্য বা অত্যন্ত মসলাযুক্ত খাদ্য সযত্নে পরিহার করা উচিত।

এই সময়ে জাত ব্যক্তিদের নাসিকা যন্ত্রের অভ্যন্তরে কোন রকম অসুখ এবং ফুসফুসের উপরিভাগের কোন অসুখে ভোগবার সম্ভাবনা থাকে। তাছাড়াও কণ্ঠ প্রদাহ, টনসিল, ডিপ্‌থিরিয়া, নাকে পলিপাস্‌ এবং সাইনাসে কষ্ট পেতে পারেন। অত্যন্ত পরিশ্রম করে হার্ট কমবেশী একটু দুর্বল থাকে, কোন যুক্তিসঙ্গত কারণ না থাকলেও এঁদের মধ্যে মূর্চ্ছার ভাব দেখা যায়, এবং হঠাৎ মাথায় রক্ত উঠে যাওয়া বা সন্ন্যাস রোগের প্রবণতা আছে। এঁদের চামড়া সহজেই ছড়ে যায় এবং আভ্যন্তরিক প্রদাহ বা টিউমার দেখা দিতে পারে বিশেষ করে যদি স্যাঁৎসেঁতে জায়গায় বা ভিজে আবহাওয়ায় বাস করতে হয়।

## বিবাহ, যোগাযোগ এবং পার্টনারশিপ

বিবাহ, যোগাযোগ, পার্টনারশিপ এঁদের সবচেয়ে ভালো হবে যাঁরা এঁদের নিজেদের জন্মমাসে জন্মেছেন অর্থাৎ এপ্রিল মাসের ১৯ থেকে মে মাসের ২০ তারিখের মধ্যে (বৃষ) পৃথির প্রথম ঘরে। ২১ আগষ্ট থেকে ২০ সেপ্টেম্বর (কন্যা), পৃথির দ্বিতীয় ঘর এবং ডিসেম্বরের ২১ তারিখ থেকে ২০ জানুয়ারী (মকর) পৃথির তৃতীয় ঘর এবং এই সময়গুলির আগের এবং পরের সাতদিন মিলন বিন্দুগুলি। এ ছাড়াও যাঁরা তাঁদের জন্ম সময়ের উল্টোদিকের ঘরে জন্মেছেন অর্থাৎ ২১ অক্টোবর থেকে ২০-২৭ নভেম্বর।

# দ্বাচত্বারিংশৎ পরিচ্ছেদ

## মে মাসের ১লা, ১০ই, ১৯ এবং ২৮শে তারিখে জাত ব্যক্তিরা এ মাসের এক সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত কোন দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ-শাস্ত্র এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মাবলীর মতে আপনি শুক্র এবং রবির স্পন্দনে, বৃষ চিহ্নে ত্রিগুণাত্মক পৃথির প্রথম ঘরে জন্মগ্রহণ করেছেন।

১, ০, ১৯ এবং ২৮ সংখ্যাগুলির যোগফল '১' অর্থাৎ যা সৃষ্টির আদি এবং প্রথম সংখ্যা রবিকে নির্দেশ করে, আপনি এক প্রচণ্ড শক্তিশালী সংমিশ্রণে জন্মেছেন, তা যদি ঠিক ভাবে বোঝা যায় বা প্রয়োগ করা যায়, তবে প্রভূত পরিমাণে সাফল্য আপনার করায়ত্ত হতে পারে।

২৮শে মে যদি আপনার জন্ম হয় তবে আগত চিহ্ন মিথুনের প্রভাব এসে পড়ে, যার অধিপতি বুধ (সক্রিয়) তবে আপনার মননশীলতা আরও তীক্ষ্ণ হয় মে মাসের অন্যান্য দিনে জন্মানোর চেযে।

আপনার চারিত্রিক গুণাবলী এবং বিশেষ ভাবধারা মে মাসে জাত ব্যক্তিদের ক্ষেত্রে পূর্বেই বলা হয়েছে।

আপনার বিশেষ ক্ষেত্রে সবল গুণাবলী আরও প্রকৃষ্টভাবে বিকশিত হবে।

আপনার নিজের উপর আস্থা খুব বেশী এবং আপনার সবরকম পরিকল্পনায় সৃষ্টিধর্মী মৌলিকতার সন্ধান পাওয়া যায়।

আপনি স্বভাবগতভাবে ধৈর্যশীল এবং নম্র, অবশ্য যদি আপনার কাছে কেউ অন্যায়ভাবে সুযোগ নিতে না চায়, কিন্তু ঈর্ষান্বিত হয়ে আপনি অত্যন্ত ক্রোধান্বিত হয়ে পড়তে পারেন। আপনার মেজাজ মাঝে মাঝে ভীষণ চড়ে উঠতে পারে।

আপনি কি করছেন সে বিষয়ে আপনার একটা পরিষ্কার ধারণা থাকে, কিন্তু কোন রকমে বাধাপ্রাপ্ত হলে বা সমালোচনার সম্মুখীন হলে আপনার নিজেকে ঠিক রাখা একটু কষ্টকর হয়।

যে কোন বৃত্তিতে যেখানে জনসমক্ষে আসতে হয় সেখানে আপনার সাফল্য সুনিশ্চিত, হাসপাতাল, প্রতিষ্ঠান বা বিরাট ব্যবসা পরিচালনার ক্ষেত্রে আপনার গুণাবলী প্রস্ফুটিত হয় খুব বেশী।

## অর্থভাগ্য

অর্থ সম্বন্ধে আপনি ভাগ্যবান, কিন্তু বিলাসিতা এবং অত্যধিক প্রাচুর্যপূর্ণ জীবনধারণের দিকে আপনার প্রবলতা থাকবে। ফাট্কার ব্যাপারে আপনি বিরাট ঝুঁকি নিতে যান এবং ব্যবসাও করতে যান বিশাল মাপে, কিন্তু সত্যি কথা বলতে কি আপনার সাফল্যের আশা দুরাশা নয়।

## স্বাস্থ্য

পরিকল্পনামত কাজ করতে গিয়ে অত্যন্ত বেশী পরিশ্রম করে অর্থব্যয় করেন সময় সময় আহার নিদ্রাও ভুলে গিয়ে। আপনার প্রধান অসুস্থতা মাঝে মাঝে যা দেখা দেবে তা হচ্ছে ফুসফুসে এবং বক্ষে অবহেলায় সর্দি বসে যাওয়া থেকে, কিন্তু খোলা হাওয়া আর সূর্য-স্নান এই সব উপসর্গ থেকে আপনাকে দূরে রাখবে।

আপনি যদি ২৮শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনার স্নায়ুমণ্ডলী অত্যন্ত বেশী সক্রিয় এবং উঁচু তারে বাঁধা থাকবে।

আপনার উচ্চাশা পূরণের সবচেয়ে শুভ দিনগুলি হচ্ছে, ১, ২, ৬, ১০, ১১, ১৫, ১৯. ২০, ২৪, ২৮ এবং ২৯শে।

আপনার চুম্বকশক্তি বর্দ্ধিত করার জন্য এবং নিজেকে আরও সৌভাগ্যশালী করার জন্য আপনার পরিধেয় বস্ত্রে বা যে কোনও অংশে আপনার প্রধান গ্রহগুলির বর্ণ ধারণ করুন।

রবি—সবরকম সোনালী, কমলা, ব্রোঞ্জ এবং সোনালী বাদামী।

চন্দ্র —সবরকম সবুজ, সাদা, এবং ক্রীম ( ঘি ) রং।

শুক্র—সবরকম নীল, হাল্কা থেকে ঘন।

আপনি যদি ২৮শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি বুধের বর্ণ ধারণ করতে পারেন, যা হচ্ছে সব রকম জলজলে রং।

আপনার সৌভাগ্যপ্রদ বর্ণ হচ্ছে হীরক, টোপাজ, এ্যাম্বার, মুনষ্টোন, জেড এবং টারকুইজ এবং ২৮শে মের জাতকদের জন্য সব রকম চকচকে রং।

আপনার জীবনের সবচেয়ে উল্লেখযোগ্য বা স্মরণীয় বছরগুলি হচ্ছে—১, ২ ৬, ১০, ১১, ১৫, ১৯, ২০, ২৪, ২৮, ২৯, ৩৩, ৩৭, ৩৮, ৪২, ৪৬, ৪৭, ৫১, ৫৫, ৫৬, ৬০, ৬৪, ৬৫ এবং ৬৯ বছর।

যারা এই সব সংখ্যারই জাতক, যেমন '১', '২' বা '৬' সংখ্যার যে কোন

জাতকই যে কোন মাসে জন্মগ্রহণ করে থাকুক না কেন এঁদের প্রতি প্রবল আকর্ষণ থাকবে এবং যদি ২৮শে মে জন্মে থাকেন তবে '৫' সংখ্যার জাতকদের প্রতিও আকর্ষণ থাকবে যেমন ৫ই, ১৪ই এবং ২৩শে।

## ত্রিচত্বারিংশৎ পরিচ্ছেদ

### মে মাসের ২, ১১, ২০ এবং ২৯শে জাত ব্যক্তিরা
### এ মাসের দুই সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোন দিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি চন্দ্র, নেপচুন এবং সক্রিয় শুক্রের স্পন্দনে বৃষ চিহ্নে ত্রিগুণাত্মক পৃথিব প্রথম ঘরের প্রভাব পাবেন। কিন্তু আপনি যদি ২৯শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘর মিথুন চিহ্নের প্রভাব পাবেন যাঁর অধিপতি হচ্ছে বুধ ( সক্রিয় )।

আপনার সাধারণ চারিত্রিক গুণাবলী এবং বৈশিষ্ট্য পূর্ববর্ণিত মে মাসের জাতকের মতই হবে।

তবে আপনার ক্ষেত্রে নম্র গুণাবলীগুলি আরও সুন্দরভাবে নিজেদের ব্যক্ত করবে। চন্দ্র আপনার ওপর এক বিশেষ প্রভাব ফেলবে, কারণ বছরের ওই সময়ে চন্দ্র তুঙ্গ ঘরে।

আপনি কল্পনাপ্রবণ, রোম্যান্টিক, শৈল্পিক দৃষ্টিভঙ্গি সম্পন্ন এবং আপনার আদর্শবাদীতা, রহস্যজনক বিষয়বস্তুর সম্বন্ধে জ্ঞানলাভের ইচ্ছা, আদিভৌতিক এবং আধ্যাত্মিক বিষয় বস্তু সম্বন্ধে প্রবল কৌতুহল থাকবে। এবং এসব নানাভাবে আপনার জীবনকেও প্রভাবিত করবে বেশ কিছুটা। আপনার প্রতিভা তার বিকাশের পথ খুঁজবে সাহিত্য, শিল্পকলা, সঙ্গীত এবং নাট্যশালাকে কেন্দ্র করে।

আপনার গৃহকে সুন্দর সুন্দর জিনিস দিয়ে আপনি সাজিত রাখতে চেষ্টা করেন, অসামঞ্জস্য পূর্ণ পরিবেশ আপনার স্পর্শকাতর হৃদয়ে ছায়া ফেলবে খুব বেশী।

আপনার বাসস্থানের পরিবর্তন হবে বহুবার, চঞ্চলপ্রকৃতির আপনি দূর পাল্লার ভ্রমণেও বেরিয়ে পড়তে চাইবেন বারংবার, কিন্তু আপনি চররাশি এবং পৃথিবী প্রথম ঘরে জন্মগ্রহণ করেছেন বলে বারংবার ভ্রমণ বা পরিবর্তনে আপনার ইচ্ছে থাকলেও সবসময়ে সফলকাম হবেন না, যদি না আপনি শেষের দিক অর্থাৎ ২০শে মে বা ২৯শে মে জন্মগ্রহণ করে না থাকেন।

অপরের ব্যথা বেদনায় আপনার করুণার উদ্রেক হয় অতি সহজেই এবং এই সব বিষয়ে সময় ব্যয় করার ফলে আপনার কর্মক্ষেত্রে বারবার বাধা পড়বে।

আপনার মানসিক গঠন অতি মনোরম, অচেনা লোকেরা সহজেই আকৃষ্ট হয় আপনার প্রতি খুব বেশী, এবং নতুন পরিবেশে আপনি খাপ খাইয়েও নিতে পারেন অনায়াসে। আপনার বন্ধুবান্ধব হবে অগুনতি। অত বেশী বন্ধু থাকা যা হয়তো আপনার নিজের পক্ষে মঙ্গল জনক হবে না, কিন্তু বিপরীত লিঙ্গের সঙ্গে বন্ধুত্বের ব্যাপারে আপনি সত্যিই ভাগ্যবান হবেন।

আপনার দৈবানুভূতি ( অর্থাৎ কি ঘটবে না ঘটবে ) হবে অত্যন্ত প্রবল এবং অনেক সত্যি সত্যি স্বপ্ন আপনি দেখবেন।

মাটির সঙ্গে যার সম্পর্ক আছে এবং এর থেকে উদ্ভূত সব রকম বস্তু আপনার পক্ষে মঙ্গলজনক হবে, কিন্তু অত্যধিক আনন্দের অনুসন্ধান, আত্মীয় বন্ধুদের ঘন ঘন ডেকে ডেকে খাওয়ানো এবং জীবনকে অত্যধিক ভোগ করবার প্রবৃত্তি থেকে নিজেদের সংযত রাখা উচিত।

কোনরকম বৈশিষ্ট্যপূর্ণ শিল্পী, লেখক বা আবিষ্কারক হিসাবে পরিগণিত হবার যোগ্যতা আপনার আছে এবং যা কিছুই আপনি করুন না কেন তা আপনার স্বকীয়তায় উজ্জ্বল হয়ে উঠবে।

## অর্থভাগ্য

অর্থসম্বন্ধে আপনাকে সময় সময় অদ্ভুত পরিস্থিতির সম্মুখীন হতে হবে। এখানেও প্রত্যাশিত অপেক্ষা অপ্রত্যাশিত ঘটনাই ঘটবে বেশী। মৌলিক পরিকল্পনা আপনার মগজে গজাবে যা অপর ব্যক্তির মতের সঙ্গে খাপ খাবে না। অপ্রচলিত ধারায় আপনি অর্থ উপার্জন করবেন। আবিষ্কারক, প্রচলিত পথ ছেড়ে বেড়িয়ে আসা এক লেখক, শিল্পী বা গায়ক হিসাবে আপনি অর্থ উপার্জন করবেন। প্রচলিত ছকে বাঁধা রুটীন হিসাবে কাজ করতে আপনার কোন আগ্রহই থাকবে না এবং অপরের সঙ্গে মিলিয়ে মিশিয়ে কাজ

করাও আপনার পক্ষে কষ্টকর। এই সময়ে যাঁরা জন্মগ্রহণ করেছেন তাঁদের অর্থ-ভাগ্য নানাভাবে পরস্পরবিরোধী। সময়ে সময়ে আপনার সবিশেষ সুসময় চলবে এবং পরেই এমন মন্দভাগ্য চলবে যে মনে হবে কোন কিছুই তখন ঠিক চলছে না। সব রকম ফাটকা বা জুয়াখেলা সম্বন্ধে আপনার সাবধান থাকা উচিৎ এবং অপব্যয়ের প্রবৃত্তি দমন করা উচিৎ। জনগণের সামনে আসতে হয় এমন কোনও জীবিকায় লিপ্ত থাকলে আপনার অর্থ রোজগারের সম্ভাবনা সমধিক।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ব্যাপারে, ভেতরে সর্দি বসে যাওয়া, ইনফ্লুয়েঞ্জা এবং ফুসফুসে এবং কণ্ঠে বহুদিন ধরে ঠাণ্ডা বসে থাকা থেকে—সাবধান থাকা উচিৎ। জীবনের মধ্যভাগ থেকে নাকের ভেতর কোনরকম অসুখ, সাইনাসের কষ্ট এবং কানে কোনভাবে একটু কম শুনতে পারেন।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ সংখ্যা হচ্ছে '২', '৭' এবং '৬' এবং এদের যোগফল। আপনার সব পরিকল্পনাগুলি এই সংখ্যা বা এদের যোগফলের সংখ্যায় করা উচিৎ যেমন, ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫ এবং ২৯।

যদি আপনি ২৯শে মে জন্মে থাকেন তবে ৫ সংখ্যাটি সমানভাবে গুরুত্বপূর্ণ হবে যেমন ৫, ১৪ এবং ২৩।

আপনার আকর্ষণ শক্তি বর্দ্ধিত করবার জন্য আপনার পরিধেয় বস্ত্র বা যে কোন অংশে আপনার প্রধান গ্রহগুলির বর্ণ ধারণ করুন যেমন—

চন্দ্র—সব রকম সবুজ, সাদা এবং ক্রীম রং।

শুক্র—সব রকম নীল।

নেপচুন—সব রকম ধোঁয়াটে রং এবং বৈদ্যুতিক বর্ণ।

যদি ২৯শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি এর সঙ্গে বুধের বর্ণও ধারণ করতে পারেন—সব রকম চকচকে, জলজলে রং।

আপনার সৌভাগ্যপ্রদ রত্ন হচ্ছে, সবুজ, জেড্, পান্না, মুনষ্টোন, বৈদূর্যমণি, মুক্তো, টারকুইজ এবং সব রকম নীল পাথর। এবং যদি ২৯শে মে জন্মে থাকেন এর সঙ্গে আপনি সব রকম জলজলে পাথরও ব্যবহার করতে পারেন।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ বয়সগুলি হচ্ছে, ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯, ৩৩, ৩৪, ৩৮, ৪২, ৪৩, ৪৭, ৫১, ৫২, ৫৬, ৬০, ৬১, ৬৫, ৬৯ এবং ৭০ বছর।

আপনি '১', '২' বা '৬' সংখ্যা এবং '৭' সংখ্যার লোকেদের দ্বারা খুব বেশী আকৃষ্ট হবেন, যেমন ১, ২, ৬, ৭, ১০, ১১, ১৫, ১৬, ১৯, ২০, ২৪, ২৫, ২৮ এবং ২৯ তারিখে যাঁরা জন্মেছেন তা যে কোন মাসেই হোক না কেন। এবং যদি ২৯শে মে জন্মে থাকেন তবে ৫, ১৪, এবং ২৩ তারিখে জাত ব্যক্তিরাও আপনাকে খুব টানবে।

## চতুশ্চত্বরিংশৎ পরিচ্ছেদ

### যাঁরা মে মাসের ৩, ১২, ২১ এবং ৩০ তারিখে জন্মেছেন।
### এই মাসের তিন সংখ্যার লোকেরা।

আপনি যদি উপরোক্ত যে কোনদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি বৃহস্পতি ও শুক্রের ( সক্রিয় ) স্পন্দনে, বৃষ চিহ্নে ত্রিগুণাত্মক পৃথির প্রথম ঘরে জন্মগ্রহণ করেছেন। যদি ৩০ মে জন্মগ্রহণ করে থাকেন তবে বুধের প্রভাবাধীনে ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের প্রভাব আপনার মধ্যে থাকবে।

এই যোগটি খুব সুন্দর এবং জীবনে আপনাকে প্রচুর সাফল্য দেবে যদি না আপনি শুক্র বা আপনার প্রেমের দিকটির প্রতি অতি আগ্রহশীল না হয়ে পড়েন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট্য এবং প্রধান গুণগুলি পূর্বে উল্লেখিত মে মাসের জাতকের মতই হবে।

তবে আপনার বিশেষ ক্ষেত্রে আপনার উচ্চাকাঙ্খাকে সমূহ রূপে রূপদান করতে সচেষ্ট হওয়া উচিৎ। এবং সামাজিক এবং ব্যবসায়িক জীবনে আপনার চেয়ে যারা বেশী গণ্যমান্য তাদের সঙ্গে সবসময় সম্বন্ধ রেখে চলা উচিৎ।

যে কোন রকম অবিচারের বিরুদ্ধেই আপনি বিদ্রোহ ঘোষণা করেন এবং নির্যাতিত ব্যক্তির ওপরই করুণা আপনার বেশী করে পড়ে এবং তাদের হ'য়ে আপনি যুদ্ধ করেন।

ধর্মসম্বন্ধে আপনার স্বাধীন মতামত থাকবে এবং নিজের দর্শন আপনি নিজেই ঠিক করে নেবেন।

আপনার সবকিছু ধ্যান ধারণা সম্বন্ধে আপনার সুনির্দ্দিষ্ট এবং দৃঢ় মনোভাব থাকবে এবং আপনার পরিকল্পনাকে রূপ দেবার ব্যাপারে আপনি একরোখা মনোভাবের পরিচয় দেন।

আপনার বিয়ে করার ইচ্ছে খুব অল্পবয়সেই জাগ্রত হবে। কিন্তু যে গ্রহের সমন্বয়ে আপনি জন্মেছেন তাতে আপনার তিনবার বিবাহ করবার সম্ভাবনা। যার মধ্যে তৃতীয়টাই শ্রেষ্ঠ হবে। আপনার জীবনের দু-একটী প্রেমের ঘটনাবলী প্রচলিত পথ থেকে একটু আলাদা হবে। আপনার প্রকৃতি হবে শৈল্পিক, প্রতিটি অংশই যেন সুচারু শিল্প দিয়ে মোড়া।

অঙ্কন, সাহিত্য, সঙ্গীত ও অনেক রকম জনহিতকর কাজে, আপনি বিশেষভাবে ব্যুৎপত্তি লাভ করতে পারেন, কিন্তু আপনার এতদিকে দক্ষতা থাকবে যে ঠিক কি কাজের আপনি উপযুক্ত তা বেছে নেওয়া আপনার পক্ষে শক্ত হবে।

ন্যায়ের প্রতি আপনার তীব্র আকর্ষণ থাকবে এবং মাঝে মাঝে আপনি দেখবেন অপরের সঙ্গে এই বিষয়ে আপনার মত পার্থক্য হচ্ছে।

আপনার জন্মভূমি এবং গৃহের প্রতি প্রচণ্ড ভালবাসা থাকবে এবং অনেক জাতীয় কর্মকাণ্ডে নিজেকে নিয়োজিত করবেন যাতে আপনার দেশের মঙ্গল হয়।

আপনি আদর্শবাদী প্রতিষ্ঠান এবং দাতব্য প্রতিষ্ঠানগুলিকে বিশেষভাবে সাহায্য করবেন, এবং এ সবের উন্নতির জন্য আপনার শ্রম এবং সময় অকাতরে ব্যয় করবেন।

আপনার কাজের জন্য অনেক প্রতিষ্ঠান থেকে আপনি সম্মান পাবেন এবং যে কোন জনপদেই আপনি থাকুন না কেন সেখানে একজন মাননীয় ব্যক্তি বলে পরিচিত হবেন।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে আপনার ভয় পাবার কিছুই নেই। বহু সুযোগ আপনার আসবে। অত্যন্ত নগণ্য কিছুকে আপনি বহুগুণে বর্দ্ধিত করতে পারেন, আপনার একমাত্র ভয় হচ্ছে কোন রকম ফাটকা ধরণের ব্যবসায়ে বহু অর্থ নিয়োগ করে অর্থ নষ্ট করা।

## স্বাস্থ্য

প্রথম দিকটা পেরিয়ে গেলে, আপনার স্বাস্থ্য হবে চমৎকার এবং জীবনীশক্তি হবে অসীম। অতি পরিশ্রম এবং কর্মের জন্য আপনার ওপর অপরের অবিরাম চাহিদা, আপনার স্বাস্থ্যের ক্ষতি করবে। আপনার মূলমন্ত্র হচ্ছে, ক্ষয় হবো কিন্তু পচে মরবো না। এই কারণে দীর্ঘ জীবনের আশা আপনার কম।

কণ্ঠ এবং ফুস্‌ফুসের দুর্বলতা আপনার একটু থাকবে, কিন্তু মধ্যবয়স পেরিয়ে গেলে এগুলো থেকে বিপদের সম্ভাবনা আর নেই।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ সংখ্যা এবং দিন হচ্ছে, '৩' এবং '৬', যেমন, ৩, ৬, ১২, ১৫, ২১, ২৪ এবং ৩০। যদি ৩০শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে '৫' সংখ্যাগুলিও গুরুত্বপূর্ণ হবে যেমন—৫, ১৪, এবং ২৩।

আপনার আকর্ষণশক্তি বাড়াবার জন্য আপনার পোষাকে বা কোন অংশে এই বর্ণগুলি পরা উচিৎ—

বৃহস্পতি=সব রকম বেগুনী, হাল্কা এবং ঘোর।

শুক্র—সব রকম নীল।

যদি ৩০শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে বুধের বর্ণ ও পরিধান করতে পারেন যেমন, সাদা, ক্রীম এবং সব রকম হাল্কা রং।

আপনার সৌভাগ্যপ্রদ রত্ন হচ্ছে 'এ্যামেথিষ্ট' সব রকম বেগুনী এবং ঘোর রংয়ের রত্ন এবং টারকুইজ। যদি ৩০শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে হীরক এবং সব রকম চকচকে রং।

আপনার জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বছরগুলি হচ্ছে, ৩, ৬, ১২, ১৫, ২১, ২৪, ৩০, ৩৩, ৩৯, ৪২, ৪৮, ৫১, ৫৭, ৬০, ৬৬ এবং ৬৯ বছর।

যে কোন মাসেই যদি কেউ ৩, ৬, ১২, ১৫, ২১, ২৪ এবং ৩০ তারিখে জন্মগ্রহণ করে থাকুন না কেন তাদের প্রতি আপনি আকর্ষণ বোধ করবেন। আর যদি আপনি ৩০ তারিখে জন্মে থাকেন তবে এর সঙ্গে আপনি '৫' সংখ্যা যোগ করতে পারেন অর্থাৎ ৫, ১৪, এবং ২৩ তারিখ।

## ৪৫ পরিচ্ছেদ

### মে মাসের ৪, ১৩, ২২ এবং ৩১ তারিখে জাত ব্যাক্তিরা
### এ মাসের চার সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোনদিন জন্মগ্রহন থাকেন, তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যাল্ডিন সংখ্যা তত্ত্বের নিয়মানুসারে আপনি ইউরেনাস্ রবি এবং শুক্রের স্পন্দনে, ত্রিগুণাত্মক পৃথির প্রথম ঘর বৃষ চিহ্নে জন্মগ্রহণ করেছেন। কিন্তু যদি ৩১শে মে জন্মগ্রহণ করে থাকেন মিথুন চিহ্নে সক্রিয় বুধের প্রভাব পাবেন।

এটি এক্টি অদ্ভুত সমন্বয় যা সাধারণ ভাবে জীবনকে অনন্যসাধারণ এবং রহস্যজনক করে তুলবে।

সাধারণভাবে আপনার চারিত্রিক বৈশিষ্ট এবং বিশেষ গুণাবলী পূর্ববর্ণিত মে মাসের জাতকের মতই হবে।

কিন্তু আপনার বিশেষ ক্ষেত্রে অস্বাভাবিক এবং অপ্রত্যাশিত সব ঘটনা ঘটবে এবং আপনি এমন জীবন ও জীবিকা বেছে নেবেন যা প্রচলিত পথের থেকে আলাদা। এই সমন্বয়গুলি দার্শনিক, লেখক এবং সঙ্গীত রচয়িতাদের পক্ষে খুব শুভ।

জাগতিক অর্থে আপনাকে খুব ভাগ্যবান বলা যায় না এবং অর্থনৈতিক ব্যাপারেও বহু অপ্রত্যাশিত ও আকস্মিক পরিবর্তন হবে। অপরের দৃষ্টিভঙ্গির সঙ্গে আপনার সহজে খাপ খাবে না এবং সাধারণ ভাবে আপনার মতলব এবং কার্যের জন্য প্রতিকূলতার সম্মুখীন হবেন।

কিন্তু সকল বাধাই আপনি অতিক্রম করতে পারবেন এবং আপৎকালে আপনি যে কোন প্রতিকূলতাই সম্মুখীন হতে পারেন, যখনই প্রয়োজন হয়।

মৌলিক দৃষ্টিভঙ্গি সম্পন্ন বলে নতুন নতুন মতলব এবং কার্য্যধারা আপনাকে টানবে খুব বেশী এছাড়াও নতুন কিছু আবিষ্কার প্রচলিত পন্থার বাইরেও আপনি করতে পারেন।

বিবাহও আপনার সাধারণের চেয়ে একটু অসাধারণ ভাবে হবে। অনেকটা পরীক্ষা নিরীক্ষা করবার মতন বা বিশেষ কোন এক মতলবে।

আপনার মতামত বা দৃষ্টিভঙ্গিতে আপনি দৃঢ়প্রতিজ্ঞ, একটু বেশী বিশ্লেষণধর্ম্মী এবং মতামত সম্বন্ধে একটু বেশী গোঁড়া।

পরিবেশ বা মানুষজনের সঙ্গে আপনি চট্ করে মানিয়ে নিতে পারেন না। আপনি নিজেকে নিয়েই নিজে থাকতে ভালবাসেন এবং সঙ্গী সাথীর জন্য পরোয়া করেন না, কিন্তু যাদের আপনি পছন্দ করেন তাদের ভালোমন্দের ওপর দৃষ্টি রাখেন সজাগ ভাবে।

আপনি শিল্পী, লেখক বা আবিষ্কারক, যারা প্রচলিত পথ ছেড়ে একটু অনদিকে যান, হবার যোগ্যতা আপনার আছে কিন্তু আপনি যাই করুন না কেন আপনার প্রবল ব্যক্তিত্বের ছাপ তাতে পড়বে।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে আপনাকে অত্যাশ্চর্য্য ঘটনাবলীর সম্মুখীন হতে হবে। এখানেও প্রত্যাশিত অপেক্ষা অপ্রত্যাশিত ঘটনাই ঘটবে বেশী। আপনার মস্তিস্কে মৌলিক পরিকল্পনা এবং মতলব জন্মলাভ করবে যা অপরের দৃষ্টিভঙ্গির সঙ্গে মিলবে না। আপনি অর্থ রোজগারও করবেন প্রচলিত পথের বাইরে গিয়ে আপনি একজন আবিষ্কারক হতে পারেন বা প্রচলিত পথের বাইরে যাওয়া লেখক, আর্টিষ্ট বা সঙ্গীত শিল্পী হতে পারেন।

সাধারণ বাঁধা ছকে ঘেরা জীবিকা আপনার ভাল লাগবে না, এবং অপরের সঙ্গে মিলে মিশে কাজ করতে আপনার ভীষণ কষ্ট হবে।

## স্বাস্থ্য

আপনার স্বাস্থ্য একটু অদ্ভুত ধরণের, হঠাৎ এবং অপ্রত্যাশিত ভাবে অসুখ হবে আপনার। আপনি সময়ে সময়ে এমন সব উপসর্গে ভুগবেন যা নির্ণয় করা শক্ত হবে, যেমন হঠাৎ পেট ব্যথা বা খিঁচুনি এবং আভ্যন্তরিক অঙ্গপ্রত্যঙ্গের কিছু ছিঁড়ে যাওয়া। আগে থাকতে কোনরকম জানান্ না দিয়ে হঠাৎ হঠাৎ ঠাণ্ডা লাগা এবং সর্দ্দি আপনার হবে তাছাড়াও ইনফ্লুয়েঞ্জা এবং ফুসফুসে প্রদাহ হবার সম্ভাবনা। আপনার অল্প অল্প এবং বারে বেশী খাওয়া উচিৎ অপরে খাচ্ছে তাই খেতে হবে বলে নয়।

আপনি দেখবেন যে, ৪, ৬, এবং ৮ সংখ্যার লোকেরা আপনার জীবনে বারে বারে আসছে এবং আপনার জীবনে এক বিশিষ্ট ভূমিকা নিচ্ছে। এই

সংখ্যাগুলি হচ্ছে, ৪, ৬, ৮, ১৩, ১৫, ১৭, ২২, ২৪, ২৬ এবং ৩১ বা যে কোন সংখ্যা যার যোগফল ৪, ৬ বা ৮।

আপনার আকর্ষণশক্তি বর্দ্ধিত করার জন্য আপনার পরিধেয় বস্ত্রে বা যে কোন অংশে রবি, ইউরেনাস্ বা শুক্রের বর্ণ পরিধান করা উচিত। আপনি যদি ৩১শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি এর সঙ্গে বুধের বর্ণও ধারণ করতে পারেন যা হচ্ছে সাদা, ক্রীম বা যে কোন জলজলে বর্ণ।

রবি—সবরকম সোনালী, কমলা, ব্রোঞ্জ থেকে সোনালী বাদামী।

ইউরেনাস—সবরকম ধোঁয়াটে রং এবং বৈদ্যুতিক রং এবং স্বচ্ছ নীল।

শুক্র—সবরকম নীল।

আপনার সৌভাগ্যপ্রদ রত্ন হচ্ছে, টোপাজ, এ্যাম্বার, হীরক, পোখরাজ এবং ল্যাপিস লাজুলী।

আপনার জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বছরগুলি হচ্ছে, ৪, ৬, ১৩, ১৫, ২২, ২৪, ৩১, ৪০, ৪২, ৪৯, ৫১, ৫৮, ৬০, ৬৭, এবং ৬৯।

যাঁরা বছরের যে কোন সময়েই হোকনা কেন যদি ৪, ৬, ১৩, ১৫, ২২, ২৪ এবং ৩১ তারিখে জন্মেছেন তাঁদের প্রতি প্রবলভাবে আকর্ষণ বোধ করবেন, এছাড়াও যারা ৮ সংখ্যার লোক তারাও আপনাকে টানবে। যদি আপনি ৩১ তারিখে জন্মে থাকেন তবে ৫, ১৪ এবং ২৩ তারিখ জাত ব্যক্তিরাও আপনাকে আকর্ষণ করবে খুব বেশী।

## ৪৬ পরিচ্ছেদ

### মে মাসের ৫, ১৪, এবং ২৩ তারিখে জাত ব্যক্তিরা এ মাসের পাঁচ সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত কোন একদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যাল্ডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি বুধ এবং ( সক্রিয় ) শুক্রের স্পন্দনে ত্রিগুণাত্মক পৃথির প্রথম ঘরে বৃষ চিহ্নের সব রকম চরিত্রাবলী পাবেন।

আপনার চারিত্রিক বৈশিষ্ট এবং বিশেষ গুণাবলী সাধারণ ভাবে পূর্ববর্ণিত মে মাসের জাতকদের মতই হবে।

তবে আপনার বিশেষ ক্ষেত্রে মানসিকতা বিচার করতে গেলে ও এক শুভ সমন্বয়। এই যোগ এক অসাধারণ তীক্ষ্ণতা, মৌলিকতা এবং সজীব মানসিকতা দেয়। আপনার যুক্তি তর্কের ক্ষমতা খুব ভাল, কিন্তু একটু বেশী মাত্রায় বিশ্লেষণ ধর্মী এবং পর্যবেক্ষণ শক্তি সম্পন্ন।

আপনি সহজাত ভাবে স্বাধীন চেতা, কিন্তু মানুষ এবং পরিবেশের সঙ্গে সহজেই খাপ খাইয়ে নেন, নিজের সক্ষেত্র থেকে বিচ্যুত না হয়ে।

আপনার প্রতিভা বহুমুখী এবং যে কোন বিষয়েই আপনি সাফল্য লাভ করতে পারেন, আপনি যদি উৎসাহী হয়ে সত্যি চেষ্টা করেন।

আপনি বিশেষ কোন ব্যক্তি বিশেষের মধ্যে বা কার্য্যে নিজেকে নিবদ্ধ রাখবেন না। ফলে আপনার জীবন এবং জীবিকার বহু পরিবর্তন আশা করতে পারেন।

বিপরীতলিঙ্গ দ্বারা আপনি সবিশেষ প্রভাবান্বিত হবেন, তবুও আশ্চর্যরকম ভাবে নিজের স্বাধীনতা বজায় রাখবেন। আপনার জীবনে বহু প্রেমের ঘটনা সংঘটিত হবে, এবং ভালবাসার পাত্র প্রায়ই পাল্টাবে।

আপানার অল্পবয়সেই বিয়ে করা সম্ভব। কিন্তু অল্প বয়সে বিবাহ বেশীদিন টেঁকবে না এবং আপনার জীবন এবং জীবিকায় নৈরাশ্য এবং বাধা এনে দেবে।

অত্যন্ত তীক্ষ্ণ মানসিকতা হচ্ছে এ সময়ে জাত ব্যাক্তিদের চরিত্রের প্রধান মূলধন।

## অর্থভাগ্য

অর্থের ব্যাপারে আপনার নিজের কাছে এবং বন্ধুদের কাছে আপনি এক হেঁয়ালী। আপনি অদ্ভুত সব অপ্রচলিত উপায়ে অর্থ বিনিয়োগ করবেন।

সাধারণ ভাবে অর্থ রোজগার এবং সঞ্চয় সম্বন্ধে আপনাকে ভাগ্যবান বলা চলে, বিশেষ করে জমি, বাড়ী বা ফাটকা খেলায়, আপনি যদি এ সব দিকে যাওয়া মনস্থ করেন।

প্রচলিত জীবিকার বাইরে গিয়ে জগতে খ্যাতি এবং সম্মান লাভের যোগ আপনার আছে।

## স্বাস্থ্য

স্বাস্থ্যের ক্ষেত্রে আপনি স্নায়বিক উপসর্গে ভুগবেন। সার্জেনের ছুরি-কাঁচিও পড়বে আপনার উপর বহুবার। মস্তক এবং মুখে আঘাত লাগবার সম্ভাবনা আছে, এছাড়াও দাঁত, চোয়াল এবং মাথায় খুলির হাড়েও ব্যথা লাগতে পারে। জনন যন্ত্র একটু স্পর্শকাতর হবে এবং ঠাণ্ডা লাগা এবং প্রদাহে কষ্ট পাবেন।

স্বাস্থ্যের ব্যাপার কিন্তু ৫ এবং ১৪ তারিখে জাত ব্যক্তিদের বেলায় যা বলা হ'ল ২৩ তারিখে জাত ব্যক্তিদের কিন্তু অতটা কিছু হবে না।

আপনার সবচেয়ে প্রয়োজনীয় সংখ্যা এবং তারিখ হচ্ছে, ৫ এবং ৬, এবং তাদের যোগফল গুলি যেমন, ৫, ৬, ১৪, ১৫, ২৩ এবং ২৪।

আপনার আকর্ষণশক্তি বৃদ্ধি করার জন্য আপনার পরিধেয় বস্ত্রে বা কোন অংশে বুধ, শুক্র এবং চন্দ্রের বর্ণ পরিধান করা উচিত—

বুধ—সব রকম হাল্কাবর্ণ এবং জলজলে বর্ণ।

শুক্র—সব রকম নীল হাল্কা থেকে ঘন।

চন্দ্র—সব রকম সবুজ, ক্রীম এবং সাদা।

আপনার সৌভাগ্যজনক রত্ন হচ্ছে হীরক, টারকুইজ, পান্না, সবুজ, জেড্ এবং সবরকম জলজলে পাথর।

আপনার জীবনের স্মরণীয় বছরগুলি হবে, ৫, ৬, ১৪, ১৫, ২৩, ২৪, ৩২, ৩৩, ৪১, ৪২, ৫০, ৫১, ৫৯, ৬০, ৬৮, ৬৯ এবং ৭৭।

যদি কেউ যে কোন মাসেরই হোকনা কেন ৫, ১৪, ১৫, ২৩, ২৪ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি তাদের প্রতি প্রবল আকর্ষণ বোধ করবেন।

## ৪৭ পরিচ্ছেদ

### মে মাসের ৬, ১৫ এবং ২৪ তারিখে জাত ব্যক্তিরা
### এ মাসের ছয় সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোনদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি শুক্র এবং চন্দ্রের স্পন্দনে ত্রিগুণাত্মক সক্রিয় শুক্রের ঘরে পৃথির প্রথম ঘর বৃষ চিহ্নে জন্মেছেন।

আপনার চরিত্রের প্রধান বৈশিষ্ট এবং ভাবধারা সম্বন্ধে পূর্বেই আলোচনা করা হয়েছে।

তবে আপনার বিশেষ ক্ষেত্রে প্রকৃতিগত ভাবে আপনার প্রেমময় দিকটা বা সারা জগৎ সংসারের প্রতি ভালবাসা বিশেষ ভাবে প্রকাশ পাবে।

আপনার চরিত্রের এই বিশেষ দিকটার জন্য আপনি যা কিছু সম্ভব করবেন, যে কোন ত্যাগ স্বীকার করবেন, বা যে কোন কঠোরতা সহ্য করবেন।

আপনার ভাবাবেগ এবং অনুভূতি অতি প্রবল, চরিত্রগত ভাবে ধার্মিক যে কোন কাজই করতে যাননা কেন তাতে মনপ্রাণ ঢেলে দেন, তা আপনাকে যুদ্ধেই নিয়ে যাক্ বা বিপ্লবেই নিয়ে যাক্ বা শান্তিপূর্ণ কোন দিকে নিয়ে যাক। যেমন, ধর্মযাজক, শিল্পী, লেখক। বা যাদের ভালবাসেন শুধু তাদের জন্য কর্ত্তব্য করে যাবেন।

এই যে সীমাহীন অতি আগ্রহী প্রকৃতি আপনার, তা না থাকলে জীবনই আপনার কাছে ব্যর্থ মনে হয়।

বৃষের সব বৈশিষ্ট নিয়ে আপনি বৃষ চিহ্নে জন্মেছেন যার অধিপতি হচ্ছেন শুক্র, এবং আপনার জন্ম সংখ্যা হচ্ছে '৬' যা শুক্রের সংখ্যা, ফলে আপনি বহু গুণাবলী ও বহু দোষ নিয়ে একসঙ্গে জন্মেছেন।

আপনাকে দ্বিগুণ শুক্রের লোক বলা যায়, কিন্তু মানসিক দিক দিয়ে এটি বাধাপ্রাপ্ত হচ্ছে জন্মপত্রিকার ঠিক উল্টোদিক দিয়ে যেটি মঙ্গলের স্থান অর্থাৎ ২১শে অক্টোবর থেকে ২০শে নভেম্বর।

আপনি প্রচণ্ডভাবে ভালবাসতে পারেন আবার ঘৃণা করতে পারেন ততটা প্রচণ্ডভাবে। ভাবাবেগের ব্যাপারে হয় আপনি একেবারে দেবতা বা নরাধম।

স্নেহ প্রীতির ব্যাপারে আপনার প্রকৃতিকে আপনি যদি নিয়ন্ত্রণ করতে না পারেন তবে সবচেয়ে ক্ষতিকর হবে আপনার ঈর্ষাপ্রবনতা। আপনার উদ্দেশ্য সাধনের জন্য এই যে অতিরিক্ত দৃঢ়তা এও এক ধরণের নিয়ন্ত্রণের অভাব। আপনি যদি মনে করেন যে মানবজাতির মঙ্গল সাধনের জন্য বিপ্লবের প্রয়োজন তবে আপনার জীবনের মূল-মন্ত্রই হবে সেটাকে কর্ত্তব্য ভেবে কোন কিছুতে প্রতিহত না হয়ে মন্ত্র সিদ্ধির দিকে আগানো। ইতিহাসে এর বহু নজির আছে, যেমন ফরাসী বিপ্লবের সময় রোবেসপিয়ার এবং মারাট '৬' সংখ্যার লোক। এঁরা কার্যসিদ্ধির জন্য তাদের বন্ধুদের রক্তাপ্লুত দেহের ওপর দিয়ে হেঁটে গিয়েছিলেন। উল্টোদিকের উদাহরণ হচ্ছেন ফ্লোরেন্স নাইটিঙ্গল যিনি আহত এবং অসুস্থ সৈনিকদের জন্য অবর্ণনীয় দুঃখ কষ্ট সহ্য করেছিলেন।

আপনার মধ্যে যে ভাবাবেগ এবং অতি আগ্রহশীলতা রয়েছে তাকে যদি কোন উচ্চ ভাবাবেগ সম্ভূত কোন পথে নিয়োজিত করা যায় তবে পৃথিবীতে আপনি আপনার ছাপ ফেলে যাবেনই।

আপনার চরিত্রের ভাল দিক থেকে আপনি সবরকম ভাবে প্রাকৃতিক দৃশ্য, ফুলবাগান বা ফুল দেখে সম্মোহিত হয়ে যান এবং গৃহসজ্জার ব্যাপারেও আপনার রুচি অতুলনীয়। সঙ্গীত এবং সবরকম কলাশিল্প গভীরভাবে আপনাকে টানবে এবং এ সব দিকে আপনার প্রচুর যোগ্যতাও থাকবে।

আপনার বন্ধুবান্ধবদের আপনি উপভোগ্য আনন্দ ও মজা দিতে চান এবং সামাজিক জীবনে আপনি অত্যন্ত সফল হবেন বিশেষ করে যদি কোন মেলা, চিত্তাকর্ষক প্রদর্শনী বা তামাসার ব্যবস্থা করতে হয়।

আপনি বাচ্চাদের খুব ভালবাসেন এবং নিজের সন্তান-সন্ততি যদি নাও হয়, আপনি দত্তক গ্রহণ করবেন।

বিপরীতলিঙ্গের বহুজনের সঙ্গে আপনার সখ্যতার সম্পর্ক থাকবে, কিন্তু সেগুলি কাম অপেক্ষা স্নেহপ্রীতি বা নিষ্কাম প্রেমের মধ্যেই নিবদ্ধ থাকবে।

আপনি বহুদিন আপনার যৌবনকে ধরে রাখতে পারবেন এবং বহুদিন পর্যন্ত আপনাকে যুবক যুবক দেখাবে।

## অর্থভাগ্য

সাধারণভাবে অর্থভাগ্য আপনার ভাল এবং বহু সুযোগ আপনার জীবনে আসবে। আপনি যদি ব্যবসার দিকে যান তবে বিলাসিতার পণ্যদ্রব্যই আপনার বেছে নেওয়া সবচেয়ে মঙ্গলজনক হবে। যেমন সুরুচিপূর্ণভাবে বাড়ীঘর সাজানো, মেয়েদের টুপির দোকান, জামাকাপড়, হোটেল বা রেষ্টুরেণ্ট পরিচালনা করা। আপনার প্রকৃতির আর একটি দিক আপনাকে কোন শৈল্পিক জীবিকায় টেনে নিয়ে যেতে প্রবুদ্ধ করবে যেমন, গান, অঙ্কন, লেখা, থিয়েটার, কন্সার্ট বা বক্তৃতামঞ্চ।

## স্বাস্থ্য

সুন্দর সুঠাম স্বাস্থ্য নিয়ে আপনি আপনার জীবন আরম্ভ করবেন কিন্তু অত্যন্ত ভোগবিলাসপূর্ণ জীবন যাপনের ফলে নিজের কবর নিজেই খুঁড়বেন।

জীবনের প্রথম ভাগে ঋজু বঙ্কিম দেহবল্লরী হবে আপনার যা আপনি বেশী মিষ্টি খেয়ে আর টেবিলের ভাল ভাল জিনিস খেয়ে নষ্ট করবেন।

আপনার হার্টে চর্ব্বি জমতে পারে এবং উদরীর প্রবণতা দেখা দিতে পারে শেষ জীবনে, কিন্তু এ অবস্থা আপনার নিজের নিয়ন্ত্রনাধীন। এ ছাড়াও ফুসফুস, ব্রঙ্কাইটিস্ এবং কণ্ঠ সংক্রান্ত কোন রকম দুর্বলতা থাকা আপনার মধ্যে সম্ভব।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ সংখ্যাগুলি হচ্ছে '২', '৩' এবং '৬' সংখ্যা এবং তাদের যোগফলগুলি, যেমন, ২, ৩, ৬, ১১, ১২, ১৫, ২০, ২১, ২৪, ২৯ এবং ৩০।

এখানে ২, ১২, ২০ এবং ২৯ সংখ্যাটি দেওয়া হলো কারণ চন্দ্র মে মাসে উচ্চস্থ থাকেন। ৯ সংখ্যাটি তত সৌভাগ্যপ্রদ নয় কারণ এটা অপরের জীবন থেকে আসছে বলে বিরুদ্ধতার সামিল হয়।

আপনার আকর্ষণশক্তি বর্দ্ধিত করবার জন্য আপনার এই এই সংখ্যার বর্ণ এবং গ্রহের বর্ণ ধারণ করা উচিত।

চন্দ্র—সবরকম সবুজ, সাদা এবং ক্রীম।

শুক্র—সবরকম নীল।

বৃহস্পতি—সবরকম বেগুনী।

আপনার শুভরত্ন হচ্ছে মুনষ্টোন্ বৈদূর্য্যমনি, জেড্, ওপ্যাল, পান্না। সবরকম সবুজপাথর এবং এ্যামেথিষ্ট্।

আপনার জীবনের উল্লেখযোগ্য এবং গুরুত্বপূর্ণ বয়সগুলি হচ্ছে ২, ৬, ১৫ ২০, ২৪, ২৯, ৩৩, ৩৮, ৪২, ৫১, ৫৬, ৬০, ৬৫, ৬৯ এবং ৭৮।

যাদের জন্মদিন '২', '৩' বা '৬' বা এর যোগফল তাদের প্রতি আপনি প্রচণ্ড আকর্ষণ বোধ করবেন।

## ৪৮ পরিচ্ছেদ

### যাঁরা মে মাসের ৭, ১৬, এবং ২৫ তারিখে জাত ব্যক্তিরা এ মাসের সাত সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত কোন দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়ম অনুযায়ী আপনি নেপচুন চন্দ্র এবং শুক্রের স্পন্দনে বৃষ চিহ্নে ত্রিগুণাত্মক পথিব প্রথম ঘরে জন্মগ্রহণ করেছেন। আপনি যদি ২৫শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি মিথুনের সংযোগ স্থলে ত্রিগুণাত্মক বায়ুর ঘরের লোক এবং আপনার জন্মসময়ের অধিপতি হচ্ছেন বুধ ( সক্রিয় )।

আপনার চারিত্রিক বৈশিষ্ট এবং ভাবধারা পূর্বে বর্ণিত মে মাসের জাতকের ক্ষেত্রে বলা হয়েছে।

তবে আপনার বিশেষ ক্ষেত্রে চরিত্রের নরম দিকটি বা আদর্শবাদী দিকটি বেশী করে প্রস্ফুটিত হবে, যদি না আপনি ২৫শে মে জন্মগ্রহণ করে থাকেন. সে ক্ষেত্রে মননশীলতা অনেক বেশী পরিস্ফুট হবে।

এই সময়ের গ্রহের সমন্বয় আপনাকে অদ্ভুত এবং আশ্চর্য সব জিনিসের প্রতি আগ্রহ দেবে, এবং রহস্যজনক, আধিভৌতিক এবং অনুরূপ সব জিনিসের প্রতি আপনার গভীর আগ্রহ থাকবে।

একটু যদি সুযোগ সুবিধা পান এই স বিষয়ে আপনি গভীর অন্বেষণ করে বহুদূর আগিয়ে যেতে পারেন।

আপনি সব আশ্চর্যজনক স্বপ্ন দেখবেন এবং অজানা জিনিষ জানতে

পারবেন, অজানা লোকেদের সঙ্গে পরিচয়ে অস্বাভাবিক অভিজ্ঞতা আপনার লাভ হবে এবং মনুষ্যজাতির ভূত ভবিষ্যত নিয়েও আপনি স্বপ্ন দেখবেন।

প্রচলিত পথের বাইরে গিয়ে কোন কিছু আবিষ্কার করবার আপনার প্রবণতা থাকবে এবং নতুন কোন মতলবে প্রচুর ভাবে লাভবান হতে পারেন এ ছাড়াও টেলিভিশন, বেতার এবং সংবাদ প্রেরণের ব্যাপারে আপনার সাফল্যের সম্ভাবনা সমধিক।

একঘেয়ে টানা কাজে আপনার বিরক্তি আসে সহজেই কিন্তু অপ্রচলিত পথ ধরেই আপনি কিন্তু সাফল্যলাভ করতে পারেন বা মানবজাতির কল্যাণ-কার্য্যে নিযুক্ত থেকেও আপনি জীবনে সাফল্য মণ্ডিত হতে পারেন।

আপনার হাতে যদি টাকা থাকে তবে আপনি সেই অর্থ অপরের মঙ্গলার্থে ডাক্তারখানায়, হাসপাতালে বা কোন জনহিতকর প্রতিষ্ঠানে নিযুক্ত করবেন।

আপনি কোন গোপন সঙ্ঘ বা রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত থাকতে পারেন যাতে প্রচুর লোকের সঙ্গে যোগাযোগে আসতে হয়। আপনার লেখার বা বক্তৃতা দেবার একটা সহজাত ক্ষমতা থাকবে যার ফলে বহুস্থানে আপনি সম্মান পাবেন এবং লোকে আপনাকে উচ্চস্থান দেবে।

জীবনের সাধারণ ভোগ বা বিলাস আপনার ভাল লাগবে না এবং আপনার জীবন যাত্রার প্রণালীর জন্য লোকেরা আপনাকে অদ্ভুত বা ছিটগ্রস্ত ভাবতে পারে।

সহজাত ভাবেই আপনি দয়ালু এবং হৃদয়বান, কিন্তু নিজের অর্থ নিয়ে নিজে কি করবেন এ সম্বন্ধে নিজের মতামত থাকে। বিবাহিত জীবনের সঙ্গে আপনার খাপ খাওয়ানো শক্ত, তাইজন্য যদি না করলে ও চলে যায় তবে করবেন না। অল্প বয়সে তো কখনই আপনার বিবাহ করা উচিৎ নয়।

মস্তিষ্কের ক্ষমতা হবে আপনার অসাধারণ এবং লেখক, কবি গায়ক বা আবিষ্কারক হিসাবে সাফল্যলাভের সম্ভাবনা আপনার সমধিক।

## অর্থভাগ্য

আপনি যদি ৭, ১৬, বা ২৫শে মে জন্মে থাকেন তবে প্রথম জীবনে আপনাকে বহু প্রতিকূল অবস্থার সম্মুখীন হতে হবে। এ সত্ত্বেও আর্থিক সাফল্য লাভের সম্ভাবনা আপনার সমধিক, যা আপনার অসাধারণ মননশীলতার

ফলেই হবে। হঠাৎ শিকে ছিঁড়ে গিয়ে বা আপনার উচ্চস্তরের মানসিকতার ফলে সমাজে খ্যাতি এবং উচ্চস্থানও আপনি পাবেন।

## স্বাস্থ্য

সাধারণভাবে আপনার স্বাস্থ্য খুব মজবুত বা শক্ত নয় এবং পরিশ্রম করতে গেলে আপনি অতি সহজে ক্লান্ত হয়ে পড়েন। কোন রকম আন্ত্রিক গোলযোগ আপনার থাকবে এবং খাদ্য সম্বন্ধে আপনার সাবধান হওয়া উচিত।

আপনার যতটা স্নায়বিক শক্তি, সহ্যশক্তি এবং লেগে থাকবার ক্ষমতা আছে, শারীরিক শক্তি ততটা নেই। সময় সময় আপনি অত্যন্ত বিষাদক্লিষ্ট হয়ে পড়তে পারেন এবং এই অবস্থার থেকে মুক্তি পাবার জন্য মাদক দ্রব্য বা উত্তেজক পানীয় সর্বতোভাবে পরিত্যাগ করা উচিত।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ সংখ্যা এবং দিনগুলি হচ্ছে, '২' '৭', এবং '৬' এবং তাদের যোগফলগুলি, যেমন, ২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫ এবং ২৯।

আপনার কারুর সঙ্গে দেখা করতে হ'লে বা কোন পরিকল্পনাকে রূপ দিতে হ'লে এই তারিখগুলিতে সেগুলি সেগুলি ফেলবার চেষ্টা করুন।

আপনার আকর্ষণীশক্তি বর্দ্ধিত করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে বা কোন অংশে আপনার গ্রহের বর্ণ ধারণ করুন—

নেপচুন—সব রকম ধোঁয়াটে রং এবং বৈদ্যুতিক বর্ণ

চন্দ্র—সবরকম সবুজ, ক্রীম এবং সাদা।

শুক্র—সবরকম নীল, হাল্কা থেকে ঘন।

আপনার সৌভগ্যজনক রত্নগুলি হচ্ছে পান্না, মুক্তো, এবং মুনষ্টোন এছাড়া টারকুইজ ও পরতে পারেন।

আপনার জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং সম্ভাবনাপূর্ণ বয়সগুলি হচ্ছে—২, ৬, ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪২, ৪৩, ৪৭, ৫১, ৫৫, ৬১, ৬৯ এবং ৭০।

বছরের যে কোন মাসেরই ২, ১১, ২০, ২৮ এবং ৭, ১৬, ২৫ তারিখে যাঁরা জন্মেছেন তাঁদের প্রতি আপনি বিশেষ আকৃষ্ট বোধ করবেন। এছাড়াও যাঁরা ১ বা ৪ সংখ্যার লোক যেমন ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ এবং ৩১ তারিখে যারা জন্মেছেন, তাদেরও আপনার ভাল লাগবে।

# ৪৯ পরিচ্ছেদ

## মে মাসের ৮, ১৭ এবং ২৬ তারিখে জাত ব্যক্তিরা
## এ মাসের ৮ সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোন দিনে জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি শনি, চন্দ্র এবং (সক্রিয়) শুক্রের স্পন্দনে ত্রিগুণাত্মক পৃথির প্রথম ঘরে বৃষ চিহ্নে জন্মগ্রহণ করেছেন। আপনি যদি ২৬শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি মিথুনের সন্ধিক্ষণে চলে যাচ্ছেন যা হচ্ছে ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘর এবং তার অধিপতি হচ্ছেন সক্রিয় বুধ।

আপনার চরিত্রের বিশেষ গুণাবলী এবং প্রধান প্রধান বৈশিষ্ট পূর্বে উল্লেখিত মে মাসে জাত ব্যক্তিদের বেলায় বলা হয়েছে।

আপনার বিশেষ ক্ষেত্রে আপনি এক অস্বাভাবিক জীবন ও জীবিকা আশা করতে পারেন, হয় অত্যন্ত দুর্দান্ত রকম ভাল এবং শক্তিশালী বা একেবারে ঠিক তার উল্টো।

আপনি হচ্ছেন যাকে বলে, প্রকৃতির হাতে ক্রীড়নক, যাতে পরিস্থিতি পরিবেশ এবং অবস্থা আপনার জীবনে এক বিশিষ্ট ভূমিকা নেবে।

আপনি অপরের কাছ থেকে স্নেহ এবং ভালবাসা ভীষণ ভাবে কামনা করেন তথাপি নিজেকে মাঝে মাঝে ভীষণ একাকী মনে হয়।

অনুভূতির ব্যাপারে আপনার প্রকাশভঙ্গী কম এবং ভাবাবেগ প্রকাশেও আপনি সদা কুণ্ঠিত।

আত্মীয় স্বজনের জন্য বা যার সঙ্গে স্নেহ প্রীতির বাঁধন আছে তার জন্য, আপনি নিজেকে প্রদীপের মত ক্ষয় করে যাবেন, তবুও আপনার মাঝে মাঝে মনে হবে, "সহস্র বান্ধব মাঝে রহিব একাকী, আমার প্রাণের ব্যথা কেউ বুঝিবে না" বা কেউই যেন আপনাকে প্রতিদান দিচ্ছে না।

আত্মীয় স্বজনের কাছ থেকে দুঃখ এবং ক্ষতির যোগ আপনার আছে এবং সব রকম প্রেম বা প্রীতির ব্যাপারেই নানারকম প্রতিকূলতার সম্মুখীন আপনাকে হতে হবে।

আপনার নিজের ব্যক্তিগত আশা-আকাঙ্খাকে রূপ দেবার পথে নানারকম

কষ্ট এবং বাধা আপনার আসবে। আপনি খুব উচ্চপদে আসীন হতে পারেন, কিন্তু গোলাপের কাঁটার মতন, বিঘ্ন থাকবে তাতে অনেক এবং অনেক গুরুদায়িত্ব আপনার ওপর জোর করে চাপিয়ে দেওয়া হবে।

গভীর চিন্তাশীল আপনি, অত্যন্ত চাপা এবং অতি সতর্ক আপনি, যেখানে নিজের ব্যক্তিগত বৃত্তির প্রশ্ন জড়িত থাকে।

আপনি যদি ২৬ অর্থাৎ আগত মিথুন চিহ্নের সন্ধিস্থলে জন্মগ্রহণ করে থাকেন যার অধিপতি হচ্ছেন সক্রিয় বুধ, তবে আপনি পরিস্থিতি এবং মানুষজনের সঙ্গে অনেক সহজে খাপ খাইয়ে নিতে পারবেন, বিশেষ করে অন্যান্য ৮ সংখ্যার যাঁরা জন্মেছেন তাঁদের চেয়ে।

## অর্থভাগ্য

গভীরভাবে ব্যয়কৃচ্ছতা, যত্ন এবং শ্রদ্ধার সঙ্গে কোন সারবান বিষয়ে বিনিয়োগ করলে আপনার লাভবান হবার যোগ আছে, কিন্তু হঠাৎ বড়লোক হতে গিয়ে নয় বা ফাটকাবাজীতে নয়। জমিজমা, গ্রহসংক্রান্ত এবং খনির উন্নয়ণ ব্যাপারে আপনার সাফল্যলাভের সম্ভাবনা সমধিক।

## স্বাস্থ্য

আপনার শরীর বেশ শক্ত এবং মজবুত, কিন্তু বড় বেশী কফের ধাত হয় আপনাদের। এছাড়াও কোনরকম টিউমার, অভ্যন্তরে প্রদাহ, এ্যাপেণ্ডিক্স্ অন্ত্রের নিম্নভাগে কোন কষ্ট বা বন্ধ হওয়ারও সম্ভাবনা রয়েছে।
বাতব্যধিও আপনাকে আক্রমণ করতে পারে ভীষণভাবে এবং আপনার উচিত হচ্ছে সবসময় উচ্চ শুষ্ক স্থানে যতটা সম্ভব থাকা।

আপনি দেখবেন যে রহস্যজনকভাবে '৪' এবং '৮' সংখ্যার লোকেরা বারংবার জীবনে আসছেন যেমন ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ এবং ৩১ তারিখে জাত ব্যক্তিরা।

আপনার চৌম্বকশক্তি বর্দ্ধিত করবার জন্য আমি আপনাকে নিম্নলিখিত বর্ণগুলি পরিধান করতে উপদেশ দেব।

রবি—সবরকম সোনালী, হলুদ, কমলা এবং সোনালী বাদামী।

চন্দ্র—সবরকম সবুজ, ক্রীম এবং সাদা।

শুক্র—সবরকম নীল বিশেষ করে পোখরাজ নীল।

রত্ন হিসাবে আপনার ধারণ করা উচিত কালো হীরা, টোপাজ, এ্যাম্বার, সবুজ জেড্, মুক্তো, পোখরাজ এবং টারকুইজ।

আপনার জীবনের সবচেয়ে উল্লেখযোগ্য এবং গুরুত্বপূর্ণ বয়সগুলি হচ্ছে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭, ৭১ এবং ৮০।

আপনি যে কোন মাসেরই ৪, ১৩, ১৭, ২২ এবং ২৬ এবং ৩১ তারিখে জাত ব্যক্তিদের প্রতি একটি তীব্র আকর্ষণ বোধ করবেন।

অন্যান্য সব ৮ সংখ্যায় জাত ব্যক্তিদের মতই ৩৫ এর পরই আপনার সব বাধার বেড়ি আলগা হয়ে যায় এবং আপনি স্বমহিমায় প্রস্ফুটিত হতে পারেন।

## ৫০ পরিচ্ছেদ

### মে মাসের ৯, ১৮ এবং ২৭ তারিখে জাত ব্যক্তিরা
### এ মাসের ৯ সংখ্যার লোকেরা

আপনি যদি উপরোক্ত যে কোনদিন জন্মগ্রহণ করে থাকেন তবে জ্যোতিষ মতে এবং কিরোর চ্যালদিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি মঙ্গল, চন্দ্র এবং শুক্রের স্পন্দনে ত্রিগুণাত্মক পৃথির প্রথম ঘরে বৃষ চিহ্নে জন্মেছেন। কিন্তু আপনি যদি ২৭শে জন্মগ্রহণ করে থাকেন তবে আপনি মিথুন চিহ্নে বায়ুর প্রথম ঘরে জন্মগ্রহণ করেছেন যার অধিপতি হচ্ছেন সক্রিয় বুধ।

এই বলিষ্ঠ যোগাযোগ আপনার জীবন ভীষণ ভাবে বৈচিত্রপূর্ণ করবে যার বনিয়াদ হবে এ্যাডভেঞ্চার, বিপদ, প্রেম এবং রোমান্স্। এগুলির পেছনে থাকবে আপনার সাহসিকতা, ইচ্ছাশক্তি যাকে সময়ে সময়ে গোঁয়ার্তুমি বলা যায় এবং লক্ষ্য বস্তু সাধনের অসীম দৃঢ়তা, তা ভালোর জন্যও হতে পারে আবার মন্দের জন্যেও হতে পারে আপনার মন যা ভাববে।

আপনার সংগঠন ক্ষমতা চমৎকার, বৃহৎ বৃহৎ পরিকল্পনা, ধন দৌলত এবং ক্ষমতা আহরণের যোগ্যতা সবই আপনার আছে কিন্তু আপনি যাই করতে যান না কেন সবকিছুতেই আপনার প্রচুর খরচ হবে।

আপনি পরাক্রান্ত শত্রু সৃষ্টি করবেন এবং প্রবল বাধার সম্মুখীন আপনাকে হতে হবে। আপনার জীবন বিপদ এবং নৃশংস ঘটনার সম্মুখীন হবে

বারংবার। আপনাকে বাধ্য হয়ে মামলা মোকদ্দমায় জড়িয়ে পড়তে হতে পারে যা ব্যয়বহুল এবং দীর্ঘস্থায়ী হবে এবং ফলে বহুল পরিমাণে অর্থক্ষতির ও সম্মুখীন হতে হবে।

আপনি যদি নিজের ওপর নিয়ন্ত্রণ অভ্যাস করেন তবে আপনার প্রভূত গুণাবলী যথার্থভাবে পরিস্ফুট হবে, কিন্তু 'মঙ্গলের ক্রিয়ার ফলে আপনার যুদ্ধং দেহী মনোভাব আর মেজাজ, আপনার বিচারবুদ্ধিকে আবৃত করবে ফলে প্রভূত প্রতিকূলতার সম্মুখীন হবেন আপনি।

বিরুদ্ধ লিঙ্গের প্রতি আপনার প্রচণ্ড আকর্ষণ থাকবে এবং তীব্র ঈর্ষার বশীভূত হয়ে আকস্মিক বিপদ পড়তে পারেন। সত্যি কথা বলতে কি, আপনি আঘাত, ক্ষত এগুলি পাবেনই, তাছাড়া নৃশংসভাবে মৃত্যুও আপনার ঘটতে পারে।

এই সময়ে জাত নরনারীরা সময়ে সময়ে মাত্রা ছাড়িয়ে যান, কিন্তু সাফল্যলাভ করলে নয়, বিফল হলে।

আপনার অনেক বস্তুতান্ত্রিক গুণাবলী থাকবে এবং কর্মাধ্যক্ষ, সুপার ভাইজার এবং কোন উচ্চপদস্থ দায়িত্বশীল কর্মে নিযুক্ত থাকলে আপনার প্রতিভার সম্যক পরিস্ফুটন ঘটবে।

সৈন্যদলে বা নৌবাহিনীতে বা কোন সরকারী কাজে আপনার দ্রুত পদোন্নতি ঘটবে।

আপনার উচ্চাকাঙ্খা যাই হোক না কেন আপনার প্রচণ্ড মনোবল এবং আত্মবিশ্বাস এজন্য তা'তেই আপনি সফল হতে পারবেন।

## অর্থভাগ্য

ব্যবসা বাণিজ্য বা কোনরকম প্রচেষ্টায় আপনার সাফল্যের নির্দেশ পাওয়া যায়। ঐশ্বর্য্য লাভের বহু সুযোগ আপনি পাবেন যদি আপনি আপনার গোঁয়ার্তুমিকে একটু সংযত রাখতে পারেন, যা সময়ে সময়ে আপনাকে অত্যন্ত ব্যয়বহুল মামলা মোকদ্দমায় টেনে নিয়ে যাবে এবং শক্তিশালী শত্রু সব আপনার পথে কাঁটা হয়ে দেখা দেবে।

আপনার সংগঠনী প্রতিভা এবং জনসাধারণের ওপর কর্তৃত্ব করবার ক্ষমতা আপনাকে প্রভূত অর্থ দেবে, কিন্তু আপনার উচিত হচ্ছে একটু কৌশলী হওয়া এবং বিবাদ বিসংবাদ এড়িয়ে চলা।

আপনার সহজবুদ্ধি বেশ প্রবল এবং আপনার পরিকল্পনায় যথেষ্ট দূরদৃষ্টির পরিচয় পাওয়া যায়। কিন্তু কোনপ্রকার বিলম্ব হলে বা অপরের কাছ থেকে বাধা পেলে আপনার ধৈর্য্যচ্যুতি ঘটে, কিন্তু সবদিক মিলিয়ে দেখতে গেলে এই সময়ে জন্মগ্রহণ করলে আপনি যাই করতে যাননা কেন তাতে আপনার প্রভূত সাফল্য লাভের যোগ দেখা যায়।

এই কথাগুলি ২৭শে মে জাত জাতকের সম্বন্ধে ততটা খাটবে না যতটা ৯ বা ১৮ই মে জাতকের প্রতি প্রযোজ্য কারণ ২৭শে মে রবি ইতিমধ্যেই, মিথুন চিহ্নে চলে গেছে, ফলে এর ফল মানসিক ভাবে পরিস্ফুট হবে অনেক বেশী।

## স্বাস্থ্য

স্বাস্থ্য আপনার বেশ মজবুত এবং প্রাণোচ্ছলতা আপনার অসীম। আপনার দেহে কিন্তু বহুবার অস্ত্রপ্রচারের সম্ভাবনা রয়েছে। মাথা এবং মুখে আপনার আঘাত লাগবার সম্ভাবনা রয়েছে, এছাড়াও দাঁত, চোয়াল এবং মাথার খুলির হাড়েও আঘাত লাগতে পারে। এছাড়াও যৌনাঙ্গে ও আঘাত লাগবার সম্ভাবনা আছে, এবং জীবনে কোন না কোন সময়ে এ্যাপেণ্ডিক্স্ অপারেশন আপনার হবে।

আপনার জীবনে দুর্ঘটনায় ঘটবার বহু সম্ভাবনা রয়েছে এবং আগ্নেয়াস্ত্র অগ্নি বিস্ফোরণ এবং এমন সব জিনিস থেকে আপনার বিপদের সম্ভাবনা রয়েছে। জীবজন্তু, বহির্জীবন এবং নতুন নতুন অভিযান আপনার ভাল লাগবে, কিন্তু এসব থেকেও আপনার বিপদের যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ সংখ্যা এবং তারিখ হচ্ছে '৯' এবং '৬' এবং এদের যোগফলগুলি যেমন ৬, ৯, ১৫, ১৮, ২৪ এবং ২৭।

আপনার আকর্ষণ শক্তি বর্দ্ধিত করবার জন্য আপনার পরিধেয় বস্ত্রে বা তার কোন অংশে মঙ্গল, শুক্র এবং চন্দ্রের বর্ণ ধারন করুণ, যা হচ্ছে—

মঙ্গল—সব রকম লাল, লালচে এবং গোলাপী।

শুক্র—সব রকম নীল।

চন্দ্র—সব রকম সবুজ, ক্রীম এবং সাদা।

আপনি যদি ২৭ শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে এর সঙ্গে বুধের বর্ণ ধারণ করুন যা হচ্ছে, সব রকম হাল্কা রং এবং জলজলে, চকচকে রং।

আপনার সৌভাগ্যজনক রত্ন হচ্ছে চুনী, গার্ণেট, লালপাথর, টারকুইজ, পান্না সবুজ, জেড্, মুনষ্টোন এবং হীরক আর যদি ২৭শে মে জন্ম হয়ে থাকে তবে সবরকম জলজলে রং।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং স্মরণীয় বয়সগুলি হচ্ছে, ৬, ৯, ১৫, ১৮, ২৪, ২৭, ৩৩, ৩৬, ৪২, ৪৫, ৫১, ৫৪, ৬০, ৬৩, ৬৯ এবং ৭২।

যে কোন মাসেরই যদি কেউ ৬, ৯, ১৫, ১৮, ২৪ এবং ২৭ তারিখে জন্মগ্রহণ করে থাকেন তবে তাদের প্রতি বিশেষভাবে আসক্ত হবেন। আর যদি ২৭শে মে জন্মগ্রহণ করে থাকেন তবে '৫' সংখ্যার লোকেরাও অর্থাৎ যারা ৫, ১৪ বা ২৩ তারিখে জন্মেছেন।

## ৫১ পরিচ্ছেদ

## জুন

"বৎসরের এই সময়ে জাত ব্যক্তিগণের স্বভাব চরিত্র, অর্থ ও স্বাস্থ্যের উপর জুন মাসের রাশিচক্রের প্রভাব।"

মে মাসের ২১ তারিখ থেকে মিথুন চিহ্নের সূত্রপাত, কিন্তু সাত দিন অবধি পূর্ববর্তী গ্রহচিহ্ন দ্বারা আবৃত থাকার ফলে ২৮শে মে অবধি এর শক্তির পূর্ণবিকাশ হয় না। এই তারিখ থেকে ২০শে জুন অবধি এই রাশি পূর্ণ শক্তিতে বিরাজিত থাকে, তারপর ক্রমে ক্রমে ক্ষয়প্রাপ্ত হয়ে আগন্তুক হয়।

২১শে মে থেকে ২০শে জুনের মধ্যে এবং ২৭শে জুন অবধি যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁরা মিথুন চিহ্নের লোক, ফলে এঁরা দ্বৈত স্বভাব লাভ করেন। এঁদের মস্তিষ্ক তীক্ষ্ণ বহুমুখী বুদ্ধি ও চতুরতায় পূর্ণ। রাশি চক্রের সব রাশির মধ্যে এই সময়ের জাতককে বোঝা সবচেয়ে শক্ত।

দ্রুত চিন্তাশক্তির ক্ষমতা থাকায় কৌশলে এঁরা প্রতিপক্ষকে অনায়াসে পরাজিত করেন। সঙ্গী হিসাবে ওরা চমৎকার এবং সময়মত ঠিক মেজাজে ধরতে পারলে এঁদের সঙ্গে আলাপ করে যথার্থ আনন্দ লাভ হয়। কিন্তু এঁদের উপর আদৌ আস্থা রাখা উচিৎ নয়, কারণ নিজেদের স্বার্থসিদ্ধ না হলে এঁরা শপথ বা অঙ্গীকার পালন করেন না।

মনে মনে এঁরা নিজেদের খুব দৃঢ়চেতা ও বিশ্বাসী ভাবেন, হয়তো তখনকার মত সেটা সত্য হতেও পারে, কিন্তু মুহূর্তে এঁদের রং বদলায়।

কোন পরিকল্পনা পুঙ্খানুপুঙ্খ বুঝে নিতে এঁদের সময় লাগে না, কিন্তু ধূর্তামি, বক্রোক্তি বা তীব্র সমালোচনায় যারা সব কিছু নস্যাৎ করে দিতেও আবার এঁদের সময় লাগে না।

একনিষ্ঠ হ'তে পারলে এঁরা যে কোনও কাজে আশ্চর্য সাফল্য লাভ করতে পারেন। জুন মাসের এই গ্রহ সমন্বয়ের একদল জাতক স্টক্ এক্সচেঞ্জে, কোম্পানীর উন্নতি করে। আবিষ্কারের সুযোগ নিয়ে বা ব্যবসায়ে নূতন পথ দেখিয়ে বেশ ভাল আয় করতে পারেন। কূটনৈতিক যোগাযোগে, নামী ব্যক্তিদের সঙ্গে সাক্ষাৎ, বহুবার বিদেশ ভ্রমণ ও বিদেশীদের মুগ্ধ করা এই সব বিষয়ে এঁরা খুব পটু এবং সফল হন।

এঁরা এত চিত্তাকর্ষক হন যে, এঁদের কাছ থেকে বিদায় নিয়ে লোকেরা ভাবেন—"কী অপূর্ব সাক্ষাৎকার।" অধঃস্তনরা এঁদের পূজা করে।

প্রেমের ব্যাপারে এঁরা সব চেয়ে বেশী বাধা। প্রগাঢ় প্রেম এঁদের দ্বারা সম্ভব এবং একই সঙ্গে আবার অন্য কোথাও প্রেম করাও অসম্ভব নয়। সাধারণতঃ এঁরা দুই পরিবার রাখেন, কিন্তু ধূর্তামির জন্য ধরা পড়েন না।

এঁদের বহু বন্ধু হয় এবং তাৎক্ষণিক বন্ধুর প্রতি করুণার অন্ত থাকে না। তবে তাঁদের "স্মৃতি ভ্রংশ" হওয়ার কারণ হিসাবে "চোখের বা'র মনের বা'র" কথাটি একান্ত প্রযোজ্য।

অস্থির উচ্চগ্রামে বাঁধা মন এঁদের—ক্রমাগত বেড়িয়েই বেড়াবেন, যদি আর্থিক সঙ্গতি অনুকূল হয়। গতি ও ধাবমানতার প্রতি এঁদের আকর্ষণ থাকে। এক্সপ্রেস ট্রেন, দ্রুত ধাবমান মোটরকার, বাষ্পীয় বিমান ও স্থান-কালের ব্যবধান-নাশী যে কোনও আবিষ্কারের প্রধান সমর্থক এঁরা।

জীবনে প্রবল উত্থান-পতনকে এঁরা গ্রাহ্য করেন না। নিমেষে নিমেষে প্রফুল্ল ও বিমর্ষ হওয়া ওদের বিচিত্র নয়। দৃষ্টিভঙ্গীর বহু পরিবর্তন এঁরা করেন কিন্তু যদি কারো প্রতি একবার রুষ্ট হ'ন, তবে তখন থেকে সে ব্যক্তি তাঁর জীবন থেকে মুছে যান। চূড়ান্ত সাফল্যের মুহূর্তে হঠাৎ তাঁরা সব কিছু ছেড়ে দিতে পারেন এবং গুরুদায়িত্বপূর্ণ কাজ যদি শুধু সেটা পছন্দ না হয় তবে সেই কার্য মুহূর্তে ছেড়ে দিতে দ্বিধা করেন না।

মিথুন চিহ্নকে বুধের সক্রিয় ঘরও বলা হয়। বুধের বুদ্ধি-সমৃদ্ধ; দ্বৈত

স্বভাবের উপর এই গ্রহসমন্বয় ও সূর্যের পরিস্থিতি জাতকের মনের উপর যথেষ্ট বুধের প্রভাব রাখে। ফলে এঁদের স্বভাব করে জটিল, ধাঁধায় পূর্ণ সব রকম ধরা-ছোঁয়ার বাইরে।

বৈচিত্র্যের প্রতি এঁদের আকর্ষণ দুর্দমনীয় এবং গতানুগতিকতা ও বৈচিত্র-হীনতা দূর করার জন্য এঁরা সবকিছু করতে পারেন। বুদ্ধি পরিচ্ছন্ন ও যুক্তিপ্রবণ, কিন্তু মন এমনই সক্রিয় যে একই সময়ে বহুদিকে ধাবিত হতে চায়।

বছরের এই সময়ের জাতকগণ কাজ করে তৃপ্তি পান না, কারণ, সম্পাদিত কাজের ত্রুটি আবিষ্কার করা এঁদের স্বভাব। প্রগতিশীল কাজে এঁদের সুনাম হয়, কিন্তু সাধারণতঃ দুই শ্রেণীর কাজ করেন এঁরা। একটি জনসাধারণের জন্য, অপরটি নিজেদের জন্য। এঁদের চরিত্রে স্বাতন্ত্র্য, আবিষ্কারকের মেধা ও উদ্যম থাকে, কিন্তু কর্মে একাগ্রতা ও অভিনিবেশের এঁদের একান্ত প্রয়োজন। মনোসংযোগ করার অভ্যাস করলে এঁদের সব বিষয়ে সাফল্য সুনিশ্চিত।

## অর্থভাগ্য

এই সময়ের জাতকের আর্থিক অবস্থা ব্যাখ্যা করা মুশকিল। এখানে বুধ অস্তি ঘরে অবস্থিত, ২১শে মে থেকে ২৮শে মে অবধি পূর্ববর্তী শুক্রের প্রভাব থাকে এবং ঐ রাশির গুণাবলী বুধের দ্বারা আচ্ছন্ন হয়। ২৮শে মে'র কাছাকাছি জন্ম হ'লে জাতক বুদ্ধির প্রখরতা ও তীক্ষ্ণতা লাভ করে এবং তারপর থেকে ক্রমে ক্রমে আরও বেশী বুধের প্রভাব দেখা যায়।

বুধকে মনের গ্রহ বলা হয় এবং মানসিকতা কোন্ দিকে ধাবিত হবে তা'র উপর জাতকের সবকিছু নির্ভর করে। হয়তো বা সম্পূর্ণ বুদ্ধিভিত্তিক কাজ যথা—বিজ্ঞান, শিল্প, সাহিত্য, সঙ্গীত ইত্যাদি অনুশীলনের ইচ্ছা বৃদ্ধি পাবে এ রকম ঘটলে ওদের উচ্চাশা হবে প্রবল এবং পূর্বোক্ত যে কোন বিষয়ে জাতককে উৎকর্ষতা প্রদান করবে।

মন যদি সঞ্চয়মুখী হয় ও অর্থ সংগ্রহে মনোনিবেশ করেন, তবে যে পথে দ্রুত উপার্জন করা যায়, যথা—ব্যবসা, বিশেষতঃ ফাটকার ব্যাপারে ঝোঁক যাবে। বুধের প্রভাব বছরের এই সময়ের জাতককে কোন সাফল্যেই তৃপ্তি দেয় না এবং অর্থের অন্বেষণে এঁরা এতদূর ঝুঁকি নিতে রাজী থাকেন যে, সময়ে সময়ে নিজেদের ক্ষমতার বাইরে চলে যান।

এইভাবে মন যদি মননশীলতায় পথ বেছে নেয়, তবে এদিকে এত বেশী

পরিশ্রম করবেন যে, শেষে স্নায়বিক দুর্বলতা দেখা দিতে পারে ফলে নির্বাচিত কার্যে অগ্রসর হওয়া সম্ভব হয় না।

উভয় ক্ষেত্রেই ফল একই হবে, কর্ম বিরতির ফলে আর্থিক অনিশ্চয়তা। প্রকৃতিকে বশ করতে পারলে কর্মে ছেদ পড়বে না, কিন্তু আর্থিক অনিশ্চয়তা থেকেই যায়।

## স্বাস্থ্য

জুনের জাতকদের অন্য সব বিষয়ের মত এঁদের স্বাস্থ্যের বিষয়েও প্রযোজ্য। "বস্তুর উপর মনের আধিপত্য"-ই এক্ষেত্রে মূল কথা। এঁরা যদি জীবনে সফল ও সুখী হন, তবে রোগ এঁদের স্পর্শ করে না। নতুবা স্নায়ুমণ্ডলীর দুর্বলতায় দেহে ব্যাধি টেনে আনেন।

বছরের এই সময়ের জাতকগণ ক্বচিৎ কখনও বলিষ্ঠ হন। স্নায়ুর উপর নির্ভরশীল এঁদের জীবন—সুতরাং স্নায়বিক দৌর্বল্যও ঘটে সহজে। বিদ্যুৎ চালিত ব্যাটারিকে যেমন সময় সময় দম দিতে হয়, এঁরাও অনেকটা সেই রকম। নিদ্রায় যদি শারীরিক ক্ষয় পূরণ করে নিতে পারেন, তবে বড় রকম ভাঙ্গন থেকে এঁরা রক্ষা পান।

স্নায়ুরোগ যথা—জিহ্বার জড়তা, তোৎলামি বা মৃগি রোগ এদের হ'তে পারে। ফুসফুসের দৌর্বল্যহেতু প্লুরিসি, নিউমোনিয়া হ'তে পারে। একজিমা, দাদ, চুলকানি জাতীয় রক্তদুষ্টি-জনিত ব্যাধিও হওয়া সম্ভব।

## বিবাহ, সখ্যতা, অংশীদারী ইত্যাদি

জুন মাসে মিথুন চিহ্নের জাতকের পক্ষে বিবাহ, সখ্যতা ও অংশীদারী কদাচিৎ সফল হয়। সব নিয়মের মত এখানেও ব্যতিক্রম। ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরে জন্ম হওয়ার ফলে জুনের জাতক, ২১শে মে থেকে ২০শে জুনের মধ্যে, অর্থাৎ ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরে যাঁদের জন্ম—তাঁদের সঙ্গে সবচেয়ে বেশী মিল পাবেন। এছাড়া ২১শে সেপ্টেম্বর থেকে ২০শে অক্টোবর—ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘর, ২১শে জানুয়ারী থেকে ২০শে ফেব্রুয়ারী ত্রিগুণাত্মক বায়ুর তৃতীয় ঘর এবং এই গ্রহ সমন্বয়ের শুরু ও শেষের ৭ দিনের জাতকের সঙ্গে মিলনে সব বিষয়ে মঙ্গল। বছরের বিপরীত সময় অর্থাৎ ২১শে নভেম্বর থেকে ২০শে ডিসেম্বরের মধ্যে জাত ব্যক্তির প্রতিও এঁরা আকৃষ্ট হতে পারেন।

## ৫২ পরিচ্ছেদ

### জুন মাসের ১, ১০, ১৯ ও ২৮শে তারিখে জাত ব্যক্তিরা

### এ মাসের এক সংখ্যার লোকেরা।

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেছেন,—কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা রবি, ইউরেনাস, মিথুন চিহ্নে বুধের ( সক্রিয় ) ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের সব রকম প্রভাব দ্বারা চালিত হন। ২৮শে জুনের জাতক কর্কট, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের প্রভাব পাবেন।

জুন মাসে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বেই আলোচনা করা হয়েছে।

তবে আপনার জীবনে ও কর্মক্ষেত্রে শক্তিপূর্ণ গুণাবলী অধিক পরিমাণে বিকশিত হবে।

আপনি অত্যন্ত সহৃদয় ও দয়ালু, সহানুভূতি ও প্রশংসায় আপনার মন সহজে দ্রবীভূত হয়, ফলে অপরে আপনার ক্ষতি করার সুযোগ পায়। আপনি অতিশয় অনুভূতি প্রবল, আদর্শবাদী ও কল্পনাপ্রবণ ব্যক্তি।

মন আপনার সর্বদাই সক্রিয় ও আকস্মিক প্রয়োজনের জন্য প্রস্তুত। আপনি উদ্যোগী পুরুষ উচ্চাভিলাষী এবং স্বীয় আদর্শ সিদ্ধ করতে প্রচুর কষ্ট স্বীকার করেন।

আপনি দ্বৈত চরিত্রের ব্যক্তি এবং অপরে আপনাকে বুঝতে পারে না। অস্থির চিত্ত বলে ভ্রমণ ও পরিবর্তন আপনার প্রিয়। এ সত্ত্বেও যাবতীয় নূতন বৈজ্ঞানিক সমস্যার প্রতি আপনার কৌতূহল সদা জাগ্রত। আপনি প্রকৃত তত্ত্বজিজ্ঞাসু ও অনুসন্ধান-কারী। কখনো অধ্যয়নে আপনার প্রবৃত্তি হতে পারে এবং লেখক হিসাবে আপনার সুচারু প্রকাশভঙ্গী থাকতে পারে। সুখী গার্হস্থ্য জীবনের প্রতি আপনার আকর্ষণ থাকবে, কিন্তু সেখানে যথেষ্ট বিঘ্ন দেখা যেতে পারে।

সর্বদা কোন কাজে লিপ্ত থাকা আপনার স্বভাব এবং আপনার বহুমুখী মানসিকতা থাকা সম্ভব। ২৮শে জুনের জাতক প্রখর ব্যক্তিত্ব সম্পন্ন ও সম্পূর্ণ স্বাধীন মতাবলম্বী হ'ন।

## অর্থভাগ্য

অর্থ সম্বন্ধে আপনাকে সৌভাগ্যশালী বলা চলে এবং স্বীয় প্রতিভাবলে আপনার অর্থ-স্বাচ্ছন্দ্য আসবে। শেয়ার বাজার বা অর্থকরী শিল্পের গতিবিধি সম্বন্ধে আপনার তীক্ষ্ণ দূরদৃষ্টি আছে।

## স্বাস্থ্য

ক্ষীণ হলেও আপনার দেহ মজবুৎ। স্নায়বিক শক্তির উপর ভরসা করে চলতে হয় আপনাকে। মাঝে মাঝে খারাপ হয়ে গেলে ব্যাটারি যেমন সারিয়ে নিতে হয়, তেমনি বিশ্রাম ও প্রচুর নিদ্রার সাহায্যে আপনাকে মাঝে মাঝে স্নায়ুর দুর্বলতা কাটিয়ে উঠতে হয়।

একটু বেশী উদরাময়ের আক্রমণ ছাড়া আর কোনও বিশেষ ব্যাধি আপনার নাও হ'তে পারে। অত্যধিক মানসিক ক্লান্তি ও স্নায়বিক চাপের ফলে এই উদরাময়ের সূত্রপাত। অল্প বয়সে ফুসফুসের ব্যাধিও হতে পারে।

আপনার সবচেয়ে উপকারী সৌভাগ্যজনক সংখ্যা। যথা—১, ৪, ৫ এবং তাদের যুক্ত সংখ্যাগুলি—১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮ ও ৩১।

আপনার সর্বাপেক্ষা প্রয়োজনীয় কর্ম ও সাক্ষাৎকার ঐ তারিখগুলিতে করবেন।

আপনার আকর্ষণী শক্তি ও স্পন্দন বৃদ্ধির জন্য পোশাকের কোনও অংশে নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করতে পারেন :—

রবি—সোনালী, হলুদ, কমলা থেকে সোনালী আভাযুক্ত খয়ের রং।

ইউরেনাস—সব স্তরের ধূসর রং।

বুধ—সব ফিকে রং ও উজ্জ্বল বস্ত্র।

২৮শে জুনের জাতক সব সবুজ রং। বিশেষতঃ হালকা সবুজ রং পরবেন। হীরক, পোখরাজ, এ্যাম্বার, নীলকান্ত মণি ও সব উজ্জ্বল বর্ণের পাথর আপনার পক্ষে শুভ। ২৮শে জুনের জাতক মুনস্টোন, ক্যাট্‌স্ আই ও মুক্তা ব্যবহার করতে পারেন।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—১, ৪, ৫, ১০, ১৩ ১৪, ১৯, ২২, ২৩, ২৮, ৩১, ৩২, ৩৭, ৪০, ৪১, ৪৬, ৪৯, ৫০, ৫৫, ৫৮ ৫৯, ৬৪, ৬৭, ৬৮ ও ৭৩।

বছরের যে কোনও মাসের "১", "৪" ও "৫" পর্যায়ের তারিখ যথা—১, ৪, ৫, ১০, ১৩, ১৪, ১৯, ২২, ২৩, ২৮ ও ৩১শের জাতকের প্রতি আপনার প্রবল আকর্ষণ থাকবে।

২৮শে জুনের জাতক ছাড়াও (২-৭) ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখের জাতকের প্রতি আকৃষ্ট হ'তে পারেন।

## ৫৩ পরিচ্ছেদ

### জুন মাসের ২, ১১, ২০ ও ২৯শে তারিখে জাত ব্যক্তিরা

### এ মাসের দুই সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেছেন, কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা চন্দ্র, নেপচুন, মিথুন চিহ্নে সক্রিয় বুধের ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন। ২৯শে জুনের জাতক কর্কট চিহ্ন, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের প্রভাব পাবেন।

জুন মাসে যাঁরা জন্মগ্রহণ করেন তাঁদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বেই আলোচনা করা হয়েছে।

আপনার ক্ষেত্রে কোমল ও কল্পনাপ্রবণ গুণাবলী অধিক প্রাধান্য পাবে। অভিনব চিন্তা ও নূতন ধারণা সহজেই আপনার মনে সাড়া জাগায়। অপরের প্রতি আপনার দৃষ্টিভঙ্গী উদার ও সহানুভূতিশীল।

দ্বন্দ্বকলহ বা কোনও প্রকার সংগ্রামের প্রতি আপনার বিতৃষ্ণা। কলাকৌশলে বিবাদের মীমাংসা করতে আপনি সিদ্ধহস্ত; কিন্তু প্রায়ই আপনাকে জটিল পরিস্থিতির সম্মুখীন হ'তে হয়।

কোন রকম কূটনৈতিকের জীবন, শিল্পীর জীবন বা বিশেষ বৃত্তি যেমন অ্যাকাউন্টেন্সী আপনার বেছে নেওয়া উচিত।

সাহিত্য ও ইতিহাস আপনার প্রিয় পাঠ্যবিষয়; বহুস্থানে ভ্রমণ ও বহুবার আবাস পরিবর্তন আপনাকে করতে হবে।

আপনার অন্তর মমতা, সমবেদনা ও মানবিকতায় পরিপূর্ণ।

আপনার মন সদাজাগ্রত ও প্রতিভাদীপ্ত।

লাইব্রেরীতে দেখে বেছে পুস্তক চয়নে আপনার বিশেষ আনন্দলাভ হয় ও আপনার সাহিত্য নিয়ে সাফল্য আসবে।

কোনও গতানুগতিক বা ব্যবসায়িক কাজে আপনি আনন্দ পান না। জীবিকার্জনের জন্য লেখক বা শিল্পীর জন্য সম্পাদকীয় কাজ অথবা উচ্চমানের কাল্পনিক ধারায় সাহিত্য সৃষ্টি আপনার পক্ষে ভাল।

## অর্থভাগ্য

যে কোনো রকমে অর্থসঞ্চয় আপনার কখনই লক্ষ্য নয়।

এ বিষয়ে আপনাকে সচেতন থাকতে হবে। অর্থসঞ্চয় করা আপনার স্বভাব নয়। মনোজগৎ, বুদ্ধির জগতে বিচরণ করেন বলে তাৎক্ষণিক প্রয়োজন মেটানো ছাড়া অর্থের কোনও মূল্য নেই আপনার কাছে। আপনি সেই আশাবাদী সম্প্রদায়ভুক্ত যাঁরা স্বপ্নরাজ্যে বিচরণ করেন, কিন্তু বিস্ময়ের বিষয় এই যে প্রায়ই এঁদের স্বপ্ন সত্যে পরিণত হয়।

## স্বাস্থ্য

আপনার গ্রহসমন্বয় শারীরিক শক্তির নির্দেশ করে না। পেটের উপরিভাগে দুর্বলতা থাকার ফলে আপনাকে সাবধানে খাদ্য নির্বাচন করে খেতে হবে। যদি সেটা করতে পারেন, তবে কঠিন পীড়ার হাত থেকে রক্ষা পাবেন, দীর্ঘায়ু লাভ করবেন, কিন্তু কখনও তেমন বলিষ্ঠ হবেন না।

আপনার পক্ষে শুভ সংখ্যা ও মঙ্গলপ্রদ তারিখগুলি—২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫ ও ২৯।

গ্রহশক্তি আকর্ষণের জন্য আপনি পোশাকের কোনও অংশে নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন।

চন্দ্র—সব স্তরের সবুজ, ঘি-রং ও সাদা।

নেপচুন—কপোত ধূসর ও বিদ্যুৎ-বর্ণগুলি।

বুধ—সব ফিকে রং উজ্জ্বল বস্ত্র।

জেড্, মুন্‌স্টোন, ক্যাট্‌স্ আই, মুক্তা, নীলকান্ত মণি, হীরা ও উজ্জ্বল পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—২, ৪, ৫, ১১, ১৩, ১৪, ২০, ২২, ২৩, ২৯, ৩১, ৩২, ৩৮, ৪০, ৪১, ৪৭, ৪৯, ৫০, ৫৬, ৫৮ ৫৯, ৬৫, ৬৭ ও ৬৮।

২, ৫ ও ৭ ঘরের যে কোন ও মাসের জাতক আপনাকে টানবে এবং ও '৪' পর্যায়, যথা—১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ ও ৩১ তারিখের জাতক আপনার মনোযোগ ভীষণভাবে আকর্ষণ করতে পারে।

## ৫৪ পরিচ্ছেদ

### জুন মাসের ৩, ১২, ২১ ও ৩০শে তারিখে জাত ব্যক্তিরা
### এ মাসের তিন সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেছেন কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা বৃহস্পতি ও বুধের স্পন্দনে মিথুনের ঘরে ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন। ৩০শে জুনের জাতক চন্দ্র ও নেপচুনের অধীনে কর্কটচিহ্ন, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের প্রভাব পাবেন।

জুনমাসে যাঁরা জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বেই আলোচনা করা হয়েছে। তবে সক্রিয় গুণাবলী আপনার জীবনে প্রতিফলিত হবে খুব বেশী।

কর্মোদ্যোগের সার্থক পরিণতি লাভ করা আপনার চরিত্রের বৈশিষ্ট্য। কিন্তু সহজে আপনি তুষ্ট হন না এবং জীবনের শেষ দিন অবধি আপনার চেষ্টার বিরাম থাকে না।

আপনি সু-পরিচালক। বড় ব্যবসা, সরকারি চাকুরির সম্মানিত পদ মিউনিসিপালিটি বা বৃহৎ সমবায়ের দায়িত্ব গ্রহণের ক্ষমতা রাখেন। ছোট হলেও পেশাদারী প্রতিষ্ঠানগুলির ভ্রাম্যমাণ প্রতিনিধিত্ব কাজ এবং নব-আবিষ্কৃত দ্রব্যের পরিবেশনায় আপনি সফলকাম হবেন।

যেখানেই যাননা কেন বন্ধুর অভাব আপনার হবে না এবং অপরকে আপনি সহজে আয়ত্তে আনতে পারেন। মন আপনার বহুমুখী প্রতিভার অধিকারী,

এবং বক্তা হিসাবে আপনি শ্রোতা আকৃষ্ট করতে পারেন। এবং যে কোন বিষয়েই কথা বলতে পারেন।

আবিষ্কারকের মনোবৃত্তি আপনার এবং বিমানযোগে ভ্রমণ, বেতার, টেলিভিশন ইত্যাদি বিষয়ে গবেষণায় আপনার আগ্রহ আছে। এই জাতীয় কাজ, সাহিত্যিক প্রচেষ্টা ও বৈজ্ঞানিক বিষয়ে লিপ্ত থাকলে আপনার সাফল্য সুনিশ্চিত। গতিশীলতা, বাষ্পীয় শকটের দ্রুতগতি ও ব্যবধানের বিনাশ আপনাকে আকৃষ্ট করে।

## অর্থভাগ্য

সহজে অর্থোপায় করতে পারবেন, উচ্চপদ লাভ ও অর্থসঞ্চয়ে আপনার অসুবিধা হবেনা। কিন্তু আপনি সহজে তৃপ্ত হন না। সর্বদা "আয়ত্তের বহির্ভূত কোনও বস্তু"র প্রতি আপনার অদম্য আকর্ষণ থাকে।

অর্থসম্বন্ধে আপনি উদার, নিজস্ব সঞ্চিত অর্থ অনায়াসে কল্যাণকর প্রতিষ্ঠান গুলিতে বা নিজের দুঃস্থ আত্মীয় স্বজনকে বা স্ত্রীর আত্মীয় স্বজনকে দান করতে পারেন।

## স্বাস্থ্য

অত্যধিক পরিশ্রম ও স্নায়বিক ক্লান্তিতে মাঝে মাঝে আপনার স্বাস্থ্য ভঙ্গ হবে। অকস্মাৎ অসুস্থ হয়ে, অতি দ্রুত আরোগ্য লাভ আপনি করেন। প্রচণ্ড মাথার যন্ত্রণা, স্নায়বিক দুর্বলতা, ফুসফুস ও শ্বাসযন্ত্রের কষ্ট আপনি পেতে পারেন। চোখের যত্ন নেবেন, চশমা থাকলে সময়মতো কাঁচ বদল করে নেবেন, চোখের ওপর বেশী চাপ দেবেন না। সুস্থ দেহে বহু শ্রম আপনি সহ্য করতে পারেন।

'৩' ও '৫' ঘরের সংখ্যা বা সেই পর্যায়ের তারিখ যথা—৩, ৫, ১২, ১৪, ২১, ২৩ ও ৩০ আপনার পক্ষে কার্যকরী। ৩০শে জুনের জাতকের পক্ষে ২-৭ সংখ্যা যথা ২, ৭, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখ শুভ।

আকর্ষণী শক্তি বৃদ্ধির জন্য আপনার পোশাকের কোনও অংশে নিম্নলিখিত রংগুলি ব্যবহার করবেন :—

বৃহস্পতি—বেগুনি, ভায়লেট ও গাঢ় বেগুনি।

বুধ—ফিকে রং ও ঝলমলে রং।

৩০শে জুনের জাতক উপরোক্ত রংগুলির সঙ্গে সব স্তরের সবুজ রং ব্যবহার করতে পারেন।

এ্যামেথিস্ট, সব বেগুনি পাথর, হীরক ও উজ্জ্বল পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের গুরুত্বপূর্ণ বয়সগুলি যথাক্রমে— ৩, ৫, ১২, ১৪, ২১, ২৮, ৩০, ৩২, ৩৯, ৪১, ৪৮, ৫০, ৫৭, ৫৯, ৬৬, ৬৮, ৭৫ ও ৭৭।

যে কোনও মাসের '৩' ও '৫' ঘরের তারিখগুলির জাতক, যথা—৩, ৫, ১২, ১৪, ২১, ২৩ ও ৩০-এর ব্যক্তিগণ আপনাকে আকৃষ্ট করবে।

৩০শে জুনের জাতক ২-৭ পর্যায় যথা—২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখে জাত ব্যক্তিদের প্রতি আকৃষ্ট হবেন।

## ৫৫ পরিচ্ছেদ

### জুন মাসের ৪, ১৩, ও ২২শে তারিখে জাত ব্যক্তিরা
### এই মাসের চার সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেছেন কিরোর চ্যালডিয়ন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা ইউরেনাস, রবি ও বুধের মিথুন চিহ্নের ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন।

জুন মাসে যাঁরা জন্মগ্রহণ করেন তাঁদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বেই আলোচনা করা হয়েছে। কিন্তু আপনার ক্ষেত্রে চরিত্রের দোষগুণ অধিকতর প্রকট হবে।

ইউরেনাস ও বুধের যোগাযোগ অ সাধারণ, সেইজন্যে আপনার জীবন স্বতন্ত্র হবে।

আপনি অতি ভিন্ন প্রকৃতির মানুষ, অ-স্বাভাবিক ব্যক্তি ও বস্তুর প্রতি আপনার ঝোঁক এবং আকস্মিক, অকল্পিত ঘটনা আপনার জীবনে সবচেয়ে বড় স্থান পাবে।

সব ব্যাপারে আপনার স্বাতন্ত্র্য প্রকাশ পাবে। আপনার বহু আশ্চর্য উপলব্ধি হবে এবং বহু ঘটনা আপনি আগে হ'তে টের পাবেন। উদ্ভাবনী

াক্তি, নূতন নূতন ধারণার প্রতি আকর্ষণ, সমাজ-সংস্কার ও চিরাচরিত ধারা হ'তে বিচ্ছিন্ন বিষয়ে অধ্যয়নে আপনার আগ্রহ থাকবে।

বিদ্যুৎ, টেলিভিশন, চিন্তার আদান-প্রদান, যোগবলে মনান্তরে চিন্তা সঞ্চার, ায়বীয় যন্ত্রাদি আবিষ্কার ও বাতাস যোগে ভ্রমণে আপনার অসীম আগ্রহ থাছে।

বিমান, ঘূর্ণিবার্তা, বিদ্যুৎ ও বায়ুর সঙ্গে সংশ্লিষ্ট দুর্ঘটনার সম্মুখীন হওয়াও াপনার পক্ষে অসম্ভব নয়।

ধর্ম, সরকারী সমস্যা ও সামাজিক ব্যাপার সম্বন্ধে আপনার আশ্চর্য ধারণা থাছে।

আপন চিন্তাধারার সঙ্গে মিল হয়, এমন ব্যক্তির সাক্ষাৎ পেলে তবেই বিবাহ করবেন, নতুবা বিবাহ সুখের হবে না।

আধিভৌতিক ব্যাপারে আপনার আকর্ষণ থাকতে পারে, সেক্ষেত্রে সাহিত্য । বক্তৃতার সাহায্যে বিষয়টিকে জনসাধারণের পক্ষে মনোগ্রাহী করতে ারেন।

আত্মীয়-স্বজন আপনাকে শান্তি দেবে না এবং অত্যধিক স্বাধীনচেতা ওয়ার জন্যে আপনি তাদের থেকে বিচ্ছিন্ন একক জীবন যাপন করবেন। াপনার বিরুদ্ধে মামলা মোকদ্দমা হ'তে পারে। আপনি তা' থেকে দূরে াকতে চেষ্টা করবেন।

## অর্থভাগ্য

এ বিষয়েও আপনার ভাগ্য অ-স্বাভাবিক ও অনিশ্চিত। অকস্মাৎ অর্থ াভ হ'তে পারে। কিন্তু আপনি তা' ধরে রাখতে পারবেন না। যে যুগে াপনি জন্মেছেন, তার থেকে আপনার মতামত অনেক বেশী প্রগতিশীল হ'তে ারে। ঝুঁকি নিয়ে টাকা খাটানোর দিকে আপনার ঝোঁক থাকতে পারে, ন্তু আপনি সর্বদা নির্যাতিতের পক্ষে থাকেন এবং তাকে শেষ অবধি ভাঙার ানে তুলতে পারেন না।

নূতন চিন্তাধারা, যথা—বৈদ্যুতিক আবিষ্কার, বেতার, টেলিভিশন, িলিফোন, সিনেমা, অসাধারণ সৃষ্টিমূলক কাজ এবং উচ্চশ্রেণীর সাহিত্য-ার্তির সঙ্গে আপনার ভাগ্য জড়িত থাকবে।

## স্বাস্থ্য

এ বিষয়ে আপনাকে অতি আশ্চর্য অবস্থার সম্মুখীন হ'তে হবে। আপনি বলিষ্ঠ নন, অদ্ভুত রহস্যময় ব্যাধি আপনাকে আক্রমণ করতে পারে। চিকিৎসকের প্রভাব আপনার উপর কার্যকরী হওয়া শক্ত। হয়তো আপনাকে বহুবার চিকিৎসক পরিবর্তন করতে হবে।

ওষুধের প্রভাব আপনার উপরে বেশী, অল্প পরিমাণ ওষুধে কাজ বেশী হবে। নিজের ওপর ওষুধের ফল নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চালাবেন। বিশেষতঃ মানসিক ব্যাধি আরোগ্য করার দিকে আপনার কৌতূহল থাকবে। "নূতন শ্রেণীর" চিকিৎসক হিসাবে আপনি সফল হতে পারেন কিন্তু আপনাকে বহু প্রকার বিরোধিতা ও ভুল-বোঝার সম্মুখীন হ'তে হবে। তবু নিজের ধ্যান-ধারণায় আপনি লেগে থাকতে পারবেন।

"৪" ও "৫"-এর পর্যায় সব সংখ্যা ও তারিখ যথা—৪, ৫, ১৩, ১৪, ২২, ২৩ ও ৩১ আপনার পক্ষে কার্যকরী। "৩" ঘরের সংখ্যা ও এই তারিখগুলির জাতকগণ যথা—৩, ১২, ২১, ৩০ আপনার জীবনে বারবার দেখা দেবে। কিন্তু বেশীরভাগ তাদের ক্রিয়াকলাপ আপনার বিপক্ষই যাবে। সুতরাং এই সংখ্যা ও তারিখগুলি আপনি এড়িয়ে চলবেন। ৮ ও সেই পর্যায় সংখ্যাও যথা—৮ ১৭ ও ২৬ আপনার পক্ষে বর্জনীয়।

গ্রহশক্তি আকর্ষণকারী স্পন্দন বৃদ্ধির জন্য আপনি পোশাকের যে কোনও অংশে নিম্নলিখিত রংগুলি ব্যবহার করবেন। যথা—

ইউরেনাস—ধূসরের সবস্তর ও বৈদ্যুতিক বর্ণগুলি।

বুধ—সব ফিকে রং।

নীলকান্ত মনি, হীরক, সব সাদা ও উজ্জ্বল পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের উল্লেখযোগ্য বর্ষ যথাক্রমে—৪, ৫, ১৩, ১৪, ২২, ২৩, ৩১, ৩২, ৪০, ৪১, ৪৯, ৫০, ৫৯, ৬৭, ৬৮, ৭৬, ও ৭৭।

বছরের যে কোনও মাসে ৪ ও ৫ ঘরের লোকেরা যথা—৪, ৫, ১৩, ১৪, ২২, ২৩ বা ৩১ এবং '১' সংখ্যার লোকেরা যথা—১, ১০, ১৯ ও ২৮শের জাতক আপনাকে আকর্ষণ করবে প্রচুর।

## ৫৬ পরিচ্ছেদ

### জুন মাসের ৫, ১৪, ২৩শে তারিখে জাত ব্যক্তিরা
### এ মাসের পাঁচ সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেছেন, কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা স্বকক্ষে সক্রিয় বুধের স্পন্দনে মিথুন চিহ্ন, ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের সবরকম গুণাবলী পাবেন।

জুন মাসে যাঁরা জন্মগ্রহণ করেছেন, পূর্বে তাদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা আলোচনা করা হয়েছে।

আপনার ক্ষেত্রে বুধ স্বঘরে অবস্থিত হওয়ার ফলে এই মাসে বুধ দ্বিগুণভাবে শক্তিশালি, সেইজন্য ৫, ১৪ বা ২৩শে জুনের জাতকের উপর গ্রহ-প্রভাব বিশেষভাবে প্রতিফলিত হবে।

আপনার মস্তিষ্ক অত্যন্ত সক্রিয়, উদ্ভাবনী শক্তি-সম্পন্ন, চিন্তা ও কর্মে তৎপর, সেইজন্য ঢিমেতালের একঘেয়ে কাজে আপনার বিতৃষ্ণা। যাঁর সঙ্গে বহুবার কাজ করতে পারেন এমন কোনও সঙ্গী বা অংশীদার আপনি পাবেন না, সেইজন্য আপনার জীবন ও কর্মক্ষেত্রে বহু পরিবর্তন আপনি আশা করতে পারেন। "রাতারাতি বড়লোক" হওয়ার সব পরিকল্পনা আপনাকে আকৃষ্ট করবে, বিশেষ করে যদি মাসের মাঝামাঝি আপনার জন্ম হয়। স্টক এক্সচেঞ্জ অথবা হাতে হাতে লাভের ব্যবসায়ে ঝুঁকি নিয়ে টাকা ঢালতে আপনার আপত্তি নেই।

সময় সময় আপনি প্রচুর ভাগ্যবান হবেন। আবার বহু ক্ষতির সম্মুখীনও হবেন। সেইজন্য আপনাকে দুর্দিনের পাথেয় হিসাবে কিছু অর্থ সঞ্চিত রাখা উচিত। অবশ্য যদি প্রভূত সম্পত্তির মধ্যে অপরের দায়িত্বে গচ্ছিত অর্থের মাঝে জন্মলাভের সৌভাগ্য আপনার থাকে, সে কথা ভিন্ন।

অসম্ভব চঞ্চল মতি আপনি ক্রমাগত গৃহ নির্মাণ করেন, অথচ বেশীদিন সেখানে বাস করেন না। ভ্রমণের আসক্তি আছে আপনার, মুহূর্তের খেয়ালে সব ছেড়ে চলে আসেন এবং সবচেয়ে দ্রুতগামী যানের সাহায্যে গন্তব্যস্থলে পৌঁছে যান।

বিমান, এক্সপ্রেস ট্রেন, দ্রুতগামী মোটরগাড়ি আপনার জীবনের অঙ্গস্বরূপ হয়ে দাঁড়াবে। যে কোনও মুহূর্তে গতির জন্য আপনি জীবন দিতে প্রস্তুত। একচুলের জন্য মৃত্যু এড়িয়ে গেছেন এমন বহু ঘটনা আপনার জীবনে ঘটবে, কিন্তু সাধারণতঃ ভাগ্য আপনাকে রক্ষা করবে।

মনুষ্যসঙ্গ আপনাকে বেশীদিন আনন্দ দিতে পারবে না, আপনার অন্তঃকরণ করুণায় পরিপূর্ণ, কিন্তু আপনার স্বভাব-বশে "চোখের আড়াল, মনের আড়াল" সৃষ্টি করে।

সর্বদা দুই বা ততোধিক বিষয়ে জড়িত থাকার মত দ্বৈত চরিত্র আপনার। একই সঙ্গে দুজনকে আপনি ভালবাসতে পারেন, কে যে আপনার অধিক প্রিয় সেকথা নিজেই স্থির করতে পারেন না। জীবনের কোনও সময়ে দু'টি বিবাহ করে আপনি দুই সংসার পাততে পারেন।

## অর্থভাগ্য

উপস্থিত ও চতুর মস্তিষ্ক বুদ্ধি আপনাকে এ বিষয়ে বহু সুযোগ এনে দেবে। আপনি কখনো ধনী, কখনো দরিদ্র। যখন আপনার হাতে অর্থ থাকে, তখন আপনি অমিতব্যয়ী, কিন্তু অর্থাভাবে আপনি অনেক নীচু মহলেও মানিয়ে নিতে পারেন। অসুবিধা এই যে, অবস্থা ও পরিস্থিতির সঙ্গে আপনি অতিরিক্তভাবে মিশে যান।

যে কোনও উদ্যোগ, বাণিজ্যশিল্প বা অন্য কাজে আপনি লিপ্ত থাকুন না কেন, স্বীয় চারিত্রিক দুর্বলতাগুলি সংযত রাখতে পারলে সাফল্য আপনার অনিবার্য। জনতার দৃষ্টির সামনে যাঁকে স্থান করে নিতে হবে তাঁর জন্মের পক্ষে এটি একটি প্রকৃষ্ট সময়।

## স্বাস্থ্য

আপনি নিজেই আপনার চরম শত্রু। উচ্চগ্রামে বাধা হ'লেও আপনার শারীরিক গঠন উৎকৃষ্ট। প্রতিটি ক্ষেত্রে আপনি নিজেকে বড় বেশী এগিয়ে দেন। স্নায়ুর উপর ভর করে আপনি পরিবর্তন ও ভ্রমণের মোহে ঘুরে বেড়ান। নিজেকে সচল রাখার জন্য মাঝে মাঝে মাদকদ্রব্য ব্যবহার করেন 'যা' আপনার পরিপাক শক্তির পক্ষে ক্ষতিকর। নিয়ম কানুনের উপর আপনার যত রাগ, সেইজন্যে নিয়মে চলা আপনার অভ্যাস নেই। খেয়াল খুশির উপর আপনার

আহার ও নিদ্রা চলে, ফলে আপনার উৎকৃষ্ট স্বাস্থ্যটি ভেঙ্গে যায়। স্নায়বিক গণ্ডগোলের ফলে ঘনঘন চোখের পাতা নাড়া, জিভ্ বা কথায় জড়তা, রক্তদূষিত, একজিমা বা চর্মরোগ হতে পারে।

৫ ও ঐ পর্যায় সংখ্যাগুলি, যথা—৫, ১৪ ও ২৩ আপনার পক্ষে গুরুত্বপূর্ণ।

বুধের সব ফিকে রং ও জলজলে বস্ত্র আপনার পক্ষে শুভ।

হীরক, শ্বেতমণি ও সব উজ্জ্বল পাথর আপনার ধারণযোগ্য।

আপনার জীবনের প্রধান বয়সগুলি যথাক্রমে—৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৫৯, ৬৮ ও ৭৭।

বছরের যে কোনও মাসের ৫, ১৪ ও ২৩ তারিখের জাতক আপনাকে বিশেষভাবে আকৃষ্ট করে।

## ৫৭ পরিচ্ছেদ

### জুন মাসের ৬, ১৫, ২৪শে তারিখে জাত ব্যক্তিরা

### এ মাসের ছয় সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেছেন কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা শুক্র ও বুধের স্পন্দনে মিথুন চিহ্নে ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

জুন মাসে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা আলোচনা করা হয়েছে।

এই বিশেষ দিনগুলিতে জন্মগ্রহণ করে, বিশেষ গ্রহসমন্বয়ের ফলে আপনি সৌভাগ্যবান ও জনগণের দ্বারা অভিনন্দিত হবেন।

একাধিক পথে আপনার অর্থপ্রাপ্তি আছে; বিশেষ বিশেষ সুযোগ জীবনে আপনি বহুবার পাবেন।

এই গ্রহসমন্বয়ের একশ্রেণীর জাতক অত্যন্ত কল্পনা প্রবণ; সঙ্গীত, শিল্প, সাহিত্য, বাগ্মীতা ও উত্তম ধর্মযাজক হিসাবে এঁরা সফল হন।

৬, ১৫ ও ২৪শে জুনের জাতক সমাজে প্রতিষ্ঠা ও সংসারে প্রসিদ্ধি লাভ করেন। কিন্তু ভাগ্যের উপর ভরসা করে বসে থাকেন বলে মাঝে মাঝে মানসিক অবসাদ ও বিষাদখিন্নতায় জর্জরিত হন।

আপনার মধ্যে অসম্ভব আকর্ষণী শক্তি আছে। বিপরীত লিঙ্গের কাছে আপনার আকর্ষণ দুর্দমনীয়, ফলে বহু অপ্রচলিত প্রণয় ঘটিত ব্যাপার ও ঘটনা বহুল জীবনের মধ্যে দিয়ে আপনাকে আসতে হবে।

কোনওরকম বাধ্যবাধকতা আপনার পছন্দ নয়; স্বাধীনতার আকাঙ্ক্ষা ও জীবনে অন্যদের উপরে স্থান পাবার উচ্চাশায় আপনি সদাই সচল।

## অর্থভাগ্য

এ বিষয়ে আপনি সুখী, বহু উপহার, সম্পত্তি ও উত্তরাধিকার সূত্রে অর্থপ্রাপ্তি যোগ আপনার আছে।

## স্বাস্থ্য

আপনি উচ্চগ্রামে বাঁধা। স্নায়ুমণ্ডলীর অবসাদ, হঠাৎ জ্বরের আক্রমণ, শ্বাসনালীর স্ফীতি ও হাঁপানিতে ভুগবেন।

৫ ও ৬ ঘরের সংখ্যা ও তারিখ আপনার পক্ষে সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ। গ্রহশক্তির আকর্ষণ বৃদ্ধির জন্য আপনি পোশাকের কোনও অংশে নিম্নলিখিত রংগুলি পরবেন যথা—

বুধ—সব ফিকে রং ( নারী হ'লে সব জলজলে বস্ত্র পরিধেয় )।

শুক্র—ফিকে থেকে গাঢ় অবধি সব নীল রং।

হীরক, মুক্তা, পান্না, টারকোয়েজ, সব নীল পাথর এবং সাদা, উজ্জ্বল স্ফটিক আপনার পক্ষে শুভ রত্ন।

আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি হচ্ছে যথাক্রমে ৫, ৬, ১৪, ১৫, ২৩, ২৪, ৩২, ৩৩, ৪১, ৪২, ৫০, ৫১, ৫৯, ৬০, ৬৮ ও ৭৮।

বছরের যে কোনও মাসের ৫ ও ৬ ঘরের তারিখ যথা ৫, ৬, ১৪, ১৫, ২৩ ও ২৪শের জাত জাতকদের প্রতি আপনি বিশেষভাবে আকৃষ্ট হবেন।

## ৫৮ পরিচ্ছেদ

### জুন মাসের ৭, ১৬, ২৫শে তারিখে জাত ব্যক্তিরা

### এ মাসের সাত সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, কিরোর চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা নেপচুন, চন্দ্র ও বুধের স্পন্দনে মিথুন চিহ্নে, ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের প্রভাব দ্বারা চালিত হবেন।

জুন মাসে যাঁরা জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের বিষয় আলোচনা করা হয়েছে।

আপনার স্বভাবের বিশেষত্ব হ'ল এই যে, অন্যদের চিন্তাধারা আপনি সহজেই গ্রহণ করতে পারেন, কিন্তু প্রভুত্বব্যঞ্জক রূঢ়তা আপনার চরিত্রের এই দিকটা আবৃত করে রাখে।

অ-সাধারণ আদর্শবাদিতা, সূক্ষ্ম অনুভূতি, সুরুচিপূর্ণ চিন্তা, কাব্যধর্মী কল্পনা, ভাবালুতা ও ভবিষ্যৎদৃষ্টিতে আপনার অন্তর সদাই পরিপূর্ণ।

আধিদৈবিক ঘটনা আপনাকে যথেষ্ট নাড়া দেবে এবং এই সব ব্যাপারে বিবিধ বিচিত্র অভিজ্ঞতা হবে আপনার।

জগতের আর পাঁচজনের সঙ্গে আপনার আদর্শ মেলেনা, কিন্তু আশে পাশে সবাইকে প্রভাবিত করার যথেষ্ট ক্ষমতা আপনার আছে।

"প্রগতিশীল চিন্তা" মনোবিজ্ঞান, বিশ্বাসের সাহায্যে ব্যাধি দূর করা—এই সব ব্যাপারে আপনি সিদ্ধকাম এবং আপনি এই তথ্যগুলির উপর আলোচনা করা বা প্রবন্ধ লেখায় সার্থক হ'তে পারেন, কিন্তু নিজের এই ক্ষমতা আপনি লোকচক্ষুর অন্তরালে রাখতে চান।

দীর্ঘ জলপথে ভ্রমণ আপনার মনকে টানে এবং সমুদ্রের উপকূল, নদী বা হ্রদের আশে পাশে থাকতে পারলে আপনি খুশি হন। আপনার গ্রহ সমন্বয় জলে দুর্ঘটনা বা জলমগ্ন হবার ইঙ্গিত দেয়।

সংসারে আত্মীয়স্বজন আপনাকে শান্তি দেবে না।

বিবাহ আপনার সুখের হবে না এবং এই সংক্রান্ত ব্যাপারে লোকে ভুল করে আপনাকে দোষী ভাববে। শেষ জীবনের পাথেয় সরিয়ে রাখবেন। কারণ আপনার গ্রহ সমন্বয় কৌশলী ব্যক্তিদের দ্বারা সম্পদ লুণ্ঠনের আভাস দেয়।

নব নব রূপে প্রকৃতিকে দেখতে আপনি ভালবাসেন। শিল্প আপনার প্রিয়,

সুন্দর সুন্দর বস্তু সঞ্চয় করা আপনার অভ্যাস। ১৬ই জুনের জাতক লর্ড কিচেনারের জীবনে এইটি খুব স্পষ্টভাবে প্রত্যক্ষ করা গেছে। তিনি অজস্র চীনা ফুলদানির অপূর্ব সংগ্রহ করেছিলেন।

২৫শে জুনের জাতক আগন্তুক কর্কট চিহ্ন, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের প্রভাবে চলে আসবেন। আপনার রক্তে বৈচিত্র্যের কামনা প্রবল ধারায় প্রবাহিত, দৃশ্য পরিবর্তন ও সমুদ্র ভ্রমণের উগ্রবাসনা মূর্ত হয়ে থাকে।

## অর্থভাগ্য

আর্থিক বিষয়ে আপনার বিচিত্র অভিজ্ঞতা হবে। উইলে আপনার প্রাপ্য অর্থাংশ থেকে আপনাকে প্রতারিত হতে হবে এবং সেটি উদ্ধার করতে আপনাকে বহু কষ্ট স্বীকার করতে হবে। অর্থের অনিশ্চয়তা থাকবে। ঝুঁকি নিয়ে টাকা খাটানো আপনার চলবেনা, বরং যা আছে তাই সঞ্চিত করে রাখুন।

## স্বাস্থ্য

মন যখন দেহের উপর সক্রিয় থাকে, তখন বহু অভিজ্ঞতা হয়, আপনারও সেইরূপ হবে। দুশ্চিন্তা ও বিষাদ আপনার উদর ও পরিপাক শক্তির উপর ক্রিয়া করে। প্রায়ই মানসিক অবসাদ ও মনোবেদনার কারণে স্বাস্থ্য হানি হবে। সর্দি বা ফুসফুসের ব্যাধি হতে পারে, রক্ত চলাচল সংক্রান্ত ব্যাধিও আসতে পারে।

২, ৫ ও ৭ পর্যায়ের সংখ্যা ও তারিখ যথা—২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৩, ২৫ ও ২৯ আপনার পক্ষে উপকারী। এই তারিখগু:তে আপনি গুরুত্বপূর্ণ কাজ ও সাক্ষাৎগুলি করবেন।

গ্রহ শক্তি আকর্ষণী বর্ণগুলি আপনি পোশাকে ব্যবহার করবেন, যথা—

চন্দ্র—সব স্তরের সবুজ রং, ঘি-রং ও সাদা।

বুধ—সব ফিকে রং ও উজ্জ্বল বস্ত্র।

নেপচুন—সব স্তরের কপোত ধূসর বর্ণ।

সবুজ জেড্, মুক্তা, মুনস্টোন ও হীরক আপনার পক্ষে শুভরত্ন।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—২, ৭, ১১, ১৬, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫, ও ৭০।

২ ও ৭ ঘরের তারিখ, যথা—২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯-এর জাতক, তিনি বছরের যে মাসেই জন্মগ্রহণ করুন না কেন,—আপনাকে আকর্ষণ করবেন।

## ৫৯ পরিচ্ছেদ

### ৮, ১৭ ও ২৬শে জুনের জাতকগণ

### এ মাসের ৮ সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা শনি ১, সক্রিয় বুধের স্পন্দনে, মিথুন চিহ্নে ত্রিগুণাত্মক বায়ুর প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন।

২৬শে জুনের জাতকগণ আগন্তুক কর্কট, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের অন্তর্গত হয়ে চরিত্রের বলিষ্ঠ গুণাবলীর অধিকারী হবেন।

জুন মাসে যাঁরা জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা আলোচনা করা হয়েছে।

আপনার ক্ষেত্রে ভাগ্যনির্দেশিত ঘটনাগুলি বিশেষভাবে প্রকাশ পাবে। আপনার সব কাজে কঠিন ব্যক্তিত্বের পরিচয় থাকবে।

আপনি "নিয়তির সন্তান", অবস্থা ও পরিস্থিতির উপর আপনার কোনও হাত থাকবেনা। আপনি যদি আগে থেকে অতি সাবধানে ও সতর্ক হয়ে চলতে পারেন, তবেই রক্ষা পাবেন নতুবা অশুভ আইন সংক্রান্ত ব্যাপারে এমন জড়িয়ে পড়বেন যে, সবকিছু আপনার বিরুদ্ধে যাবে।

অন্যায় অপবাদ, কলঙ্ক ও গোপন শত্রুতা থেকে আত্মরক্ষা করতে আপনি বাধ্য হবেন এবং প্রতিবেশী ও নিকট আত্মীয়দের সঙ্গে দ্বন্দ্ব কলহ আপনার কপালের লিখন।

বিপদে নির্ভর করতে পারেন এমন বন্ধু আপনি পাবেন না। পারিপার্শ্বিক বাধ্যবাধকতা ও অপর ব্যক্তিদের ব্যাপার থেকে নিজেকে যদি মুক্ত করে নিতে পারেন, তবে বিবিধ বিষয়ে আপনি সার্থক সাধনা করতে পারেন, যথা—বিজ্ঞান, গণিত, গুরুগম্ভীর সাহিত্য, দার্শনিক বিষয়বস্তু বা ধর্মতত্ত্ব।

আপন ইচ্ছানুযায়ী যে কাজই করুন না কেন, একা করাই ভাল, কারণ অপরে আপনাকে ভুল বুঝবে।

যে বিষয়টি আপনার ভাল লাগে সে বিষয় আপনি গভীরভাবে অধ্যয়ণ করেন এবং অনুশীলন করলে অসাধারণ মননশীলতার অধিকারী হবেন।

সর্ববিষয়ে সূক্ষ্মবিচার করে দেখা আপনার স্বভাব, ছোট ছোট ভুল ক্রটি আপনাকে উত্যক্ত করে।

"প্রগতিশীল চিন্তা" আপনার প্রিয়, কিন্তু আশে পাশের ব্যক্তিদের সঙ্গে আপনার যথেষ্ট মতান্তর থেকে যাবে।

আপনার জীবনে বহু পরীক্ষা ও ভুল বোঝাবুঝির সম্মুখীন হ'তে হবে, এইজন্য আপনাকে দার্শনিক মনোভাব গড়ে তুলতে হবে। বিমান যোগে ভ্রমণে আপনার বিপদের আশঙ্কা আছে।

## অর্থভাগ্য

এ বিষয়ে আপনি বিজ্ঞ ও সতর্ক। আপনি নীরবে ধৈর্য্যের সঙ্গে ব্যবসা করতে ভালবাসেন। ধীরে ধীরে বহু পরিশ্রমে আপনার অর্থবল গড়ে উঠবে। গভীর, চাপা স্বভাবের আপনি। সহজে কাউকে বিশ্বাস করেন না। এ সত্ত্বেও আপনার ক্ষতি হ'তে পারে। যেখানেই থাকুন ভৃত্য বা অনুচর আপনার অর্থ অপহরণ করবে।

## স্বাস্থ্য

স্নায়ু আপনার মূল ব্যাধির আধার। বিরক্তি ও উৎকণ্ঠা আপনাকে বিষণ্ণ ও অন্তর্মুখী করবে, ফলে আপনার স্বাস্থ্য ক্ষতিগ্রস্ত হবে। অন্ত্রের ব্যাধি, রক্তদুষ্টি, ও আভ্যন্তরীণ কোন রকম সহনশীলতা আপনাকে কষ্ট দেবে। প্রচুর পরিমাণে আপনার শাক সব্জি আহার ও জলপান করা উচিৎ। অসহ্য মাথা ব্যথা, বিশেষতঃ মস্তিষ্কের গোড়ায় সাংঘাতিক যন্ত্রণা আপনার হ'তে পারে। চোখ দুটি আপনি বাঁচিয়ে চলবেন।

"৮" ও "৪" ও সেই পর্যায়ের তারিখ ও সংখ্যা আপনার পক্ষে উল্লেখযোগ্য যথা ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১। আপনার ক্ষেত্রে, বিশেষতঃ ২৬শে জুন আপনার জন্ম হ'লে "৮" ও "৪" সংখ্যা পর্যায় কার্যকরী হয়, কিন্তু সে সংখ্যাগুলি আপনি বাদ দেবারই চেষ্টা করবেন। নিজে উদ্যোগী হয়ে যদি কোনও কাজ করেন, তবে অবশ্যই তা পরিহার করবেন।

গ্রহ-শক্তি আকর্ষণী-স্পন্দন বৃদ্ধির জন্য সব গাঢ় রং বাদ দিয়ে ফিকে রঙের পোশাক পরবেন।

কালো মুক্তা, কালো হীরা, গাঢ় নীলকান্ত মণি আপনার পক্ষে শুভ। আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৬২, ৬৭, ৭১, ৭৩, ও ৮০। এ ছাড়া ৫, ১৪, এবং ২৩।

বছরের যে কোনও মাসের "৪" ও "৮" পর্যায় তারিখের জাতক আপনাকে আকৃষ্ট করবে। ২৬শে জুন জন্ম হ'লে "২-৭" ঘরের সংশ্লিষ্ট তারিখ যথা, ২, ৭, ১১ ১৬, ২০, ২৫ ও ২৯শের জাতক আপনার জীবনে প্রধান অংশ নেবে।

## ৬০ পরিচ্ছেদ

### ৯, ১৮ ও ২৭শে জুনের জাতকগণ

### মাসের ৯ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা মঙ্গল ও সক্রিয় বুধের মিথুন চিহ্নে ত্রিগুনাত্মক বায়ুর প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন। ২৭শে জুনের জাতক আগন্তুক কর্কট চিহ্নের আরম্ভ, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের আওতায় চলে আসবেন।

এই গ্রহসমন্বয়ের ফলে আপনি তীক্ষ্ণ বুদ্ধির অধিকারী, কিন্তু মনে দ্বন্দ্ব প্রিয় ও বাক্যে তর্কপ্রিয়।

আপনি সরল ও স্পষ্ট বক্তা এবং রুঢ় বাক্যে নিজের শত্রু নিজে সৃষ্টি করেন। আপনি আবিষ্কারক ও যান্ত্রিক মনোভাব সম্পন্ন; অভিনবত্বের প্রতি আপনার ঝোঁক, এবং এই সঙ্গে রসায়ন, বিজ্ঞান ও গণিত প্রিয়তাও আপনার চরিত্রের অঙ্গ।

ডায়নামোর মত আপনি উচ্চ দমে চালিত এবং আপনার চারপাশে যেন আগুনের হলকা ছড়ান।

কথ্য ও লেখ্য উভয় ভাষাই আপনার অতিরিক্ত স্পষ্ট ও শ্লেষাত্মক। পারিবারিক জীবনে আত্মীয় স্বজন, ভাই বোনের সঙ্গে এবং নিজের পুত্র কন্যার সঙ্গে আপনার আপনি কলহের সম্ভাবনা সমধিক। বহুমুখী প্রতিভার অধিকারী, কিন্তু বাঁধা নিয়মে কাজ করতে পারেন না। চতুর ও আপনি স্বাধীনতা প্রিয় এবং কোন বাধা বাধকতা মানতে চাননা।

আর্থিক ব্যাপারে বহু ওঠা পড়ার মধ্য দিয়ে আপনাকে চলতে হবে, কিন্তু কিছুই আপনাকে বেশী দিন বিষণ্ণ বা আচ্ছন্ন করে রাখেনা।

দুর্দিনে অসীম সাহসে ভর করে আপনি অনেক তলিয়ে গিয়েও হাসিমুখে যুদ্ধ করবেন এবং প্রত্যেকবার হাসিমুখে উঠে আসবেন।

আপনার বিপরীত লিঙ্গের সঙ্গে বহুবার রঙ্গীন সংস্পর্শে আসবেন আবার তারাই আপনাকে বিপদে ফেলবে।

অনেক সময়ে আপনার খাম খেয়ালী মন বা হঠাৎ রেগে ওঠার ফলে আইনের প্যাঁচে জড়িয়ে গিয়ে পরাজিত হবার সম্ভাবনা আছে।

## অর্থভাগ্য

খেয়ালের বশবর্তী হয়ে ধীরে সুস্থে চিন্তা না করেই কোন আর্থিক পরিকল্পনায় জড়িয়ে পড়ার সম্ভাবনা আপনার আছে। অনেক সময়ে ব্যবসা বা আবিষ্কারের ব্যাপারে ঝুঁকি নিলেও আপনার ভাগ্য প্রসন্ন হতে পারে। "কি ভাবে কি করতে হবে" এবিষয়ে আপনার বিচিত্র ধারণা আছে, কিন্তু অংশীদারের সঙ্গে অনেক সময় সদ্ভাব রাখতে পারেন না। সেই কারণে চমৎকার সব পরিকল্পনা নষ্ট হয়ে যায়। সাবধানে ভবিষ্যতের সঞ্চয় না করলে পরবর্তী জীবন তত মধুর নাও হতে পারে।

## স্বাস্থ্য

ব্যাধির তুলনায় আপনি আকস্মিক দুর্ঘটনায় পড়বেন বেশী। যাতে পশ্চাৎদেশে বাহুতে, স্কন্ধে ও হস্তে আঘাতের সম্ভাবনা আছে।

বিদ্যুৎ জাত, অর্থাৎ সবরকম মোটর, বাতাসে বা বাতাস থেকে বিপদ সম্বন্ধে সাবধান। ২৭শে জুনের জাতক জল থেকে বিপদ ও আশঙ্কা করতে পারেন।

'৯' ও '৫' এবং সেই পর্যায়ের ৫, ৯, ১৪, ১৮, ২৩, ও ২৭ সংখ্যা ও তারিখ আপনার পক্ষে উপযোগী। ২৭শে জুনের জাতক ২-৭ ঘরের সংখ্যা দ্বারা প্রভাবিত হবেন।

গ্রহ শক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য পোশাকে নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন।

মঙ্গল :—সব স্তরের লাল, ফিকে এবং গাঢ়।

বুধ মার্কারি—সব ফিকে রং।

২৭শে জুনের জাতক এই সঙ্গে সবুজ ও সাদা রং ব্যবহার করতে পারেন।

চুনী, গোমেদ, সব লাল পাথর, হীরক ও উজ্জ্বল বস্তু ধারণ করতে পারেন। ২৭শে জুনের জাতক উপরোক্ত পাথরগুলির সঙ্গে মুন্‌স্টোন, মুক্তা ও ক্যাট্‌স্-আই ব্যবহার করবেন।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে ৫, ৯, ১৪, ১৮, ২৩, ২৭, ৩২, ৩৬, ৪১, ৪৫, ৫০, ৫৪, ৫৯, ৬৩, ৬৮ ও ৭২।

বছরের যে কোনও মাসের '৫' ও '৯' সংখ্যা যথা ৫, ৯, ১৪, ১৮, ২৩, ও ২৭শের জাতকের প্রতি আপনি আকৃষ্ট হবেন বিশেষ করে। ২৭শে জুনের জাতক '৫' সংখ্যার পরিবর্তে ২ ৭ অর্থাৎ ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯শের জাতকের প্রতি আকৃষ্ট হবেন।

## ৬১ পরিচ্ছেদ

বৎসরের এই সময়ে জাত ব্যক্তিগণের স্বভাব, অর্থ ও স্বাস্থ্যের উপর জুলাই মাসের রবির প্রভাব।

২১ শে জুন থেকে রাশিচক্রের কর্কট চিহ্ন, ত্রিগুনাত্মক বরুণের প্রথম ঘরের সূত্রপাত হয়, কিন্তু ৭ দিন অবধি পূর্ববর্তী গ্রহ চিহ্ন দ্বারা আবৃত থাকার ফলে ২৮শে জুন অবধি পূর্ণ শক্তিতে বিকশিত হ'তে পারেনা। এই তারিখ থেকে ২০শে জুলাই অবধি পূর্ণ শক্তিতে বিরাজিত থেকে পরের ৭ দিন ক্রমে ক্রমে ক্ষয়প্রাপ্ত হয়ে আগন্তুক সিংহ চিহ্ন দ্বারা আবৃত হয়। যাঁরা এই ৭ দিনের মধ্যে জন্মগ্রহণ করেন তাঁরা যে আসছে এবং যে যাচ্ছে—এই উভয় রশ্মির গুণাবলী লাভ করেন।

কর্কট রাশিকে পূর্বে "কাঁকড়া" বলা হ'ত, কারণ এই সময়ে সূর্য আকাশে একবার এগিয়ে, একবার পিছিয়ে কাঁকড়ার গতির মত চলে।

বছরের এই সময়ের জাতক সর্বকাজে আপ্রাণ পরিশ্রম ও কষ্ট সহ্য করেন। কিন্তু তাঁদের ভাগ্যে চরম সুখ বা দুঃখ লেখা থাকে। শেয়ার বাজারে ফট্‌কা খেলায় এঁরা হেরে যান কিন্তু বিধিমত ব্যবসায় এঁরা সুফল পেতে পারেন, ঝুঁকি নিয়ে টাকা খাটানোয় এঁদের বিশেষ আগ্রহ থাকে, ফলে বহু বৎসরের পরিশ্রমে গড়ে ওঠা ব্যবসা প্রায়শই এই ঝোঁকের বশে হারাতে বসেন।

এঁদের প্রতীক কাঁকড়ার মত, এরা কর্মে ও চিন্তায় একবার এগিয়ে একবার পিছিয়ে যান। সুনিশ্চিত পন্থা বা কর্ম ধারায় অগ্রসর হয়ে একটা বিশেষ চিহ্নে এসে পৌছতে পারেন; তারপর অকস্মাৎ সবাইকে বিস্মিত করে দিয়ে

সঙ্কটময় মুহূর্তে পিছিয়ে আসেন। জীবনের প্রারম্ভে অর্থনিয়োগের নেশা ত্যাগ করে, কিছু সম্পদ বিপদের দিনের জন্য সঞ্চিত করে না রাখলে জীবনে অর্থ সমস্যা দেখা দেবে।

বছরের এই সময়ের জাতক এত উচুতে ওঠেন এবং যশের শীর্ষে আরোহন করেন যে, চোখ বাঁধানো জনপ্রিয়তার হাত থেকে রেহাই পান না। গৃহ-জীবন তাঁদের কণ্টকিত, লোকের চোখে তাঁরা যত সার্থকই হোন না কেন, পরিবারে শান্তি নেই।

সাধারণতঃ এঁরা বৃহৎ পরিকল্পনার স্বপ্ন দেখেন। লোকহিতের মহান আদর্শ এঁদের মাথায় ঘোরে, কিন্তু বিরুদ্ধ সমালোচনায় মর্মাহত হ'য়ে নীরবে দুঃখ পান এবং নিজের পাশে যাঁরা থাকেন, তাঁদের প্রতি উদাসীন ও কঠোর হয়ে ওঠেন।

অত্যন্ত স্নেহপ্রবণ মানুষ এঁরা, কিন্তু বহিঃপ্রকাশ না থাকায় লোকে ভুল করে' এঁদের শীতল ও অনুভূতি হীন মনে করে।

এঁরা অত্যন্ত কল্পনা প্রবণ এবং প্রায়ই উচুদেরের শিল্পী, সাহিত্যিক, সঙ্গীতকার, নাটাকার হন। এই চিহ্নের জাতক প্রায়ই সার্থক ব্যবসায়ী বা শিল্প প্রতিষ্ঠাতা হ'ন।

এঁদের স্মৃতিশক্তি প্রখর হয় এবং বহুবিধ জ্ঞান মনের কোণে সঞ্চিত করে রাখেন। এঁরা খুব ভাল মনস্তাত্বিক হ'ন এবং যাদুবিদ্যা, ধর্ম বা অসাধারণ কোনও জীবন দর্শনে মেতে ওঠেন।

নিজের আত্মীয়স্বজন, পরিবারের ওপর এদের গভীর আকর্ষণ থাকে এবং আচার অনুষ্ঠানের প্রতি এদের মমতা থাকে।

## স্বাস্থ্য

খাদ্য সম্বন্ধে এঁদের বিশেষ সাবধান হওয়া উচিৎ, কারণ দেহে আহার্য পচন জনিত বিষক্রিয়া, উদর স্ফীতি, বদহজমের আক্রমন, আভ্যন্তরীন টিউমার কর্কট রোগ ও উর্দ্ধ শ্লেষ্মা হ'তে পারে।

বছরের এই সময়ের জাতকের উপর চন্দ্রের প্রভাব অতি প্রকট, শরীর দুর্বল হয়, কিন্তু ইচ্ছাশক্তি প্রয়োগে এই দুর্বলতা দূর করা যায়। দেহের তুলনায় মনের আবেগ বেশী সক্রিয় হওয়ার ফলে অধিকাংশ ব্যাধির উৎস-অসংযত অনুভূতি ও বিকৃত কল্পনা।

ভবিষ্যতের জন্য দুশ্চিন্তা, উদ্বেগ ও আশঙ্কা দূর করা উচিৎ, কারণ, এর ফলে স্বাস্থ্য হানি ঘটে। এই সময়ের জাতক রক্ত চলাচল ব্যাহত হয়ে নানান ব্যাধি, যথা বিভিন্ন প্রকারের বাতে জর্জরিত হন। সর্দি হলে সারতে চায় না, ফলে ফুসফুস্ দুর্বল হয়।

## অর্থভাগ্য

বছরের এই সময়ে চন্দ্র ও নেপচুনের সমন্বয় জাতকদের উপর বহু প্রকার আশাতীত পরিবর্তন আনে। হয়তো অন্যদের কুচক্রিতায় অর্থনাশ হবে, অথবা অল্প অর্থ প্রয়োগে প্রতিনিধি সভা থেকে অনেক বেশী মুনাফা লাভ করবেন। অর্থের আদান প্রদানে এঁদের সাবধানতা অবলম্বন করা উচিৎ। যেখানে এতটুকু সন্দেহের অবকাশ আছে, সেসব কাগজ, দলিল, চুক্তিপত্র, নথিপত্র ইত্যাদিতে সাক্ষর দেবার সময়ে অতিমাত্রায় সাবধানতা অবলম্বন করা উচিৎ।

অতি অদ্ভুত উপায়ে, আশ্চর্য ব্যক্তিদের মাধ্যমে অর্থপ্রাপ্তি ঘটে। সম্পূর্ণ অপরিচিত উৎস থেকে অতি অসম্ভব উপায়ে এঁদের হাতে টাকা এসে পড়ে।

তৈল সরবরাহ, তৈল পরিশোধন. কয়লা. রেডিয়ম, প্ল্যাটিনাম, বৈদ্যুতিক দ্রব্য ও প্রাচীন শিল্প সামগ্রী রপ্তানি এবং ঔষধ ও তরল পদার্থ আমদানির ক্ষেত্রে অর্থ নিয়োগ করে এঁরা সর্বদা লাভবান হ'য়ে থাকেন। জনসাধারণের সঙ্গে দায়িত্ব পূর্ণ কাজে এঁদের সার্থকতা লেখা আছে।

বৃহৎ গণ-প্রতিষ্ঠান বা ব্যবহারিক কার্যালয় গুলিতে অর্থ নিয়োগ করেও সফল হ'তে পারেন, কিন্তু যে প্রতিষ্ঠান গুলি প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে জনসাধারণের প্রয়োজন মেটায়, সে সব দিকে বেশী মন দেওয়া প্রয়োজন। বছরের এই সময়ের জাতক আবিষ্কারক হ'তে পারেন অথবা জমি ও খনির উদ্ধার ও উন্নতি সাধনে সাফল্য লাভ করতে পারেন।

## বিবাহ, সখ্যতা ও অংশীদারী ইত্যাদি

যাঁরা কর্কটচিহ্ন ২১শে জুন থেকে ২০শে জুলাই, বরুণের প্রথম ঘর; বৃশ্চিক চিহ্ন ২১শে অক্টোবর থেকে ২০শে নভেম্বর, বরুণের দ্বিতীয় ঘর; ১৯শে ফেব্রুয়ারি থেকে ২০শে মার্চ, মীন চিহ্ন বরুণের তৃতীয় ঘর এবং এই চিহ্নের শুরু ও শেষের ৭ দিনের মধ্যে জন্মে গ্রহণ করেন; তাঁদের সঙ্গে এঁদের মিলন মঙ্গলের হয়।

# ৬২ পরিচ্ছেদ

## ১, ১০, ১৯ ও ২৮ তারিখের জাতকগণ

## এ মাসের ১ সংখ্যার ব্যক্তিগণ।

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেছেন, চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা সূর্য, ইউরেনাস, ও নেপচুন, কর্কটের ঘরে চন্দ্র এবং ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন।

জুলাই মাসে যাঁরা জন্মেছেন, তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের মূল কথা পূর্বেই বর্ণনা করা হয়েছে।

১, ১০, ১৯ বা ২৮শে জুলাই এর জাতকের ভিতর শক্তিপূর্ণ গুণাবলী বিশেষ ভাবে বিকশিত হবে। যে নক্ষত্রগুলি কর্কটচিহ্নকে তারাই আপনার বৃত্তি ও মর্যাদার ক্ষেত্রগুলিকে ক্রমাগত পরিবর্তিত করবে। আপনার বহু প্রকার অভিজ্ঞতা ও সাহসিকতাপূর্ণ ঘটনার মধ্যে পড়তে হবে এবং পরিবেশের প্রভাব আপনার ওপর অনেক ছাপ ফেলবে। বিবেকসম্পন্ন ব্যক্তি হওয়ার দরুণ আপনার পরিবার ও স্বদেশের প্রতি কর্তব্যপরায়ণ থাকবেন।

উপরোক্ত যে কোনও তারিখে জন্ম হ'লে জীবনে যথেষ্ট উন্নতি লাভ করবেন। স্বভাবতঃ আপনি শান্ত, গম্ভীর ও যথেষ্ট অনুভূতি প্রবণ ব্যক্তি। কিন্তু আপনি চান বা না চান আপনার নাম লোকমুখে ছড়াবে।

বিজ্ঞ ও বিবেকসম্পন্ন ব্যক্তি আপনি, অর্থ সঞ্চয় করতে ভালবাসেন ; কিন্তু সে শুধু আত্মরক্ষার খাতিরে, অর্থের নেশায় নয়।

অন্তরের অন্তঃস্থল আপনার ধর্মভাবে পূর্ণ, কিন্তু সহজ বিশ্বাসে প্রবৃত্তি আপনার আড়ম্বরে নয়।

মিতব্যয়িতার ফলে যদি প্রচুর অর্থ সঞ্চিত হয় তবে সেই অর্থ আপনি জনসাধারণের মঙ্গলার্থে ব্যয় করতে ভালবাসেন।

## অর্থভাগ্য

১, ১০, ১৯ ও ২৮ শে জুলাই এর জাতকদের মধে সম্পূর্ণ বিপরীত দু'টি দৃষ্টিভঙ্গী পাওয়া যায়।

এক ধরণের প্রকৃতি হয়, যাকে আমরা বলি "গড়ানে পাথরে শ্যাওলা জমে

না" এই ব্যক্তি অতি চঞ্চল, বেশীক্ষণ কোনো জিনিসে মনোযোগ দেওয়া বা এক স্থানে স্থিতি করা এর স্বভাব নয়। এঁর রক্তে নব নব রহস্যের উন্মাদনা এঁকে অবিরাম স্থান কালের পরিবর্তনের দিকে ঠেলে নিয়ে যায়। এঁর দৃষ্টি চঞ্চল, হাত পা অস্থির, একস্থানে বেশীক্ষণ বসে থাকতে পারেন না, এঁকে চেনা শক্ত নয়। ১ সংখ্যার এই প্রকৃতির পুরুষ বা নারী কদাচিৎ জীবনে সফল হন।

অপর চরিত্রটি সম্পূর্ণ ভিন্ন। ইনি শান্ত গম্ভীর আপন সংসারকে বিশেষ ভালবাসেন। বেড়াতে ভালবাসেন ঠিকই কিন্তু উদ্দেশ্য বিহীন ভাবে কখনই নয়। ইনি বিবেকসম্পন্ন ব্যক্তি, কথা বলেন কম, কাজ করেন বেশী।

জন্ম সময়ের আর কোনো ক্ষেত্রে একসঙ্গে এমন বিপরীত ধর্মী দুই চরিত্র দেখা যায় না। চঞ্চল যিনি চঞ্চলা তাঁর কাছে কখনই ধরা দেবেন না, শান্ত যিনি ধৈর্য ও নিষ্ঠাদ্বারা তিনি অর্থকে করায়ত্ত করতে পারবেন।

## স্বাস্থ্য

বাহ্যতঃ দৃশ্যমান না হলেও আপনি প্রচুর অন্তর্নিহিত ক্ষমতার অধিকারী। পাকস্থলী ও অন্ত্রের গোলযোগে আপনি কষ্ট পাবেন। নিজের চিকিৎসক আপনি নিজে এবং নিজেই খাদ্য তালিকা স্থির করে ব্যাধি দূর করবেন। আপনার কর্মক্ষমতা ও দীর্ঘজীবন দেখে বন্ধুরা বিস্মিত হবেন।

এই মাসের উভয় শ্রেণীর জাতকের পক্ষেই ১, ১০, ১৯, ২৮ ও ২, ৪, ৭, ১১, ১৩, ১৬, ২০, ২২, ২৫, ২৯ ও ৩১ তারিখগুলি শুভ।

উপরোক্ত তালিকা মিলিয়ে আপনার যে কোনো উদ্যম বা প্রচেষ্টার কাল নির্দ্ধারণ করবেন এবং যে সংখ্যাগুলি যোগফল ৪ বা ৮ হয় সেগুলি বর্জন করবেন।

গ্রহসংশ্লিষ্ট বর্ণগুলির আকর্ষণী শক্তি বৃদ্ধির জন্য আপনার পরিধেয় বস্ত্রের কোনো অংশে নিম্নলিখিত রংগুলি থাকা উচিৎ—

যথা :—রবি—সোনালী, হলুদ, কমলা বা সোনালী মিশিত খয়ের রং।

ইউরেনাস—বিদ্যুৎনীল, ধূসর বা নীলাভ ধূসরের যাবতীয় রং।

চন্দ্র—সবুজ, ফিকে বাদামী ও সাদা।

নেপচুন—কপোত ধূসর ও যাবতীয় বিদ্যুৎ বর্ণ।

আপনার পক্ষে শুভরত্ন হীরক, পোখরাজ, এ্যাম্বার, নীলকান্ত মনি ও মুনস্টোন শুভ। আপনার জীবনের গুরুত্বপূর্ণ বয়সগুলি যথাক্রমে—১, ২, ৪,

৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯, ৩১, ৩৪, ৩৭, ৩৮, ৪০, ৪৩, ৪৭, ৪৯, ৫২, ৫৫, ৫৬, ৫৮, ৬১, ৬৪, ৬৭, ৭০, ৮২, ৮৫ ও ৯১।

বছরের যে কোনো মাসের ১, ২, ৪ ও ৭ তারিখে জাত ব্যক্তির প্রতি আপনি আকৃষ্ট হবেন, যথা—১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯ ও ৩১।

## ৬৩ পরিচ্ছেদ

### ২, ১১, ২০ ও ২৯শে জুলাই এর জাতকগণ

### এই মাসের ২ নম্বরের ব্যক্তিগণ

যাঁরা সৌরমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালদীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে চন্দ্র, রবি সূর্য, ইউরেনাস এর স্পন্দনে কর্কট চিহ্নে নেপচুন ও ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

জুলাই মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বেই বর্ণনা করা হয়েছে।

আপনার মধ্যে কল্পনা প্রবণ গুণাবলী সর্বাধিক পরিস্ফুট হবে। অনেক কিছু করার স্বপ্নবিলাস থাকবে আপনার এবং বহুক্ষেত্রে সেসব কাজে পরিণত হবে। সব কাজে আপনার উৎসাহ আছে এবং বহুসময়ে আপনার প্রভুত্বব্যাঞ্জক ব্যক্তিত্বের কাছে নতি স্বীকার করে লোকের আপনার নির্দেশিত নিয়মাবলী মেনে নেবে।

নাটকীয় মুহূর্ত সৃষ্টি করে নেতার ভঙ্গীতে আপনি জনসাধারণের সামনে এগিয়ে আসবেন।

স্বভাবশিল্পী, ভাবপ্রবণ ও কল্পনাবিলাসী হওয়ার ফলে শিল্পের সকল ক্ষেত্র, বিশেষতঃ কবিতা, সাহিত্য, সঙ্গীত ও রঙ্গমঞ্চ আপনাকে আকৃষ্ট করবে। আপনি সহজে অপরের হৃদয়ে আবেগ ও ভাবালুতা সঞ্চার করতে পারেন।

গতানুগতিক জীবন আপনার আদপেই পছন্দ নয়। বিদেশ ভ্রমণে সমুদ্র ও জলপথই আপনার প্রিয় এবং বাহিরের দেশের সঙ্গে যোগাযোগে এদিকে

আপনার সৌভাগ্যের নির্দেশ আছে। মাঝে মাঝে অন্যায়ভাবে রূঢ়ভাষা প্রয়োগ করে আপনি শত্রু সৃষ্টি করবেন।

লেখক, সঙ্গীতজ্ঞ ও শিল্পীহিসাবে আপনার মধ্যে যথেষ্ট কল্পনাশক্তি ও নানাদিকে প্রতিভার বিকাশ দেখা যাবে। প্রাচীন ভাস্কর্য, শিল্প কর্ম ও পুরাতন আসবাব সম্বন্ধে আপনার দুর্বলতা আছে এবং প্রচুর পরিমানে এইসব সামগ্রী সংগ্রহ করবেন।

হ্রদ, নদী ও সমুদ্র উপকূলে থাকতে আপনার ভাল লাগে, নানাজাতের ভ্রমণ কাহিনীর প্রতি আপনার কৌতুহল আছে এবং বিভিন্ন দেশের সংবাদ আপনাকে আকৃষ্ট করে।

আপনমনের মত একটী পথ আপনি খুঁজে নেবেন এবং যেদিকেই যান, সুনাম অর্জন করবেন।

## অর্থভাগ্য

অর্থের ক্ষেত্রে এই পরিবর্তনশীলতা ও নিশ্চয়তা থাকবে। অর্থ অর্জনের জন্য যে কোনও পথে এগিয়ে যাবার একটা তীব্র বাসনা হ'তে পারে। ফলে একটা "পাপ বৃত্ত" সৃষ্ট হয়ে বয়সের সঙ্গে সঙ্গে অবস্থার অবনতি ঘটতে পারে।

উপরোক্ত তারিখ গুলিতে জন্ম হ'লে আর্থিক বিষয়ে বিশেষ সাবধানতা অবলম্বন করতে হবে। জুয়া বা ঐ জাতীয় কোন খাতে অর্থব্যয় সর্বদা বর্জনীয়।

যত মন্থর গতিতেই হোক, আপনি সঞ্চয়ের চেষ্টা করবেন। "হঠাৎ বড়লোক" হওয়ার সব পথ এড়িয়ে চলবেন এবং সুপ্রতিষ্ঠিত কোন ব্যবসার সঙ্গে যুক্ত থাকার চেষ্টা করবেন। মাল বা যাত্রীবাহী জাহাজের সাহায্যে আমদানি, রপ্তানি অথবা অনুন্নত দেশের উন্নতি সাধন প্রচেষ্টায় গ্রহসমন্বয় আপনার সহায় হবে।

## স্বাস্থ্য

২, ১১ ও ২০শে জুলাই এর জাতকের স্বাস্থ্য-বিশ্লেষণ করা সহজ নয়। হয় অতি সুস্থ ও শক্তিমান, নয় সম্পূর্ণ বিপরীত হতে পারেন। ২৯শে জুলাই এর জাতক ২ সংখ্যায় পড়লেও, তিনি ভিন্ন পর্যায়ের ব্যক্তি। এই তারিখে তিনি সিংহ রাশিচক্রে চলে আসছেন। এই চিহ্ন অসীম সম্ভাবনাময়; কিন্তু জীবনে বড় কিছু করতে হলে উচ্চাকাঙ্খায় দৃঢ়প্রতিজ্ঞ হতে হবে।

২, ১১, ২০শে জুলাই এর জাতকের উপর চন্দ্রের প্রভাব প্রাধান্য লাভ করবে। আপনি অতিরিক্ত পরিবেশ সচেতন ব্যক্তি। মনোমত পরিবেশ লাভের সৌভাগ্য থাকলে জীবনে বড়রকম স্বাস্থ্য-বিপর্যয় থেকে রেহাই পাবেন।

পরন্তু যদি নিরানন্দ বা বিরস পরিবেশে আপনাকে দিন কাটাতে হয়, তবে শারীরিক অসুস্থতা আপনাকে বিপর্যস্ত করতে পারে। অর্থাৎ আপনার ক্ষেত্রে বস্তু জগতের উপর মনোজগৎ প্রাধান্য পাবে।

সাধারণতঃ আভ্যন্তরীণ ইন্দ্রিয়াদি অনির্দিষ্ট বেদনায় পীড়া দিতে পারে। অন্ত্রের সঙ্গে যুক্ত স্ফোটক, ক্ষত ইত্যাদিতে কষ্ট পেতে পারেন। জুলাই মাসের এইসব তারিখে জন্মগ্রহণ করলে সরল নির্দোষ আহার ও প্রচুর পানীয় জল গ্রহণ করা উচিত।

১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮ ও ২৯ সংখ্যা এবং তারিখ আপনার পক্ষে মঙ্গলজনক।

গ্রহসংশ্লিষ্ট বর্ণগুলির আকর্ষণী শক্তি বৃদ্ধির জন্য আপনার পরিধেয় বস্ত্রের যে কোনও অংশে নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন ; যথা—

চন্দ্র—সবুজ, হাল্‌কা বাদামী ও সাদা।

রবি—সোনালী, হলুদ, কমলা থেকে শুরু করে মিশ্র সোনালী ও খয়ের।

নেপচুন—কপোত ধূসর ও বিদ্যুৎ বর্ণগুলি।

জেড্, মুক্তা, মুনস্টোন, পোখরাজ, এ্যাম্বার এবং হীরক আপনার পক্ষে শুভরত্ন।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে ২, ৭, ১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫ ও ৭০ বৎসর।

বছরের যে কোনও মাসের ১, ২ ও ৭ তারিখের সংশ্লিষ্ট দিনগুলি যথা ১, ২, ৭, ১০, ১১, ১৬, ১৯, ২০, ২৫, ২৮ ও ১৯শের জাতকের প্রতি আপনি আকৃষ্ট হবেন খুব বেশী।

# ৬৪ পরিচ্ছেদ

## ৩, ১২, ২১ ও ৩০শে জুলাই এর জাতকগণ

### এই মাসের ৩ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেছেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা বৃহস্পতি, নেপচুন ও কর্কটচিহ্নে চন্দ্র, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

যাঁরা জুলাই মাসে জন্মগ্রহণ করেছেন, তাঁদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের কথা পূর্বেই বর্ণনা করা হয়েছে, কিন্তু বৃহস্পতি, চন্দ্র ও নেপচুনের সমন্বয় আপনার ব্যক্তিত্বে বিশেষভাবে প্রতিফলিত হবে এবং আপনার জীবনধারায় উচ্চাকাঙ্ক্ষার রেখাপাত করবে, বিশেষতঃ যদি আপনার জন্ম তারিখ ৩০শে জুলাই হয়।

স্বাধীনচেতা, ভয়হীন ও নিজের মতামত সম্বন্ধে নিশ্চিত, নিঃশঙ্ক স্বভাব আপনার, অথচ আপনার মধ্যে করুণা, সহানুভূতি ও দানশীলতা বিদ্যমান।

সমগোত্রীয় তথা নিম্নমানের ব্যক্তিদের মধ্যেও আপনার জনপ্রিয়তা অক্ষুণ্ণ থাকবে, বিশেষতঃ মাঝে মাঝে আপনার উপর যে দায়িত্ব এসে পড়ে, সেগুলি যদি আপনি গ্রহণ করেন, তবে তো অবশ্যই আপনি জনপ্রিয় হবেন।

অধিকাংশ ব্যক্তির চেয়ে আপনার দৃষ্টিভঙ্গী হবে উন্নত ও বুদ্ধিদীপ্ত। সেইজন্য জনতার উপর প্রভুত্ব করার অধিকার যদি আপনি পান, অথবা কোন সরকারি চাকুরি বা বৃহৎ প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব যদি পান, তবে আপনার উন্নতি অনিবার্য।

পরিবার ও স্বদেশের প্রতি আপনার ভালবাসার অন্ত নাই, কিন্তু সেই সঙ্গে অন্যান্য দেশের বিষয়ে কৌতুহল আপনাকে দেশভ্রমনে উদ্বুদ্ধ করবে।

বৃহৎ ব্যবসায় বা শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষমতা আছে আপনার, কিন্তু সেই সঙ্গে পেশাদারী বা রাজনৈতিক জীবন গ্রহণ করাও আপনার পক্ষে অসম্ভব নয়।

জীবনের প্রারম্ভে কষ্ট করেই আপনাকে উঠতে হবে এবং সবটাই হবে আপনার নিজস্ব চেষ্টার ফল। ৩০ থেকে ৩৫ বৎসর বয়স অবধি আপনাকে কঠোর পরিশ্রম করতে হবে, কিন্তু এরপর জীবনের গতি উর্দ্ধমুখে চলবে।

যে কোনও দেশে বা সমাজে বিচরণ করুন না কেন, আপনি বিশেষ সম্মানিত পদ মর্যাদা লাভ করবেন।

আপন পরিবারবর্গ, স্বদেশ ও স্বজাতির প্রতি আপনার বিশেষ অনুরাগ আছে।

## অর্থভাগ্য

এ বিষয়ে আপনি নিশ্চিন্ত থাকুন। জীবনের প্রথম ধাপ পার হয়ে আপন সুকৃতির ফলস্বরূপ প্রভূত অর্থ ও সম্মান লাভ করবেন।

## স্বাস্থ্য

জীবনের প্রতি আশাবাদী দৃষ্টিভঙ্গী থাকার ফলে আপনার স্বাস্থ্য ভালই চলবে। জীবন ধারায় সংযম ও নিয়মানুবর্তিতা আপনাকে গুরুতর ব্যাধি থেকে রেহাই দেবে।

যথা সম্ভব মুক্ত বায়ুতে থাকতে আপনি ভালবাসেন এবং অবসর পেলে বাহিরের জীবন চূড়ান্ত বিজয়ের আনন্দে ভরিয়ে তুলতে পারেন। একমাত্র বিপদের আশঙ্কা হ'ল এই যে আপনি অত্যধিক দায়িত্ব নিজস্কন্ধে গ্রহণ করে আয়ুক্ষয় করতে পারেন।

৩, ২ ও ৭ এর সঙ্গে যুক্ত সংখ্যা ও তারিখ যথা ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯ ও ৩০ আপনার পক্ষে গুরুত্বপূর্ণ। বছরের যে কোনও সময়ে আপনার বিশেষ কার্য সাধনের জন্য এই তারিখগুলি প্রয়োগ করবেন। গ্রহ শক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য আপনি নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন।

বৃহস্পতি—হাল্‌কা বেগুনি, ও গাঢ় বেগুনি।

নেপচুন—কপোত ধূসর ও সব বিদ্যুৎ বর্ণগুলি!

আপনার উভরত্ন এ্যামেথিস্ট ও বেগুনি রঙের যাবতীয় পাথর, হীরা, মুনস্টোন ও মুক্তা।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে ৩, ১২, ১৬, ২০, ২১, ২৫, ৩০, ৩৪, ৩৯, ৪৩, ৪৮, ৫২, ৫৭, ৬১, ৬৬, ৭০ ও ৭৫।

বছরের যে কোনও মাসের ৩, ২ বা ৭ ঘরে তারিখ যথা—২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ও ৩০শের জাতকদের প্রতি আপনি আকৃষ্ট হবেন খুব বেশী।

## ৬৫ পরিচ্ছেদ

### ৪, ১৩, ২২, ও ৩১শে জুলাই এর জাতকগণ

### এ মাসের ৪ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা ইউরেনাস, সূর্য, নেপচুন, কর্কটচিহ্নে চন্দ্র ত্রিগুনাত্মক বরুণের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন।

জুলাই মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বেই বর্ণনা করা হয়েছে।

পূর্বোক্ত গ্রহসমন্বয় আপনাকে অসাধারণ ব্যক্তিত্ব দেবে যার ফলে জীবনের পরবর্তী ঘটনাসমূহ বা আপনার আশেপাশের ব্যক্তিদের সঙ্গে আপনি নিজেকে মানিয়ে নিতে পারবেন না।

চিন্তাধারার প্রচণ্ড অভিনবত্ব আপনাকে খামখেয়ালী করতে পারে। আপন অনুভূতি, হৃদয়াবেগ ও চিত্তবৃত্তির সম্বন্ধে আপনি অত্যন্ত স্পর্শ কাতর; পারিবারিক জীবনে আত্মীয়বর্গ নানান বাধা, বিচ্ছেদ সৃষ্টি করতে পারে; বহুবার মামলা মোকদ্দমায় জড়িত হয়ে অবিচার ভোগ করতে হ'তে পারে।

অতি সাবধানে জীবনসঙ্গিনী নির্বাচন করা উচিত আপনার। আপনার স্বতঃসিদ্ধ উপলব্ধি অসাধারণ; সেই জন্যে আপনার স্বপ্নদর্শন ও ভবিষ্যদৃষ্টি বিচিত্র।

আপনি প্ল্যানচেটের উত্তম মধ্যম, কিন্তু সে কথা মুষ্টিমেয় আত্মীয় বন্ধু ভিন্ন কাউকে জানতে দিতে চান না।

আপনার অসীম মনের জোরে বহু উর্দ্ধে উঠবেন; কিন্তু জীবনে যথেষ্ট সফল হয়েও বাধা বিঘ্ন আপনাকে সহজে মুক্তি দেবে না।

### অর্থভাগ্য

এবিষয়ে আপনি বিশেষ কারো সঙ্গে লিপ্ত হতে চান না। আপনার মধ্যে প্রবল বিদ্বেষ ভাব, দুর্লঙ্ঘ্য পছন্দ অপছন্দের মাত্রা বর্তমান, সেইজন্য নিজে যা ভাল মনে করেন—সেইমত কাজ করাই ভাল। নিজের কর্ম পদ্ধতি আপনি নিজে স্থির করে নিলেই ভাল হয়। কখনও হয়তো বিচিত্র কিছু আবিষ্কার

করে সৌভাগ্যের দ্বার মুক্ত করবেন এবং সাধারণের ধারণার বাইরে অস্বাভাবিক পথে আপনার অর্থাগম হবে।

### স্বাস্থ্য

এখানেও আপনার বিচিত্র অভিজ্ঞতা হবে। চিকিৎসক বুঝবে না আপনার ব্যাধি। অনেকে ধরে নেবেন আপনার রোগ মানসিক, সেই কারণে আপনার বর্ণিত রোগের লক্ষণগুলি বিশ্বাস করবেন না। নিজের আত্মীয় স্বজনও সেই কথাই মেনে নেবে, আপনাকে লোকে ভুল বুঝবে।

খাবার বিষয়ে খুব সাবধান হতে হবে, কারণ সহজেই আপনার দেহে নষ্ট খাবারের বিষক্রিয়া হয়। বড় চিংড়ি কয়াৎ মাছ ও কাঁকড়া থেকে সাবধান হবেন। শামুক, গুগ্‌লি এড়িয়ে চলবেন।

আপনার পক্ষে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ সংখ্যা ও তারিখ কার্যকরী। এই সব [illegible]রিখের জাতকগণ আপনাকে বিশেষ ভাবে আকর্ষণ করবেন কিন্তু এরাই আপনার ভাগ্যচক্রের হাল ঘোরাবেন।

বিভিন্ন স্তরের নীল রং, সামুদ্রিক নীল—সোনালী, ব্রোঞ্জ, হলুদ ও কমলা রং আপনার পক্ষে শুভ।

পোখরাজ, মুক্তা, হীরা ও মুনস্টোন আপনার পক্ষে মঙ্গলজনক রত্ন। আপনার জীবনের গুরুত্বপূর্ণ বৎসরগুলি—৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭ ও ৭১।

## ৬৬ পরিচ্ছেদ

### ৫, ১৪, ২৩শে জুলাই-এর জাতকগণ

### এ মাসের ৫ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে বুধ, চন্দ্র, কর্কট চিহ্নে, নেপচুন, ত্রিগুনাত্মক বরুণের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন

যাঁরা জুলাই মাসের এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁদের সঙ্গে আপনার মানসিক ও চারিত্রিক গঠনের মূলকথা বর্ণনা করা হয়েছে।

বুধ, চন্দ্র ও নেপচুন আপনার প্রধান কর্ণধার।

ব্যক্তি ও পরিবেশ সম্বন্ধে আপনি অসম্ভব রকম সচেতন। করুণার নিদর্শন সহজেই আপনার মধ্যে সাড়া জাগাবে। জল যেমন ফুলকে ফুটতে সাহায্য করে, প্রশংসা ও উৎসাহ তেমনি আপনার প্রকৃতিকে বিকশিত হ'তে সাহায্য করে।

প্রথম জীবনে আপন শক্তি সম্বন্ধে আপনি অচেতন থাকবেন, কিন্তু একবার নিজের পায়ে দাঁড়াতে পারলে অনায়াসে আপনি এগিয়ে যাবেন, কোনও বাধা আপনার উদ্দেশ্য ব্যাহত করতে পারবে না।

আপনি তীক্ষ্ণ মস্তিষ্ক সম্পন্ন ব্যক্তি, জ্ঞানোদ্দীপক যে কোনও বিষয়ে আপনার অসীম আগ্রহ থাকবে। সেই সঙ্গে জীবনের যে কোনও ক্ষেত্রে সবার উপর কর্তৃত্ব করার বাসনা হবে।

'পরপারের জগৎ' সম্বন্ধে আপনার কৌতূহল আছে, এবং সে বিষয়ে চিন্তা করতে আপনার ভাল লাগে।

আপন ইচ্ছা বাস্তবে রূপায়িত করার জন্য আপনি অপরের উপর অত্যধিক চাপ দিতে পারেন, ফলে আপনার শত্রু সংখ্যা বৃদ্ধি পাবে ও প্রচণ্ড বিরোধিতার সম্মুখীন হতে হবে।

জল পথে ভ্রমণ আপনার প্রিয় এবং সুযোগ সুবিধামত আপনি এই ইচ্ছা চরিতার্থ করবেন।

আপনার কখনো কখনো আর্থিক শুভযোগ আসতে পারে, কিন্তু সঞ্চিত অর্থ ধরে রাখা সহজ হবে না।

প্রচণ্ড ইচ্ছাশক্তি ও আত্মবিশ্বাস আপনার থাকতে পারে। আপনার অসাধারণ সেবা ও বুদ্ধিবৃত্তির ফলে যে জীবন যুদ্ধে সম্মুখীন হ'তে হবে, এই দুই অস্ত্র দ্বারা আপনি সে যুদ্ধ জয় করবেন।

প্রয়োজন বোধে কৌশল ও চাতুরী আপনি কাজে লাগাতে পারেন। আপনার আগ্রহ চরিতার্থ করতে পারলে রাষ্ট্রনৈতিক কাজে আপনি সফল হবেন।

ভিন্ন দেশের জীবন ধারা ভিন্ন হ'তে বাধ্য, কিন্তু আপনি সহজেই সেই পরিবেশে মানিয়ে নিতে পারেন।

## অর্থভাগ্য

এ বিষয়ে আপনি নিজের ইচ্ছামত চলবেন। অসম্ভব বুদ্ধি থাকার ফলে আপনার মস্তিষ্কের গতি হবে বিচিত্র এবং সেই জন্যে গতানুগতিক জীবনে আপনার সহজে ক্লান্তি আসবে।

## স্বাস্থ্য

আরোগ্য লাভের ক্ষমতা আপনার অসামান্য, সেই জন্য যে কোনও ব্যাধি থেকে অনায়াসে মুক্তি লাভ করেন। উচ্চগ্রামে বাঁধা স্নায়ুমণ্ডলী আপনার প্রধান বাধা, আপনি যথেষ্ট বিশ্রাম নিতে জানেন না। বয়স হ'লে মুখ চোখ কুঁচকে রাখার মুদ্রাদোষ দেখা দেবে এবং পায়ের দিকে পক্ষাঘাত হ'তে পারে।

৫, ১৪ ও ২৩ অর্থাৎ '৫' সংখ্যা আপনার জীবনে প্রধান। ২ ও ৭ এই দু'টি সংখ্যাও আপনার উপরে কাজ করে।

আপনার পক্ষে কার্যকরী তারিখগুলি হবে—২, ৫, ৭, ১১, ১৪, ১৬, ২০, ২৪, ২৫ ও ২৯।

আপনার পক্ষে শুভ বর্ণগুলি যথাক্রমে—

বুধ—যাবতীয় ফিকে রং।

চন্দ্র—হাল্‌কা বাদামী, শাদা ও ফিকে রং।

নেপচুন—কপোত ধূসর ও ফিকে রংগুলি।

কোন গাঢ় রং কখনও পরবেন না।

হীরা, মুক্তা, উজ্জ্বল সাদা পাথর ও জেডের গহনা আপনার পক্ষে কল্যাণকর রত্ন। আপনার জীবনের গুরুত্বপূর্ণ বয়সগুলি হচ্ছে যথাক্রমে—৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৫৯, ৬৮, ৭৭ ও ৮৬।

বছরের যে কোনও মাসের '৫' সংখ্যার লোক অর্থাৎ ৫, ১৪, ২৩ এবং ২ ও ৭ সংযুক্ত তারিখের জাতকের প্রতি আপনি আকৃষ্ট হবেন অতি গভীর ভাবে।

# ৬৭ পরিচ্ছেদ

## ৬, ১৫ ও ২৪শে জুলাই এর জাতকগণ

## মাসের ৭ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে শুক্র, চন্দ্র, কর্কট চিহ্নে নেপচুন, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

জুলাই মাসের জাতকগণের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা বর্ণনা করা হয়েছে।

উপরোক্ত গ্রহ সমন্বয়ের ফলে আপনার জীবন সাধারণের চেয়ে অনেক বেশী চমকপ্রদ হবে কারণ প্রেম, ভাবালুতা ও উচ্চাকাঙ্ক্ষা একসঙ্গে বিরাজ করবে।

করুণা, মমতা ও দরদী হৃদয়ের অধিকারী আপনি সবার প্রিয়। উপরন্তু যে কোনও কাজ সার্থকভাবে সমাধা করার দৃঢ় ইচ্ছা আপনাকে উন্নতির পথে নিয়ে যাবে।

আপনি আধিভৌতিক বিষয়ে আগ্রহী কিন্তু অলস কুসংস্কার থেকে মুক্ত। আপনি 'ভাগ্য' বিশ্বাস করেন এবং "আমরা তাকে যতই খণ্ডন করিনা কেন নিয়তি আমাদের ভবিতব্যের নির্ধারক" এ কথা মানেন।

পরিবারের প্রতি, বিশেষতঃ মায়ের প্রতি আপনার বিশেষ টান আছে। আত্মীয়স্বজনের উপকার করা আপনার স্বভাব এবং তাদের দায় বহন করতে এতটুকু আপত্তি আপনার নেই। কিন্তু বিবাহ ও ব্যক্তিগত জীবনে সুখের পালা আপনার কম।

## অর্থভাগ্য

এ বিষয়ে আপনি বিশেষ ভাগ্যবান। পুরুষ বা নারী আপনার বিপরীত লিঙ্গ সৌভাগ্যের কারণ হবেন। বিবাহের যৌতুক বা উত্তরাধিকার সূত্রে অথবা স্বীয় মননশীলতার জন্য অর্থাগম হবে।

## স্বাস্থ্য

অল্প বয়সে প্রাণপ্রাচুর্যে পরিপূর্ণ হ'লেও অত্যধিক পরিশ্রম আপনার স্বাস্থ্যক্ষয় করবে, অথবা স্নায়বিক দুর্বলতায় স্বাস্থ্যহানি ঘটবে। আন্ত্রিক গোলযোগ, টিউমার, এ্যাপেণ্ডিসাইটিস্, হার্ণিয়া জাতীয় আভ্যন্তরীণ ব্যাধি দূর করতে পারেন।

৬, ১৫ ও ২৪শে জুলাই-এর জাতকদের পক্ষে ৬, ২ ও ৭ এবং সেই ঘরের সংখ্যা বা তারিখ যথা ৭, ১১, ১৫, ১৬, ২০, ২৪, ২৫ ও ২৯ হলো প্রধান।

বছরের যে কোনও সময়ে এই তারিখগুলিতে ইপ্সিত কাজ করবেন। গ্রহশক্তি-আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত রংগুলি পরবেন :—

শুক্র—ফিকে থেকে শুরু করে গাঢতম নীলের যাবতীয় স্তরের রং।

চন্দ্র—সবুজ, ফিকে বাদামী ও সাদা।

নেপচন—কপোত ধূসর ও অন্যান্য ফিকে রং।

টারকোয়েজ, সব নীল পাথর ও পান্না আপনার পক্ষে শুভ বস্তু।

আপনার জীবনে উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—৬, ১৫, ২৪, ৩৩, ৪২, ৫১, ৬০, ৬৯ ও ৭৮।

৬, ১৫ ও ২৪ তারিখের জাতকদের প্রতি আপনি সহজেই আকৃষ্ট হবেন। কিন্তু ৩ ও ৯ তারিখ যথা—৩, ৯, ১২, ১৮, ২১, ২৭ ও ৩০শে'র জাতকদের সঙ্গে আপনার মিল থাকলেও তাদের সঙ্গ আপনার পক্ষে খুব মঙ্গলজনক হবে না।

## ৬৮ পরিচ্ছেদ

### ৭, ১৬ ও ২৫শে জুলাই এর জাতকগণ,

### ( এ মাসের ৬ সংখ্যার ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডীন সংখ্যা-তত্ত্বের নিয়মানুসারে কর্কটচিহ্নে নেপচুন ও চন্দ্র, ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

যাঁরা এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে।

চরিত্রবল ও ইচ্ছাশক্তি বৃদ্ধি করে আপনি এই গ্রহসমন্বয় থেকে অনেক বেশী বুদ্ধিমত্তা অর্জন করে সাধারণের উর্দ্ধে উঠতে পারবেন।

এর উপর নির্ভর করে আপনি চিত্রকর, লেখক, সঙ্গীতকার বা গীতশিল্পী হিসাবে যথেষ্ট সাফল্য অর্জন করতে পারেন। যেহেতু বাস্তব জগতের সঙ্গে এই সব গুণের সম্পর্ক কম, সেইজন্য জীবনের প্রারম্ভে আপনার পক্ষে অর্থ উপার্জন করা কঠিন হবে।

সমাজের যে স্তরেই আপনার জন্ম হয়ে থাক, রুচি ও আদর্শ আপনার মার্জিত হবে। আপনি উচ্চাভিলাষী; অনুশীলন ও জ্ঞানার্জন দ্বারা নিজেকে উন্নীত করবার বহু চেষ্টা আপনি করবেন এবং অনেক বড় বড় জিনিষ করতে চেষ্টা করবেন।

রাশিচক্রের সমন্বয় আপনাকে গভীর ভাবে ধর্মপ্রবণ ও দার্শনিক হ'তে সাহায্য করে।

২৫শে জুলাই-এর জাতক সিংহ চিহ্নিত ঘরে এবং রবির কক্ষে পড়ে জীবনে অনেক বেশী সফল হবেন। ইনি যথেষ্ট জনপ্রিয় হয়েও আপন দার্শনিক মনোভাব হারাবেন না।

৭, ১৬ ও ২৫শে জুলাই এর জাতক মাত্রই জলপথে বা স্থলপথে দীর্ঘভ্রমণ করতে ভালবাসেন। যদি অবস্থাগতিকে সম্ভব হয় তবে এঁরা পর্যটক ও অনাবিষ্কৃত দেশকে আবিষ্কারের গৌরব লাভ করতে পারেন। গার্হস্থ জীবন ভালবাসলেও এঁদের অভিজ্ঞতা বড় বিচিত্র হয়, বিবাহ অতি অদ্ভুত পরিবেশে হবে এবং বিবাহ যত দেরীতে হয় ততই এদের সাফল্যের পক্ষে মঙ্গল।

## অর্থভাগ্য

এদিকে আপনাকে সতর্ক করা নিরর্থক। ৭, ১৬ ও ২৫শে জুলাই-এর জাতক অসম্ভব সব ঘটনার সম্মুখীন হতে পারেন। এমনও হতে পারে যে, অকস্মাৎ কোন অপরিচিত ব্যক্তি আপনার গুণমুগ্ধ হয়ে আপনাকে নিয়ে মেতে উঠলেন, আবার তেমনই অকস্মাৎ পৃষ্ঠপ্রদর্শন করলেন। আত্মীয়স্বজন সম্বন্ধেও একই কথা খাটে। আপনার প্রতি তাঁদের ব্যবহার "ক্ষণে হাতে দড়ি,, ক্ষণেক চাঁদ" গোছের হ'তে পারে।

উত্তরাধিকার সূত্রে কিছু পেলেও তার "খুঁটো বাঁধা" থাকবে। এইসব ব্যক্তির প্রতি আমার উপদেশ হ'ল এই—তাঁরা যেন আত্মবিশ্বাস-সহ স্বীয়

প্রতিভার অনুশীলন দ্বারা অন্তরে সর্বদা "আশা ও উচ্চাকাঙ্ক্ষার প্রদীপখানি" জ্বালিয়ে রাখেন।

আমার বিশ্বাস এইভাবে বুদ্ধিবৃত্তির উপর ভরসা করে তাঁরা অনায়াসে বাঞ্ছিত পদ লাভ করবেন।

## স্বাস্থ্য

এই সময়ে জন্মগ্রহণ করলে শরীরের উপর মনের প্রভাব বিশেষভাবে লক্ষ্য করা যায়।

৭, ১৬ ও ২৫শে জুলাই-এর জাতকের স্বাস্থ্য ভাল নয়, কিন্তু মন যদি কিছু করবে বলে স্থির করে—তবে দেহকে আপনি তুচ্ছজ্ঞান করেন। টিউমার, আভ্যন্তরীণ অঙ্গে স্ফোটক, একটানা সর্দি কাশী ও ইনফ্লুয়েঞ্জায় ভুগতে পারেন। মন যদি প্রফুল্ল থাকে তবে এইসব আধি ব্যাধি আপনাকে কাবু করতে পারবে না।

৭, ১৬ ও ২৫শে জুলাই-এর জাতকের পক্ষে ৭ ও ২ ঘরের সব সংখ্যাগুলি যথা ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ প্রধান। বছরের যে কোনও মাসে এই তারিখগুলিতে আপনি শুভ কাজ আরম্ভ করবেন।

নেপচুন ও চন্দ্র সংশ্লিষ্ট বর্ণগুলি আপনার আকর্ষণী স্পন্দন বৃদ্ধি করবে এবং পোশকের যে কোনও অংশে সেগুলি ব্যবহার করবেন।

নেপচুন—কপোত ধূসর ও যাবতীয় ফিকে রং।

চন্দ্র—সবুজ, ফিকে বাদামী ও সাদা।

২৫শে জুলাই এর জাতক সব স্তরের সোনালী, হলুদ ও খয়েরি মিশ্রিত সোনালী রং পরতে পারেন।

সবুজ জেড্ পাথর, মস্ এগেট্, মুন্ স্টোন, ক্যাট্স্ আই, ঝিনুক ও মুক্তা, আপনার পক্ষে শুভরত্ন।

আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে, ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫, ৭০ ও ৭৯।

বছরের যে কোনও মাসের ২,৭ এর সঙ্গে সংশিষ্ট দিনগুলি যথা—২. ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৫ শের জাতকের প্রতি আপনি অত্যন্ত আকৃষ্ট হবেন। এবং আপনি যদি ২৫শে জুলাই এর জাতক হন তবে সৌর সংখ্যা ১-৪ এর পর্যায়ে যথা—১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ ও ৩১ শের জাতকের প্রতি আকৃষ্ট হবেন।

## ৬৯ পরিচ্ছেদ

### ৮, ১৭ ও ২৬শে জুলাই-এর জাতকগণ

### ৮ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ে জন্ম গ্রহণ করেন, তাঁরা চ্যালডিন সংখ্যা তত্ত্বের নিয়মানুসারে শনি, নেপচুন, কর্কট চিহ্নে চন্দ্র, ত্রিগুণাত্মক বরুনের প্রথম ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন।

২৬শে জুলাই দিনটি একটু ভিন্ন, কারণ ঐদিনে জীবন দাতা রবি কর্কটের ঘর ছেড়ে সিংহ রাশি অর্থাৎ রবির কক্ষে প্রবেশ করে। সুতরাং ২৬শে জুলাই তারিখটি আমি অন্যত্র বিচার করব।

যাঁরা জুলাই মাসে জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বে বর্ণনা করা হয়েছে।

৮ ও ১৭ ই জুলাই-এর জাতক অত্যন্ত গম্ভীর প্রকৃতির ব্যক্তি এবং প্রবল ইচ্ছা শক্তি ও দৃঢ় মতামতের অধিকরী।

মধ্য বয়স অবধি অপরের দায় দায়িত্ব আপনার নিজস্ব উন্নতির পথে বাধা সৃষ্টি করবে। খাঁচায় আবদ্ধ বন্দীর মত বহির্জগতে দৃষ্টি রেখে আপনাকে নিশ্চেষ্ট হয়ে থাকতে হবে।

অপরের তৈরী ঘটনাচক্রের মাঝে "ভাগ্যের হাতে ক্রীড়নক" হয়ে আপনাকে দিন কাটাতে হবে।

প্রবল হৃদয়াবেগের অধিকারী হলেও আপনার বহিপ্র্কাশ কম।

পরের কারণে স্বার্থ বলি দিতে হবে, কিন্তু জীবনের আরম্ভে এই কৃচ্ছ সাধনের মূল্য আপনি পাবেন না। প্রেম ও ভালবাসার ক্ষেত্রে বহু বাধা ও বহুতর কঠিন দায়িত্ব আপনাকে বহন করতে হবে।

জীবনের মধ্যাহ্ন অবধি স্বীয় উদ্দেশ্য কার্যে পরিণত করার পথে বহু বাধা পাবেন, কিন্তু আপনার ধৈর্যও একাগ্রতা পরিশেষে পুরস্কৃত হবে।

৮ ও ১৭ই জুলাই এর জাতকের জীবন দ্বিধারায় বইতে পারে। হয় সারা পরিবারের বোঝা বয়ে গতানুগতিক চাকুরি জীবন কাটিয়ে যাবেন, নতুবা অপেক্ষাকৃত অধিক সৌভাগ্যবশতঃ অল্প বয়সে সুবিধা লাভ করে ক্রমে ক্রমে অর্থ সঞ্চয় করে ভাগ্যবাদী হয়ে পড়বেন।

সাধারণতঃ ৮, ১৭ ও ২৬শে জুলাই এর জাতক গণের প্রথম জীবন অত্যন্ত কষ্টকর হয়। প্রাচীন বিজ্ঞানীরা একটি বাক্য প্রয়োগ করতেন—"শনিচক্র"; ৩৩ বা ৩৫ বছর অবধি এর পরিসর। যদি উপরোক্ত তারিখগুলির জাতক এই সময় অবধি জীবনকে দুঃসহ মনে করে' এতদিন সহ্য করে থাকেন, তবে এর শেষ পর্যন্ত অপেক্ষা করুন; এরপর তিনি পরবর্তী ৩৩ থেকে ৫৫ বৎসর অবধি সৌভাগ্যের স্বাদ পাবেন।

৮, ১৭ ও ২৬শে জুলাই-এর জাতকগণের আরেকটি বিচিত্র অভিজ্ঞতা হয়। এঁরা গভীর ভাবে ধর্মপ্রবণ অথবা একেবারে নাস্তিক হন।

যাঁরা এই সময়ে জন্মগ্রহণ করেন তাদের "কঠিন ব্যবসায়ে" লিপ্ত হয়ে যাওয়া ভাল, যথা—ভূকর্ষণ, খনি বা খনিজ তৈল সংশ্লিষ্ট কর্ম।

২৬শে জুলাই এর জাতক সিংহের কক্ষে অবস্থান করার ফলে করপোরেশন সরকারি চাকুরি, প্রচারক, ধর্মযাজক, গ্রন্থকার ইত্যাদি জনসাধারনের সঙ্গে সম্পর্কিত যে কোনও কাজের জন্য উপযুক্ত।

## অর্থভাগ্য

এই সব তারিখের জাতক যদি অযথা ঝুঁকি নিয়ে অর্থ নিয়োগ না করেন, তবে এঁরা শুধু ধৈর্য ও স্থির সকল্পের সাহায্যে যথেষ্ট অর্থ সঞ্চয় করতে পারেন।

৮, ১৭ বা ২৬শে জুলাই-এর জাতক ৪ ও ৮ সংখ্যার ঘুরে ফিরে থালি তাদের জীবনে বহুবার আসতে দেখবেন। এবং এই সব তারিখের জাতক আপনার জীবনে গভীর ভাবে অংশ গ্রহণ করবেন।

## স্বাস্থ্য

৮, ১৭ ও ২৬শে জুলাই জন্মালে পাকস্থলী, কিড্নী, লিভার ও কোলগের দোষ দেখা দিতে পারে। অত্যধিক অম্ল হওয়ার ফলে হাঁটুতে, গোড়ালিতে ও পায়ের পাতায় আর্থরাইটিস্ ও বাত দেখা দিতে পারে।

৪ ও ৮ এর সঙ্গে যুক্ত যাবতীয় সংখ্যা আপনার পক্ষে কার্যকরী। মঙ্গল ঘরের ৯, ১৮ ও ২৭ পর্যায়ের সংখ্যাগুলি এড়িয়ে চলবেন।

দৈবে আপনি বিশ্বাসী বলে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ ও তারিখগুলি যথাসম্ভব কাজে লাগাবেন, দেখবেন ভাল হবে।

২৬ শে জুলাই রবি আপন কক্ষস্থ হবে, সুতরাং ঐ তারিখের জাতক "১"

ও "৪" এর সংশ্লিষ্ট সংখ্যাগুলির গুরুত্ব অনেক বৃদ্ধি পাবে যথা—১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮, ও ৩১ সংখ্যা মনে রাখবেন। কিন্তু শনির সংখ্যা "৮" সমান কাজ করবে।

কালো মুক্তা, হীরা, গাঢ় পান্না বা সবুজ পাথর রূপা বা প্লাটিনামের সঙ্গে যুক্ত করে ধারণ করবেন। সুফল ফলবে।

আপনার জীবনের প্রধান বয়সগুলি যথাক্রমে—৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭, ৭১, ৮০, ৯৪ ও ৯৮।

## ৭০ পরিচ্ছেদ

### ৯, ১৮ ও ২৭শে জুলাই-এর জাতকগণ

### এ মাসের ৯ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালদীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে মঙ্গল, চন্দ্র, কর্কট চিহ্নে নেপচুন, ত্রিগুণাত্মক বরুণের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

কর্কট রাশিকে মঙ্গলের শক্তিহীন ঘর আখ্যা দেওয়া হয়, সেইজন্য আপনার জীবন দ্বিধা বিভক্ত 'হতে বাধ্য এবং স্বীয় উদ্দেশ্য ও উচ্চাকাঙ্ক্ষা চরিতার্থ করার জন্য আপনার মনোবল বৃদ্ধি করা বিশেষ প্রয়োজন।

আপনার মন বাধ্যবাধকতা মানতে চায়না এবং অপরের সঙ্গে আপনার অত্যন্ত সতর্ক ও বিচক্ষণ ব্যবহার করা উচিত।

আপনি সাহসী, স্বাধীনচেতা কিন্তু প্রথম জীবনে দারুণ ক্রোধ প্রকাশ করতে দেখা যাবে। কিন্তু এই ক্রোধ আপনাকে সংযত করতে হবে—কেবলমাত্র কার্যের উদ্দীপনা হিসাবে একে ব্যবহার করে।

যে কোন অভিনব বা চমকপ্রদ কাজ আরম্ভ কর'তে আপনার উৎসাহ দেখা যায়। বাসা-বদল করতে আপনার ক্লান্ত নেই, কোথাও আপনি বেশীদিন স্থির হয়ে থাকতে পারেন না।

আত্মীয়স্বজনের সঙ্গে আপনার ক্রমাগত বিরোধ বাধবে এবং আপনার পক্ষে অল্প বয়সে বিবাহ না করাই ভাল।

আপনার জীবন বহুল ঘটনাপূর্ণ বলা যায় বিশেষতঃ বিপদ এবং দুর্ঘটনার

কোন, আগুন, আগ্নেয়াস্ত্র, ঘূর্ণীবার্তা, ভূমিকম্প ও জল থেকে হঠাৎ বিপদ আপনার ঘটতে পারে।

জীবনবীমা বা অন্যভাবে কিছু অর্থ আপনি সঞ্চয় করে রাখবেন। নতুবা শেষ জীবনে অর্থকষ্ট পেতে হবে।

আইনের ফাঁদে বহুবার আপনাকে জড়তে হবে এবং আইন এবং আইনদের হাতে বহু অর্থক্ষতি আপনার আছে।

## অর্থভাগ্য

আপনার আর্থিক প্রচেষ্টা হয় সম্পূর্ণ সার্থক, না হয় সম্পূর্ণ ব্যর্থ হবে "সুখী মধ্যপন্থা" কথাটি আপনার বেলায় খাটে না। জীবনযুদ্ধে হয় সম্পূর্ণ জয়, নয় পূর্ণ পরাজয় হবে। প্রতিবছর জুলাই, ডিসেম্বর ও এপ্রিল মাসে কোন বিপদ, অসুবিধা বা বিরক্তির কারণ আপনার ঘটতে পারে। কিন্তু তথাপি আপনার প্রচুর বড়লোক হবার আশায় আপনি অনেক পরিকল্পনা করবেন এবং ফলে সত্যিকালের বড়লোকও হয়ে পড়তে পারেন।

## স্বাস্থ্য

প্রচুর প্রাণশক্তি থাকায় আপনার পক্ষে স্বাস্থ্য কোনদিন দুশ্চিন্তার কারণ হবে না। সহজে আরোগ্যলাভ করতে পারেন, কিন্তু আকস্মিক দুর্ঘটনা, বিশেষতঃ পায়ের দিকে আঘাতের আশঙ্কা আছে। ট্রেন দুর্ঘটনা, সর্বপ্রকার বাষ্পীয় যান ও জলযোগে ভ্রমণে বিপদ ঘটতে পারে।

সর্বদা চোখদুটি বাঁচিয়ে চলবেন, কারণ ছানি কাটানো বা অন্য কোন অস্ত্রোপচারের প্রয়োজন হ'তে পারে।

'৯' ও '২' এর পর্যায় সংখ্যা ও তারিখগুলি, যথা—২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫, ২৭ ও ২৯ আপনার জীবনে কার্যকরী। আপনার গুরুত্বপূর্ণ কাজগুলি এই দিনগুলিতে ফেলতে চেষ্টা করবেন।

গ্রহশক্তি আকর্ষণকারী বর্ণ আপনি পোশাকের কোন অংশে ব্যবহার করবেন, যথা—

মঙ্গল—গাঢ়লাল, গোলাপী ও ভিন্ন স্তরের লাল।

চন্দ্র—ফিকে সবুজ, ফিকে বাদামী ও সাদা।

নেপচুন—কপোত ধূসর বা অন্য কোন রং।

চুনী, গোমেদ ও অন্যান্য লালপাথর আপনার পক্ষে শুভ রত্ন, এছাড়া মুক্তা,. মুনস্টোন, জেড্ ও চলতে পারে, তবে তেমন ফলপ্রদ হবে না।

২৭শে জুলাই রবি স্বীয় কক্ষে বিরাজিত থাকবে, সুতরাং চ্যালদীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি সূর্য ও সিংহের কক্ষে মঙ্গলের স্পন্দনে আবৃত হবেন।

এই গ্রহসমন্বয়ের বিশেষ শক্তি আছে, সুতরাং আপনি জীবনে যে কোন পথ নির্বাচন করলে তা'তেই সার্থক হবেন। দায়িত্বপূর্ণ যে কোন উচ্চপদ ও জনগণের সমর্থন আপনার আয়ত্বে থাকবে।

আপনার স্বভাব আনন্দময়, উজ্জ্বল, আশাবাদী ও সাহসী; বিপদে প্রয়োজনে আপনার স্বরূপ প্রকাশ পাবে।

২৭শে জুলাই-এর জাতক আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন, যথা—

রবি সূর্য—সোনালী, হলুদ ও হলুদে-খয়েরি রং।

মঙ্গল—গাঢ় লাল, গোলাপী ও ভিন্ন লাল।

২৭শের জাতকের পক্ষে , ৪ ও ৯ সংশ্লিষ্ট সংখ্যাগুলি, যথা—১, ৪, ৯, ১০, ১৩, ১৮, ১৯, ২২, ২৭, ২৮ ও ৩১ শুভ। গুরুত্বপূর্ণ কাজের পক্ষে দিনগুলি শ্রেয়ঃ। ৯, ১৮ ও ২৭শে জুলাই এর জাতকগণের পক্ষে ১, ৯, ১০, ১৮, ১৯, ২৭, ২৮, ৩৬, ৪৫, ৪৬, ৫৪, ৫৫, ৬৩, ৬৪, ৭২ ও ৭৩ বয়সগুলি প্রধান। বছরের যে কোন সময়ে ৯ ও ৯ পর্যায়ের তারিখ, যথা—৯, ১৮ ও ২৭শে যাঁরা জন্মেছেন তাঁদের প্রতি আকৃষ্ট হবেন আপনি খুব বেশী।

# ৭১ পরিচ্ছেদ

## আগস্ট

বছরের এই সময়ে যাঁরা জন্মগ্রহণ করেছেন, তাঁদের চরিত্র ও মনের গঠন।

অর্থ ও স্বাস্থ্যের উপর আগষ্ট মাসের রবির প্রভাব।

জুলাই মাসের ২১ তারিখ থেকে সিংহ চিহ্নের প্রভাব শুরু হয়, কিন্তু ২৮শে জুলাই এর আগে তার পূর্ণতা লাভ করে না। এই তারিখ থেকে ২০শে

আগস্ট অবধি তার পূর্ণ প্রভাব থাকে, পরবর্তী ৭ দিনে ক্রমে তার শক্তিক্ষয় হয়, অবশেষে কন্যা রাশি দ্বারা আচ্ছন্ন হয়।

সিংহ চিহ্নকে রবির কক্ষ বলা হয়। ২১শে জুলাই থেকে ২০শে আগস্টের মধ্যে যাঁরা জন্মগ্রহণ করেন এবং ২৮শে আগস্টের বৃত্তের মধ্যে পড়েন, তাঁদের চারিত্রিক গঠনে বৈশিষ্ঠ্য থাকে।

এঁরা অতিশয় উচ্চাভিলাষী হন এবং যে স্তরেই জন্মগ্রহণ করুন না কেন, সম্পূর্ণ ইচ্ছাশক্তির বলে প্রভুত্ব অর্জন করেন।

শক্তিমান ব্যক্তিদের প্রতি এঁরা আকৃষ্ট হন, এমনকি স্বাতন্ত্র্য ও উদ্দেশ্যের সন্ধান পেলে অনেক দোষ ক্ষমা করতে পারেন।

এই সময়ের জাতকগণ উদার ও স্নেহ-প্রবণ হন। এঁরা অতিশয় স্বাধীনচেতা; শাসন ও বাধ্যবাধকতা আদপেই পছন্দ করেন না। প্রবল ইচ্ছাশক্তি ও কর্মক্ষমতা নিয়ে জন্মেছেন বলে জীবনের উদ্দেশ্য সাধনে যত বাধাই আসুক না কেন, শেষ অবধি এরা সার্থক হ'ন।

অপরকে মহৎ কাজে ব্রতী করাবার প্রেরণা যোগানোর ক্ষমতা আছে এঁদের। যথা, এই চিহ্নে জন্মগ্রহণ করে, (১৫ই আগস্ট) নেপোলিয়ন জনসাধারণের বিশ্বাস অর্জন করেন এবং অসম্ভব বিপদসংকুল পরিস্থিতির মধ্যে দিয়ে তাদের চালিয়ে নিয়ে যান।

এঁরা সদাব্যস্ত মানুষ। ঘটনাচক্রে যদি জীবনযুদ্ধের অবসান ঘটে, তবে বিরস, বিষণ্ণ হয়ে পড়েন।

এঁরা অত্যন্ত ধৈর্যশীল ও কষ্ট সহিষ্ণু, কিন্তু একবার যদি সিংহের ঘুম ভাঙ্গে তবে অসীম সাহসের পরিচয় দেন, পরাজয় মানেন না, হার স্বীকার করেন না।

অতিরিক্ত স্পষ্টবাদিতার জন্য এঁদের শত্রু সৃষ্টি হয়, নীচতা বা খল চাতুরীর আভাস যেখানে আছে, তাকে এঁরা বিষবৎ ঘৃণা করেন। এঁরা বন্ধুর জন্য প্রাণ দিতে পারেন, কিন্তু বিশ্বাসঘাতকতা, অকৃতজ্ঞতা, ও প্রতারণা এঁদের গর্বিত অন্তর চূর্ণ করে দেয়।

বছরের এই সময়ের জাতকের জন্মমুহূর্ত সূর্যরশ্মি সিংহ রাশির ভেতর দিয়ে চলে যায়, এইজন্য এঁরা অত্যন্ত উচ্চাভিলাষী ও আদর্শবাদী হ'ন। মুখ্যত উদার-হৃদয়, সৎ ও সত্যবাদী হ'ন বলে প্রায়ই প্রতারিত ও আশাহত হ'ন।

স্নেহ, প্রীতি, করুণা ও প্রবল আকর্ষণী শক্তি দ্বারা এঁরা অতীব জনপ্রিয়

হন, পরিবেশ সম্বন্ধে অতি সচেতনতার দরুন এঁরা অপরের অভ্যাস ব্যবস্থায় সহজেই মানিয়ে নেন।

মানব প্রকৃতির উপর অত্যধিক আস্থা বন্ধুত্ব ও প্রেমের পথে অন্তরায় হয়। বহুসময়ে হৃদয় বেদনা ও বিচ্ছেদ জনিত দুঃখের কারণ ঘটে। পরিচালনার কাজে এঁরা দক্ষ ও উচ্চাভিলাষী হন, দায়িত্ব নিতে ভালবাসেন এবং স্বেচ্ছায় অনেক বেশী ভার বহন করেন।

"রাজসিক মনোভাব" থেকে নিজেদের নিরস্ত করা বিধেয়; নতুবা অত্যধিক প্রভুত্ব করার ইচ্ছা হয়। সর্বদা জনধারণের উর্দ্ধে ওঠার উদগ্র বাসনায় উচ্চপদস্থ ব্যক্তিদের প্রতি আকৃষ্ট হন। এঁরা অত্যন্ত দাম্ভিক, দৃঢ় প্রতিজ্ঞ, প্রাণখোলা ও সরল প্রকৃতির মানুষ, যদিও কিছুটি খামখেয়ালী হন ও সহজে রেগে ওঠার ধাত থাকে। এঁদের ইচ্ছাশক্তি অসাধারণ এবং যদি মনোমত কাজ পান, তবে একভাবে লেগে থাকেন।

উচ্চাশা পূর্ণ না হওয়ায় মাঝে মাঝে বিষণ্ণ ও অতৃপ্ত হতে পারেন। এঁদের অন্তর উদার ও মমতাপূর্ণ, সেইজন্য নিজেদের দুর্ভাগ্যের জন্য অপরের উপর দোষরোপ না করে; নিজেদেরই দোষী করেন।

## স্বাস্থ্য

জীবনদাতা সৌরবৃত্তের প্রভাবে এই সময়ের জাতকগণ সুস্বাস্থ্যের অধিকারী হন, সহজে রোগমুক্ত হন এবং প্রাণশক্তি প্রকাশ করেন। এঁদের প্রধান দুর্বলতা হ'ল হৃদ্‌যন্ত্রের অসীম স্পন্দন যার ফলে রক্ত চলাচল ব্যাহত হয়। অবিন্যস্ত পরিবেশ এঁদের স্বাস্থ্য হানি ঘটতে পারে।

গ্রহ প্রভাববশে মাঝে মাঝে প্রচণ্ড বাতের ব্যথায় দারুন জ্বর হতে পারে। সহজে রোগে পড়েন না কিন্তু এমন ব্যাধি হতে পারে যা'র থেকে রেহাই পাওয়া মুস্কিল। সূর্য স্নানে উপকার পাবেন, ওষুধের চেয়ে মুক্তবায়ুসেবনে অধিক ফললাভ হবে। দুঃখ বা একটানা দুর্ভাবনা এঁদের আয়ুক্ষয় করতে পারে।

## অর্থভাগ্য

বছরের এই সময়ের জাতকগণ অন্যান্য সময়ের ব্যক্তিদের তুলনায় বেশী ভাগ্যবান। আর্থিক অবস্থা আশাপ্রদ এবং বয়োজ্যেষ্ঠদের সাহায্য পাওয়া অসম্ভব নয়। সুচিন্তিত পরিকল্পনা বা অর্থ নিয়োগ করে এঁরা প্রায়ই লাভবান

হন। ব্যক্তিগত নয়, জনসাধারণের জন্য বড় রকম কোন প্রতিষ্ঠান করা ভাল। সোনার খনি, পিতলের কাজ, হীরক, খাদ্য বস্তুর আমদানি রপ্তানি এবং সরকারি বা মিউনিসিপাল সংসদের সঙ্গে যুক্ত থাকলে মঙ্গল হবে।

## বিবাহ, সখ্যতা ও অংশীদারী

যাঁরা সিংহ রাশিতে জন্মগ্রহণ করেন, তাঁরা নিজেদের অনুরূপ ব্যক্তিদের সঙ্গে সুখে ঘর করতে পারেন। যথা—২১শে জুলাই থেকে ২০শে অগাস্ট অগ্নির দ্বিতীয় কক্ষ, ২১শে নভেম্বর থেকে ২০শে ডিসেম্বর ( ধনু ), অগ্নির তৃতীয় কক্ষ, ২১শে মার্চ থেকে ১৯শে এপ্রিল ( মেষ ) অগ্নির প্রথম কক্ষ এবং এই সময়গুলির আদিতে ও অন্তে ৭টি করে যে অন্তর্লীন দিনগুলি আছে—সেই সময়ের জাতকগণ। বিপরীত কালের জাতক অর্থাৎ ২১শে ডিসেম্বর থেকে ১৯শে ফেব্রুয়ারির মধ্যে যাঁরা জন্মেছেন, তাঁদের সঙ্গেও মনের মিল হ'তে পারে।

## ৭২ পরিচ্ছেদ

### ১, ১০, ১৯ ও ২৮শে অগাস্টের জাতকগণ

### এই মাসের ১ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা রবি, সিংহচিহ্নে ইউরেনাস, ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

যাঁরা এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বে বর্ণনা করা হয়েছে।

গ্রহ সমন্বয়ের শক্তিপূর্ণ গুণাবলী আপনার জীবন ও জীবিকায় প্রতিফলিত হবে। এই সমন্বয় আপনাকে কর্মতৎপর, উচ্চাভিলাষী, দৃঢ়প্রতিজ্ঞ, পরিশ্রমী, কর্ম ও প্রতিশ্রুতিতে বিবেকবান ব্যক্তিতে পরিণত করবে। আপনার ব্যক্তিত্ব উজ্জ্বল, আনন্দময় ও আকর্ষণীয়। জীবনের সব ক্ষেত্রে সম্মান পাবেন, বিশেষতঃ সরকারি, ম্যুনিসিপাল বা জাতীয় জীবন সংশ্লিষ্ট কর্ম অথবা বড় কোন প্রতিষ্ঠানের সঙ্গে যদি যুক্ত থাকতে পারেন।

স্বভাবের যে দিকে ইউরেনাসের প্রভাব পড়বে, সেদিক থেকে আপনি অস্বাভাবিকরকম অন্তর্দৃষ্টি লাভ করবেন, ফলে আপনার দৃষ্টিভঙ্গীতে নূতনত্ব থাকবে এবং "এগিয়ে যাবার" প্রেরণা পাবেন।

পছন্দ অপছন্দর মাত্রা আপনার কঠিন, প্রচণ্ড হৃদয়ের টানে আপনি ধরা দেবেন এবং অল্পবয়সে বিবাহ করবেন। রাগ হয়ে যাবে দপ্ করে এবং নিভেও যাবে সহজে। আপনার বিবেক সদাজাগ্রত, আপনি নীরবে বহু কাজ করতে পারেন। সবার নিকট হ'তে সম্মান ও সমর্থন পেতে ভালবাসেন।

১, ১০, ১৯ বা ২৮শে অগাস্ট জন্মগ্রহণ করলে রাজনৈতিক জীবনে প্রবেশ কোন না কোন ভাবে আপনি করবেন।

## অর্থভাগ্য

আপনার আর্থিক অবস্থা সচ্ছল হবার ইঙ্গিত পাওয়া যায়। প্রথম জীবনে কষ্ট পেলেও পরে সে অসুবিধা কাটিয়ে উঠে অবস্থার পরিবর্তন ঘটাতে পারেন। যে কোন সমাজেই আপনি সম্মান ও শক্তির অধিকারী হতে পারেন।

আপনার জীবন দুই ভাগে ভাগ করা যেতে পারে। ৩৭ বছর বয়স অবধি অত্যাধিক পরিশ্রম করে শেষ জীবনে লাভবান এবং সাফল্যমণ্ডিত হবেন।

## স্বাস্থ্য

অল্প বয়সে অনেক ছোটখাট ব্যাধি, যথা—জ্বর, রক্তদুষ্টি, কার্বাংকল্ ও ফোঁড়ায় কষ্ট পেতে পারেন। কিন্তু ২৮ বছরের পর থেকে এসব কাটিয়ে উঠে সুস্থ সমর্থ হবেন।

আপনার পক্ষে ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ ও ৩১ সংখ্যা ও তারিখ কার্যকরী, আপনার প্রয়োজনীয় কার্যসূচী এই তারিখগুলিতে ফেলবেন। গ্রহশক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য আপনি নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন। যথা—রবি—সবস্তরের সোনালী, হলুদ, কমলা, সোনালী খয়ের।

ইউরেনাস—সব স্তরের ধূসর, স্যাফায়ার, নীল ও বিদ্যুৎ বর্ণগুলি।

আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে—১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮, ৩১, ৩৭, ৪০, ৪৬, ৪৯, ৫৫, ৫৮, ৬৪, ৬৭, ৭৩ ও ৭৬।

১ ও ৪ সংখ্যাপর্যায়, যথা—১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ ও ৩১ তারিখের জাতকদের প্রতি আপনি প্রভূত পরিমাণে আকৃষ্ট হবেন।

# ৭৩ পরিচ্ছেদ

## ২, ১১, ২০ ও ২৯শে অগাস্টের জাতকগণ

### এ মাসের ২ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা চন্দ্র, নেপচুন, সিংহচিহ্নে রবি, ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সব রকম প্রভাব দ্বারা চালিত হবেন। ২৯শে অগাস্ট জন্ম হ'লে ত্রিগুণাত্মক পৃথির দ্বিতীয় ঘরে আগন্তুক কন্যা রাশির মধ্যে অনুপ্রবেশ দ্বারা প্রভাবিত হবেন।

যাঁরা এ সময়ে জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা আগে করা হয়েছে।

মননশীলতার দিকটি আপনার প্রতিভাত হবে খুব বেশী। যে গ্রহসমন্বয়ে আপনার জন্ম, তা অতিশয় শুভ। আপনি মানসিক ও সামাজিক জীবনে উন্নতি লাভ করবেন, লোকে সহজে আপনাকে বিশ্বাস করবে এবং জীবনের যে কোন কাজে অনেক সুযোগ সুবিধা আপনি পাবেন।

বিপরীত লিঙ্গের কাছে আপনার আকর্ষণ আছে. আদর্শবাদী প্রেম প্রণয়ের ব্যাপার আপনার জীবনে বিচিত্র স্বাদ এনে দেবে।

শিল্প, সাহিত্য, সঙ্গীত ও অভিনয়ে আপনার প্রতিভা প্রকাশ পাবে। জীবনের সব ক্ষেত্রে আপনি প্রাধান্য লাভ করবেন; বিচক্ষণতা, কৌশল ও সু-পরিচালনার বহু নিদর্শন আপনার নিকট পাওয়া যাবে।

বন্ধু ও প্রেমাস্পদের প্রতি আপনি বিশ্বাসভাজন। আপনার উদারতা ও উন্নত মনের জন্য শত্রু সৃষ্টি হবে না, এমনকি যাঁদের সঙ্গে মতান্তর আছে তাঁরাও নয়।

অপরের মধ্যে যেটুকু ভাল সেটুকুই আপনার চোখে পড়ে এবং তাই আপনি বাইরে টেনে আনতে চেষ্টা করেন।

বাগ্মীতা বা লেখনীর ধার যদি অভ্যাসে আনতে পারেন, তবে ধর্মযাজক, খ্রীষ্টধর্ম প্রচারক, জনশিক্ষক বা বিচারপতি হ'তে পারেন।

অপরের স্বভাব সম্বন্ধে অসাধারণ উপলব্ধি আপনার আছে, সমালোচক হিসাবে নয়, মানুষকে ভালভাবে জানবার উদ্দেশ্যে এবং তাদের নিজেদের সম্বন্ধে অবগত হবার জন্য আপনি সতত সজাগ।

## অর্থভাগ্য

অর্থসৌভাগ্য আপনার আছে, কিন্তু এ বিষয়ে কোন মোহ নেই। উপহার, উত্তরাধিকার বা উইলের মাধ্যমে নানা আশ্চর্য উপায়ে আপনার অর্থাগম হবে। কিন্তু করুণাপরবশ হয়ে আপনি সব দান করে বসে থাকবেন।

কোনও ব্যবসা নয়, বাগ্মীতা, শিল্পচর্চা, সাহিত্যসেবা জাতীয় মানসিক উৎকর্ষতার সঙ্গে যুক্ত কোন পেশা আপনার জীবিকার প্রধান উপায়।

## স্বাস্থ্য

এবিষয়ে সচেতন হয়ে থাকবেন, শক্তির অপচয় করবেন না। ফুস্‌ফুস্ বা কণ্ঠনালীর দুর্বলতা, হৃদ্‌যন্ত্রের অসমস্পন্দন বা রক্ত চলাচলের বিঘ্নঘটিত রোগ হতে পারে।

'২—৭' এবং সংশ্লিষ্ট সংখ্যাগুলি যথা ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ এবং রবি ও ইউরেনাসের সংখ্যা '১—৪' এর সঙ্গে যুক্ত ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ ও ৩১ আপনার পক্ষে শুভ। ২৯শে অগাস্টের জাতকের পক্ষেও এই সংখ্যাগুলির তাৎপর্য বলবৎ থাকবে।

গ্রহ আকর্ষণী শক্তি বৃদ্ধির জন্য পোশাকের যে কোনও ভাগে নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন, যথা—

চন্দ্র—সব সবুজ রং, ফিকে হলুদ ও সাদা।

নেপচুন—কপোতধূসর ও বিদ্যুৎ বর্ণগুলি।

রবি—সোনালী, হলুদ, কমলা থেকে সোনালী খয়েরি রং।

ইউরেনাস—ধূসর ও বিদ্যুৎ অথবা ফিকে রংগুলি।

রত্ন হিসাবে মুক্তা, মুনস্টোন, জেড্, পোখরাজ, স্যাফায়ার, এ্যাম্বার আপনি ধারণ করতে পারেন।

আপনার জীবনের প্রধান বছরগুলি যথাক্রমে—২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ১৫ ও ৭০।

বছরের যে কোনও অংশে ২—৭ তারিখের আনুসঙ্গিক দিনগুলি অর্থাৎ, ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯ এবং ১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮ ও ৩১ তারিখের জাতকের প্রতি আপনি আকৃষ্ট হবেন খুব বেশী।

## ৭৪ পরিচ্ছেদ

### ৩, ১২, ২১ ও ৩০শে অগাস্টের জাতকগণ

### এ মাসের ৩ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডিন সংখ্যা তত্ত্বের নিয়মানুসারে বৃহস্পতি, রবি, সিংহের ঘরে ইউরেনাস, ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন। ৩০শে অগাস্ট জন্ম হ'লে আগন্তুক কন্যারাশির প্রারম্ভে থাকার ফলে বৃহস্পতি, বুধ ( নেতি ), পৃথির দ্বিতীয় কক্ষের প্রভাব পাবেন।

যাঁরা এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে। উপরন্তু বৃহস্পতি, রবি ও ইউরেনাসের সমন্বয় অগাস্টের জাতকদের অনেক বেশী শক্তিশালী করে।

আপনার আকাশচুম্বী উচ্চাকাঙ্ক্ষার দরুন সাধারণ সাফল্যে আনন্দ আপনি পান না। সমাজের যে কোনও স্তরে থাকুন না কেন, গুরুদায়িত্ব পূরণ করে ফল লাভের ইচ্ছা হবে আপনার প্রবল।

প্রত্যেক কাজে অতিরিক্ত পরিশ্রম করা আপনার স্বভাব, বিবেক সম্পন্ন ব্যক্তি আপনি দায়িত্ব পালনে এতই আচ্ছন্ন, স্বাস্থ্যের ক্ষতি করেও কাজ করে যান।

আদর্শবান, বন্ধুবৎসল ব্যক্তি আপনি, কিন্তু বিফল প্রেম মনোবেদনা পেতে পারেন বহুবার।

এই গ্রহ সমন্বয় আপনাকে লোক চক্ষুর সামনে এগিয়ে দেবে, সরকারি, রাজনৈতিক বা মিউনিসিপালিটির চাকুরিতে সুনাম অর্জন করবেন।

প্রভূত্বপূর্ণ ও দায়িত্বপূর্ণ পদে আপনার প্রভূত যোগ্যতা আছে। আশে-পাশের লোকে প্রশংসা করতে পারে, উৎসাহ দেবে। কিন্তু আপনার কোন ক্ষতি হবে না বরং এই উৎসাহ আপনাকে জীবনে এগিয়ে যাবার প্রেরণা যোগাবে।

আপনি গভীর ভাবে ভালবাসতে পারেন, পরিবার সম্বন্ধে যত্নবান; শিশুদের প্রতি স্বতঃস্ফূর্ত ভালবাসায় পরিপূর্ণ এবং তাদের সুন্দরভাবে মানুষ করতে সতত সচেষ্ট।

উচ্চ ও উদাস হবে আপনার আদর্শ; কুঁড়ে ঘরে জন্ম নিলেও আপনার মধ্যে রাজকীয় মর্যাদা জ্ঞান বিদ্যমান। জীবনে অনেক উর্দ্ধে উঠবেন; একটি মাত্র ছিদ্র আপনার স্বভাবে, সেটি হ'ল আপনার মাত্রাহীন উচ্চাকাঙ্ক্ষা। আপন স্কন্ধে অত্যধিক দায়ভার চাপিয়ে শেষ অবধি নিজের মৃত্যু টেনে আনতে পারেন। আপনার চতুর্দিকে চাটুকার জুটতে বাধ্য, তাদের খোশামুদে কথায় না ভুলে স্বীয় অন্তর্দৃষ্টির সাহায্যে জীবন পথে অগ্রসর হওয়া উচিৎ।

## অর্থভাগ্য

স্বীয় বিচক্ষণতার সাহায্যে জীবন পথে ক্রমোন্নতি আপনার অসাধ্য নয়। ব্যবসা বাণিজ্যের ধারা কোন্ খাতে বইতে পারে, এবিষয়ে আপনার আশ্চর্য দূরদৃষ্টি আছে। অর্থ পুঞ্জিত না করে এবং অপচয় না করে বৃহৎ প্রচেষ্টার জন্যে আপনি অকাতরে খরচ করে থাকেন।

## স্বাস্থ্য

দুষ্পাচ্য আহার বর্জন করতে পারলে আপনার স্বাস্থ্য মোটামুটি ভালই চলবে। উচ্চপদে অধিষ্ঠিত হয়ে বহু ভোজ সভায় যোগ দিতে আপনি বাধ্য হবেন, এইজন্য মিতাহারী হওয়া আপনার পক্ষে অসুবিধাজনক।

রক্তের চাপ বৃদ্ধি অথবা পরিশ্রমের ফলে হৃদ্‌যন্ত্র বিফল হওয়া থেকে সাবধান। ৩, ১ ও ৪ সংশ্লিষ্ট সংখ্যা ও তারিখ যথা, ১, ৩, ৪, ১০, ১২, ১৩, ১৯, ২১, ২২, ২৮, ৩০ ও ৩১ আপনার পক্ষে শুভ।

এর মধ্যে ৩ ও ১ ঘরের তারিখগুলি আপনি গুরুত্বপূর্ণ কাজের জন্য বেছে নেবেন।

গ্রহ আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য পোশাকের যে কোনও অংশে নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করতে পারেন, যথা—

বৃহস্পতি—সব স্তরের বেগুনী, ফিকে কিংবা গাঢ় রং।

রবি—সোনালী, হলুদ বা কমলা।

ইউরেনাস্—নীলকান্ত মনির নীল ও বিদ্যুৎ ধূসরের যাবতীয় স্তর।

এ্যামেথিস্ট, বেগুনি পাথর, হীরা, এ্যাম্বার, টোপাজ ও নীলকান্তমনি আপনার পক্ষে শুভ রত্ন।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে ১, ৩, ১০, ১২, ১৯, ২১, ২৮, ৩০, ৩৭, ৩৯, ৪৬, ৪৮, ৫৫, ৫৭, ৬৪ ও ৬৬।

৪ পর্যায়ের বয়সগুলি যথেষ্ট ঘটনা বহুল কিন্তু তেমন সুবিধার নয়।

## ৭৫ পরিচ্ছেদ

### ৪, ১৩, ২২ ও ৩১শে অগাস্টের জাতকগণ

### এ মাসের ৪ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডিন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে ইউরেনাস, সিংহ চিহ্নে সূর্য ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন। ৩১শে অগাস্টের জাতক পরবর্তী চিহ্নের প্রথম রাশি কন্যা, ত্রিগুণাত্মক পৃথির দ্বিতীয় ঘরের প্রভাব পাবেন, বিশেষতঃ রবি, ইউরেনাস ও বুধ ( নেতি ) বিশেষ কার্যকরী হবে।

এই সময়ে যাঁরা জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে। আপনার ব্যক্তিগত ব্যাপারে ইউরেনাসের স্পন্দন বিশেষভাবে প্রকাশিত হবে।

কর্ম ও চিন্তার স্বাধীনতা আপনার প্রিয়। সর্ববিষয়ে সাতন্ত্র্যের প্রতিমূর্তি আপনি। আর সকলে আপনাকে ছিটগ্রস্ত ও অদ্ভুত মনে করবে এবং সহজে অন্যদের সঙ্গে আপনার খাপ খাবে না।

আপন আত্মীয় স্বজনের সঙ্গে আপনার বিরোধ বাধবে সবচেয়ে বেশী। বাধ্যবাধকতা বা সমালোচনা আপনি পছন্দ করেন না। সম্ভব হ'লে পারিবারিক বন্ধন ছিন্ন করে বহুদূরে পাড়ি দেবেন।

আপনাকে ধৈর্যশীলতা অভ্যাস করতে হবে বিশেষ করে নিকট আত্মীয়-স্বজনের সঙ্গে।

যদি সম্ভব হয় স্বীয় কর্মক্ষেত্র নির্বাচন করে, সবার থেকে ভিন্ন কোনও ক্ষেত্রে সার্থকতা অর্জন করুন।

ধর্ম জীবন সম্বন্ধে সর্বসাধারণের থেকে আপনার ভিন্ন ধারণা, এবং অতিরিক্ত স্পষ্ট ভাষণে শত্রু সৃষ্টি করতে পারেন। অগাস্ট মাসের উপরোক্ত

যে কোনও তারিখে জন্মগ্রহণ করলে আপনার জীবনে বহু বিচিত্র দুঃসাহসিক অভিজ্ঞতা হ'তে পারে।

পারিবারিক জীবনে প্রেমের ক্ষেত্রে দুঃখ ও নৈরাশ্য অনিবার্য। ৩১শে অগাস্টের জাতক এদিক দিয়ে ততটা অসুখী হবেন না।

## অর্থভাগ্য

এবিষয়ে আপনাকে বোঝা শক্ত। আকিঞ্চন কম, কেবল ক্ষমতার লোভে অর্থের প্রয়োজন। ব্যবসায় ক্ষেত্রে হয় সম্পূর্ণ বিশ্বাস করবেন অথবা যাঁদের সঙ্গে জড়িত আছেন তাঁদের প্রতি সন্দেহ পোষণ করবেন।

একা কাজ করাই আপনার পক্ষে ভাল। সব বিষয়ের দুটি দিকেই আপনার নজর পড়ে। সমান জোরালো যুক্তি দিয়ে আপনি দুই পক্ষই সমর্থন করতে পারেন।

আপনি কোনও ব্যাঙ্কের উন্নতি করতে পারেন অথবা নূতন কোন উপায় উদ্ভাবন করে প্রচুর অর্থ উপার্জন করতে পারেন।

## স্বাস্থ্য

আপনার স্বাস্থ্য ভাল কিন্তু পরিবেশের উপর একান্ত নির্ভরশীল। মনের অবস্থার সঙ্গে শরীরের ভালমন্দ বিশেষভাবে জড়িত থাকবে। মন খারাপ থাকলে একেবারে নিজের মধ্যে গুটিয়ে যাবেন, ভিতরে ভিতরে বিষক্রিয়া শুরু হবে, দেহের আভ্যন্তরীন ক্রিয়া কলাপ বিঘ্নিত হবে অথচ বিশ্লেষণ করার মত রোগ ধরা কঠিন হবে।

দেহের অস্থি কমবেশী ভঙ্গুর হ'তে পারে। হঠাৎ পড়ে গিয়ে পায়ে আঘাত লাগতে পারে। শির দাঁড়ায় চোট লাগতে পারে। অগাস্টমাসে যাঁদের উপর ইউরেনাসের প্রতিক্রিয়া হয়, তাঁদের মধ্যে দুরকম প্রতিক্রিয়া চোখে পড়ে। এক শ্রেণীর ব্যক্তি মধ্য বয়সে হঠাৎ মোটা হয়ে পড়েন এবং হৃদরোগ, মস্তিষ্কের কোমা হবার সম্ভাবনা থাকে। অপর শ্রেণী সূক্ষ্ম দেহে স্নায়বিক রোগ টেনে আনবেন এবং বয়স কালে পক্ষাঘাতে পড়ে যাবেন। এই দুই ক্ষেত্রেই পূর্ব থেকে সাবধানতা অবলম্বন করা উচিত।

আপনার জীবনে উল্লেখযোগ্য তারিখ ও সংখ্যা ৪, ১৩, ২২, ৩১ এবং ৮, ১৭ ও ২৬; বিশেষতঃ ২১শে জুন থেকে অগাস্টের শেষ এবং ২১শে ডিসেম্বর

থেকে ১৯শে ফেব্রুয়ারি অবধি। এই দিনগুলির জাতক আপনাকে আকৃষ্ট করবেন খুব বেশী এবং এঁরা আপনার জীবনে যেন দৈব প্রেরিত।

জুলাই মাসের জাতকদের মত আপনার পক্ষে নীলকান্ত মনির নীল রং, সামুদ্রিক ও নীল, সোনালী, হলুদ, কমলা ও ব্রোঞ্জের রং শুভ।

৪, ১৩, ২২ ও ৩১শে অগাস্টের জাতকের পক্ষে নীলকান্ত মনি, হীরা, চুনী ও পোখরাজ সৌভাগ্যপ্রদ রত্ন।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭, ও ৭১।

## ৭৬ পরিচ্ছেদ

### ৫, ১৪ ও ২৩শে অগাস্টের জাতকগণ

### এ মাসের ৫ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালদীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা বুধ, রবি, ইউরেনাস, ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সিংহ চিহ্নের যাবতীয় প্রভাব দ্বারা চালিত হ'ন।

যাঁরা এ সময়ে জন্মগ্রহণ করেন তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বেই দেওয়া হয়েছে।

আপনার জীবনে বুধ, রবি ও ইউরেনাসের বিশেষ প্রভাব পড়বে। সিংহের ঘরে রবির ও বুধের সমন্বয় মানসিকতার পক্ষে মঙ্গলজনক সমন্বয়। বুদ্ধি ও বিচক্ষণতার পক্ষে বিশেষ উপযোগী। প্রধান অসুবিধা এই যে, খেয়ালের বশে হঠাৎ-ই কোনও বিষয়ে মনস্থির করতে উদ্বুদ্ধ করে এবং যাদের চিন্তা ঈষৎ মন্থর গতিতে চলে, তাদের সম্বন্ধে ধৈর্য রাখতে পারেন না।

এই সময়ের জাতকগণ যথেষ্ট উচ্চাভিলাষী হন, সেইজন্য গ্রন্থকার, শিল্পী, অভিনেতা প্রভৃতি যাঁরা জনগণের মনোরঞ্জন করেন, তাঁদের পক্ষে এই গ্রহ সমন্বয় ভাল। বছরের এই সময়ে বুধ ও রবির সংযোগ জাতককে আত্মবিশ্বাস ও অর্থ সঞ্চয়ের শক্তি দেয়, কিন্তু অনেক সময়ে জাতককে অর্থ সংক্রান্ত ব্যাপারে দুঃসাহসী করে। মাত্রা রেখে চললে—এই গ্রহ সমন্বয় অতি কল্যাণকর।

বুধ ও ইউরেনাসের যোগ জীবনে ও জীবিকার ক্ষেত্রে আশাতীত অকস্মাৎ

পরিবর্তন আনে। এই সঙ্গে অস্থিরতা, স্থান পরিবর্তন ও ভ্রমণের তীব্র বাসনা যুক্ত হয়ে আকস্মিকতা আরও বর্ধিত করে।

বুধ গ্রহের ৫ সংখ্যাটি এবং ১৪ ও ২৩ অর্থাৎ ৫ ঘটিত সংখ্যার প্রভাবে আপনি ভাবপ্রবণ, উচ্চগ্রামে বাঁধা স্নায়ুমণ্ডলীর শিকার ও অতিরিক্ত উত্তেজনা প্রবণ ব্যক্তি হবেন।

অথচ কোন বিশেষ কাজের দায়িত্ব নিলে আপনি দৃঢ়চিত্তে, সংযতভাবে কাজটি সমাধা করবেন, অবশ্য যদি কাজটি দীর্ঘ সময় না নেয়। একঘেয়ে দীর্ঘ টানা কাজের উপর আপনার বিতৃষ্ণা আছে, নিজের কোনও উদ্দেশ্য বা আদর্শ যাতে দ্রুত সমাধা হয়, আপনি এমন সব কাজে আনন্দ পান বেশী।

প্রণয় ঘটিত ব্যাপারেও আপনি পরিবর্তনপ্রিয়। কারণ, আপনার কাছে সর্বদা নূতন মুখের জয়। নূতনত্ব যতক্ষণ বজায় থাকে, ততক্ষণ আপনি ব্যক্তি ও পরিবেশের সঙ্গে সুন্দর মানিয়ে নিতে পারেন।

নৃত্য এবং যে সব খেলায় ক্ষিপ্র হওয়া প্রয়োজন, সে সবই আপনার পছন্দ। উড়োজাহাজ, দ্রুতগামী মোটরকার এবং ব্যবধান নাশক সবরকম যান সম্বন্ধে আপনার আগ্রহ হওয়া অসম্ভব নয়।

আপনাকে উপদেশ দেওয়া বা যুক্তি দিয়ে কিছু বোঝানো শক্ত, কারণ, আপনি যা করছেন তাই ঠিক ভাবেন।

## অর্থভাগ্য

অপরের জন্য উপায় উদ্ভাবনে আপান যথেষ্ট চতুর। বহুমুখী ক্ষমতা ও মানিয়ে নেবার শক্তির জন্য কোন কাজটিই আপনার পক্ষে অসুবিধা জনক মনে হয় না। অবাঞ্ছিত বন্ধুত্বে আপনার বিপদ আছে, কারণ, টের পাবার আগে তারা আপনাকে ফাঁদে ফেলবে।

## স্বাস্থ্য

অত্যধিক স্নায়ুর চাপে এবং সব ব্যাপারে কড়াকড়ি করে আপনি নিজেকে ক্ষয় করে ফেলবেন। দেহের নানা স্থানে ব্যথা বেদনা হ'তে পারে। মাঝে মাঝে হজমের দোষ ও আভ্যন্তরীণ ইন্দ্রিয়াদির বিকলতা দেখা দিতে পারে।

ফলে, সহজে আরাম হয় এমন সব উত্তেজক ওষুধের দাস হয়ে পড়তে পারেন, এর থেকে নিজেকে বাঁচাবার চেষ্টা করে।

প্রত্যেক মাসের, বিশেষতঃ জুন ও সেপ্টেম্বর মাসের ৫, ১৪, ২৩ এবং ১, ১০, ১৯ ও ২৮ তারিখ আপনার পক্ষে তাৎপর্যপূর্ণ। কোনও বিশেষ সাক্ষাৎকার বা স্বীয় কার্যোদ্ধারের জন্য এই বিশেষ তারিখগুলি আপনি মনে রাখবেন। এই প্রসঙ্গে বলে রাখি যে, সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে '৫' সংখ্যাটির প্রভাব জাতকের উপর সবচেয়ে কম। এই ব্যক্তি যাবতীয় সংখ্যা এবং সব ঘরের জাতকের সঙ্গে অতি সহজে মিলে যান।

বর্ণ সম্বন্ধেও এই এক কথা, সব রংই আপনি ব্যবহার করতে পারেন কিন্তু মনে মনে ফিকে রংগুলি আপনার বেশী পছন্দ।

হীরা, মুক্তা ও যে কোনও উজ্জ্বল পাথর আপনি ধারণ করতে পারেন। আপনার জীবনের প্রধানতম বয়সগুলি যথাক্রমে ৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৫৯ ও ৬৮।

'৫' এর ঘর যেমন ৫, ১৪ ও ২৩ তারিখের জাতক আপনাকে আকৃষ্ট করেন খুব বেশী। তবে সব সংখ্যার জাতকদের সঙ্গেই আপনার মিল আছে।

## ৭৭ পরিচ্ছেদ

### ৬, ১৫ ও ২৪শে অগাস্টের জাতকগণ

### ৬ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়ম অনুসারে তাঁরা শুক্র, রবি ও সিংহের ঘরে ইউরেনাস, ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন।

যাঁরা এই সময়ে জন্মগ্রহণ করেন, অগাস্ট মাসের জাতকদের সঙ্গে তাঁদের চারিত্রিক ও মানসিক গঠনের কথা পূর্বেই উল্লেখ করা হয়েছে। আপনার জীবনে শুক্র, রবি ও ইউরেনাসের প্রভাব বেশী হবে।

সিংহ চিহ্নে শুক্র থাকায় আপনার জীবন ও জীবিকায় প্রতিফলন দেখা দেবে বারংবার।

অগাস্টের এই তারিখগুলিতে জন্মালে আশে পাশের প্রত্যেকটি মানুষের প্রতি আপনার মমতা ও দরদের অন্ত থাকবেনা। বিপরীত লিঙ্গের ব্যক্তির প্রতি গভীর প্রেম থাকবে, প্রকারান্তরে আপনি এমন একজন ব্যক্তি যিনি

প্রেম ছাড়া বাঁচতে পারেন না। অবশ্য একথা বললে ভুল হবে যে আপনার জীবনে যৌন প্রেমই প্রধান বস্তু। পরন্তু, বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণ থাকা সত্ত্বেও, রবির এই সমন্বয় আপনার পারিবারিক জীবনে উচ্চ আদর্শের প্রেমই বড় হবে, যদিও বিপরীত লিঙ্গের প্রতি আপনার ঐ ভাব অপরিসীম।

যে কোনও পরিবেশে আপনার বন্ধুত্ব গড়ে উঠতে পারে। সামাজিক জীবন আপনাকে আকর্ষণ করে, বন্ধু সঙ্গ আপনার ভাল লাগে এবং যথাসাধ্য সবকিছু তাদের দিয়ে দিতে পারেন। এই ইচ্ছা থেকে কালে আপনার মধ্যে জন-মনোরঞ্জনকারী কোনও প্রতিভা জাগ্রত হ'তে পারে এবং শুক্রের সাহায্যে সঙ্গীত, অঙ্কন, অভিনয়, চলচ্চিত্র, সাহিত্য, কবিতা, কণ্ঠ সঙ্গীত বা নৃত্য কলায় দক্ষতা জন্মাতে পারে।

যৌবন আপনার প্রতি আকৃষ্ট হবে এবং জীবনের যে কোনও ধাপে আপনার চারিপাশে তরুণ তরুণীর ভীড় থাকবে। বোধহয় এইজন্য আপনি কোন দিন মনে প্রাণে বুড়ো হবেন না। স্বভাবের এই দিকটা বলবৎ রাখার কারণে, আপনার আবাসে নিত্য নূতন মানুষ আসা যাওয়ার জন্য আপনার মন ব্যাকুল হয়ে থাকবে।

নারী বা পুরুষ যেই হোন, এই স্বভাবের জন্য লোকে আপনাকে ভুল বুঝবে এবং এইভাবে আপনার বিপদ আসতে পারে। ইউরেনাসের প্রভাবে আপনি অনেক অজ্ঞাত, অবাঞ্ছিত ব্যক্তির খপ্পরে পড়ে যেতে পারেন। বন্ধুদের অপরাধ সম্বন্ধে আপনি এত অতিরিক্ত ক্ষমাশীল যে, বাইরের জগৎ যাকে সমালোচনার বিষয় বলে মনে করে তার মধ্যেও আপনি অন্যায় খুঁজে পান না। ফলে অপ্রিয় পরিস্থিতি থেকে মুক্ত হবার জন্য অপরের সাহায্য পাবেন না, উল্টে দোষের ভাগী হ'তে হবে। অবশ্য আপনার গ্রহ সমন্বয় ভাল থাকার দরুন, অপরের তুলনায় আপনাকে কম ভুগতে হবে। তবু আপনাকে বন্ধু-বান্ধব আত্মীয়স্বজনের প্রতি বেশী করুণা দেখাতে নিষেধ করব। পাঁচজনের কাছে জাহির করার মতো কোনও কাজ বা অতিরিক্ত অর্থ ব্যয় করে অর্থনাশ করা উচিৎ হবে না। কিন্তু সাধারণভাবে বলতে গেলে আপনি ভাগ্যশালী এবং সাফল্যমণ্ডিত হবেন, এবং যে কোনও জীবিকায় নিযুক্ত থাকুক না কেন তাতে উচ্চপদে আরোহণ করবেন।

আপনি অর্থ রোজগার করবেনই বিশেষ করে কোনও কাজে অর্থ লগ্নি করে

ধনলাভ হবে। এছাড়া সঙ্গীত, সাহিত্য, নৃত্য, অভিনয় আদি লোকরঞ্জনকারী প্রতিভা আপনাকে অর্থবান করবে।

### স্বাস্থ্য

আপনার স্বাস্থ্য ভাল যাবে। জীবজন্তু ভালবাসেন বলে সেদিক থেকে বিপদ আসতে পারে। অধিক বয়সে হৃদ্‌রোগ, উদরী বা নিম্নাঙ্গের ব্যাধি হতে পারে।

৬, ১ ও ৪ ঘটিত সংখ্যা—১, ৪, ৬, ১০, ১৩, ১৫, ১৯, ২২, ২৪, ২৮ ও ৩১ আপনার পক্ষে প্রধান। শেষের দিকে ৪ পর্যায় সংখ্যাগুলি কোনও কাজের মধ্যে জড়াবেন জীবনে কোনও কিছু আশা করে নয়, শুধু সতর্ক হওয়ার জন্য এর ফল লক্ষ্য করে যাবেন।

নীল রঙের সব স্তর, সোনালী, হলুদ, কমলা ও পীতাভ খয়েরী রং আপনার পক্ষে শুভ। নীলকান্ত মনি পোখরাজ, এ্যাম্বার ও যাবতীয় নীল রঙের পাথর আপনি ধারণ করতে পারেন।

আপনার জীবনে প্রধানতম বয়সগুলি হচ্ছে—১, ৬, ১০, ১৫, ১৯, ২৪, ২৮, ৩৩, ৩৭, ৪২, ৪৬, ৫১, ৫৫, ৬০, ৬৪ ও ৬৯।

যে কোনও মাসের ১, ৪, ৩ বা ৬ তারিখের জাতকের প্রতি আকৃষ্ট হওয়া আপনার পক্ষে স্বাভাবিক।

## ৭৮ পরিচ্ছেদ

### ৭, ১৬ ও ২৫শে অগাস্টের জাতকগণ

### এ মাসের ৭ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা নেপচুন, চন্দ্র সিংহের কক্ষে রবি ও ইউরেনাস, ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন।

অগাস্ট মাসের জাতকদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বেই বর্ণনা করা হয়েছে।

আপনার জীবনে নেপচুন, চন্দ্র, রবি, ও ইউরেনাসের সমন্বয়ের ফলে বিশেষ

গুণাবলি প্রকাশিত হবে। সিংহের ঘরে নেপচুন আপনাকে অসাধারণ পক্ষে অসম্ভব উচ্চাভিলাষী করবে। অপরের উপর প্রভুত্ব করে নয়, নিজের কাজে প্রচণ্ড উদ্যম দেখা যাবে। ব্যক্তিগত লাভের তুলনায় কর্মের উৎকর্ষতার প্রতি আপনার ঝোঁক বেশী। যে কোনও চারু শিল্প, যথা—সঙ্গীত, অঙ্কন, কবিতা, নাট্যকলা, অপেরা, যাদুবিদ্যা এবং বিবিধ দার্শনিক বিষয় আপনার প্রিয়।

আপনার প্রকৃতি শান্ত, সম্ভ্রম উদ্রেককারী এবং হৃদয়াবেগে পরিপূর্ণ ও পারিপার্শ্বিক সবার প্রতি আপনি সহৃদয়। হৃদয় ঘটিত ব্যাপারে আপনি ব্যর্থ, ফলে আপনার অন্তর তিক্ত, কঠিন হবে। গ্রহ চক্রের এই সমন্বয় আপনাকে স্বাতন্ত্র্য এনে দেবে, ফলে অন্যান্য ব্যক্তিদের থেকে আপনার মতামত ও দৃষ্টিভঙ্গী পৃথক হবে।

অপর সকলের জন্য আপনার প্রবল আকর্ষণ ও বিতরাগ সমান ভাবে বিদ্যমান থাকবে, প্রেমের অসাধারণ ও রোমাঞ্চকর অভিজ্ঞতা লাভ হবে, বহু সমালোচনা ও বিড়ম্বনা ভোগ করতে হবে।

সম্পূর্ণ নিজস্ব চিন্তার উপর নির্ভর করে আপন স্বাধীন চিন্তাধারা অনুসারে ব্যবসা করলে সফল হওয়া আপনার পক্ষে সম্ভব।

প্রবল ভ্রমণ ইচ্ছায় আপনি ক্রমাগত স্থান পরিবর্তন করতে চাইবেন, কিন্তু এই অশান্ত মনোভাব আপনাকে সংযত করতে হবে।

পরিবেশ ও পাশের মানুষগুলি সম্বন্ধে আপনি অতি সচেতন। ভগবানদত্ত ঐশিক্ষমতা জ্ঞান ও প্রেরণা আপনার মধ্যে বিদ্যমান। যে কোনও আধিভৌতিক বা যাদুবিদ্যা সম্বন্ধে লেখা, অপ্রচলিত, অস্পষ্ট ও রহস্যঘন রেখায় ছবি আঁকা অথবা স্বকীয় স্বতন্ত্র দৃষ্টিভঙ্গীতে সাহিত্য সৃষ্টির কাজে আপনার সাফল্য লাভ হবে।

## অর্থভাগ্য

এ বিষয়ে নিজের সঙ্গে বোঝাপড়া করতে আপনার কষ্ট হবে। কোনও রকম ধরা বাঁধা চাকুরিতে অর্থ উপার্জন করা আপনি অপছন্দ করেন, কিন্তু পরার্থে অতি অপছন্দ মতো চাকুরি করতেও আপনার আপত্তি হবে না। এতে আপনার অর্থ উপার্জ্জনের অক্ষমতা প্রকাশ করে না তবে ইচ্ছামত কাজ নাও পেতে পারেন—এমন ইঙ্গিত আছে। ব্যক্তিগত প্রচেষ্টা ছাড়াও রোজগারের

অন্যপথ খোলা যদি থাকে, সঞ্চিত অর্থ কোন ব্যবসা বা অপরের কথানুযায়ী অন্য কাজে লাগাতে যাবেন না।

## স্বাস্থ্য

স্বাস্থ্য সম্পূর্ণ আপনার মনের উপর নির্ভর করবে। এ শুধু বস্তুর উপর আত্মার আধিপত্যের সংগ্রাম। বাইরে থেকে আপনাকে তেমন শক্ত সমর্থ মনে হয় না, কিন্তু তেমন অনেকের তুলনায় আপনার সহ্য শক্তি বেশী। আহার সম্বন্ধে আপনি বিশেষ খুঁৎখুঁতে, এবিষয়ে নিজের মনোমত আহার্য খেলে আপনার ভাল হবে।

যে তারিখগুলির সংযোগে '৭' সংখ্যাটি আসে তার যে কোন একটিতে জন্মালে আপনি '৭' এর ঘরের লোক। নিজেই দেখবেন '৭' সংখ্যাটি ঘুরে ফিরে আপনার জীবনের শ্রেষ্ঠ কাজের মধ্যে জড়িয়ে যাবে। এর প্রতি-সংখ্যা '২' হওয়ার ফলে ২ এবং তৎসংলগ্ন যে কোনও সংখ্যা '৭' এর মতই কার্যকরী হবে।

২১শে জুন থেকে ৩০শে অগাস্ট এবং ২৫শে ডিসেম্বর থেকে মার্চের শেষ অবধি সব তারিখগুলি আপনার কাছে তাৎপর্যপূর্ণ। কোনও বিশেষ কাজে হাত দেবার সময় এই তারিখগুলি মনে রাখবেন। বাড়ি ভাড়া নেবার সময়ে এই দুটি সংখ্যার মধ্যে হয়, এমন নম্বরের বাড়ি নেবেন।

সবুজ, কপোত ধূসর, কমলা, হলুদ বা সবস্তরের সোনালী রং আপনার পক্ষে শুভ। নীলের ঘরের রংগুলি চলতে পারে। কিন্তু বিপদব্যঞ্জক কোনও রং বিশেষতঃ কালো কখনই ব্যবহার করবেন না।

মুনস্টোন, হীরা, মুক্তা, জেড্ ও এ্যাম্বার এবং বহু বিচিত্র পাথর আপনি ধারণ করতে পারেন।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—২, ১১, ২০, ২৯, ৩৮, ৪৭, ৫৬, ৬৫ ও ৭৪ এবং ৭, ১৬, ২৫, ৩৪, ৪৩, ৫২, ৬১ ও ৭০।

বছরের যে কোনও সময়ে ২ ও ৭ ঘর, যথা—২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখের প্রতি জাতকের আপনি আকৃষ্ট হবেন খুব বেশী।

# ৭৯ পরিচ্ছেদ

## ৮, ১৭ ও ২৬শে আগস্টের জাতকগণ

### এ মাসের ৮ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা শনি, ইউরেনাস, সিংহের কক্ষে রবি, ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

৮, ১৭ ও ২৬—৮ এর ঘরের সংখ্যা এবং যেহেতু ৮ সংখ্যার উপর ইউরেনাসের প্রভাব থাকে, সেইহেতু ৮ ও ৪ এর সংশ্লিষ্ট সব সংখ্যা আপনার উপর কার্যকারী হবে।

অগাস্ট মাসের জাতকদের চারিত্রিক ও মানসিক গঠনের বিষয়ে পূর্বে বর্ণনা করা হয়েছে।

জন্মচক্রের যে অংশে অগাস্ট মাস পড়েছে, সেখানে কুম্ভ চিহ্নে শনির অস্তি ঘর অবস্থিত। সেইজন্য আপনার উপর এর প্রভাব বিশেষভাবে প্রতিফলিত হবে। এই গ্রহসমন্বয় আপনার চরিত্র সম্পূর্ণ ভিন্নমুখী দুটি ধারায় বইয়ে নিয়ে যাবে। ফলে লোকে আপনাকে ভুল বুঝলেও আপনি নিজেও এই পরিস্থিতির সুযোগ সুবিধা নিতে পারবেন না!

আপনার অন্তর মায়া মমতায় পরিপূর্ণ, কিন্তু এর যোগ্য প্রতিদান আপনি জীবনে কখনও পাবেন না।

আপনার ইচ্ছা শক্তি অতি প্রবল এবং কোন রকম বাধা বা প্রতিকূলতার সম্মুখীন হলে আপনার জেদ আরও বেড়ে যায়।

আপনার উচ্চকাংখা অতি প্রবল, কিন্তু আর পাঁচজনের সঙ্গে তার মিল নেই। এই জন্য কারুর সঙ্গে কাজ করা আপনার পোষাবে না এবং ফলে যদি ডাক শুনে কেউ না আসে; একলা চলতে আপনি ভয় পান না।

সম্পূর্ণ ভিন্ন দুই ধারায় চিন্তার মধ্য হ'তে আপনি একটি পথ বেছে নেবেন। হয় সম্পূর্ণ নাস্তিক হবেন, কিম্বা যে কোনও একটি ধর্মমতের জন্য জীবন অবধি বিসর্জন দিতে পারেন। যে পথই আপনি অবলম্বন করুন না কেন, এত অতিরিক্ত গোঁড়ামি আপনার সুখ শান্তি ব্যাহত করবে এবং জাগতিক উন্নতির পথে অন্তরায় হবে।

এছাড়াও আপনার জীবনে বৈষম্য আরও অন্য রূপ নেবে। প্রথম জীবনে যদি নাস্তিক হন, তবে শেষ জীবনে তার বিপরীত হবেন অথবা এরই হেরফের হবে।

আপনার অনেক গুপ্ত শত্রু আছে এবং কখনও কখনও আপনাকে কলঙ্কের ভাগী হতে হবে। জীবনে যত উচ্চ পদে আপনি উঠুন না কেন, নীচ ব্যক্তিরা আপনার সঙ্গে শত্রুতা করতে পারে। এইজন্য আপনাকে আকস্মিক ক্ষতি, দুর্ঘটনা থেকে আত্মরক্ষার জন্য জীবনবীমা এবং অন্যান্য প্রয়োজনীয় বীমা করে রাখা উচিত।

আপনি পারিবারিক ও বিবাহিত জীবনে অসুখী। আপন আত্মীয়-স্বজন অথবা স্ত্রীর জ্ঞাতিরা দুঃখের কারণ হতে পারে।

আপনার বন্ধুরা সাধারণ জীবন থেকে বিচ্ছিন্ন ভিন্ন প্রকৃতির ব্যক্তি এবং বিচিত্র [illegible] নিযুক্ত থাকবেন। লোকে আপনাকে ভুল বুঝবে ভেবে দুঃখ করবেন না। নিজ মত নিজ আদর্শ বজায় রাখতে একলা চলা অভ্যাস করুন। এই কথাটা মনে রাখবেন জীবনে যা পেলেন না অন্তরের মাঝে তা হয়তো ফিরে পাবেন।

## অর্থভাগ্য

যাবতীয় আর্থিক আদান প্রদানের ব্যাপারে আপনার খুব সতর্ক হওয়া উচিৎ। ভৃত্য, আপনার অধঃস্তন কর্মচারী আপনার সর্বস্ব অপহরণ করতে পারে। নিজের ব্যবসা আপনার নিজে চালানোই ভাল। প্রাচীন, নামী বাণিজ্য প্রতিষ্ঠানে অর্থ নিয়োগ করলে লাভ হতে পারে। জমি, বাড়ি, খনি বা ধাতবদ্রব্যে আপনার অর্থ আছে।

## স্বাস্থ্য

এবিষয়ে আপনার জীবনে বৈষম্য দেখা যাবে। স্বাস্থ্য খুব ভাল বা খারাপ, দু'রকমই হ'তে পারে। সুস্থ ব্যক্তি হ'লে আপনার প্রাণ প্রাচুর্যের অভাব ঘটবে না। যে গ্রহসমন্বয়ে আপনার জন্ম সেখানে ৪, ১৭ ও ২৬ শে অগাস্টের জাতকের উপর দৈব প্রভাব বহুল পরিমাণে দেখা যাবে।

এই তারিখগুলিতে জন্ম হলে শুধু মাত্র শত্রুর সম্বন্ধে চিন্তা করলে আপনার শরীর খারাপ বোধ করতে পারেন।

চিকিৎসকের দুর্বোধ্য কোন ব্যাধিতে ভুগবেন, অনেক চেষ্টা করেও চিকিৎসক আপনাকে ঠিক ওষুধ দিতে পারবেন না। দেহের ভিতরে এমন কোন যন্ত্রণা হবে, যা চিকিৎসক ধরতে পারবেন না, এবং ভুল ওষুধ দেবেন। অতি অল্প ওষুধে বিষক্রিয়া হবে, স্বতঃস্ফূর্ত মাদকতা আসতে পারে বা অস্ত্রের ক্রিয়া বিঘ্নিত হবে। আবার তেমনি আশ্চর্য কোন উপায়ে রোগমুক্ত হয়ে দীর্ঘজীবন লাভ করতে পারেন।

আপনি '৮' ঘরের মানুষ, সেইজন্য যাবতীয় ৪ ও ৮ ঘটিত সংখ্যা, যথা—৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ আপনার জীবনে তাৎপর্য পূর্ণ। সবগুলির অন্তিম সংখ্যাটি ও আপনার পক্ষে প্রয়োজনীয়। এর সবই যে শুভ, তা নয়, তবে আগে থেকে জানতে পারলে প্রস্তুত থাকা যায়।

সব গাঢ় রং যথা বেগুনী, কালো ও সবরকম গাঢ় নীল রং আপনার পক্ষে শুভ। কালো হীরা, গাঢ় নীল বা কালো মুক্তা ও সব গাঢ় রঙের পাথর আপনার পক্ষে মঙ্গলজনক।

জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি হচ্ছে যথাক্রমে ১, ৪, ২২, ৩১, ৪০, ৪৯, ৫৮, ৬৭ ও ৭৬ এবং ৮, ১৭, ২৬, ৩৫, ৪৪, ৫৩, ৬২, ৭১, ও ৮০।

বছরের যে কোনও সময়ের ৪ ও ৮ ঘরের জাতক অর্থাৎ ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ তারিখের ব্যক্তিগণ আপনার দৃষ্টি গভীর ভাবে আকর্ষণ করবে।

## ৮০ পরিচ্ছেদ

### ৯, ১৮ ও ২৭ অগাস্টের জাতকগণ

### এ মাসের ৯ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্ব অনুসারে মঙ্গল, রবি, সিংহের ঘরে ইউরেনাস, ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

অগাস্টের জাতকদের চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বে বর্ণিত হয়েছে। সিংহের কক্ষে মঙ্গল ও রবি কক্ষ আপনাকে প্রভূত প্রাণ শক্তির যোগান দেবে, কিন্তু সব কাজে আপনার খামখেয়ালিপনার পরিচয় থাকবে।

চট্‌পট্‌ খোলাখুলি কথা বলে ফেলা আপনার অভ্যাস, রাগও হয়ে যায় দপ্‌ করে, এবং নিজের খ্যাপামির জন্য অনেক শত্রু সৃষ্ট হয়।

স্বভাবতঃ আপনি স্বাধীনচেতা, যে কোনরকম বাধ্য বাধকতা এবং নিয়ন্ত্রণ আপনাকে উত্তেজিত করে। বিচার বুদ্ধি, আইন ও শৃঙ্খলা সম্বন্ধে আপনি অত্যন্ত সচেতন, কলহ দ্বন্দ্ব নিষ্পত্তির দায় বহন করতে এগিয়ে যান আপনা থেকেই।

বিবেকসম্পন্ন ব্যক্তি আপনি, অপরের সঙ্গে সরল ব্যবহারই আপনার পছন্দ। উদ্যোগী পুরুষ, বহু দায় দায়িত্ব আপন স্কন্ধে তুলে নেন, সেই কারণে নিজের উপর রাশ না টানতে পারলে অচিরে জীবনশক্তি ক্ষয় হবে ও সাধারণ আয়ু-সীমা পৌঁছতে পারবেন না।

ব্যবসা, মিউনিসিপ্যালসিটি, জনসাধারণের সেবা, রাজনীতি, সরকারী বা সেনাবিভাগীয় চাকুরিতে আপনার যোগ্যতা প্রমাণ হবে।

জীবনে সব কাজে প্রচুর ওঠাপড়ার সম্মুখীন হতে হবে। কখনও হয়তো বহু উচ্চপদে আরোহন করবেন, কখনও বা একেবারে কর্মহীন জীবন যাপন করতে হবে। এর কারণ কোনও বিশেষ কর্মক্ষেত্রের ঘটনা প্রবাহে আপনি গা ঢেলে দিতে অক্ষম।

জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আপনার সব কাজে প্রচুর মতানৈক্য ও বিরোধিতা দেখা যাবে। সে সব স্থানে আপনার চির শত্রু সৃষ্টি হতে পারে।

আপনার অন্তর যথেষ্ট উদার ও করুণাপ্রবণ, কিন্তু বহু বিবাদে তার প্রকাশ হয়না।

শত্রু যখন সম্পূর্ণ পরাজিত তখন হয়তো আবার হাত বাড়িয়ে তাকে সাহায্য করতে যাবেন। আপনাকে হয়তো অস্বাভাবিক পরিস্থিতিতে পড়তে হবে। শোচনীয় ভাবে আপনার মৃত্যু হতে পারে, অগ্নি, বিস্ফোরণ বা আগ্নেয়াস্ত্র থেকে আপনার বিপদ আসতে পারে। মাথায় বা নিম্নাঙ্গে আঘাত পেতে পারেন, কিন্তু অত্যধিক পরিশ্রম থেকেই হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হবার সম্ভবনা সবচেয়ে বেশী।

বিবিধ প্রেমের ব্যাপার, গুপ্ত প্রণয়, রোমাঞ্চকর পরিস্থিতি আপনার জীবনে সংঘটিত হবে।

যথেষ্ট বিপদজনক খেলা ও দুঃসাহসিক কাজে আপনার আনন্দ। যন্ত্রপাতি ব্যবহার করতে ভালবাসেন, সেদিকে কিছু আবিষ্কার করাও বিচিত্র নয়।

উচ্চতর পদস্থ ব্যক্তিদের সাহচর্য আপনার পক্ষে মঙ্গলজনক কারণ অধঃস্তনরাই ক্ষতি করতে পারে।

## অর্থভাগ্য

অল্পবয়সে আর্থিক অনটন থাকলেও ৩৬ বছরের পর বাণিজ্যের কোন প্রতিষ্ঠানে আর্থনৈতিক সাফল্য আসবে। লাভ হবে। শেয়ার বাজারে বা ঐ জাতীয় কোথাও অর্থনাশ করা থেকে সাবধান থাকবেন।

## স্বাস্থ্য

আপনার দেহ শক্তিমান, কিন্তু হঠাৎ জ্বর হতে পারে, পিঠে কোন আঘাত পাওয়া সম্ভব, আকস্মিক দুর্ঘটনা, পায়ে বা অঙ্গপ্রত্যঙ্গে চোট পেতে পারেন।

মঙ্গলের সংখ্যা ৯ এবং ১ রবির সংখ্যা, যথা ১, ১০, ১৯, ২৮, ও ৯, ১৮ ও ২৭ আপনার পক্ষে শুভ।

আপনার শুভ বর্ণগুলি গোলাপী থেকে সবস্তরের লাল, গাঢ় লাল সোনালী, হলুদ, কমলা সোনালী রং প্রভৃতি।

মুক্তা, গোমেদ, রক্তমুখী পাথর, হীরা ও পোখরাজ আপনার পক্ষে শুভরত্ন।

আপনার শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে ৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩ ও ৭২। ৯, ১৮, ২৭ বা ১ ঘরের তারিখ যথা ১, ১০, ১৯ বা ২৮ তারিখের জাতক আপনাকে বিশেষভাবে আকর্ষণ করবে।

# ৮১ পরিচ্ছেদ

## সেপ্টেম্বর

**বৎসরের** এই সময়ের জাতকের চরিত্র, মনোভাব, অর্থ ও স্বাস্থ্যের উপর সেপ্টেম্বর মাসের রবির প্রভাব।

২১শে অগাস্ট কন্যা চিহ্ন সুরু হয়। কিন্তু সাতদিন অবধি পূর্ববর্তী রাশি দ্বারা আচ্ছাদিত থাকার ফলে ২৮শে অগাস্টের আগে ওর প্রভাব কার্যকরী হয় না। এই তারিখ থেকে সেপ্টেম্বর মাসের ২০ তারিখ অবধি পূর্ণ শক্তিতে বিরাজিত থেকে পরবর্তী ৭ দিন ক্রমে ক্ষীয়মান হয়ে আগন্তুক তুলাচিহ্ন দ্বারা আচ্ছাদিত হয়।

বছরের এই সময়ে অর্থাৎ ২১শে অগাস্ট থেকে ২০শে সেপ্টেম্বর এবং ২৮শে সেপ্টেম্বর অবধি যাঁদের জন্ম, তাঁরা সাধারণতঃ জীবনে সফল। এঁরা মেধাবী এবং এঁদের স্মৃতিশক্তি আশ্চর্য রকম ভাল। সঙ্গী সাথীদের সম্বন্ধে এঁদের চোখ কান খোলা থাকে, সেইজন্য সহজে প্রতারিত হন না। এঁরা সূক্ষ্ম বিচার করেন, উত্তম সমালোচক এবং অতিরিক্ত খুঁৎখুঁতে। অসাধারণ বস্তু সহজে এঁরা লক্ষ্য করেন এবং নিজেদের সুন্দর বাসগৃহ সুরুচিপূর্ণভাবে সাজানো।

সাধারণতঃ এঁরা নতুন কিছু আবিষ্কার করেন না, কিন্তু যদি পছন্দ হয়, তবে অপরের অর্দ্ধসমাপ্ত কাজ অতি সুন্দরভাবে শেষ করেন। যা তাঁদের মনোযোগ আকর্ষণ করে, সেদিকে পূর্ণ মনোনিবেশ প্রয়োগ করে সম্পন্ন না হওয়া অবধি ক্ষান্ত হন না।

এঁদের মর্যাদাজ্ঞান প্রখর, আইন ও শৃঙ্খলা বিশেষ পছন্দ করেন। চমৎকার আইনজ্ঞ ও তা।ৎক হিসাবে মেধাবী এঁরা, তবে নতুনের তুলনায় পুরাতন আইনের পরিপন্থী।

সর্বকর্মে নিষ্ঠা, একাগ্র সাধনা, ইচ্ছাশক্তি ও স্থির প্রতিজ্ঞার সাহায্যে এঁরা উৎকৃষ্ট বৈজ্ঞানিক গবেষক হিসাবে অথবা ব্যবসায়ী হিসাবে সফল হন।

এঁরা নিজেদের চিন্তাধারায় মগ্ন থাকেন এবং আপন উদ্দেশ্য সাধনে এত বেশী আত্মকেন্দ্রিক হয়ে পড়েন যে এঁদের স্বার্থপর মনে হতে পারে। এঁরা প্রত্যুৎপন্নমতিসম্পন্ন, এঁরা সচরাচর আত্মকেন্দ্রিক ও আত্মনির্ভরশীল হন। ভাল মন্দ দুই বিষয়েই এঁরা আর সবার থেকে বেশী উগ্রপন্থী। অর্থপ্রিয় ব্যক্তি হলে অর্থার্জনের কোনও উপায় অকাম্য রাখবেন না। জীবনে যে কোনও কাজে এঁরা নিজেদের মানিয়ে নিতে পারবেন।

প্রেমের ব্যাপারে এঁদের বোঝা ভার। এই সময় অতি ভালো ও অতি মন্দ উভয় শ্রেণীর প্রেমিকের দেখা মেলে।

কন্যাচিহ্নের জাতক মাত্রেই অল্প বয়সে অত্যন্ত ধর্মপ্রবণ এবং পবিত্রমনা কারণ এঁরা কৌমার্য্য বা কুমারীর প্রতীক। নিজেদের ওপর সংযম না থাকলে মাদক দ্রব্যের প্রতি এঁরা আসক্ত হন। কারণ ওদের যদি কোন পরিবর্তন হয় তবে ভীষণভাবে পরিবর্তন হয়। তবে এঁদের সহজাত তীক্ষ্ণ বুদ্ধি এবং আইনের প্রতি আনুগত্যের জন্য এঁরা তা ঢেকেঢুকে রাখতে পারেন।

বছরের অন্যান্য মাসের জাতকদের তুলনায় এঁদের অসুখবিসুখ কম হয়,

কিন্তু মজার ব্যাপার এই যে, নতুন কোনো ব্যাধির বিষয় জানতে পারলেই নিজেদের সেই রোগাক্রান্ত বলে মনে করেন।

আহার্য বিষয়ে এঁদের রুচি সূক্ষ্ম এবং সুচারু ভাবে পরিবেশিত না হলে এঁদের খাবার ইচ্ছা চলে যায়।

এঁদের কাছে পরিবেশের প্রভাব অত্যন্ত বেশী, সামান্যতম বিশৃঙ্খলা বা বিরক্তি এঁদের স্নায়ুর উপর চাপ দেয় এবং পরিপাকের ব্যাঘাত করে।

সহসা আন্ত্রিক গোলোযোগ, কোষ্ঠকাঠিন্য, আমাশয়ের আক্রমণ এঁদের হতে পারে। ফুসফুসের রোগ এবং কাঁধে ও হাতে স্নায়বিক বেদনা হতে পারে।

সৌরমণ্ডলের সঙ্গে রাশিচক্রের এই চিহ্নটি নিবিড়ভাবে মেরুদণ্ডের সঙ্গে যুক্ত থাকার ফলে বছরের এই সময়ের জাতকগণ সূর্যরশ্মি ও মুক্তবায়ু সেবন করে বিশেষ উপকার পাবেন। এই সময়ে কন্যাচিহ্ন ভেদ করে সূর্যরশ্মি চলে যাচ্ছে, সেইজন্য জীবের অস্তিযুক্ত প্রভাব জাতকের চরিত্রের উপর পড়ে। ফলে ব্যক্তির উপর বস্তুর প্রভাব বেশী। জাতকের দৃষ্টিভঙ্গী বাস্তবমুখী, বিচারপ্রবণ, সন্দিহান, বিচক্ষণ ও পর্যবেক্ষণ সম্পন্ন। সহজে এঁদের প্রতারণা করা যায় না বা প্রভাবিত করা যায় না। সাধারণতঃ এঁদের বিচার নির্ভুল ও দৃষ্টিভঙ্গী আশ্চর্যরকম সূক্ষ্ম হয়। আইনশৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা এঁরা পছন্দ করেন।

## ৮২ পরিচ্ছেদ

### ১, ১০, ১৯ ও ২৮শে সেপ্টেম্বরের জাতক

### ( ১ নম্বরের ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে রবি, ইউরেনাস, বুধ ( নেতি ), ত্রিগুণাত্মক ক্ষিতির কন্যার দ্বিতীয় ঘরের সব রকম প্রভাব দ্বারা চালিত হন।

সেপ্টেম্বরের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা আগে করা হয়েছে। আপনার উপর গ্রহ ও সংখ্যাগুলির প্রভাব সৌভাগ্যের ইঙ্গিত করে।

কন্যাচিহ্নের সঙ্গে যুক্ত হয়ে ইউরেনাস ও রবি আপনার মনকে অধিক সক্রিয় করবে এবং সহজগ্রাহ্য বুদ্ধি দেবে। আপনি ভাবপ্রবণ, প্রকৃতিরসিক এবং কর্মে উদ্যোগী পুরুষ।

ভাষায় আপনার দখল আছে, নানা ভাব ও রূপের ভিতর আপনি সৌন্দর্যের প্রকাশ দেখাতে চান, কিন্তু প্রকৃত জীবিকার পন্থা খুঁজে পাওয়া আপনার পক্ষে কঠিন হবে। অনেক কিছু অনুসন্ধানে আপনার অর্দ্ধেক জীবন কেটে যাবে। শেষ অবধি পায়ের নীচে শক্ত মাটি পেতে হয়তো আপনার আরও কিছু দেরী হয়ে যাবে।

ঐশ্বর্য আহরণের তীব্র বাসনা আপনার থাকতে পারে, কিন্তু যথেষ্ট মেধাবী হয়েও প্রথম জীবনে অর্থ সঞ্চয় করা আপনার পক্ষে কঠিন হবে।

অল্পে অস্থির, অতৃপ্ত ও অসন্তুষ্ট হয়ে দুশ্চিন্তা করা আপনার প্রধান দোষ। মনকে সংযত করতে চেষ্টা করুন, আত্মবিশ্বাস গড়ে তুলুন, জীবনের উদ্দেশ্য খুঁজে নিন এবং স্বীয় কর্মসূচী অনুধাবন করতে পিছপাও হবেন না। রাশিচক্র নির্দেশিত অতিরিক্ত মেধার সাহায্যে আপনি সহজেই আপন পথে চলতে পারবেন এবং বহু ব্যক্তির তুলনায় আপনি অনেক বেশী সফল হবেন।

## অর্থভাগ্য

অর্থকরী বহু সুযোগ সুবিধা আপনার পাওয়া উচিত। আপনি বিশ্বাস-যোগ্য বলে জনসাধারণ আপনাকে কোনও বিশ্বস্ত ও দায়িত্বপূর্ণ পদে তুলে দেবে।

## স্বাস্থ্য

১, ১০, ১৯ বা ২৮শে সেপ্টেম্বর জন্মগ্রহণ করলে উত্তম স্বাস্থ্য ও প্রাণশক্তির অধিকারী হওয়া যায়। কিন্তু সেজন্য আপনাকে যথাসাধ্য মুক্ত বায়ু সেবন ও ব্যায়াম করতে হবে। বদ্ধ অবস্থায় বা গৃহের ভিতরে আপনার থাকা চলবে না, প্রকৃতিদেবী আপনাকে সেইভাবে তৈরী করেন নি।

আপনি ১ সংখ্যার মানুষ, সুতরাং ১, ১০, ১৯ ও ২৮ এবং '৫' ও সেই ঘরের সংখ্যা আপনার পক্ষে মঙ্গলকর।

যাবতীয় হাল্‌কা রং, বিশেষতঃ ফিকে হলুদ, সোনালী, কমলা ও ফিকে নীল রং আপনার পক্ষে শুভ।

হীরা, পোখরাজ ও নীলকান্ত মনি আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে ১, ১০, ১৯, ২৮, ৩৭, ৪৬, ৫৫, ৬৪ ও ৭৩।

১, ২, ৪ ও ৭ ঘরের সংখ্যার লোকেদের প্রতি যেমন, ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯ ও ৩১ তারিখের জাতকদের প্রতি সন্তুষ্ট হবেন অত্যন্ত বেশী রকম।

## ৩ পরিচ্ছেদ

### ২, ১১, ২০ ও ২৯শে সেপ্টেম্বরে জাতকগণ

### ৩০ মাসের ২ সংখ্যার লোকেরা

জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করলে চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি চন্দ্র, নেপচুন, কন্যাচিহ্নে বুধ, ত্রিগুণাত্মক ক্ষিতির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাবদ্বারা চালিত হবেন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা সেপ্টেম্বর মাসের জাতকদের সঙ্গে পূর্বেই আলোচনা করা হয়েছে।

আপনার উপর গ্রহের প্রভাব নিম্নলিখিত ভাবে পড়ে :—

আপনার কল্পনাশক্তি প্রখর এবং মানসিক উৎকর্ষতাও যথেষ্ট বেশী, কিন্তু আপনার স্বভাব এত পরিবর্তনশীল যে স্বীয় ক্ষমতার ঠিক ব্যবহার করতে সব সময় পারবেন না।

মননশীল অধ্যয়নে আপনার অধিক আগ্রহ এবং কোনও ব্যবসাদারী বা পেশাদারী কাজের পরিবর্তে ঐ ধরনের জীবিকাপথ আপনি হয়তো বেছে নেবেন। বাহ্যিক আড়ম্বর বা লোক দেখানো বিলাসিতা আপনার অপছন্দ। শান্তি পরিবেশে নিশ্চিন্ত জীবন আপনি বেশী পছন্দ করেন। বিশ্বাসভাজন বিবেকসমপন্ন ব্যক্তি আপনি। কিন্তু আপন ক্ষমতার উপর যথেষ্ট ভরসা না থাকায় জীবনে বেশী অগ্রসর হতে পারেন না। এই বাধা আপনি অতি অনায়াসেই লজ্ঘন করতে পারেন।

গবেষণার ছাত্র হিসাবে আপনি যথেষ্ট ভাল কাজ করতে পারেন ; সাহিত্য শিল্প এবং রসায়ণ বা যে কোনও বিজ্ঞানে আপনি সফল হতে পারেন।

আপনি ফুল ভালবাসেন। বাগান করা এবং প্রকৃতি সংক্রান্ত কোনও জিনিস, মাটির ফসল আপনার প্রিয়, কিন্তু তা থেকে কিছু উপার্জন করা আপনার পক্ষে সম্ভব নয়, এবং সেরকম কোন ইচ্ছাও আপনার নেই।

আপনি শান্ত চাপা স্বভাবের মানুষ, কিন্তু স্থায়ী বন্ধুত্ব আপনার পক্ষে খুবই সম্ভব। বিশেষতঃ আপনার বিপরীত লিঙ্গের সঙ্গে।

স্থান পরিবর্তন, ভ্রমণ ও অনেক দেশ দেখা হবে আপনার। বিবাহিত জীবনের সঙ্গী হিসাবে হঠাৎ কাউকে পছন্দ করে বসবেন না। খুব সাবধান না হলে, বিচারের ভুলে বিবাহ সুখের নাও হতে পারে। আপনার বেশী বয়সে বিয়ে করা উচিত, কারণ মধ্য বয়সের পর আপনার ধারণা ও চরিত্রের আমূল পরিবর্তন হতে পারে।

মাঝে মাঝে বিপদ আপনাকে ঘিরে ফেলতে পারে। অনুসন্ধান করলে বুঝতে পারবেন আপনার উপর চন্দ্রের প্রভাব কতখানি। চন্দ্রকলা থেকে পূর্ণচন্দ্র অবধি আপনার সুসময়। এই সময়ে আপনার সকল প্রচেষ্টা কার্যে পরিণত করবেন, এবং কৃষ্ণপক্ষে বিশ্রাম নেবেন। কোনও কাজে বিশেষ হাত দেবেন না।

বিষাদ বর্জন করতে চেষ্টা করবেন, কারণ, পরিপাক যন্ত্র ও স্বাস্থ্যের উপর এর প্রতিক্রিয়া হয়।

আপনার মস্তিষ্ক অতি পরিষ্কার, সহজে পাঠ্য বিষয় অনুধাবন করা ও স্মরণ রাখা সম্ভব হয়। হয় তো আপনার মধ্যে আধিভৌতিক কোনও ক্ষমতা থাকতে পারে, কিন্তু এসব কথা বাইরে না বলাই ভাল।

আপনার স্বভাব চাপা ও উচ্ছ্বাসহীন, কিন্তু যাঁদের ভালবাসেন তাঁদের প্রতি আপনি একান্ত অনুরক্ত।

## অর্থভাগ্য

বড় ব্যবসায়ে না গিয়ে মস্তিষ্ক চালনা দ্বারা অর্থোপার্জন করা আপনার মনের বাসনা, কিন্তু যদি ধনলাভের একান্ত ইচ্ছা হয়, তবে বড় কোন প্রতিষ্ঠানের শীর্ষে স্থান করে নিতে পাবেন। সাহিত্যে আপনার নাম হবে,

বিশেষতঃ পুস্তক সমালোচক, প্রুফ রিডার, শিক্ষক, সেক্রেটারী, পরিব্রাজক, ঔপন্যাসিক হিসাবে আপনার উন্নতির যোগ আছে।

মিতব্যায়ীতা আপনার স্বভাব, ভবিষ্যৎ সম্বন্ধে দুর্ভাবনা করলেও সচ্ছন্দ ভাবেই আপনি জীবনটা কাটিয়ে দিতে পারবেন।

### স্বাস্থ্য

পরিপাকযন্ত্র, পেট ও অন্ত্রের সঙ্গে জড়িত নানান ব্যাধি আপনাকে উত্যক্ত করতে পারে। অভিজ্ঞতার সাহায্যে নিজের উপযোগী আহার্য বুঝে নিয়ে সেইমত খাওয়া দাওয়া করলে ব্যাধির হাত থেকে রেহাই পেতে পারেন। ঠিকমত রান্না না হ'লে পচনজনিত বিষক্রিয়া হ'তে পারে, সুতরাং আহারের বিষয়ে সতর্ক হওয়া আপনার পক্ষে ভাল।

২ ও ৭ পর্যায়ের সংখ্যা ও তারিখ যথা ২, ১১, ২০ ২৯ এবং তারপরেই ৭, ১৬ ও ২৫ এইগুলি আপনার পক্ষে শুভ।

হালকা সবুজ, ধূসর ও নীল রংগুলি আপনার পক্ষে ভাল; ঘোর বর্ণ বিশেষতঃ কালো সব সময় পরিত্যাগ করতে চেষ্টা করবেন।

সব জাতের জেড্, মুনস্টোন ও মুক্তা আপনার পক্ষে মঙ্গলকারক রত্ন; সবুজ জেড্ সর্বোৎকৃষ্ট।

২, ১১, ২০, ২৯, ৩৮, ৪৭, ৫৬, ৬৫ ও ৭৪ এই বয়সগুলি আপনার জীবনে উল্লেখযোগ্য।

বছরের যে কোনও মাসে ২, ৭ পর্যায়ের তারিখগুলি, যথা—২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯শের জাতক আপনাকে আকৃষ্ট করবে।

## ৮৪ পরিচ্ছেদ

### ৩, ১২, ২১ ও ৩০শে সেপ্টেম্বরের জাতক

### এই মাসের সংখ্যার লোকেরা

উপরোক্ত যে কোনও তারিখের স্বাভাবিক যোগফল ৩, সেইজন্য ঐ সকল তারিখের জাতক ৩ সংখ্যার ব্যক্তির পর্যায়ে পড়েন।

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের

নিয়মানুসারে তাঁরা বৃহস্পতি, কন্যার ঘরে বুধ, ত্রিগুণাত্মক ক্ষিতির বুধের দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হন। শেষোক্ত গ্রহচক্রের অধিপতি বুধ ( নিষ্ক্রিয় )।

গ্রহ ও সংখ্যার প্রভাব আপনার বিশেষ ক্ষেত্রে এইভাবে প্রতিফলিত হবে :—অন্তরে আপনি অত্যন্ত উচ্চাভিলাষী এবং স্বীয় অবস্থা ও পরিবেশের উন্নতি সাধনে সদাই উদ্যোগী।

যত উচ্চ পদেই আপনি উঠুন না কেন, সহজে আপনি সন্তুষ্ট হন না। নিজেকে শক্ত হাতে চালাবেন এবং যদি সাফল্যের অতৃপ্ত বাসনা ও দুরন্ত কর্মপ্রেরণা সংযত না করেন, তবে মাঝে মাঝে স্নায়ুমণ্ডলী হঠাৎ সাংঘাতিক রকম ভাবে ভেঙ্গে পড়তে পারে।

সহজাতভাবে আপনার চরিত্র প্রভুত্বব্যাঞ্জক। আপনার ইচ্ছাশক্তি প্রবল, ও স্বীয় কর্মসূচী পালনে আপনি দৃঢ়প্রতিজ্ঞ। তথাপি অপরের ইচ্ছার বিশেষ বিরোধিতা করেন না, এবিষয়ে আপনার আত্মসংযম প্রশংসনীয়।

অর্থ সঞ্চয়ের বাসনায় আপনি বাস্তবমুখী, কিন্তু আপনি উদার ও করুণা প্রবণ ব্যক্তি, তবে স্বেচ্ছানুযায়ী করুণা প্রদর্শনের স্বাধীনতা আপনার চাইই।

আপনি সর্ববিষয়ে বিচক্ষণ ও বিজ্ঞ এবং মানুষের সম্বন্ধে অভিজ্ঞতা থাকার ফলে, কোনও কিছু বিশ্লেষণ করে নিতে আপনার অসুবিধা হয় না।

বৈজ্ঞানিক তথ্য সন্ধান ও গবেষণা আপনাকে আকৃষ্ট করে, এবং সেই জ্ঞান আপনি স্বীয় উদ্দেশ্য সাধনে কাজে লাগাবেন।

সম্ভব হলে বিশ্ববিদ্যালয়ে দান করবেন, অথবা ছাত্রদের গবেষণার কাজে সাহায্য করবেন। দায়িত্ব, কর্তৃত্ব ও বিশ্বাসমূলক কাজে আপনার সবচেয়ে সুবিধা হয়। কোনও প্রতিষ্ঠান সৃষ্টি করে সেখানের কর্মসূচী বেঁধে দিতে পারেন, কিন্তু ব্যক্তিগত জীবনে আপনি "নিজেই নিজের আইন"। কারণ আপন সিদ্ধান্ত কর্মে পরিণত করার সময়ে কোনও ত্রুটি বা বৈষম্য আপনার চোখে পড়ে না।

আপনি দারুণ মেধাবী ব্যক্তি, জীবনে নানা সময়ে নানা সমস্যা দেখা দিতে পারে, কিন্তু আপনি অনায়াসে সেগুলি অতিক্রম করবেন।

বন্ধু নির্বাচনে আপনি যথেষ্ট বিচক্ষণ ও সতর্ক, যে কোনও সময়ে মাত্র দু'একজন ব্যক্তি আপনার সঙ্গে অন্তরঙ্গতা করার সুযোগ পায়।

বিবাহ আপনার পক্ষে এক বিচিত্র অভিজ্ঞতা; হয়তো অধঃস্তন কাউকে

পছন্দ হবে, কিম্বা এমন কেউ—যার উপর আপনি মানসিক ভাবে আধিপত্য চালাতে পারেন।

জমি ও বাড়ি আপনার সম্পদ; কোনও দেশের উন্নতি সাধন আপনার ইচ্ছাধীন এবং জন্মস্থান হতে বহুদূরে ব্যবসা-বাণিজ্য চালাতে পারেন। সময় সময় জনতার সামনে এসে দাঁড়াবার প্রয়োজন হতে পারে।

জীবন সফল হবার কথা, কিন্তু "স্বীয় ক্ষমতার বাইরে" চলে যাবার একটা আশঙ্কা আছে। কোন একটি বৃহৎ ব্যাপারে যথাসর্বস্ব জড়িয়ে ফেলতে পারেন। নিজের উপর যথেষ্ট রাশ টেনে রাখতে পারলে, সমসাময়িক অনেকের উপরে উঠতে পারেন।

## অর্থভাগ্য

এদিকে আশঙ্কার কোনও কারণ নেই—যদিও এবিষয়ে আপনি একটু বেশী চিন্তা করেন। একটি বিশেষ কোনও কাজে আপনি আবদ্ধ থাকবেন না, বহুমুখী প্রসার হবে আপনার। দূরদৃষ্টি ও বিচারশক্তির ফলে প্রতিদ্বন্দ্বীর চেয়ে আপনি সর্বদা এগিয়ে থাকবেন।

## স্বাস্থ্য

পেটের নানান্ গণ্ডগোল, যথা—যকৃৎ, প্লীহা, পরিপাক যন্ত্রের ব্যাধি ও ডায়বিটিস হতে পারে। জীবনে সার্থক হবার প্রচেষ্টায় নিজের স্বাস্থ্যকে অবহেলা করবেন। শরীরটাকে আপনি যন্ত্রের মত ব্যবহার করবেন এবং যন্ত্র যেমন মাঝে মাঝে সারাতে হয়, তেমনই অনিবার্য প্রয়োজনে চিকিৎসকের সাহায্য তখনই নেবেন। ৩, ৫, ৬ পর্যায়ের সংখ্যা ও তারিখ আপনার জীবনে প্রধান। বিশেষ কাজগুলি ৩, ৫, ৬, ১২, ১৪, ১৫, ২১, ২৩, ২৪ ও ৩০শে তারিখে ফেলতে চেষ্টা করবেন।

সব হাল্কা রং, যথা—বেগুনি, ভায়লেট, পাতাবাহারের বেগুনি বা গাঢ় বেগুনি আপনার শুভবর্ণ।

হীরা, সব উজ্জ্বল পাথর ও এমেথিষ্ট আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের শ্রেষ্ঠ বছরগুলি—৩, ১২, ২১, ৩০, ৪৮, ৫৭, ৬৬ ও ৭৫।

৩০শে সেপ্টেম্বর জন্ম হ'লে আগত তুলাচিহ্নের কিছু প্রভাব পড়বে। সেপ্টেম্বরের যাবতীয় গুণাবলির সঙ্গে উন্নততর সৌভাগ্য লাভ হবে।

বছরের যে কোনও মাসের ৩, ৫ ও ৬ পর্যায়ের তারিখে যাঁদের জন্ম, তাদের সঙ্গে আপনার মিল বেশী।

## ৮৫ পরিচ্ছেদ

### ৪, ১৩, ২২ ও ৩১ শে সেপ্টেম্বরের জাতকগণ

### এ মাসের ৪ সংখ্যার লোকেরা

উপরোক্ত সংখ্যাগুলির যোগফল ৪। সেইজন্য এর যে কোনও একটি তারিখে জন্ম হ'লে আপনাকে '৪' সংখ্যার ব্যক্তি বলা যায়।

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা ইউরেনাস, রবি ও কন্যাচিহ্নের বুধ, ত্রিগুণাত্মক ক্ষিতির দ্বিতীয় ঘরের কন্যার সবরকম প্রভাব পাবেন।

সেপ্টেম্বর মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে।

আপনার জীবনে এই গ্রহসমন্বয় ও সংখ্যার প্রভাব নিম্নলিখিতভাবে দেখা যাবে বিশেষতঃ ইউরেনাসের উপস্থিতি এক বিশেষ বৈচিত্র দেবে।

আপনার চিন্তাধারা এমন বিচিত্র ও অভিনব যে, লোকে আপনাকে অদ্ভুত ছিটগ্রস্ত মনে করতে পারে। অন্যদের সঙ্গে মানিয়ে চলা আপনার পক্ষে যথেষ্ট অসুবিধাজনক ও বিড়ম্বনাময়।

আপনার সঙ্গে কারুর বন্ধুত্ব সহজে হয় না। যদি সখ্যতা হয় কখনো, তবে তাদ্বারা আপনার কোন লাভ নেই। সাধারণ লোকের সঙ্গে আপনার দৃষ্টিভঙ্গী মিলবে না, বিশেষতঃ আপন আত্মীয়-স্বজনের সঙ্গে।

আপনার ইচ্ছাশক্তি ও দৃঢ়চিত্ততা অতিমাত্রায় প্রখর, আপনি অসম্ভব একরোখা, কখনো যদি অপরের আবেদন যুক্তিযুক্ত মনে হয়, সে ভিন্ন কথা।

জাগতিক দৃষ্টিভঙ্গীতে বিচার করলে, আপনি যথেষ্ট ধনবান ন'ন, কারণ বাস্তব কোন লাভক্ষতি আপনার মনে সাড়া জাগায় না, এবং নিজের ক্ষতি নিজেই করেন।

আপনার মনের কথা বোঝা যায় না বলে বহু শত্রুর সৃষ্টি হয়। আপনার অধঃপতন কামনায় লোকে নানান্ ষড়যন্ত্র করে আপনাকে বিপদে ফেলতে পারে।

আপনার নামে লোকে মিথ্যে অপপ্রচার করবে, বেনামী চিঠি লিখবে এবং পিছন থেকে বার বার কলঙ্ক রটনা করতে পারে।

আইনের ফাঁদে পড়বেন না, কারণ আপনার সপক্ষে সুবিচার পাবেন না।

দৈবযোগে একটার পর একটা গণ্ডগোল আপনার বাধাব। আর তার জট ছাড়াতে আপনি প্রাণান্ত হবেন। এজন্য নিজের চেষ্টায় নিজের বিচার বুদ্ধির উপর আস্থা রেখে এগিয়ে যাওয়াই ভাল।

আলোচনার সময়ে হঠাৎ কোন প্রশ্নের মীমাংসা করতে চেষ্টা করবেন না। কারণ তর্কের বিষয়ের বিপরীত দিকটাও আপনার আগে থেকে চোখে পড়ে আলোচনা জটিল হয়ে ওঠে এবং লোকে আপনার উপর ক্ষেপে যায়।

যদি অন্য কারো কথা চিন্তা না করে স্বীয় স্বাধীন অবস্থা বজায় রাখতে পারেন, তবে নিজের অপ্রচলিত ধারণা কার্যকরী ভাবে সাফল্য আনতে পারে।

লোকে আপনার নিন্দে করবেই এবং তা অগ্রাহ্য করতে না পারলে আপনি দুঃখ পাবেন।

আপনার জীবনে সবদাই অভাবনীয় ঘটনার আবির্ভাব হবে। এই গ্রহসমন্বয়ে বিবাহ সুখের হবে কিনা বলা যায় না। যদি কেউ আপনার চিন্তাধারার অংশ গ্রহণ করতে পারেন তবে আপনার সে সৌভাগ্য হবে।

আর সবের তুলনায় বুদ্ধিগ্রাহ্য জিনিসের প্রতি আপনার আকর্ষণ বেশী। যদি দর্শন, বিজ্ঞান, রসায়ণ বিদ্যুৎ, টেলিভিশন রেডিও বা অপ্রচলিত তথ্য চিন্তা মনের মধ্যে থাকে, তবেই নতুন ধারণা আপনার পক্ষে ফলপ্রদ হবে।

## অর্থভাগ্য

ত্রুটিপূর্ণ উইল বা আইনের ফাঁদে আপনার অর্থনাশ হবে। চিরচরিত পথের বাইরে স্বীয় প্রচেষ্টায় একার পরিশ্রমে কিছু গড়তে পারলে আপনার অর্থ-সঙ্গতি হবে। অধঃস্তন কর্মচারী ভৃত্য বা নিম্নস্তরের ব্যক্তির দ্বারা বিশ্বাস ভঙ্গের আশঙ্কা আপনার সবদাই বিদ্যমান।

## স্বাস্থ্য

এ বিষয়ে চিকিৎসকের কাছে আপনি এক ধাঁধা বিশেষ। হঠাৎ কোনও অস্বাভাবিক রোগ হয়ে আবার হঠাৎই সেরে যেতে পারে। অন্য ব্যক্তিদের তুলনায় মানসিক শক্তি আপনার রোগমুক্তির অধিকতর সহায় হবে। ৪ ও ১৩ই সেপ্টেম্বরের জাতকদের সম্বন্ধেও এই কথাই প্রযোজ্য। ২২ তারিখে

একটু কম। ৩১শের জাতক কন্যা চিহ্নের শেষ মহলায় তুলা (ভার সাম্য) রাশির অন্তর্গত হওয়ার ফলে সবার সাথে মেলামেশা একটু সহজ হবে এবং প্রচেষ্টা সহজে সফল হবে।

৪, ১৩, ২২ ও ৩১ শে সেপ্টেম্বরের জাতক লক্ষ্যকরে দেখতে পারেন ৪ ও ৮ সংখ্যা দু'টি তাঁদের জীবনে কতবার দেখা দেয়! বছরের প্রতিমাসে ৪, ১৩, ২২, ৩১ ও ৮, ১৭, ২৬ এই তারিখগুলি কার্যকরী। এগুলি "শুভ সংখ্যা" নয়, তবে এমনসব গুরুত্বপূর্ণ ঘটনার সঙ্গে জড়িত থাকে যা ভাগ্যের সঙ্গে অনিবার্য ভাবে জড়িত। ৪, ১৩, ২২ ও ৩১ শে তারিখের জাতকরা সব স্তরের নীল, সোনালী, হলুদ, ব্রোঞ্জ, সোনালী, খয়েরি রং পরতে পারেন।

নীলা, হীরা, পোখরাজ ও উজ্জ্বল পাথর, রত্ন হিসাবে আপনার পক্ষে শুভ। জীবনের প্রধান বছরগুলি যথাক্রমে—৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭ ও ৭১।

বছরের যে কোন মাসের ৪ ও ৮ এর সঙ্গে যুক্ত তারিখের জাতকের প্রতি আপনার স্বাভাবিক আকর্ষন থাকবে অসীম।

## ৮৬ পরিচ্ছেদ

### ৫, ১৪ ও ২৩শে সেপ্টেম্বরের জাতকগণ

### এ মাসের ৫ সংখ্যার লোকেরা

উপরোক্ত সংখ্যাগুলির যে কোনও একটিতে জন্মগ্রহণ করলে আপনি "৫" সংখ্যার ব্যক্তি বলে পরিগণিত হবেন, কারণ ঐ সংখ্যাগুলির যোগফল "৫"। এর প্রাধান্য অনেক বেশী কারণ, ২১শে অগাস্ট থেকে '২০—২৭' সেপ্টেম্বর অবধি কন্যারাশিকে বুধের কক্ষ বলা হয় এবং ৫ পর্যায়ের যাবতীয় সংখ্যা বুধের অন্তর্গত। দ্বিগুণ বুধের প্রভাব এতে পাবেন। সুতরাং জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে যাঁরা জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা বুধের ঘরে বুধের স্পন্দনে জন্মেছেন এবং '৫' ঘরের সব সংখ্যা দ্বারা প্রভাবিত হবেন।

যেহেতু এই সংখ্যাটি অন্য সব সংখ্যার সঙ্গে মিশে যেতে পারে, সেইজন্য এই সময়ের জাতক বিভিন্ন চরিত্রের মানুষের সঙ্গে সহজে মিশে যেতে পারেন।

২১শে অগাস্ট থেকে ২০শে সেপ্টেম্বর অবধি যাঁরা জন্মগ্রহণ করেছেন অর্থাৎ এই '৫' সংখ্যার ব্যক্তিগণ অন্যান্য শ্রেণীর জাতকগণের তুলনায় অনেক কম দৈবপ্রভাবিত। এঁরা স্বাধীন, সেইজন্য জগতের বিভিন্ন ক্ষেত্রে এঁদের সাক্ষাৎ মেলে। যদি আপনি ৫ সংখ্যার ব্যক্তি হন, বিশেষতঃ এই কন্যাচিহ্নের মধ্যে জন্মগ্রহণ করেন, তবে যে কোন মস্তিষ্ক বা মানসিক শক্তি চালিত কর্মে সফল হবার সম্ভাবনা আপনার সমধিক।

আপনার সবচেয়ে অসুবিধা হল এই যে, সর্ববিষয়ে দক্ষতা থাকার ফলে, জীবনে অনেকবার বৃত্তি পরিবর্তন করেন। গতানুগতিক কাজে আপনার অরুচি; সেইকারণে একঘেঁয়ে কাজ বাদে, যে কাজে সহজে অর্থাগম হয়, তা আপনার সুবিধাজনক মনে হয়।

এইজন্য '৫' ঘরের ব্যক্তিগণ অপরের দ্বারা প্রভাবিত না হয়ে, নিজেদের ইচ্ছানুযায়ী কাজ করলে সফল হন বেশী।

কিন্তু সেপ্টেম্বরের জাতক বলেই অপরের দ্বারা প্রভাবিত হন এরা বেশী। এবিষয়ে স্থির জানবেন। বুধের নিষ্ক্রিয় ঘরে জন্মগ্রহণ করলে '৫' সংখ্যার ব্যক্তিগণ ২১শে মে থেকে '২০—২৭'-এ জুনের মধ্যে মিথুন চিহ্ন বুধের শক্তির কক্ষে জাত ব্যক্তিগণের তুলনায় অপেক্ষাকৃত কম স্বাধীন মতাবলম্বী।

বাস্তবিক পক্ষে বুধের নিষ্ক্রিয় কক্ষে জাত ব্যক্তিগণ আদপেই স্থিরপ্রতিজ্ঞ নন। পরের মতামত ও পরামর্শ অনুযায়ী চলতে গিয়ে জীবনের শ্রেষ্ঠ সুযোগ এঁরা হারিয়ে থাকেন বা ক্ষণিক অলস খেয়ালের বশবর্তী হয়ে এক কাজ থেকে অন্য কাজে ঝাঁপিয়ে পড়েন।

সুতরাং এই সময়ে জন্ম হলে নিজের উপর আস্থা রেখে চলবেন, এবং যা ধরবেন সেটা আঁকড়ে থাকতে চেষ্টা করবেন।

নমনীয় স্বভাবের জন্য যেখানে যাবেন সেখানেই বন্ধুবান্ধব জুটে যাবে। বিদেশেও আপনি সহজে মানিয়ে নেবেন। ভাষা শেখার জন্য পরিশ্রম না করে মুখে মুখে তুলে নিতে আপনার সুবিধা হয়। মুহূর্তের খেয়ালে আপনি চলতে শুরু করেন, আপনার অনেক বাড়ি, কিন্তু নিজে সচরাচর সেখানে বাস করেন না। অপরের জন্য বাড়ি তৈরী করার শখ আপনার বেশী। আপনি বেশীদিন একজায়গায় থাকতে পারেন না।

আপনি মানুষকে সহজে বশ করতে পারেন, আনন্দ দিতে পারেন, আপনি অতিথিবৎসল গৃহকর্তা এবং যেখানে যান সবাই আপনাকে ভালবাসে।

এর আরেক দিক আছে, অসতর্ক হলে যথেষ্ট বিপদে পড়তে পারেন। আপনার আন্তরিকতার উপর মানুষ জুলুম করতে পারে।

আপনার বহুমুখী প্রতিভার সাহায্যে সহজে অর্থোপায়ের স্বপ্ন দেখেন, সেইজন্য অর্থপিশাচের দল মিথ্যা "স্বর্ণখনি" ও এলডোরাডোর কাল্পনিক চিত্রে প্রলোভন দেখিয়ে আপনাকে বিপাকে ফেলতে পারেন।

নিত্যনূতন উত্তেজনার আকাঙ্ক্ষায় যে বান্ধব সাহচর্য আপনার এত প্রিয়, সেই সব গুণই আপনাকে সবরকম বিপদে ফেলতে পারে।

আত্মসংযম ও কর্তব্যনিষ্ঠা অনুশীলন করলেই আপনি সবরকম বিপদ থেকে উদ্ধার পেতে পারেন।

আবিষ্কারকের মানসিকতা ও ব্যক্তিত্ব থাকার ফলে আপনি সাহিত্যিক ও সাংবাদিক হিসাবে নাম করবেন। গতানুগতিকতা ও বাধ্যবাধকতার প্রতি বীতরাগ আপনার সাফল্যের পথে বাধা হয়ে দেখা দেবে। বিবাহে আপনার সুখের আশা কম।

## অর্থভাগ্য

৫, ১৪ বা ২৩শে সেপ্টেম্বরের জাতক এমন বহুমুখী ক্ষমতার অধিকারী যে, কোন্ পথে অর্থ উপার্জন করবেন সে কথা বলা শক্ত। যে কোনও পথে তাঁরা মানিয়ে নিতে ও অর্থোপায় করতে পারেন। মাঝে মাঝে "ভাগ্য প্রসন্ন হতে পারেন, কিন্তু সাধারণতঃ বৃদ্ধ বয়সের সঞ্চয় থাকে না এঁদের। ভবিষ্যতের সঞ্চয় হিসাবে বীমাতে অর্থবিনিয়োগ করে রাখুন, যাতে প্রয়োজন হলে দুঃখের দিনে তার ওপর নির্ভর করতে পারেন।

## স্বাস্থ্য

৫, ১৪, ২৩ শে সেপ্টেম্বরের জাতক সাধারণতঃ রোগা ছিপ্‌ছিপে চেহারার হন, কিন্তু এঁরা বড় বেশী স্নায়ুর উপর চাপ রেখে চলেন। সর্বদা উঁচু সুরে বাঁধা থাকেন বলে মাঝে মাঝে স্নায়বিক দুর্বলতায় ভোগেন। প্রায়ই এঁদের মুখের কোনও অংশ কুঁচকে যাওয়ার মুদ্রাদোষ থাকে, ঈষৎ তোৎলামি, ও

জিভের জড়তা থাকে। বৃদ্ধ বয়সে পক্ষাঘাত হ'তে পারে। নিদ্রাল্পতা বা অনিদ্রা রোগের ফলে যথেষ্ট বিশ্রাম বা ঘুম হয় না।

উপরোক্ত যে কোনও তারিখে জন্ম হ'লে '৫' এর পর্যায় যথা ৫, ১৪ বা ২৩শে তারিখে বিশেষ প্রয়োজনীয় কাজ বা সাক্ষাৎকার সারবেন। কিন্তু অন্যদের মতো আপনার জীবনে সংখ্যার তেমন প্রাধান্য নেই।

বিশেষ কোন রংএর বাধা নেই আপনার, কিন্তু সব হালকা রংই ব্যবহার করতে পারেন।

হীরক বা যে কোনও উজ্জ্বল পাথর আপনার পক্ষে শুভ। ৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৬৮ ও ৭৭ আপনার জীবনের উল্লেখযোগ্য বয়স। যে কোও মাসের ৫ সংখ্যার বিশেষতঃ সেপ্টেম্বরের ৫ সংখ্যার জাতক জুন ও ফেব্রুয়ারির জাতক মাত্রের প্রতি আকৃষ্ট হ'তে পারেন। বিশেষ করে, সেপ্টেম্বরে জন্মালে তো কথাই নেই।

## ৮৭ পরিচ্ছেদ

### ৬, ১৫, ২৪ শে সেপ্টেম্বরের জাতকগণ

### এ মাসের "৬" সংখ্যার লোকেরা

উপরোক্ত সংখ্যাগুলির স্বাভাবিক যোগফল '৬'। সেইজন্য ঐ তারিখগুলির জাতককে ৬ ঘরের ব্যক্তি বলে ধরে নিতে হবে।

যিনি জ্যোতিষ্কমণ্ডলীর ঐ সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে কন্যা চিহ্নে শুক্রের স্পন্দনে ত্রিগুণাত্মক ক্ষিতির দ্বিতীয় ঘর, বুধ নেতি গ্রহের সবরকম প্রভাব দ্বারা তিনি চালিত হবেন।

সেপ্টেম্বর মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে। আপনার জীবনে গ্রহসমন্বয়ের ফল নিয়ে দেওয়া হল। শুক্রের গুণাবলি আপনার মধ্যে বিশেষভাবে প্রতিফলিত হবে।

আপনি অতি সহৃদয় ব্যক্তি, প্রেম প্রণয়ের প্রবল ধারা আপনার মধ্যে বর্তমান। প্রেমে আপনার অসুবিধা এই যে, প্রায় সর্বদাই একসঙ্গে দু'টি

ঘটনা চলতে পারে। অল্পবয়সে আপনি "ভুল ব্যক্তি"র পাল্লায় পড়বেন কোনও বিবাহিত ব্যক্তি অথবা নিম্নমানের কোন ব্যক্তি আপনাকে আকর্ষণ করবে।

জীবনের শেষ ভাগে ধারা পাল্টে যাবে, বিবাহিত জীবন সুখের হবে। বয়সের তুলনায় আপনার বুদ্ধি সব সময়েই বেশী হবে।

বহির্জীবন আপনার প্রিয়। সবরকম খেলাধুলায় আপনি পারদর্শী। কৃষিকার্য, ভূমি উন্নয়ন অথবা নূতন দেশ গড়ে তোলার কাজে আপনার দক্ষতার পরিচয় পাওয়া যায়।

আপনার চরিত্রের আরও একটি দিক সমানভাবে বিকশিত হ'তে পারে। শুক্র ও বুধের সমন্বয়ে জন্মগ্রহণ করে সঙ্গীত, অঙ্কন বা অভিনয়ে আপনার নৈপুণ্যের পরিচয় থাকবে। জীবনের যে ধারাই আপনি বেছে নিন্ না কেন, আপনার উন্নতি অনিবার্য।

## অর্থভাগ্য

এ বিষয়ে আপনার ভাগ্য ভাল। বিপদে আত্মীয় বন্ধু সর্বদা এগিয়ে আসবেন। উত্তরাধিকার সূত্রে বা উপহার হিসাবে আত্মীয় স্বজনের কাছে থেকে প্রাপ্তিযোগ আছে। আপনি নিজেও জমি, বাড়ি জাতীয় সম্পত্তিতে অর্থ নিয়োগ করে লাভবান হবেন।

## স্বাস্থ্য

স্বাস্থ্য নিয়ে কোনদিনই মাথা ঘামাতে হবে না। কিন্তু ভালভাবে বাঁচবার চেষ্টায় আপনি শরীরকে তুচ্ছ করবেন। অসুখ বল্‌তে গলা, ফুস্ফুস্ ও শ্বাসনালী সংক্রান্ত দুর্বলতা থাকতে পারে ; বুক, কাঁধ, হাত বা পায়ে চোট পেতে পারেন।

৫ ও ৬ ঘরের সংখ্যা যথা—৫, ৬, ১৪, ১৫, ২৩ ও ২৪ আপনার পক্ষে শুভ। এই শুভ তারিখগুলি কাজে বা দেখা সাক্ষাতের সময় ব্যবহার করবেন।

সব স্তরের নীল, সাদা, ঘি রং আপনার পক্ষে মঙ্গলজনক।

সাদা মুক্তা ও সব উজ্জ্বল হাল্‌কা রংএর পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের প্রধান বয়সগুলি যথাক্রমে—৫, ৬, ১৪, ১৫, ২৩, ২৪, ৩২, ৪১, ৪২, ৫০, ৫১, ও ৬০।

বছরের যে কোনও সময়ে ৫ ও ৬ ঘরের পর্যায়ের যেমন, ৫, ৬, ১৪, ১৫, ২৩ ও ২৪ তারিখের জাতক আপনাকে আকৃষ্ট করবে প্রবল ভাবে।

# ৮৮ পরিচ্ছেদ

## ৭, ১৬ ও ২৫শে সেপ্টেম্বরের জাতকগণ

### এ মাসের ৭ সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা নেপচুন, চন্দ্র, কন্যাচিহ্নে বুধ, ত্রিগুণাত্মক ক্ষিতির দ্বিতীয় ঘরের সব রকম প্রভাব দ্বারা চালিত হন।

সেপ্টেম্বর মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের কথা পূর্বে বর্ণনা করা হয়েছে।

এই সময়ে বুধ নিষ্ক্রিয় ঘরে অবস্থিত, সুতরাং এই গ্রহের 'সক্রিয়' ঘর—জুনের এই তারিখগুলির জাতকদের সঙ্গে স্বভাবের অনেকটা মিল থাকবে। কিন্তু জুনে যাঁরা জন্মেছেন তাঁদের মত আপনার দৃষ্টিভঙ্গী এত স্থিরনিশ্চিত হবে না। একই রকম আদর্শবাদ, চিন্তার সুরুচি ও কল্পনাশক্তি থাকতে পারে, কিন্তু অনেক বেশী বাস্তবমুখী।

আধিভৌতিক বিষয়ে পড়াশুনা করতে আপনার ভাল লাগে, কিন্তু সমালোচনা ও সন্দেহের ভাব বেশী।

সব ব্যাপার যুক্তি দিয়ে বুঝতে আপনার ভাল লাগে। নিজের কোনও মতামত আপনি অপরের উপর চাপাতে রাজি নন।

এইসব বিষয়গুলি অনুধাবন করতে গিয়ে অনেক বেশী সময় গবেষণামূলক কাজে ব্যয় করবেন এবং স্থির প্রত্যয়ে পৌঁছবার আগে অনেক নিয়মকানুন, অনেক গোঁড়ামি পরীক্ষা করে দেখবেন।

যে কোনরকম মনোবিজ্ঞানের সঙ্গে জড়িত থাকতে আপনি ভালবাসেন। এবং যা' আপনাকে লেখক, সঙ্গীতকার, রাসায়নিক বা শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে সাহায্য করে—সেই বিষয়গুলি সম্বন্ধে আপনার আগ্রহ আছে।

প্রথম দিকে, আপনার জীবন সহজ খাতে বইবে না, কিন্তু শেষে যা'কিছু করুন না কেন অর্থ ও সম্মান লাভ হবে।

খেয়ালী অসাধারণ ব্যক্তিস্বাতন্ত্র্যসম্পন্ন মানুষ—যাঁরা নিজ নিজ চিন্তাধারায় সম্পূর্ণ ভিন্ন—সেইসব বয়স্ক ব্যক্তিগণ আপনার প্রতি আকৃষ্ট হবেন।

### অর্থভাগ্য

এ বিষয়ে আপনার উদ্বেগ বেশী। পরের ব্যাপারে যথেষ্ট উৎসাহী কর্মী আপনি। প্রয়োজন হলে পরার্থে অর্থ উপার্জনও করতে পারেন, কিন্তু নিজের ব্যাপারে অতিরিক্ত সাবধান হতে গিয়ে সুযোগের সদ্ব্যবহার করতে পারেন না।

### স্বাস্থ্য

জুনের জাতকদের মতো আপনার স্বাস্থ্য মনের উপর নির্ভরশীল। দুশ্চিন্তা সহজে আপনাকে কাবু করে। স্নায়ু ও পরিপাকযন্ত্র মাঝে মাঝে আপনাকে বেশ কষ্ট দেবে।

আপনার প্রধান দিনগুলি '৭' ঘরে পড়বে, তার পরেই আসছে—'২', যথা—৭, ১৬, ২৫ এবং ২, ১১, ২০ ও ২৯ তারিখ। এই সব তারিখগুলি কর্মপ্রধান করে তুলুন।

গ্রহ আকর্ষণীয় স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত বর্ণের পোশাক পরবেন :—

নেপচুন—কপোত ধূসরের হাল্কা রংগুলি।

চন্দ্র—হাল্কা সবুজ, ঘি রং ও সাদা।

জেড, মুক্তা, মুনস্টোন ও উজ্জ্বল পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি, ২—৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৫২, ৬১, ৬৫ ও ৭০।

বছরের যে কোনও মাসের '২' ও '৭' তারিখের জাতক, বিশেষতঃ নিজের জন্মমাস, জুন ও ফেব্রুয়ারি মাসে যাঁরা জন্মেছেন, তাঁদের প্রতি আপনি আকৃষ্ট হবেন বিশেষ করে।

## ৮৯ পরিচ্ছেদ

### ৮, ১৭ ও ২৬শে সেপ্টেম্বরের জাতকগণ

### ( এ মাসের ৮ সংখ্যার ব্যক্তিগণ )

জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করলে চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে আপনি '৮' সংখ্যার ব্যক্তি। উপরোক্ত যে কোনও তারিখে

জন্ম হলে শনির সঙ্গে বুধ ( নিষ্ক্রিয় ), কন্যাচিহ্ন, ত্রিগুণাত্মক ক্ষিতির দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব আপনার উপর পড়বে।

সেপ্টেম্বর মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে।

বছরের এই সময়ে জন্মগ্রহণ করলে, অর্থাৎ নিষ্ক্রিয় বুধের ঘরের জাতক, জুন মাসের এই তারিখগুলির জাতকদের সঙ্গে অনেক মিল পাবেন। এঁদের সঙ্গে আপনার মনের মিল হবে, একটিমাত্র পার্থক্য হবে এই যে, নিজের মতামত নিয়ে আপনার তেমন গোঁড়ামি থাকবে না।

৩৫ বছর পর্যন্ত আপনার উপর অনেক চাপ থাকবে, কিন্তু তারপরে আপনি স্বাধীনভাবে প্রতিকূল পরিবেশ থেকে বেরিয়ে এসে নিজের উচ্চাভিলাষ চরিতার্থ করতে পারেন।

## অর্থভাগ্য

অত্যধিক সতর্কতায় আপনি অর্থোপার্জনের বহু সুযোগ হারিয়ে ফেলেন। মনের ইচ্ছা বাস্তবে পরিণত হবার সময় পার হয়ে যাবার অনেক পরে আপনি নিজেকে ধিক্কার দেবেন। এ সত্ত্বেও কয়লাখনি, বাড়ি বা ভূমিজ সম্পদে অর্থ নিয়োগ করে আপনি লাভবান হবেন।

## স্বাস্থ্য

আপনার শরীর খুব শক্ত নয়, তবু মানসিক কোন কাজে আপনার ধৈর্যের অভাব হয় না। অনেকক্ষণ বসে থাকার কাজ করে হয়তো আপনার ভিতরে ভিতরে বিষক্রিয়া শুরু হতে পারে, অন্ত্রের ক্রিয়া ব্যাহত হতে পারে; হার্ণিয়া হেমেরয়েড্ বা চর্মরোগ দেখা দিতে পারে। যথাসম্ভব মুক্ত বায়ু সেবনে শরীর সুস্থ রাখতে আপনার চেষ্টা করা উচিত।

৮, ১৭ ও ২৬শে সেপ্টেম্বরের জাতককে অনেক দুর্ঘটনার সম্মুখীন হতে পারে; এবার অপঘাত মৃত্যুর আশঙ্কাও আছে।

৪ ও ৮ পর্যায়ের তারিখগুলি, যথা—৪, ৮, ১৩, ২২, ২৬ ও ৩১ আপনার জীবনে ফলপ্রদ।

আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য সমস্ত গাঢ় রং বর্জন করে; যাবতীয় হাল্‌কা রং ব্যবহার করবেন।

কালো মুক্তা, কালো হীরা, গাঢ় নীলকান্তমনি ও সব গাঢ় রঙের পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের প্রধান বয়সগুলি যথাক্রমে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৪, ৪০, ৪৪, ৫৩, ৫৮ ও ৬২।

৪ ও ৮ ঘরের তারিখ, যথা—৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১শের জাতক আপনাকে আকর্ষণ করবে প্রবল ভাবে।

## ৯০ পরিচ্ছেদ

### ৯, ১৮ ও ২৭ শে সেপ্টেম্বরের জাতকগণ

### এ মাসের ৯ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁদের মধ্যে ৯ ও ১৮ তারিখের জাতকগণ মঙ্গল ও বুধের গ্রহ-স্পন্দনের অন্তর্বর্তী হন। (২৭ শে সেপ্টেম্বরের জাতকের বিষয়ে অন্যত্র আলোচিত হবে। ৯ বা ১৮ তারিখে জন্মগ্রহণ করলে কন্যা চিহ্নের প্রভাবে আসবেন এবং এই কন্যার উপর ত্রিগুণাত্মক ক্ষিতির দ্বিতীয় ঘরে অবস্থিত নিষ্ক্রিয় বুধ আধিপত্য করে।

৯ বা ১৮ তারিখের জাতকদের সঙ্গে জুন মাসে ঐ সময়ের জাতকগণের মিল আছে কারণ সেখানে বুধ সাক্রিয় অবস্থায় অধিষ্ঠিত। একমত্র প্রভেদ এই যে সেপ্টেম্বরের ঐ সময়ের জাতক স্বীয় কার্য সম্পাদনে অনেক বেশী কৌশলী হবেন।

মঙ্গল ও বুধের মধ্যে সখ্যতা মঙ্গল বুধকে নিজস্ব তেজ শক্তি ও চিত্তের দৃঢ়তা অর্পণ করে।

মনের দিক থেকে এই সমন্বয় আপনাকে অত্যন্ত পরিশ্রমী করে তুলবে। ফলে আপনি রোমাঞ্চকর দুঃসাহসিক পরিস্থিতির সম্মুখীন হতে ভয় পাবেন না।

৯ ও ১৮ই সেপ্টেম্বরের জাতক জুনের জাতকের মতই অপ্রিয় সত্য ভাষণ

ও সম্মুখ আঘাতে শত্রু সৃষ্টি করবেন। মাঝে মাঝে শ্লেষোক্তি করা আপনার স্বভাব, আপনার দৃষ্টি প্রখর ও আপনি সমালোচনা প্রিয়। ছোটখাট ব্যাপারে বিরক্ত হন আপনি। গঠনমূলক কাজ, ইঞ্জিনিয়ারিং, ফ্যাক্টরি নির্মানে আপনি দক্ষ। আবিষ্কার করা নয়, যন্ত্রপাতি ব্যবহারে আপনি পটু। কুশলী অস্ত্র চিকিৎসক, দন্ত চিকিৎসক হিসাবে এবং সূক্ষ্ম যন্ত্রাদি ব্যাপারে আপনার দক্ষতা প্রকাশ পাবে। প্রগতিশীল বৈজ্ঞানিক আবিষ্কারে আপনার প্রগাঢ় উৎসাহ। দার্শনিক ও চিন্তাশীল ব্যক্তি হিসাবে আপনি নিজেকে প্রকাশ করতে সক্ষম হবেন।

আরেকদিকে কৃষিকার্য, ভূমি উন্নয়নে প্রাচীন পন্থা বর্জন করে নূতন যন্ত্রপাতি ব্যবহারে আবিস্কারকের সম্মান পাবেন।

জুনের জাতকদের মতো আকস্মিক দুর্ঘটনা আপনার ভাগ্যের লিখন।

অগ্নি ও আগ্নেয়াস্ত্র আপনার বিপদ ঘটাতে পারে। ৯, ১৮, ও ২৭শে সেপ্টেম্বরের জাতকের সাধারণ ভাবে সব উদ্যোগে সাফল্য লাভের যোগ রয়েছে।

## অর্থভাগ্য

৯, ১৮ ও ২৭ শে সেপ্টেম্বরের জাতক স্বীয় অভিনব প্রচেষ্টায় ধন লাভ করবেন। এবং সময়ে সময়ে প্রভূত ধনশালী হবেন।

## স্বাস্থ্য

জুনের জাতকদের মতো ৯, ১৮ ও ২৭শে সেপ্টেম্বরের জাতক ব্যাধি অপেক্ষা আকস্মিক দুর্ঘটনায় বেশী কষ্ট পান। অস্ত্র চিকিৎসকের ছুরি অনেকবার এঁদের দেহ স্পর্শ করে।

৯ ও ৫ সংখ্যাপর্যায় যথা—৯, ১৮, ২৭ ও ৫, ১৪ ও ২৩ তারিখ আপনার জীবনে প্রধান। এই দিনগুলি আপনি বিশেষ কাজ ও সাক্ষাৎকারের জন্য বেছে নেবেন।

২৭ শে সেপ্টেম্বরের জাতকের পক্ষে ৬ ও ৯ পর্যায় তারিখগুলি যথা—৬, ১৫, ২৪, ৯, ১৮, ও ২৭ কার্যকরী।

গাঢ় লাল, গোলাপীর যাবতীয় ফিকে রং আপনার পক্ষে শুভ।

চুনী, গোমেদ, লাল রংএর পাথর, হীরা ও ব্ল্যাডষ্টোন আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ৭২ ও ৮১।

যে কোনও মাসের ৩, ৬ ও ৯ ঘরের তারিখ, যথা—৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭ ও ৩০শের জাতক আপনার মনোযোগ বিশেষভাবে আকর্ষন করতে পারে।

আপনি চিন্তাশীল, অপ্রচলিত বিষয় সম্বন্ধে জ্ঞানপিপাসু এবং "নিজের খোলের ভেতর গুটিয়ে থাকতে ভালবাসেন।" মানুষের প্রতি আপনার দৃষ্টি সমালোচনাপূর্ণ। এবং মন তাদের সম্বন্ধে সদাই সন্দিহান।

আপনি ধৈর্যশীল ও বিবেকসম্পন্ন ব্যক্তি, কিন্তু আপনার জ্ঞান তথা—কর্তব্যনিষ্ঠার যথেষ্ট স্বীকৃতি আপনি কখনই পান না।

পুরানো বই, লাইব্রেরি ও যাদুঘর আপনার প্রিয় এবং এইসব বিষয় নিয়ে লিখতে ভালবাসেন।

২৬শে সেপ্টেম্বরের জাতক উপরোক্ত গুণাবলীর অধিকারী হয়েও বাস্তবপন্থী হবেন এবং সেই গুণ কাজকর্মে বিশেষভাবে প্রতিফলিত হয় কারণ রবি তখন তুলা চিহ্নে চলে গেছে।

## ৯১ পরিচ্ছেদ

## অক্টোবর

**অক্টোবর** মাসের জাতকদের স্বভাব চরিত্র, অর্থ ও স্বাস্থ্যের উপর এ মাসের রবির প্রভাব।

তুলা চিহ্ন সেপ্টেম্বরের ২১ তারিখ থেকে শুরু হয় কিন্তু শেষ সাতটি দিন পূর্ববর্তী রাশিচক্রের দ্বারা এমনভাবে আচ্ছন্ন থাকে যে, সেপ্টেম্বরের ২৮ তারিখের আগে পূর্ণ তেজে প্রকাশ পায় না। এই সময়ের পর ২০শে অক্টোবর অবধি পূর্ণ শক্তিতে বিকশিত থেকে শেষের ৭ দিনে ক্রমে ক্রমে আগন্তুক বৃশ্চিক চিহ্নের মধ্যে বিলীন হয়ে যায়।

তুলা রাশির আরেকটি নাম "ভারসাম্য" ২১শে সেপ্টেম্বর থেকে ২০শে অক্টোবরের মধ্যে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁদের মধ্যে বিভিন্ন চরিত্র দেখা যায়। কিন্তু তাঁদের সব কাজের মধ্যে "মানসিকতার" প্রাধান্য প্রকাশ পায়।

তর্কে এঁরা অদ্বিতীয় এবং সিদ্ধান্তে অবিচলিত। যদি একবার কোন কাজ করব বলে স্থির করেন, তবে 'যেন তেন প্রকারেণ তা' পালন করেন।

যে প্রসঙ্গই উত্থাপন করা হোক্ না কেন, তাঁরা মনের মধ্যে ওজন করে দেখেন। ভাষার উপর জোরালো দখল থাকে, ছোট ছোট জোরদার বাক্যে নিজেদের মতামত প্রকাশ করেন। এঁদের কাছে ভাষার মূল্য বেশী।

তুলা চিহ্নের জাতকদের মধ্যে অনেকে আজীবন পড়াশোনা, গবেষণা নিয়ে থাকেন। উৎকৃষ্ট বৈজ্ঞানিক ও চিকিৎসক হ'তে পারেন—কিন্তু যাই করুন না কেন, তাঁরা নিখুঁৎভাবে করেন।

এঁদের উপর পরিবেশের প্রভাব অপরিসীম। বিশৃঙ্খলায় এরা বিরক্ত হ'ন, স্নায়ুর উপর প্রতিক্রিয়া হয় এবং সেক্ষেত্রে এঁরা নিজেদের মধ্যে গুটিয়ে যান।

এঁদের প্রকৃতি শান্ত, কলহ, বিবাদ ও কুৎসিৎ চিৎকারের দৃশ্য এঁদের পীড়া দেয়। পরিপাটি পরিচ্ছন্ন স্বভাব এঁদের, বিশৃঙ্খলা বিশেষ অপছন্দ করেন।

নিজেদের চেহারা ও পোশাক সম্বন্ধে এঁরা সচেতন, কিন্তু বাড়াবাড়ি পছন্দ নয়। এই সময়ের জাতকের জীবনে তুলা রাশিকে সৌরবৃত্তের ভিত্তিস্বরূপ পাওয়া যায়, শুক্র নেতিরূপে আধিপত্য করে, শনি তুঙ্গী ও রবি নিম্নগামী থাকে.

এই চিহ্নে সূর্যের এই বিশেষ পরিস্থিতি এঁদের বিচিত্র ও জটিল চরিত্রের জন্য দায়ী। এঁদের সমতা জ্ঞান প্রখর, এঁরা একাধারে আশাবাদী ও নৈরাশ্যবাদী। এঁদের প্রকৃতি বহুমুখী এবং বিচিত্র তার অভিব্যক্তি। উচ্চ আদর্শ ও নীতিবাদ এঁদের চরিত্রের ভিত্তিস্বরূপ। চিন্তা ও কর্মে স্থির সঙ্কল্প ব্যক্তি এঁরা, স্বাভাবিক দূরদৃষ্টি থাকা সত্ত্বেও, কোন ব্যাপার বিচার না করে', প্রমাণ না দেখে মেনে নেন্ না।

আইনের দিকে এদের প্রবল আকর্ষণ থাকে এবং এদিকে প্রায়ই যান। ওরা যুক্তি তর্কে বিশেষ পটু। আইন তৈরী করতে ভালবাসেন এবং সবসময়ই জনগণের মঙ্গলের জন্য কাজ করে যান।

জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ের জাতক স্নেহ প্রেম প্রকাশ করেন না; অতিরিক্ত খুঁৎখুতে স্বভাব হয় এঁদের, প্রত্যেক কাজের উদ্দেশ্য অনুসন্ধান করে দেখেন। এঁরা ভুলে যান প্রেমের ডালপালা অণুবীক্ষণ যন্ত্র দিয়ে দেখা যায় না। এইজন্য অনেক সময়ে এঁরা মোহভঙ্গের মনস্তাপ ও হতাশায় কষ্ট পান।

তুলা চিহ্নের জাতকের চারপাশে অনেক বন্ধুবান্ধব জড়ো হয়। কিন্তু তিনি নিজের মধ্যেই গুটিয়ে থাকেন।

অর্থের মূল্য এঁদের কাছে কম, না ভেবেচিন্তে, হঠাৎ উৎসাহের বশে নতুন কিছুতে এঁরা অর্থ ব্যয় করেন না।

ভাল উত্তম পরিবেশ এঁদের মনকে নাড়া দেয়, আশে পাশের ব্যক্তিগণ এঁদের মনের উপর প্রভাব বিস্তার করেন সহজে এবং এঁরা সকলের দৈহিক ও মানসিক প্রভাবে অবস্থা নিজেদের মধ্যে গ্রহণ করে নেন। এঁদের স্বভাবে শিল্পীভাব পরিস্ফুট, সঙ্গীত, চিত্রাঙ্কন অত্যন্ত প্রিয় এবং এসব বিষয়ে এঁদের প্রতিভা লক্ষ্যণীয়।

পরিশ্রমী, অনুসন্ধিৎসু ও গবেষণাপ্রিয়, বিদ্যাশিক্ষার জগতে এঁরা উচ্চ মর্যাদা পান। সাধারণতঃ এঁরা বর্তমান সময়কে মূল্য দেন, সেইজন্য নির্বাপিত অতীত ও অস্পষ্ট ভবিষ্যৎ এঁরা অগ্রাহ্য করেন।

জ্যোতির্বিজ্ঞানীর এই কালের জাতকগণ শুক্র ও শনির প্রভাবে স্নেহও কর্তব্যের পায়ে আত্মোৎসর্গ করেন। নিজেদের জীবনে হয়তো পিতামাতা ও আত্মীয়স্বজনের দায় থাকে। কিম্বা যদি অল্পবয়সে বিবাহ করেন, তবে পঙ্গু স্বামী বা সন্তানগণ স্বীয় জীবনের উদ্দেশ্য পালনে বাধা সৃষ্টি করে।

## অর্থভাগ্য

যদিও এ সময়ে বহু স্বনামধন্য ব্যক্তি জন্মগ্রহণ করেছেন, তবু অর্থোপার্জনের পরে শেষ জীবনের সঞ্চয় কিছু থাকবে না। উদাহরণ স্বরূপ সারা বার্নহার্ডের নাম করা যায়। ইনি অভিনেত্রী হিসাবে স্বীয় প্রতিভা বলে প্রভূত অর্থোপার্জন করেন, কিন্তু মৃত্যুকালে অত্যন্ত দারিদ্র্যের মধ্যে জীবন দীপ নির্বাপিত হয়। ১৬ই অক্টোবরের জাতক অস্কার ওয়াইল্ড এককালে শ্রেষ্ঠ নাট্যরচয়িতা হিসাবে সর্বাধিক আয় করেন, কিন্তু শেষ জীবনে বিশেষ অর্থকষ্ট পান এবং মৃত্যুর পর বন্ধুবর্গ অর্থব্যয় করে তাঁকে কবরস্থ করেন। ডক্টর এ্যানিবেসান্ট ১লা অক্টোবর জন্মগ্রহণ করেন। তুলা চিহ্ন তাঁকে ধর্ম সমিতির শীর্ষে তুলে দেয়, কিন্তু তাঁর অর্থ ছিল না। তুলা চিহ্নের জাতক উপার্জন করতে পারেন না, এ কথা ঠিক নয়, তবে ভবিষ্যতের সঞ্চয় করতে পারেন না।

## স্বাস্থ্য

স্বাস্থ্য ও মানসিক অবস্থা সম্বন্ধে তুলা চিহ্নের জাতকগণের একটি স্বাভাবিক চৈতন্য আছে, যার ফলে কোন শক্ত ব্যাধি এঁদের কাবু করতে পারে না।

কিন্তু বিশেষজ্ঞ হবার অতিরিক্ত প্রয়াস ও অত্যধিক হৃদয়াবেগ অচিরেই এদের স্বাস্থ্য হানি করে।

অধিক পরিশ্রমের ফল সচরাচর কিড্‌নীর উপরেই ধরা পড়ে কারণ শরীরের ঐ যন্ত্রটি আশ্চর্য রকম অনুভূতি প্রবণ। দৈহিক শক্তি কম হ'লেও আরোগ্য লাভের দ্রুত ক্ষমতা এদের থাকে।

মুক্ত বায়ুতে সহজ জীবনযাত্রা ও সহজ পাচ্য আহার এঁদের পক্ষে খুবই মঙ্গলজনক।

## বিবাহ, বন্ধুবান্ধব ও ব্যবসায়ের অংশীদার

নিজেদের জন্ম চক্রে যাদের জন্ম তাঁদের সঙ্গে এঁদের মিলবে ভাল, যথা—

২১শে সেপ্টেম্বর থেকে ২০শে অক্টোবর ( ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘর )

২১শে মে থেকে ২০শে জুন ( „ „ প্রথম ঘর )

২১শে জানুয়ারি থেকে ২০শে ফেব্রুয়ারি ( „ „ তৃতীয় ঘর )

এবং প্রতি রাশিচক্রের শেষ ৭ দিন।

অনেক সময়ে এঁরা নিজেদের সম্পূর্ণ বিপরীত সময়—২১শে মার্চ থেকে এপ্রিল মাসের শেষ অবধি যাঁদের জন্ম চিহ্ন, তাঁদের প্রতি আকৃষ্ট হ'ন।

## ৯২ পরিচ্ছেদ

### ১, ১০, ১৯ ও ২৮ এ অক্টোবরের জাতকগণ

### এ মাসের ১ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা রবি, ইউরেনাস, শুক্র ও শনি, ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘরের তুলা চিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন। কিন্তু ২৮শে অক্টোবরের জাতক বৃশ্চিক চিহ্ন, ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘরের প্রভাব পেয়ে থাকেন। এ বিষয়ে পরে ব্যাখ্যা করা হবে।

অক্টোবরের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে।

১, ১০, ১৯ বা ২৮ অক্টোবরের জাতকের জীবনে এই বিবিধ গুণাবলী বিশেষভাবে পরিস্ফুট হবে। এই সময়ে শুক্র নিষ্ক্রিয়ভাবে বিরাজিত, শনি তুঙ্গী, মঙ্গল নীচস্থ, সূর্য অস্তগামী। এই অদ্ভুত গ্রহ সমন্বয় আপনাকে চরিত্রে ও মনের বিস্তারিত ক্ষেত্র দেবে। জগতে মাথা উঁচু করে দাঁড়াবার সুযোগ দেবে এবং প্রতিভা বিকাশের সহায়ক হবে।

জ্যোতিষ্কমণ্ডলীর এই অবস্থায় রবি আপনাকে ন্যায় বিচারের প্রতি আগ্রহ, ভারসাম্য বজায় রাখার আন্তরিক ইচ্ছা ও নিজের চারপাশে শান্তি ও শৃঙ্খলার পরিবেশ রচনা করার বাসনা দেবে। আপনি সহজাতভাবে "শান্তিকামী"। যুদ্ধ ও রক্তপাত আপনি ঘৃণা করেন একান্তভাবে, যদি বিচার বুদ্ধির সমর্থন পান, তবেই আপনি সেটা মেনে নিতে পারেন তখন।

নিষ্ক্রিয় শুক্র আপনাকে স্নেহ প্রেমের কাঙ্গাল করবে, এইজন্য আপনি বহু ত্যাগ স্বীকার করতে রাজি আছেন। কিন্তু এদিক দিয়ে কোনরকম তৃপ্তি লাভ হবে না। আপনার আদর্শ উচ্চ, কিন্তু আপন ইচ্ছানুযায়ী কাজ কর্মে বাধা পাবেন প্রচুর। সুবিচারের প্রতি আপনার আগ্রহ এতবেশী যে, আইন পাঠে বিশেষ সুফল হবে। বিবেক সম্পন্ন উকিল বা বিচারপতি হিসাবে নাম করতে পারেন। রাজনীতিতেও সাফল্যের সম্ভাবনা আছে তবে সাধারণ রাজনীতির চেয়ে আইনের উন্নতি সাধনের দিকেই আপনার ঝোঁক বেশী হবে। "ভারসাম্যে"র প্রতি দৃষ্টি ও সন্ধানী প্রকৃতির সাহায্যে আপনি চিকিৎসা শাস্ত্র বা গবেষণার কাজেও উন্নতি করতে পারবেন।

নিজের তত্ত্বগুলি জোরের সঙ্গে প্রমাণ করতে গিয়ে আপনি শত্রু সৃষ্টি করতে পারেন। যুক্তি দিয়ে প্রমাণ না দেখাতে পারলে আপনার কাছে সে ব্যক্তি অপাংক্তেয় হয়ে যাবে। অক্টোবরের এই তারিখগুলির জাতক জীবনের, বহু দিকে সাফল্যলাভ করতে পারেন।

২৮শে অক্টোবরের জাতকের ক্ষেত্রে রবি তুলার মধ্য দিয়ে পার হয়ে বৃশ্চিকে প্রবেশ করেছে। নভেম্বর মাসের ১ ঘরের ব্যক্তিদের বিষয়ে আলোচনা করবার সময় তখন বলবো।

## অর্থভাগ্য

সাধারণ পথ পরিত্যাগ করে নিজস্ব নির্বাচিত পথে এগোনই আপনার পক্ষে মঙ্গলজনক। আপনার স্বপ্নকে রূপ দেবার জন্য আপনি অর্থোপার্জন করবেন, সঞ্চয়ে আপনার কোনো স্পৃহা নেই।

## স্বাস্থ্য

সাধারণ নরনারীর তুলনায় আপনার স্বাস্থ্য ভাল। যতক্ষণ একরোখা কাজের মধ্যে থাকেন, ততক্ষণ আপনি ভাল থাকেন। কর্মহীনতা আপনার পক্ষে মৃত্যুর সমান। ব্যাধির চেয়ে, আকস্মিক দুর্ঘটনা ঘটবার আশঙ্কা আপনার বেশী। কিন্তু উদর বা অন্ত্রে অস্ত্রোপচারের আপনার প্রয়োজন হ'তে পারে। তবে অন্য অঙ্গ অপেক্ষা মস্তক ও স্কন্ধে আঘাত লাগার সম্ভাবনা বেশী। ১, ৬ ও যে সংখ্যাগুলির যোগফল ১ ও ৬, যথা—১, ৬, ১০, ১৫, ১৯, ২৪, ২৮ তারিখগুলি আপনার পক্ষে শুভ। আপনি প্রায়ই দেখবেন ৪, ৮ ও ৯ আপনার জীবনের পথে আসা-যাওয়া করে, কিন্তু এগুলি আপনার শুভ সংখ্যা নয়।

আকর্ষণী শক্তি বৃদ্ধির জন্য আপনি পরিধেয় বস্ত্রে বা কোন অংশে ওই বর্ণ ব্যবহার করুন :—

রবি—সবরকম সোনালী রং, হলুদ, কমলা থেকে শুরু করে সোনালী খয়ের।

ইউরেনাস—সবরকম ধূসর রং ও বিদ্যুৎ বর্ণগুলি।

শুক্র—হাল্‌কা থেকে গাঢ় সবস্তরের নীল রং।

আপনার শুভ অলঙ্কার হীরা, পোখরাজ, এ্যাম্বার ও নীলকান্ত মনি। আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—১, ৬, ৮, ১০, ১৫, ১৭, ১৯, ২৪, ২৬, ২৮, ৩৩, ৩৫, ৩৭, ৪২, ৪৪, ৫১, ৫৩, ৫৫, ৬০, ৬২ ও ৭১।

১, ৪, ৬ ও ৮ এর পর্যায় তারিখ, যথা—১, ৪, ৬, ৮, ১০, ১৩, ১৫, ১৭ ১৯, ২২, ২৪, ২৬, ২৮ ও ৩১শের জাতকগণ আপনাকে আকৃষ্ট করবে নানা ভাবে।

# ৯৩ পরিচ্ছেদ

## ২, ১১, ২০ ও ২৯শে অক্টোবরের জাতকগণ

### এ মাসের ২ সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে চন্দ্র, নেপচুন, শুক্র, শনি, ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘরের তুলা চিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

অক্টোবর মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বেই দেওয়া হয়েছে।

জীবনের যে কোনও ক্ষেত্রে আপনার প্রেরণার অভাব হয় না, এবং প্রয়োজনের সময়ে স্বতঃসিদ্ধ বুদ্ধির যোগান থাকে। আপন কাজের ফলাফল আপনি আগে থেকে জানতে পারেন, সেইজন্য অনেকের প্রতিবাদ সত্ত্বেও আপনি নিজের মতে কাজ করে যান।

আপনি অতিশয় অনুভূতিপ্রবণ এবং বিরুদ্ধ সমালোচনায় গভীরভাবে ব্যথা পান। কিন্তু প্রয়োজনের সময়ে আপনার চরিত্রের দৃঢ়তায় পরিচয় পাওয়া যায়। সেইজন্য দরকারী সিদ্ধান্তগুলি অপরের প্রভাব মুক্ত হয়ে একলা একলাই ঠিক করবেন।

মাঝে মাঝে অবসাদ এবং বিষাদ বিষন্নতা এসে আত্মপ্রত্যয়ে বাধা সৃষ্টি করবে।

আপনার অন্তর মায়ায় পূর্ণ এবং প্রেম আপনার পক্ষে খুব প্রয়োজন, কিন্তু এদিক থেকে আপনি এত বেশী স্পর্শকাতর ও সমালোচনা প্রবণ, যে অনেক মনের মানুষ ভুল বুঝে চলে যাবে।

২, ১১, ২০ ও ২৯শের জাতক অনেক সময়ে বিবাহ করেন না, যদি না অল্প বয়সে এ কার্য সমাধা হয়ে গিয়ে থাকে। এ মাসের ২৯শে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁরা আগন্তুক বৃশ্চিক চিহ্নের কৃপায় বিপরীত লিঙ্গের দ্বারা প্রভাবিত হ'ন বেশী, এবং তাঁদের জীবনে একাধিকবার পরম রমণীয় অভিজ্ঞতা হয়। এঁরা অত্যন্ত ভ্রমণপ্রিয় এবং জন্মভূমি ছেড়ে বহুদূরে বাস করেন। বিশাল জলরাশি, সমুদ্র এঁরা ভালবাসেন কিন্তু ভ্রমণকালে দুর্ঘটনা বা জলমগ্ন হবার সম্ভাবনা থাকে সমধিক।

অক্টোবরের এই তারিখগুলিতে জন্ম হ'লে আপনি আন্তরিকভাবে সঙ্গীত, চিত্র ও কবিতার গুণগ্রাহী। যদি আপনাকে শিল্পের পথই বেছে নিতে হয়, তবে যথেষ্ট সুনাম অর্জন করতে পারেন।

নারী পুরুষ নির্বিশেষে পোশাক-পরিচ্ছদ সম্পর্কে আপনারা যথেষ্ট রুচিবান। এই সঙ্গে বিলাসিতা ও অপরের দৃষ্টি আকর্ষণ করার আগ্রহ একটা থাকেই।

২০শে অক্টোবর রবি বৃশ্চিক রাশিতে প্রবেশের মুখে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁরা ২ ও ১১ তারিখের জাতকদের তুলনায় অধিক আত্মবিশ্বাসী এবং শিল্প, সাহিত্য, সঙ্গীত, কাব্য ও নাটকে সাফল্য অর্জন করতে পারেন আরো বেশী।

## অর্থভাগ্য

এ বিষয়ে অপরে আপনার উপর সুযোগ নিতে চেষ্টা করবে এবং আত্মরক্ষা করার মত যথেষ্ট আত্মবিশ্বাস না থাকলে আপনার পক্ষে অর্থ সঞ্চয় করা শক্ত হবে। ব্যবসা বাণিজ্য বা একঘেয়ে চাকুরি আপনার বিস্বাদ লাগবে, কিন্তু আপনার প্রবল কল্পনাশক্তি ও প্রত্যুৎপন্নমতিত্ব অর্থোপার্জনের সহায় হবে।

আপনি সুবিধা পেলে ভ্রমণ করতে ভালবাসেন, বিদেশের প্রতি আপনার আকর্ষণ আছে এবং হয়তো সেই পথে জীবনে সার্থকতা আসবে।

## স্বাস্থ্য

অক্টোবরের এই তারিখগুলির জাতক ছোটবেলায় রুগ্ন থাকবেন। মন আপনার অতি সক্রিয়, দিবাস্বপ্ন আপনার কাছে বাস্তব মনে হয়। পিঠ ও শির দাঁড়ায় কষ্ট থাকতে পারে, যেজন্য সোজা হয়ে দাঁড়াতে কষ্ট হয়। আপনার সর্দির ধাত আছে, সতর্ক না হ'লে কণ্ঠ, ফুস্ফুস্, নাসিকা বা কর্ণের ব্যাধি হবে।

২ ও ৭ পর্যায় সংখ্যা আপনার পক্ষে কার্যকরী, সেইজন্য যে কোনও মাসের ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯শে আপনার বিশেষ কাজগুলি সেরে ফেলবেন। ৪, ৮ ও ৯ পর্যায়ের তারিখে কোনও প্রয়োজনীয় কাজ করবেন না।

গ্রহশক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত রং গুলি পরবেন, যথা—

চন্দ্র—সব স্তরের সবুজ, হালকা বাদামী ও সাদা।

শুক্র—হাল্কা থেকে গাঢ় সব স্তরের নীল।

নেপচুন—কপোত ধূসরের সব স্তর, ফিকে এবং বিদ্যুৎ রং।

সবুজ জেড্, মুক্তা, মুনস্টোন, পোখরাজ, এ্যাম্বার ও টারকোয়েজ আপনার

পক্ষে শুভ। আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫ ও ৭০।

২ ও ৭ পর্যায়, যথা—২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখের জাতক আপনার দৃষ্টি আকর্ষণ করবে প্রবলভাবে। আপনার বিপরীত সংখ্যা ১-৪ তারিখের জাতক দেখবেন নানা ভাবে আপনার জীবনের সঙ্গে জড়িয়ে পড়ছেন।

## ৯৪ পরিচ্ছেদ

### ৩, ১২, ২১ ও ৩০শে অক্টোবরের জাতকগণ

### এ মাসের ৩ সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষশাস্ত্রের এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালদীন সংখ্যাতত্ত্বের নিয়ম অনুসারে তাঁরা বৃহস্পতি, শুক্র, শনি, ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় কক্ষের তুলা চিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূল কথা অক্টোবরের জাতকদের সঙ্গে পূর্বেই বর্ণনা করা হয়েছে।

বৃহস্পতির প্রবল প্রতাপে আপনার চরিত্রে উচ্চাভিলাষ, ইচ্ছাশক্তি ও দৃঢ় প্রতিজ্ঞা বিশেষভাবে প্রকট হবে।

এই গ্রহ সমন্বয় জীবনে যে কোনও কাজে সাফল্য আনে উদ্দেশ্য যাই হোক না কেন।

আপনার আদর্শ এত উচ্চ যে, সাধারণ অবস্থায় তৃপ্ত হ'ন না, জীবনে অনেক বেশী মর্যাদা সম্পন্ন কাজের আশা করেন আপনি।

দায়িত্ব ও বিশ্বাসপূর্ণ কাজ করে আপনি আর পাঁচজনের উপরে উঠে যাবেন, কিন্তু আপনার প্রধান লক্ষ্য জনহিতকর কাজ করা।

যা কিছু করুন না কেন, আপনি স্বভাবতঃ সৎ ও বিবেক সম্পন্ন ব্যক্তি। ন্যায় বিচারের প্রতি আপনার অনুরাগ আছে। আপনি সহৃদয় ও করুণা প্রবণ। জনগণের কল্যাণব্রতী প্রতিষ্ঠান, হাসপাতাল, আর্তসেবায়তনে অর্থ ও সেবা দিতে সদাই প্রস্তুত। ব্যক্তিগত সাহায্যের চেয়ে দাতব্য প্রতিষ্ঠানে

সাহায্য করতে আপনি অনেক বেশী আগ্রহী। কিন্তু আত্মীয়স্বজন আপনার কথা মত চললে, আপনি তাদেরও সাহায্য করতে রাজি আছেন।

নির্বোধ ও নীতিভ্রষ্ট ব্যক্তি আপনার কাছে স্থান পায় না, প্রয়োজন বোধে একবার সাহায্য করতে পারেন, একাধিক বার নয়। আপনি ন্যায় বিচারের পক্ষপাতি এবং প্রয়োজনে যথেষ্ট কঠোর হ'তে পারেন। কেউ আপনার উপর সুবিধা করে নিচ্ছে বুঝতে পারলে বিরক্ত হ'ন।

গির্জা, আইন বা স্বীয় জন্মস্থানে সরকারি কাজে যুক্ত উচ্চপদস্থ ও সম্মানিত ব্যক্তির সঙ্গ আপনার প্রিয়।

আপনি আইন ও শৃঙ্খলা ভালবাসেন এবং অধঃস্তন কর্মচারীদের প্রতি সদয় ব্যবহার করেন।

আপনার বিবাহিত জীবন সুখের হবার সম্ভাবনা এবং সন্তান আপনার অনেক সুখের কারণ হবে। হিংসাপরায়ণ প্রতিদ্বন্দ্বী মাঝে মাঝে আপনার ক্ষতি করার চেষ্টা করবে কিন্তু সেসব তুচ্ছ করে আপনি নিজের পথে এগিয়ে যাবেন।

২১ শে অক্টোবরের জাতকগণ বৃশ্চিক চিহ্নে রবির প্রবেশ মুখে পড়ে যাবেন ৩ ও ১২ তারিখের জাতকদের সঙ্গে তাদের স্বভাব চরিত্রের মিল থাকতে পারে, কিন্তু পারিবারিক জীবন তেমন সুখের নাও হতে পারে। ৩০ শে যাঁরা জন্মগ্রহণ করেন তাঁরা বৃশ্চিক চিহ্নের অধীনে চলে আসেন এবং জাগতিক সাফল্য তাঁদের ভাগ্যের লিখন!

## অর্থভাগ্য

৩, ১২, ২১ ও ৩০শে অক্টোবরের জাতক সচরাচর ব্যবসা, বাণিজ্য ও শিল্পে ভাগ্যবান হবেন। ধনী বন্ধু, বিপরীত লিঙ্গ বা বিবাহ মাধ্যমে প্রাপ্তি-যোগ এঁদের আছে।

## স্বাস্থ্য

অল্প বয়সে দুর্বল হয়ে ৩, ১২, ২১ ও ৩০ শে অক্টোবরের জাতক পরে স্বাস্থ্য লাভ করেন। ২১ বছর বয়স থেকে স্বাস্থ্যের পরিবর্তন ঘটে। এঁদের রোগ নির্ণয় করা কঠিন। আকস্মিক দুর্ঘটনা জনিত আঘাত, বিশেষতঃ মোটরগাড়ি, বাষ্প চালিত শকট বা যে কোন গতিশীল শকটে বিপদের আশঙ্কা আছে।

উপরোক্ত তারিখগুলি জাতকের পক্ষে ৩ ও ৬ পর্যায়, যথা ৩, ৬, ১২, ১৫, ২১, ২৪ ও ৩০ শুভ সংখ্যা ও তারিখ। অনেক সময়ে লক্ষ্য করে দেখবেন ৮ ও ৯ সংখ্যা দুটি ঘুরে ফিরে আপনার জীবনে এসে উৎপাৎ করে যাবে।

আকর্ষনী স্পন্দন বৃদ্ধির জন্য আপনি নিম্নলিখিত বর্ণগুলি পোশাকে ব্যবহার করবেন ; যথা—

বৃহস্পতি—সবস্তরের বেগুনি, হাল্কা থেকে গাঢ় অবধি যাবতীয় রং।

শুক্র—ফিকে থেকে গাঢ়তম সবস্তরের নীল রং।

এ্যামেথিস্ট, ও সব বেগুনি পাথর টারকোয়েজ ও সব নীল পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে ৩, ৬, ১২, ১৫, ২১, ২৪, ৩৩, ৩৬, ৩৯, ৪২, ৪৮, ৫১, ৬০, ৬৬, ৬৯।

বছরের যে কোন ও মাসের ৩ ও ৬ এর ঘর যথা—৩, ৬, ১২, ১৫, ২১, ২৪ ও ৩০শের জাতক আপনাকে আকৃষ্ট করবে প্রবল ভাবে।

## ৯৫ পরিচ্ছেদ

### ৪, ১৩, ২২ ও ৩১ শে অক্টোবরের জাতকগণ

### এ মাসের ৪ সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে ইউরেনাস, রবি, শুক্র ও শনি, ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘরের তুলা চিহ্নের সব রকম প্রভাব তাঁদের উপর পড়বে।

অক্টোবরের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে। বিশেষতঃ আপনি যদি ৪, ১৩ ও ২২ শে অক্টোবর জন্মগ্রহণ করেন, তবে ইউরেনাস ও শনির সমন্বিত প্রভাব আপনার জীবনে অসাধারণ সব ঘটনা ঘটাবে, যার উপর আপনার নিজের কোন হাত নেই।

নিষ্ক্রিয় শুক্র আপনার জীবনে প্রেম ও বিবাহ ব্যাপারে অস্বাভাবিক কিছু অভিজ্ঞতা আনবে। হয়তো অদ্ভুত প্রকৃতি বা ছিটগ্রস্ত ব্যক্তির প্রতি আপনি আকৃষ্ট হবেন, যিনি পার্থিব দিক থেকে আপনাকে সুখী করতে পারবেন না।

যদি কাউকে গভীরভাবে ভালবেসে থাকেন, তবে কোনও বিরুদ্ধ সমালোচনা আপনাকে টলাতে পারবেনা। এবিষয়ে নিজের জেদ বজায় রাখতে গিয়ে পরিবারের সঙ্গে কলহ ও বিচ্ছেদ হ'তে পারে। আপনার সঙ্গী সাথীদের সঙ্গে চাঞ্চল্যকর ব্যাপারে জড়িয়ে পড়ে কলঙ্কের ভাগী হবেন, নিজে হয়তো সম্পূর্ণ নিরপরাধ হয়েও দোষের ভাগী হতে হবে।

আপনার দৃষ্টিভঙ্গী চিরাচরিত চিন্তাধারা থেকে ভিন্ন; সাহিত্য ও শিল্পে আপনার প্রতিভা থাকতে পারে এবং তার সদ্ব্যবহার আপনি করতে জানেন।

বিবাহ, বন্ধুত্ব ও অংশীদারী কোনটাই আপনার সুখের নয়; অসম্ভব কষ্ট ও ত্যাগ স্বীকার করে আপনাকে সুখের মুখ দেখতে হয়।

৩১ শে অক্টোবর বৃশ্চিক রাশির সূচনায় জন্ম হ'লে ব্যক্তিগত সাফল্য ও জাগতিক উন্নতির সম্ভাবনা আরও বেশী।

৪, ১৩, ২২ ও ৩১ শে অক্টোবরের জাতকগণ কয়েকটি আধিভৌতিক শক্তি, যথা সম্মোহন বিদ্যা বা যোগাভ্যাস শক্তির অধিকারী হন।

অগ্নি, আগ্নেয়াস্ত্র, বিস্ফোরণ কারী বস্তুজাত দুর্ঘটনা অথবা ঝঞ্ঝা, ঘূর্ণীবার্তা, বিদ্যুৎ বা বায়ুনির্ভর ভ্রমন থেকে বিপদের সম্ভাবনা আপনার থাকেই।

## অর্থভাগ্য

প্রথম জীবনে অর্থ কষ্ট দেখা যায়। হয় পিতামাতা যথেষ্ট সংস্থান রেখে যেতে পারেন নি, নতুবা জীবিকার এমন কোন পথ নির্বাচন করেন, সেখানে স্বীয় কর্মক্ষমতা প্রকাশ করার সুযোগ কম। যাই হোক শেষের দিকে উন্নতির দেখা মেলে, বিশেষতঃ ২৮ ও ৩১ শে অক্টোবরের জাতকদের জীবনে। বিপদ এই যে যা তাঁরা উপার্জন করেন তার থেকে আখেরের সম্বল কিছু রাখতে পারেন না এবং প্রায়ই দারিদ্র্যের মধ্যে জীবনদীপ নির্বাপিত হয়।

## স্বাস্থ্য

৪ ও ১৩ই অক্টোবরের জাতক সহসা মূর্চ্ছা রোগে আক্রান্ত হ'তে পারেন। কণ্ঠ, নাসিকা, মুখ ও দেহাভ্যান্তরে অস্ত্রোপচার হ'তে পারে। ২২ ও ৩১ শে অক্টোবরের জাতক বাল্যে দুর্বল থাকেন, কিন্তু একত্রিশ বছর বয়স থেকে শক্তি সঞ্চয় করেন।

৪, ১৩, ২২ ও ৩১ শে অক্টোবরে জাতকদের পক্ষে ৪ ও ৮ ঘরের সংখ্যা

স্মরনীয়। মাসের যে তারিখগুলির যোগফল ৪ ও ৮ যথা ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ সেই দিনগুলি এঁদের জীবনে কার্যকরী।

৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ শে অক্টোবরের জাতকদের প্রতি আমার উপদেশ এই যে তাঁরা যেন ১ ও ৬ ঘরের সংখ্যা ১, ৬, ১০, ১৫, ১৯, ২৪ ও ২৮ তারিখগুলির দিকে নজর রাখেন ; এই নিয়মে চললে কিছুটা সুরাহা হ'তে পারে। ৪ বা ৮ সংখ্যা কিন্তু কদাপি নয়।

নিম্নলিখিত বর্ণগুলি আপনি ব্যবহার করে সুফল পেতে পারেন :—

যথা—সব স্তরের সোনালী, কমলা ও সোনালী খয়ের।

নীলের সব স্তর, ফিকে এবং গাঢ়।

পোখরাজ, হীরক, টারকোয়েজ আপনার পক্ষে শুভ রত্ন।

আপনার জীবনের প্রধান বয়সগুলি ( নিজের এক্তিয়ারের বাইরে ) যথাক্রমে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২ ৭১, ৭৬ ও ৮০।

৪ ও ৮ ঘরের জাতক যথা—৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ও ৩১ শে যাঁদের জন্ম, তাঁরা আপনাকে আকর্ষণ করবেন বিপুল ভাবে।

## ৯৬ পরিচ্ছেদ

### ৫, ১৪ ও ২৩ অক্টোবরের জাতকগণ

### এ মাসের ৫ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে বুধ, শুক্র, শনি ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘরের তুলাচিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

অক্টোবরের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গুণাবলী পূর্বেই বর্ণনা করা হয়েছে। আপনার জীবনে এই বিচিত্র গ্রহসমন্বয় আপনার চারিত্রিক দৃঢ়তা বৃদ্ধি করবে।

নিষ্ক্রিয় শুক্র ও উর্ধমুখী শনি আপনার জীবনে প্রেমের ক্ষেত্রে যথেষ্ট গোলমাল সৃষ্টি করবে।

জীবনের অধিকাংশ কাল পিতামাতা বা কোন আত্মীয়ের প্রতি কর্তব্য-

## ৯৭ পরিচ্ছেদ

### ৬, ১৫, ও ২৪শে অক্টোবরের জাতকগণ

### এই মাসের ৬ সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডীন সংখ্যা-তত্ত্বের নিয়মানুসারে শুক্র, শনি, ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় কক্ষের তুলাচিহ্নের সব রকম প্রভাব দ্বারা চালিত হবেন।

অক্টোবরের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে। বছরের এই সময়ের নিষ্ক্রিয় শুক্র আপনার জীবনে বিশেষ ক্রিয়া করবে। আপনার বন্ধুগোষ্ঠী বিরাট, আপনি সকলের প্রিয়। আপনার আকর্ষনী শক্তি প্রবল এবং বিপরীত লিঙ্গের উপর যথেষ্ট প্রভাব বিস্তার করবেন। আপনি অতিথিবৎসল, সেই হেতু আপনার খরচও বেশী, তবে অপচয় করেন না। কারণ অতি সামান্য জিনিস দিয়ে অনেক কিছু দেখাবার ক্ষমতা আপনার আছে।

একাধিক প্রেম বা বিবাহ আপনার হতে পারে, কিন্তু সর্বত্রই হতাশা. বহুবিধ পরীক্ষা ও আশ্চর্য অভিজ্ঞতার সম্মুখীন আপনার বিধির লিখন।

নিজের প্রতিভাবলে সমাজে নিজের এক বিশিষ্ট স্থান করে নেবেন এবং অর্থবান ও পদস্থ ব্যক্তিরা আপনার প্রতি আকৃষ্ট হবেন।

সাহিত্য, সঙ্গীত, অঙ্কন, কবিতা, অভিনয়, এক কথায় সব চারু শিল্পের প্রতি আপনার আকর্ষণ আছে, নিজে হাতে কিছু না করলেও অপরকে উৎসাহ দিতে পারেন এবং কোনও শিল্পীর গুণমুগ্ধ হলে তাকে আশ্রয় দিতে পারেন। নিজ জীবনে শিল্পকে গ্রহণ করলে—যথেষ্ট সার্থকতা লাভ হ'তে পারে কিন্তু আপনার।

### অর্থ

আপনি অর্থ নিয়োগ করলে লাভবান হবেন। তবে আপনাকে স্বাধীন ভাবে অগ্রসর হ'তে হবে। ভাল অংশীদার পাবেন। এবং ব্যবসার ক্ষেত্রে জনসাধারণের সংস্পর্শে এলেও নিয়তি সদয় থাকবেন।

## স্বাস্থ্য

সহজে রোগমুক্তি হয় বলে আপনার অসুস্থতা কম। তবে দেহের কোথাও যদি ঘর্ষণ লাগে, সেখানে টিউমার হবার আশঙ্কা থাকবে। অল্প বয়সে টন্‌সিল, জিহ্বার পশ্চাতে বা কণ্ঠে ব্যাধি হ'তে পারে।

৬ ও সেই পর্যায় সংখ্যা, যথা—৬, ১৫ ও ২৪ এবং বছরের যে কোনও সময়ে, বিশেষতঃ মে ও অক্টোবর মাসে ঐ তারিখগুলি আপনার পক্ষে শুভ।

আকর্ষণী শক্তি বৃদ্ধির জন্য নিম্নলিখিত রংগুলি আপনি পোশাকে ধারণ করতে পারেন, যথা—রবি—সোনালী, হলুদ, কমলা থেকে শুরু করে হলদেটে সোনালী।

শুক্র—ফিকে থেকে শুরু করে সব নীল রং।

হীরক, পোখরাজ, এ্যাম্বার ও টারকোয়েজ আপনার পক্ষে কল্যাণ-কর হবে।

আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে—৬, ১৫, ২৪, ৩৩, ৪২, ৫১, ৬০ ও ৬৯।

যে কোনও মাসের ৬এর ঘর, যথা—৬, ১৫ ও ২৪ তারিখের জাতক আপনাকে আকৃষ্ট করবে প্রবল ভাবে।

## ৯৮ অধ্যায়

### ৭, ১৬ ও ২৫শে অক্টোবরের জাতকগণ

### এ মাসের ৭ সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্ক মণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে নেপচুন, শুক্র ও শনি, ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘরের তুলা চিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন। কিন্তু যদি ২৫শে অক্টোবর জন্ম হয়, তবে আগন্তুক বৃশ্চিক চিহ্নের প্রভাবে আপনার স্বভাব ৭ ও ১৬ তারিখের জাতকদের চেয়ে ভিন্ন হবে :

অক্টোবর মাসের জাতকদের সঙ্গে আপনার স্বভাব চরিত্রের বিষয় পূর্বে বর্ণনা করা হয়েছে।

এই তারিখগুলিতে জন্মগ্রহণ করে ভগবানদত্ত প্রতিভার অধিকারী হওয়া যায়। এবং যদি "ভারসাম্য বজায় রাখতে পারেন", তবে যে পথই বেছে নেন না কেন আশ্চর্য ফল পাবেন। বিশেষতঃ কল্পনা রাজ্যে, যথা—কবিতা, সাহিত্য, অঙ্কন, সঙ্গীত আদি যাবতীয় সূক্ষ্ম শিল্পের জগতে এঁদের অবাধ গতি।

১৬ই অক্টোবর তুলা চিহ্নের ঠিক মধ্যে অবস্থিত, সেইজন্য ৭ ও ২৫শের জাতকদের চেয়ে অনেক বেশী তাড়াতাড়ি ভারসাম্য হারিয়ে ফেলেন। ৭ই অক্টোবরের জাতক অত্যধিক স্পর্শকাতর, সেইজন্য কোনও কাজে নিজেদের জাহির করেন না; আবার ২৫শে অক্টোবরের জাতক বৃশ্চিক রাশির অগ্রগতির মধ্যে পড়ে অনেক বেশী দুঃসাহসী ও খেয়ালী হ'ন। ৭, ১৬ ও ২৫শে অক্টোবরের জাতকগণ অসাধারণ কিছু করতে সবসময়ই ব্যগ্র হ'ন। এইজন্য এঁরা বিরূপ সমালোচনা, লোকনিন্দা ও প্রকাশ্য কলঙ্কের ভাগী হ'ন। বিবাহ, সখ্যতা ও ব্যবসায়ের অংশীদার এই রাশির পক্ষে অনুকূল নয়, যদি না খুব সতর্কতার সঙ্গে অগ্রসর হওয়া যায়।

## অর্থভাগ্য

৭, ১৬ ও ২৫শে অক্টোবরের জাতকের অর্থভাগ্য বড় বেশী পরিবর্তনশীল। কখনও বা অনেক টাকা কখনও বা একেবারে পথে বসে যেতে হয়। অর্থ নিয়োগ ব্যাপারে এদের সাবধান হওয়া উচিৎ কারণ অসৎ ব্যক্তি এঁদের অর্থ আত্মসাৎ করতে পারে। আমার মতে সরকারী বণ্ড্ কিনে অল্প সুদে কাজ চালানো উচিৎ এবং বার্ধক্যের জন্য বীমা করে রাখা উচিৎ।

## স্বাস্থ্য

এ সময়ের জাতকের স্বাস্থ্য ঘটিত বিচিত্র অভিজ্ঞতা হওয়া স্বাভাবিক। কখনও বা আহারে বিষক্রিয়া হ'তে পারে', ভুল ক্রমে আপনার আহার্যে বিষ মিশ্রিত হ'তে পারে অথবা নিজ অসাবধানতাবশতঃ বিষ খেয়ে ফেলতে পারেন। কিড্‌নী, লিভার, প্লীহা ও এ্যাপেণ্ডিক্স্ ব্যাধিগ্রস্ত হ'তে পারে। ৭, ১৬ ও ২৫শে অক্টোবর জন্ম হ'লে ৭-২ সংখ্যা এবং সেই পর্যায়ের সব সংখ্যা ও তারিখ, যথা—২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ আপনার কাজে লাগবে। এই তারিখগুলি আপনার বিশেষ কর্ম ও সাক্ষাৎকারের জন্য বেছে নেবেন ও এই নম্বরের বাসা খুঁজে নেবেন।

আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত রংগুলি পোশাকে ব্যবহার করবেন।

চন্দ্র—সব স্তরের সবুজ, ফিকে বাদামী ও সবুজ।

নেপচুন—কপোতধূসর, হাল্‌কা রং ও বিদ্যুৎ বর্ণগুলি।

শুক্র—ফিকে থেকে শুরু করে গাঢ়তম সব স্তরের নীল রং।

সবুজ জেড্, মুক্তা, মুনস্টোন ও টারকোয়েজ আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের প্রধানতম বয়সগুলি যথাক্রমে—২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪১, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫ ও ৭০।

যে কোনও মাসের ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯শের জাতক আপনাকে আকর্ষণ করবে, এবং আপনার পক্ষে তারা মঙ্গলজনক।

## ৯৯ পরিচ্ছেদ

### ৮, ১৭ ও ২৬শে অক্টোবরের জাতকগণ

### এ মাসের ৮ ঘরের ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে শনি, শুক্র, ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘরের তুলা চিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন। ২৬শে অক্টোবরের জাতক আগন্তুক বৃশ্চিক চিহ্নের প্রভাবে ৮ ও ১৭ তারিখের জাতকদের তুলনায় অধিক ভাগ্যের অধিকারী হ'ন।

অক্টোবরের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে দেওয়া হয়েছে। উত্তরাধিকার সূত্রে অর্থলাভ না হলে জীবন এঁদের কষ্টকর। অর্থের জন্য প্রচুর পরিশ্রম করতে হবে।

মনের প্রসার বেশী বলে—সামাজিক জীবন যাপনের চেয়ে পড়াশোনা নিয়ে থাকতে এরা বেশী ভালবাসেন। অক্টোবরের এই তারিখগুলিতে জন্ম হ'লে উঁচুদরের চিকিৎসক, বৈজ্ঞানিক ও আইনজ্ঞ হতে পারেন।

মহিলারা বিদ্যানুরাগী হ'ন, সমাজ-সংস্কার বিষয়ে রচনা লিখে থাকেন অথবা জনতা সম্পর্কিত সুদূরপ্রসারী কোনও রাজনৈতিক বিষয়ে আগ্রহান্বিত হ'ন। যদি মনে হয় কোনও কাজে জনসাধারণের কল্যাণ হবে, তবে তিনি মন প্রাণ ঢেলে সেই কাজ করেন।

নরনারী উভয়েই এমন কোনও কর্মক্ষেত্র বেছে নেন, যেখানে নানান মতের বিরুদ্ধে কাজ করতে হয়।

সম্পদের অধিকারী হ'লে এঁদের অর্থ হাসপাতাল নির্মাণ, বৈজ্ঞানিক গবেষণার উন্নতি সাধন অথবা সমাজ সংস্কারের কাজে লাগে।

অক্টোবরের এইসব তারিখের জাতকদের বহু কষ্ট ভোগ করতে হয়, যথা—প্রিয়জনের মৃত্যু, পিতামাতার ব্যাধি বা মৃত্যু বা পারিবারিক যোগাযোগ বিচ্ছিন্নতা জনিত দুঃখ এরা পান।

এই সময়ে শনি এত শক্তিমান যে ৮, ১৭ ও ২৬শে অক্টোবরের জাতক বহু উচ্চপদে আরোহণ করেও শেষ বয়সে সব হারাতে বসেন; উপরন্তু কলঙ্কের ভাগী হ'তে হয়।

যদি পরাধীনভাবে চাকুরি করতে হয়, তবে কদাচিৎ আরামদায়ক পরিবেশ পান এবং বিশেষ অশান্তি ভোগ করেন। লোকে ভুল বোঝে এবং শান্ত গম্ভীর স্বভাব হওয়ার দরুণ আত্মপক্ষ সমর্থন করতে পারেন না। চাকুরিজীবী হিসাবে মালিকের ব্যবহার রুক্ষ হ'তে পারে। এবং চুক্তি ভঙ্গের মনোবেদনাও পেতে পারেন।

## অর্থভাগ্য

উত্তরাধিকার সূত্রে অর্থপ্রাপ্তি না হ'লে, ভাগ্য বিমুখ। উপার্জন করা অর্থ অতিরিক্ত দায়িত্বের কারণে জমে না কিছুই। ভবিষ্যৎ সম্বন্ধে অতি সচেতন হয়ে অর্থ এমন স্থানে এঁরা লুকিয়ে রাখেন যে প্রায়ই তা হারিয়ে যায়, অথবা ডাকাতে লুটে নেয়। জুয়া খেলা বা ফাটকার দিকে যাওয়া এদের ভুল হবে। নামী ডাক্তার, বৈজ্ঞানিক বা আইনজীবী হ'লেও এঁরা শ্রমের উপযোগী অর্থ পান না।

## স্বাস্থ্য

৮, ১৭ ও ২৬শে অক্টোবরের জাতক মানসিক বিষাদের ফলে বহু ব্যাধি সৃষ্টি করেন। কেউ তাঁদের উপর অন্যায় করলে—সেসব চিন্তা মন থেকে সহজে ঝরে না। অনেক সময়ে নিজেদের শহিদ মনে করেন।—নিজেদের উপর অবিচার করা হয়েছে—এই চিন্তা পেয়ে বসে। কথাটা অনেক সময়ে সত্য

হ'লেও বেশীর ভাগই কাল্পনিক। সবচেয়ে বিপদ হ'ল এই যে, বিপদ এতখানি মনকে আচ্ছন্ন করে যে, শারীরিক ও মানসিক ব্যাধিতে দাড়িয়ে যায়।

সাধারণতঃ এঁদের স্বাস্থ্য একটু অন্যরকম। সহজে হজম হয় না, দুর্বল পরিপাক শক্তি, কোষ্ঠ-বদ্ধতা, শ্লথ যকৃৎ ও অসম্ভব শিরঃপীড়ায় কষ্ট পান এঁরা। বহির্জীবন এঁদের স্বাস্থ্যের পক্ষে ভাল, বেশী পরিমাণে শারীরিক ব্যায়াম, সহজ পথ্য, যথেষ্ট ফল ও আনাজ উপকার করে।

উপরোক্ত তারিখগুলিতে জন্ম হ'লে ৪ ও ৮ তারিখ দু'টি বারবার আপনার জীবনে দেখা দেবে। আপনার জীবিকা ক্ষেত্রে ও ব্যক্তিগত জীবনে এই দু'টি সংখ্যা-পর্যায়ের তারিখ বিশেষ কার্যকরী। নিজের অজান্তে এই পর্যায়ের নম্বর বিশিষ্ট বাড়িগুলির দিকে আপনার ঝোঁক হবে।

৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ তারিখ ও সেই তারিখের জাতকরা আপনাকে আকর্ষণ করবে। আপনার জীবনের তাৎপর্যপূর্ণ ঘটনাগুলি ঐ দিনগুলিতে ঘটবে।

কালো মুক্তা, কালো হীরা এবং সব ঘন বর্ণের পাথর আপনার পক্ষে শুভ। আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে, ৮, ১৭, ২৬, ৩৫, ৪৪, ৫৩, ৬২, ৭১ ও ৮০।

## ১০০ পরিচ্ছেদ

### ৯, ১৮ ও ২৭শে অক্টোবরের জাতকগণ

### এ মাসের ৯ ঘরের ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা মঙ্গল, শনি, শুক্র, ত্রিগুণাত্মক বায়ুর দ্বিতীয় ঘরের তুলা চিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন। ২৭ তারিখের জাতক আগন্তুক বৃশ্চিক মঙ্গলের ( নেতি ) কক্ষে ৯ সংখ্যার অন্তর্গত হয়ে অতিরিক্ত মঙ্গলের প্রভাব পান।

৯, ১৮ ও ২৭শে অক্টোবরের জাতকদের চারিত্রিক ও মানসিক গঠনের

বর্ণনা অক্টোবরের জাতকদের সঙ্গে পূর্বেই বর্ণনা করা হয়েছে। এঁদের জীবনে মঙ্গলের প্রভাব বিশেষভাবে প্রকট হবে।

আপনি হিতাহিত জ্ঞানশূন্য, খামখেয়ালী ও হঠকারী। তার্কিক স্বভাব এবং স্বীয় মতামত সমর্থনের ব্যাগ্রতায় আপনি শত্রু সৃষ্টি করবেন।

বাক্যে সংযম ও কর্মে চাতুরী অভ্যাস করলে আপনার মঙ্গল হবে। স্বভাবগুণে বিশিষ্ট আইনজ্ঞ বা তর্কচঞ্চু হ'তে পারেন, কিন্তু বিরুদ্ধ সমালোচনায় আপনার ব্যবসায়িক ক্ষতি হওয়া সম্ভব।

মঙ্গল গ্রহের কৃপায় অস্ত্রোপচারের ছুরি আপনার হাতে ভাল চল্‌বে, এই জন্য আপনি ভাল সার্জেন হতে পারেন। এসব বিষয়ে আপনার মস্তিষ্ক যথেষ্ট সক্রিয়। নতুন ধারণা গ্রহণ করতে আপনার অসুবিধা হয় না, কিন্তু নিজের মতামত সম্বন্ধে আপনি এত জেদি, যে প্রতিবাদ উঠতে বাধ্য।

আপনি উদ্যোগী ব্যবসায়ী, কিন্তু সর্বক্ষেত্রে আপনার প্রতিযোগী শত্রুতা করতে উদ্যত। বৃহৎ প্রতিষ্ঠানে শীর্ষে আরোহন করতে পারেন, কিন্তু সেখানেও অধঃস্তন কর্মচারীরা বিদ্রোহ, হরতাল এমনকি আপনার প্রাণনাশের চেষ্টাও করতে পারে। সরকারি বিভাগে উচ্চে অধিষ্ঠিত থাকা আপনার পক্ষে মঙ্গলজনক, কারণ সেখানে আপনার ক্ষমতার অপচয় হয় না।

বিপরীত লিঙ্গ আপনার প্রতি আকৃষ্ট হবেন, কিন্তু সেখানেও প্রেমের জটিলতা আপনাকে তিক্ততা ও দুশ্চিন্তায় ভরে দিতে পারে। অল্প বয়সে বিবাহ হ'তে পারে, কিন্তু তারপরেও বাদ বিসম্বাদ চলতে থাকবে। বিবাহের একমাত্র সুফল হবে আপনার সন্তানরা, তাদের বুদ্ধির উৎকর্ষতা আপনার সান্ত্বনা। ৯, ১৮ ও ২৭শে অক্টোবরের জাতকের একা ব্যবসা করা উচিৎ সব সময়েই।

## অর্থভাগ্য

এখানে আপনি সার্থক। আপনি দায়িত্ব ও প্রভুত্ব পূর্ণ পদ লাভ করবেন, কিন্তু নিজের হঠকারিতা, ক্রোধ ও কৌশলের অভাব জয় করতে না পারলে, এ পদে বেশীদিন স্থায়ী হ'তে পারবেন না।

## স্বাস্থ্য

অল্প বয়সে দুর্বলতা, জ্বর, হজমের কষ্ট ও রক্ত দুষ্টির দরুণ ফোঁড়া, কার্বাঙ্কল ইত্যাদিতে ভুগতে পারেন, কিন্তু ২১ বছরের পর স্বাস্থ্য অন্যদিকে মোড় নেবে

ও আপনি শক্ত, কর্মঠ হয়ে উঠবেন। আগুন ও বোমার আঘাত আপনি পেতে পারেন ও আপনাকে হত্যা করার চেষ্টা হ'তে পারে।

দাঁত, চোয়াল, মুখের হাড়, মাথায় আঘাতের আশঙ্কা আপনার রয়েছে।

৯, ১৮ ও ২৭ শে অক্টোবরের জাতকের পক্ষে '৯' ও ঐ পর্যায়ের সব সংখ্যা অত্যন্ত কার্যকরী। এর পরেই আসে '৬'। আপনার যাবতীয় কর্মসূচী ৬, ৯, ১৫, ১৮, ২৪ ও ২৭ তারিখে ফেলবেন।

আপনার শুভ বর্ণ—মঙ্গল—সব স্তরের লাল, গাঢ় ও গোলাপী।

শুক্র—হাল্কা থেকে গাঢ়তম নীল রং।

চুনী, গোমেদ, রক্তমুখী পাথর, হীরা, টারকোয়েজ আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের তাৎপর্যপূর্ণ বয়স গুলি যথাক্রমে, ৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৬৩, ৭২ ও ৮১।

যে কোনও মাসের ৬ ও ৯ পর্যায় সংখ্যা, যথা—৬, ৯, ১৫, ১৮, ২৪ ও ২৭ তারিখের ঘটনা আপনার দৃষ্টি আকর্ষণ করবে।

## ১০১ পরিচ্ছেদ

সাধারণ ভাবে নভেম্বর মাসের ফল। এ সময়ে জন্মগ্রহণ করলে চারিত্রিক বৈশিষ্ট, ভাবধারা অর্থভাগ্য এবং স্বাস্থ্য।

২৭ শে অক্টোবর থেকে ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘর, নিক্রিয় মঙ্গল যার উপর আধিপত্য করে, সেই জ্যোতিষ্কমণ্ডলীর বৃশ্চিক রাশির সূচনা।

কিন্তু সাতদিন পূর্ব চিহ্নের প্রভাব থাকে বলে ২৮ শে অক্টোবরের আগে পূর্ণ শক্তি লাভ করে না। এরপর থেকে ২০ শে নভেম্বর অবধি পূর্ণ শক্তিতে বিরাজিত থাকে, এর পরের ৭টি দিন আগন্তুক ধনু চিহ্ন দ্বারা আচ্ছন্ন হ'য়ে ক্রমে এর শক্তি ক্ষয় হয়।

বৃশ্চিক রাশির দু'টি প্রতীক, এক বৃশ্চিক, আরেকটি ঈগল।

যাঁরা বছরের এই সময়ে অর্থাৎ ২১ শে অক্টোবর থেকে ২০ শে নভেম্বর অবধি এবং নভেম্বরের ২৮ শে অবধি আংশিক আচ্ছন্ন অবস্থায় জন্মগ্রহণ

করেন, তাঁরা হয় অত্যন্ত ভাল, না হয় অত্যন্ত মন্দ। এঁরা বৃশ্চিক অথবা ঈগলের স্বভাব লাভ করেন।

২১ বছর বয়স অবধি এঁরা অতি পবিত্রমনা, সৎ ও ধার্মিক হ'ন কিন্তু একবার জৈবিক স্বভাব জাগরিত হ'লে, প্রায়ই অন্যদিকে চলে যান। তবু এই সময়ে বহু মণীষী জন্মগ্রহণ করেছেন।

এঁরা প্রত্যেকেই অত্যন্ত অনুভূতিপ্রবণ এবং এঁদের জীবনের মূল সুরই হ'ল এই অতি অনুভূতিশীলতা।

এই সময়ের জাতকের স্বাভাবিক আকর্ষণী শক্তি থাকে। অত্যন্ত ভাল চিকিৎসক হ'ন এঁরা, বিশেষতঃ অস্ত্র চিকিৎসক, বৈদ্য, প্রচারক ও বক্তা হিসাবে নাম করেন। জনসাধারণকে সম্মোহিত করার ক্ষমতা এঁদের আছে এবং নিজেদের ইচ্ছানুযায়ী জনমত যেদিকে ইচ্ছা ঘুরিয়ে নিতে পারেন।

কথ্য ও লেখ্য ভাষার উপর এঁদের প্রচুর দখল থাকে এবং নাটকীয় ভাবে বর্ণনা দিতে পারেন।

এঁদের সব চেয়ে বড় দুবলতা হ'ল অত্যধিক মিলিয়ে নেবার ক্ষমতা। সে যাদের সঙ্গেই থাকুন না কেন। সেই কারণে পরের দোষের ভাগী অনেক সময় হ'তে হয়।

এই রাশির উচ্চমানের ব্যক্তির অন্তর মানবিকতা, করুণা, স্বার্থত্যাগে পরিপূর্ণ থাকে।

বিপদে ও হঠাৎ প্রয়োজনে এঁরা ধীর-স্থির ও নির্ভরশীল।

ব্যবসা, রাজনীতি, সাহিত্য যে পথই বেছে নেন্ না কেন এঁদের আদর্শ অতি স্বতন্ত্র এবং প্রায় সব কাজই সফল হয়।

সময় সময় ভাগ্যের অতি বিপর্যয় এঁদের জীবনে ঘটে। প্রায়ই মিথ্যা অপপ্রচারের ফল ভুগতে হয়, জীবনযুদ্ধে এঁরা নিয়তির সন্তান।

দেহের তুলনায় মনের সংগ্রাম এঁদের বেশী করতে হয়। যুদ্ধক্ষেত্রে উৎকৃষ্ট পরিচালনার পরিচয় দেন। কিন্তু সাধারণ ভাবে রক্তপাতে এঁদের ঘৃণা আছে।

কূটনীতিজ্ঞ ও ব্যবস্থাপক হিসাবে যে কোনও কাজে এঁরা সার্থক হন, কলহের মীমাংসা করে উভয় পক্ষের মিলন ঘটাতে এঁরা অদ্বিতীয়। যদি বৃশ্চিক চিহ্নের দিকে স্বভাবের গতি হয় তবে চিঠিপত্র, প্রবন্ধ ও বাক্যে বৃশ্চিক

দংশন করতে পারেন, কিন্তু সাধারণতঃ এতটুকু দুঃখ দেখলে এঁদের রাগ গলে যায় এবং তৎক্ষণাৎ শত্রুকে মার্জনা করেন।

কিন্তু এই চিহ্নের যেটি সবচেয়ে বড় দোষই বলুন বা গুণই বলুন—সেটি হ'ল এঁদের "দ্বৈত জীবন"। তাঁরা নিজেদের একজগতে বাস করেন ও অপর এক জগতে মানুষ তাঁদের দেখা পায়।

সাধারণ জাগতিক ভাবে এই দ্বিত্বের প্রতিফলন বেশী দেখা যায়। সচরাচর ভাবে এদের গৃহ জীবন সুখের মনে হয়, স্ত্রী ও সন্তানদের প্রতি অনুরক্ত, অথচ অপর আর একটি সংসারও থাকে।

উচ্চস্তরের মনের এই দ্বিত্বের প্রতিফলন দেখা যায়; একই ব্যক্তি একসঙ্গে দু'টি ব্যবসা বা অন্য কোনও কাজ সুন্দর ভাবে চালিয়ে যান।

কোনও এক সময়ে এঁরা যাদুবিদ্যা ও রহস্যের প্রতি আকৃষ্ট হ'ন এবং প্রায়ই লেখক, চিত্রকর, কবি ও সঙ্গীতকার হিসাবে খ্যাতি অর্জন করেন। এঁরা স্বতঃসিদ্ধ দার্শনিক, প্রকৃতি পূজারী ও মনুষ্য চরিত্র অনুধাবন, বিশ্লেষণে পটু।

পরিচিত ব্যক্তিগণের ভালবাসা, প্রশংসা এঁরা পান, কিন্তু এই চিহ্নে এমন ব্যক্তি কমই আছেন, যিনি কোনও না কোন সময়ে কলঙ্ক ও অপপ্রচারের আঘাত হ'তে রক্ষা পেয়েছেন। এই সময়ের জাতকগণ প্রায়ই দুই ধারায় অর্থোপার্জন করেন ও দুটিতেই সাফল্যলাভ করেন।

অল্পবয়সে নানারকম বিপদ ও দুঃখ-কষ্টের মধ্যে এঁদের জীবন কাটে, ফলে এঁদের মনোবল, ইচ্ছাশক্তি ও উচ্চাভিলাষ বৃদ্ধি পায় ও পরে যশের অধিকারী হ'ন।

এই বৃশ্চিক চিহ্নের জাতক যে কোনও কাজে অত্যন্ত পরিশ্রম করতে পারেন, নিজেদের আরামের কথা ভুলে যান। অপরিমেয় ইচ্ছাশক্তি, স্থির সঙ্কল্প, এক কাজ থেকে অন্য কাজে যেন চাবুক মেরে এদের তাড়া করে ফেরে। আবিষ্কারের ক্ষমতা ও সব কাজ সুচারু রূপে সম্পন্ন করার উদ্ভাবনী শক্তি এঁদের থাকে।

এঁরা উত্তম সরকারী চাকুরিজীবী হ'তে পারেন, বিশেষতঃ কূটনীতি অথবা গুপ্ত কার্যের কর্ণধার হিসাবে সফলতা অর্জন করতে পারেন।

সার্থক গোয়েন্দা বা পুলিশের বড় কর্তা হওয়া এদের সম্ভব। কারণ

অপরাধ অনুসন্ধানে এঁদের যেন তৃতীয় নয়ন থাকে। বৃশ্চিক জাতক ভাল বৈজ্ঞানিক ও রাসায়নিক হ'ন, বিশেষতঃ এঁদের তরল পদার্থের মূল্য নির্ধারণের যোগ্যতা থাকে।

বিপজ্জনক কাজে এঁদের উৎসাহ দেখা যায়। এমন কি জীবন বিপন্ন করতেও এঁরা পশ্চাৎপদ হ'ন না। যেমন গুপ্তধনের সন্ধান, হারানো মানিক বা যা কিছু রহস্যজনক।

উচ্চমানের বৃশ্চিক জাতক সবরকম রহস্যভেদ ও মনঃস্তাত্বিক গবেষণায় উৎসাহী এবং নিম্নমানের বৃশ্চিক জাতক "নীচের মহল" ও গোপনচারী সমাজের রহস্য উদ্‌ঘাটনে পটু।

উচ্চমানের বৃশ্চিক জাতকের বিবাহ ক্ষেত্র শুভ; হয় প্রভূত যৌতুক লাভ হবে, নতুবা এমন ব্যক্তির সঙ্গে বিবাহ হবে, যিনি বিদগ্ধ মহলে যশস্বী।

## স্বাস্থ্য

এঁরা সাধারণতঃ দুর্বল ও নানাবিধ শিশুরোগে ভুগে থাকেন। বৃহৎ অন্ত্র বা মলদ্বারে ব্যাধি হ'তে পারে। ফিশ্চুলা, হেমোরয়েড্, মূত্রস্থলীর স্ফীতি, গ্রন্থিস্ফীতি এবং নরনারী নির্বিশেষে লিঙ্গ প্রদেশের ব্যাধিতে কষ্ট পান।

আকস্মিক দুর্ঘটনা বা অন্য কোনও উপায়ে হস্তের চিরস্থায়ী ক্ষতি এঁরা এড়াতে পারেন না।

ফুসফুসের উপর ভাগে শ্বাসনালীর কষ্ট থাকে।

যাই হোক ২১ বছরের পর থেকে রোগ দমনের আশ্চর্য শক্তি এদের মধ্যে দেখা যায়।

## অর্থভাগ্য

এই সময়ের জাতকদের ভাগ্যের অনেক চড়াই উৎরাই পেরিয়ে আসতে হয়। এঁরা অতিরিক্ত বিশ্বাসপ্রবণ ও আদর্শবাদী। ভিত্তিহীন অনেক কাজের আশায় এঁরা বিভ্রান্ত হ'ন। ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘরের জাতক, তার যে তরল পরিবর্তনশীল ধর্ম, এঁদের সব কাজের ভেতর সেই পরিচয় পাওয়া যায়। এঁদের অন্তর করুণায় পূর্ণ এবং অতিরিক্ত ব্যয়ে সঙ্কোচ করা এঁদের স্বভাব নয়। এঁরা সাহায্যের কোনও আবেদন অগ্রাহ্য করেন না, বিশেষতঃ বিপরীত লিঙ্গের আবেদনকারীর সাহায্য প্রার্থনা। "অর্থ যেন

এঁদের অঙ্গে জ্বালা ধরায়।" নিজের বুদ্ধিতে আয় করেন। কথনই বিশেষ সঞ্চয় করতে পারেন না।

অবস্থা বিশেষে যথেষ্ট ভ্রমণ করতে পারেন এবং নূতন পরিবেশে সুন্দর মানিয়ে নেওয়াও এদের একটি বিশেষ গুণ।

## বিবাহ, সখ্যতা ও ব্যবসায়ের অংশীদার

জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে অর্থাৎ ২১শে অক্টোবর থেকে ২০শে নভেম্বর ; ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় কক্ষে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁদের সঙ্গে নিম্নলিখিত ঘরের জাতকগণের উৎকৃষ্ট মিল হবে। যথা—২১শে জুন থেকে ২০শে জুলাই। ( ত্রিগুণাত্মক বরুণের প্রথম ঘর ) এবং ১৯শে ফেব্রুয়ারি থেকে ২০শে মার্চ, ত্রিগুণাত্মক বরুণের তৃতীয় ঘর এবং উভয় ক্ষেত্রেই চিহ্নের সূচনা ও সমাপ্তির ৭টি দিন। নিজেদের সম্পূর্ণ বিপরীত রাশি এপ্রিল ও মে মাসের ২০-২৭ তারিখের জাতকগণের প্রতিও এঁরা আকৃষ্ট হবেন।

## ১০২ পরিচ্ছেদ

### ১, ১০, ১৯ ও ২৮শে নভেম্বরের জাতকগণ

### ( নভেম্বর মাসের ১ ঘরের ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা প্রাচীন সংখ্যা-তত্ত্বের নিয়মানুসারে রবি, তুঙ্গী ইউরেনাস, মঙ্গল, ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘরের বৃশ্চিকের সব রকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

এঁদের চারিত্রিক ও মানসিক গঠন সম্পর্কে নভেম্বর মাসের জাতকদের সঙ্গে পূর্বেই বর্ণনা করা হয়েছে। ১, ১০, ১৯ তারিখের জাতকদের মধ্যে ( ২৮—ধনু সম্বন্ধে পরে বলা হবে ) শক্তির প্রকাশ আরো বেশী দেখা যায়।

নভেম্বরের ১ সংখ্যা রবির প্রতীক, বৃশ্চিকের, মঙ্গলের দ্বিতীয় ঘরে রবি অতি শক্তিশালী, সেইজন্য নভেম্বর ১, ১০ ও ১৯শে যাঁরা জন্মলাভ করেন, তাঁদের জীবন প্রধানতঃ সূর্যের চুম্বক রশ্মিগুলি দ্বারা পরিচালিত হয়।

এই কারণে "জীবনদাতা"র এই অংশে জাত ব্যক্তিগণ প্রচুর প্রাণশক্তি

বিকিরণ করেন, ও অন্যদের জীবনে যথেষ্ট প্রভাব বিস্তার করেন। এঁদের ক্ষেত্রে সৃজনশীল কথাটি সর্বৈব সত্য, দৃঢ় ও আগ্রাসী। অন্যদের পরিচালনার কাজে এঁরা দক্ষ এবং প্রায়ই রাজনৈতিক জীবনে সফল হ'ন। এঁরা দ্রষ্টা ও সমালোচক, নিজেদের সিদ্ধান্তে স্থির অথচ অধঃস্তন ব্যক্তিদের প্রতি অমায়িক।

এঁরা স্বভাবতঃ পরিহাসপ্রিয় ও ব্যঙ্গপ্রিয়; অনেক সময়ে অতি গম্ভীর ব্যাপারেও শ্লেষভরে অবজ্ঞা করে এমন মন্তব্য করবেন—যা' বৃশ্চিক দংশনের মতই দাহকরী হ'তে পারে। আবেগপ্রবণ ব্যক্তি এঁরা, অবহেলায় অত্যন্ত মর্মাহত হ'ন, কিন্তু কখনও হৃদয়ে ক্রোধ অধিককাল পোষণ করেন না। এঁরা অত্যন্ত হৃদয়বান ও শত্রুদের প্রতি ক্ষমাশীল। ১, ১০, ১৯ ও ২৮শে নভেম্বরের জাতক বৃহৎ কর্মে উদ্যোগী, ঠিকাদারি, স্থপতি শিল্প বৃহৎ পরিকল্পনার ইঞ্জিনিয়ারিং এবং দুঃসাহসিক অভিনব কাজের নক্সা তৈরী করতে দক্ষ।

অন্যদিকে সাহিত্যিক, নাট্যকার, বক্তা, মঞ্চাভিনেতা হিসাবে এঁরা বিখ্যাত। ২৮শে নভেম্বরের জাতক ধনু চিহ্ন, বৃহস্পতির অস্তি, ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘরে চলে আসেন। এঁরা আন্তরিক উচ্চাভিলাষী ও যশস্বী হ'ন, কিন্তু ১ সংখ্যার বৃশ্চিক ব্যক্তিদের মত অর্থের দিক দিয়ে ভাগ্যবান হ'ন না।

## অর্থভাগ্য

পূর্ব পরিচ্ছেদে বলা হয়েছে যে যদি আপনি ১, ১০, ১৯ ও ২৮শে নভেম্বর জন্মগ্রহণ করেন, তবে জীবনে সার্থকতা ও অর্থ আশা করতে পারেন। একমাত্র অসুবিধা হবে লব্ধ অর্থ সঞ্চিত করে রাখা।

## স্বাস্থ্য

সব দিক থেকে মনে হয় ২১শের পর স্বাস্থ্যের মোড় ফিরবে। সে বয়স পর্যন্ত, বিশেষতঃ শৈশবে এঁরা রুগ্ন। যদি ২১ বছর অবধি আয়ু থাকে তবে পরে শক্ত সমর্থ হন, ও সহজে আরোগ্য লাভ করেন। কণ্ঠ, ফুসফুস, শ্বাসনালীর ব্যাধি হ'তে পারে। ঠাণ্ডা স্যাঁৎসেঁতে আবহাওয়ায় এঁদের কখনো বাস করা উচিৎ নয়। বরং যথাসম্ভব সূর্য রশ্মির উপকারিতা গ্রহণ করা উচিৎ।

এদের প্রধান সংখ্যা ও তারিখ বহুদূর অবধি বিস্তৃত। ১ সংখ্যার ব্যক্তি রবি ও ইউরেনাসের প্রতিভূ, এদের সংখ্যা ১-৪। চন্দ্র ও নেপচুনকে ২-৭

রূপে ব্যাখ্যা করা হয় এবং এদের প্রতি সংখ্যা হিসাবে ধরা হয়। সেই কারণে ১, ২, ৪, ৭, ১০, ১১, ১৩, ১৬, ১৯, ২০, ২২, ২৫, ২৮, ২৯ ও ৩১ সংখ্যা ও তারিখ এদের জীবনে বিশেষ কার্যকরী। নিজেদের উদ্দেশ্য সিদ্ধি এবং বিশেষ সাক্ষাৎকারের তারিখ হিসাবে এইগুলি ব্যবহার করতে পারেন।

গ্রহশক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত রংগুলি ব্যবহার করবেন—

রবি—সব স্তরের সোনালী, ব্রোঞ্জ, কমলা ও সোনালী খয়ের।

ইউরেনাস—নীলাভ ধূসর, ফিকে বা বিদ্যুৎ রংগুলি।

চন্দ্র—সব স্তরের সবুজ, ফিকে বাদামী ও সাদা।

নেপচুন—কপোত ধূসর ও বিদ্যুৎ রংগুলি।

হীরা, পোখরাজ, এ্যাম্বার, মুন্‌স্টোন ও নীলকান্তমনি এদের পক্ষে শুভ রত্ন।

জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি—১, ৪, ১০, ১৩, ১৯, ২২, ২৮, ৩১, ৩৭, ৪০, ৪৬, ৫৫, ৫৮, ৬৪, ৬৭, ৭৩, ৭৬ ও ৮২।

১-৪ পর্যায় সংখ্যা এবং বিপরীত সংখ্যা পর্যায় ২-৭ তারিখগুলির জাতক এদের আকৃষ্ট করবে ভীষণ ভাবে।

## ১০৩ পরিচ্ছেদ

### ২, ১১, ২০ ও ২৯শে নভেম্বরের জাতকগণ
### ( এই মাসের ২ সংখ্যার ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, স্যানডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা চন্দ্র, নেপচুন, মঙ্গল, ত্রিগুনাত্মক বরুণের দ্বিতীয় ঘরের বৃশ্চিকের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন। ২৯শে তারিখ এর মধ্যে আসে না কারণ এখানে ধনু, ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘর বৃহস্পতি ( অস্তি )-র আধিপত্য। সে বিষয়ে পরে আলোচনা করা যাবে।

নভেম্বর মাসের জাতকদের সঙ্গে সাধারণ ভাবে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে করা হয়েছে। নিষ্ক্রিয় মঙ্গল কক্ষে, বৃশ্চিক চিহ্নে অধোমুখী চন্দ্র অতি বিচিত্র এক সমন্বয় সৃষ্টি করে, ফলে এই ব্যক্তির চরিত্র সম্পূর্ণ দুই বিপরীতমুখী। চন্দ্রের পক্ষে এই পরিস্থিতি ভাল নয়; সেইজন্য উপরোক্ত

তারিখগুলির জাতক জীবনে সার্থক হ'তে চাইলে অতি বিচক্ষণ ভাবে মনের গতি লক্ষ্য করে জীবন পথে অগ্রসর হবেন! সর্বোপরি সঙ্কল্পে স্থির ও আত্ম-বিশ্বাসে দৃঢ় হওয়া উচিৎ।

সবচেয়ে অসুবিধা এই যে, জীবনের প্রথম দিকে এরা লক্ষ্য স্থির করতে পারেন না। এঁদের শিল্প প্রতিভা ও কল্পনাশক্তি প্রখর, কিন্তু এঁরা বড় বেশী স্বপ্ন জগতে বিচরণ করেন; সেইজন্য ঈশ্বরদত্ত প্রতিভার অনুশীলনের অভাবে—সদ্ব্যবহার করা হয় না।

নিজেদের কার্যোদ্ধারের জন্য এঁরা পরমুখাপেক্ষী, ফলে বিশ্বাস করে ঠক্‌তে হয়। জীবন সংগ্রাম এত কঠিন বোধ হয় যার জন্য এদের আদৌ প্রস্তুতি থাকে না।

এই তারিখে জাত স্ত্রীজাতি পুরুষদের তুলনায় অনেক বেশী দুর্ভোগ ভোগেন। এঁরা এত বেশী ভাবপ্রবণ ও উচ্ছ্বাসপূর্ণ যে, না বুঝে বিবাহ করে নিজেদের উপর দুর্ভোগ টেনে আনেন।

এই তারিখগুলিতে জাত নর ও নারী সকলেই প্রেমের মায়াজালে আচ্ছন্ন হয়ে লঘুপাপে গুরুদণ্ড ভোগ করেন।

কিন্তু এঁরা যদি নিজেদের ভাবালুতা আয়ত্তে আনতে পারেন, তবে প্রচ্ছন্ন প্রতিভার বিকাশে উঁচুদরের শিল্পী হ'তে পারেন।

বৃশ্চিক চিহ্নের এই তারিখগুলিতে যে সব কবি, চিত্রকর, লেখক ও সঙ্গীতকার জন্মেছেন, তাঁদের প্রতিভার কথা চিন্তা করে অবাক হতে হয়।

বিপরীত লিঙ্গের প্রতি এঁদের সহজাত আকর্ষণ আছে, কিন্তু প্রেমের এই নিগঢ় অতি দুর্বল। বিবাহ-বিচ্ছেদে ক্ষত-বিক্ষত মন নিয়ে তাঁরা বার বার একই রকম বিচারে ভুল করেন।

এই সময়ের জাতকদের প্রতি আমার একান্ত অনুরোধ যে, তাঁরা যেন বিশেষ একদিকে মনসংযোগ করেন। প্রথমে একটি বিশেষ বিষয় আয়ত্তে এনে, তারপর না হয় প্রেমের প্রজাপতি হয়ে যথেচ্ছ বিচরণ করে বেড়ান।

## অর্থভাগ্য

অতি সতর্ক না হ'লে এ বিষয়ে ঘা' খেতে হ'বে। বিবাহযোগে অর্থপ্রাপ্তি ঘটতে পারে কিন্তু তা স্থায়ী হবে না। অপরের কথায় ভরসা না করে আপন নির্বাচিত পন্থায় অর্থোপার্জন করুন।

## স্বাস্থ্য

শরীর খুব শক্ত হবার কথা নয়। আপন শক্তির উপর দৃষ্টি রেখে সেইমত কাজ করবেন কারণ অতিরিক্ত স্নায়বিক পরিশ্রম করা আপনার স্বভাব। আভ্যন্তরীণ দুর্বলতা বা লিঙ্গ স্ফীতি জনিত ব্যাধি হতে পারে। নাসিকা, কর্ণ ও কণ্ঠনালি, দুর্যোগ ঘটাতে পারে, অনিদ্রা ও রাত্রে অস্থিরতা থাকতে পারে। আপনি এত বেশী সূক্ষ্মানুভূতিপ্রবণ ব্যক্তি যে, বিষন্ন পরিবেশ আপনার স্বাস্থ্যের উপর প্রতিক্রিয়া করবে।

মাঝে মাঝে বিষাদ আপনাকে আচ্ছন্ন করতে পারে, সেটুকু আপনি কাটিয়ে উঠতে চেষ্টা করুন।

২৯শে নভেম্বর অর্থাৎ বৃহস্পতির অধীনে ধনু চিহ্নে জন্মগ্রহণ করলে আপনার চরিত্রবল অধিক ও সঙ্কল্প ফলঃপ্রসূ হওয়া সম্ভব।

আপনার সিদ্ধান্ত কার্যে পরিণত করতে হ'লে এবং সাক্ষাৎকারের ফললাভ করতে হ'লে ২ ও ৭ ঘরের সংখ্যাগুলি, যথা—২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখগুলি ব্যবহার করুন।

আপনার গ্রহশক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত রংগুলি ব্যবহার্য—

চন্দ্র—সব স্তরের সবুজ হাল্‌কা বাদামী ও সাদা।

নেপচুন—কপোত ধূসরের সব স্তর এবং বিদ্যুৎ বর্ণগুলি।

সবুজ জেড্, মুক্তা, মুন্‌স্টোন ও চুনী আপনার পক্ষে শুভ বস্তু।

আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে—২, ৭, ১১, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৬১, ৬৫ ও ৭০।

আপন সংখ্যা পর্যায় ২—৭ এবং বিপরীত ঘরের ১—৪ পর্যায়ের ঘরে তারিখের জাতক আপনাকে আকৃষ্ট করবে প্রবল ভাবে।

# ১০৪ পরিচ্ছেদ

## নভেম্বরের ৩, ১২, ২১ ও ৩০শের জাতকগণ

### ( ৩ সংখ্যার ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে বৃহস্পতি, মঙ্গল, ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘরের বৃশ্চিকের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন। ৩০শে নভেম্বর ধনুচিহ্ন আসার ফলে অন্য পর্যায়ে পড়ে যান, পরে তার ব্যাখ্যা করব।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা নভেম্বরের জাতকদের সঙ্গে দেওয়া হয়েছে।

জ্যোতিষ্কমণ্ডলীর এই ঘরে বৃহস্পতি ও মঙ্গল অতিশয় শক্তিশালী এবং যদি তার সদ্ব্যবহার করেন, তবে যে কোনও পথে আপনার সাফল্য অনিবার্য।

আপনার যথেষ্ট আত্মবিশ্বাস আছে। জীবনের কোন সময়ে বহু দায়িত্ব আপনার স্কন্ধে এসে পড়বে, তখন আপনার এই গুণ কাজে লাগবে।

অল্প বয়সে অনেক বিঘ্ন দেখা দেবে, পিতা বা মাতার মৃত্যু জনিত অসহায়তা, হয় তো বা আর্থিক অবস্থারও তারতম্য হ'তে পারে।

আপনার জীবনে এই সব দুঃখ "ছদ্মবেশী আশীর্বাদ বলে ধরে নেবেন।" এর ফলে অল্প বয়সে দায়িত্ব নেবার শক্তি জেগে ওঠে।

যদি অল্প বয়সে ফেলে আসা দিনগুলির কথা চিন্তা করেন, তবে দেখবেন, কোন না কোন কারণে আপনার ছোট্ট স্কন্ধে বোঝা বইতে হয়েছে অন্যদের তদারকি করতে হয়েছে। জীবনে যত অগ্রসর হয়েছেন, দায়িত্ব তত বেড়ে গেছে এবং কোন রকমে ঠিকই "পরিবারের মাথা" হতে হয়েছে।

প্রথমে ভারি লেগেছে বোঝা, স্বীয় পরিকল্পনা সিদ্ধ করার পথে বাধা ঘটেছে, কিন্তু চরিত্র গঠনের পক্ষে ভাল হয়েছে এবং পরিশেষে আপনাকে বৃহস্পতি ও বৃশ্চিক চিহ্নে মঙ্গলের বরপুত্র হ'তে সাহায্য করেছে।

নর-নারী নির্বিশেষে বৃথা অহংকারী বা দাম্ভিক না হ'য়েও সর্বদা অন্যদের তুলনায় নিজের মাথা উঁচু বলে মনে হয়েছে। মনের মধ্যে আপনি ঠিকই জানেন যে, সুযোগ সুবিধে পেলে অনেক বড় কিছু আপনার পক্ষে করা সম্ভব

ছিল। এইজন্য দায়িত্ব যখন এসেছে, আপনি সঙ্কুচিত হননি। যখন আপনাকে ক্লাবের সেক্রেটারি নির্বাচন করা হ'ল, তখন আপনি সম্মত হয়েছেন, পরে তার প্রেসিডেণ্ট, এইভাবে ধাপে ধাপে উঠে গেছেন। নারী হ'লেও এই একই পথে চলতে হবে।

অথবা কোন সময়ে অন্য একটি সংসারের দায়িত্ব, সন্তানদের মানুষ করার দায়িত্ব আপনার উপর পড়তে পারে।

এখন আপনার দোষ ত্রুটি বিশ্লেষণ করে দেখা যাক, কারণ সবচেয়ে যে ভাল, তারও খুঁৎ থাকে। নারী পুরুষ যেই আপনি হোন্, অত্যধিক দায়িত্ব নিজ স্কন্ধে টেনে নেওয়া আপনার স্বভাব, ফলে স্নায়ুর ওপর অত্যধিক চাপে অকালে শরীর পাত হতে পারে। অতিরিক্ত প্রভুত্বপরায়ণ ও শাসন করার অভ্যাসে আশেপাশের অনেকে ভৃত্য ও অধঃস্তন কর্মচারীরা আপনার সঙ্গে শত্রুতা করতে পারে। এইভাবে শত্রুব্যূহের চাপে তিক্ত হয়ে আশাভঙ্গের মনস্তাপে কষ্ট পেতে পারেন। যদি তেমন কিছু হয়, তবে প্রথম থেকে আবার আপনাকে শুরু করতে হবে। সমস্ত অপরাধের দায় আপন স্কন্ধে এসে পড়বে, একথা নিশ্চিত জেনেও নিজের চরিত্রের এই দুর্বলতা আপনাকে জয় করতেই হবে। ৩০শে নভেম্বরের জাতক বৃহস্পতির ( অস্তি ) কক্ষে ধনুরা শর প্রভাবে ৩ সংখ্যার শক্তিতে কৃতকার্যের পুরস্কার আশা করতে পারেন।

## অর্থভাগ্য

ঈশ্বর নির্দ্ধারিত যে কোনও পথে আপনি অর্থোপার্জন করতে পারেন। আপনার বিপদ হ'ল অনেক কিছু করতে গিয়ে আপনি অতিরিক্ত শক্তিক্ষয় করে স্বাস্থ্য নাশ করেন, এইজন্য হয়তো মাঝপথে আপনাকে থেমে যেতে হয়।

## স্বাস্থ্য

যদি সাধ্যাতীত দায় ঘাড়ে নিয়ে অতিরিক্ত পরিশ্রমে অসুখে পড়েন, তবে তারজন্য আপনি নিজে সম্পূর্ণ দায়ী। একথা আপনার জানা উচিত যে, জ্যোতিষ্কমণ্ডলীর সবচেয়ে সুস্থ অবস্থার ঘরে আপনার জন্ম।

৩, ১২, ২১ ও ৩০শে নভেম্বরের জাতক কেবল মাত্র অত্যধিক পরিশ্রমের ফলেই ব্যাধিগ্রস্ত হবেন এবং এজন্য অনেককাল ভুগতে হবে।

বয়স বাড়ার সঙ্গে সঙ্গে হৃদযন্ত্র বিকল হ'তে পারে, রক্তের চাপ বৃদ্ধি পেতে

পারে এবং শিরঃপীড়া থাকতে পারে। রোগের মত আরোগ্যলাভও আপনার নিজের হাতে, দায়িত্ব হাল্কা করুন, সহজ পাচ্য ভোজন করুন, ও যথেষ্ট নিদ্রা যান।

বছরের যে কোনও মাসে '৩' ও '৯' আপনার পক্ষে কার্যকরী, কিন্তু বিশেষতঃ নভেম্বর, ডিসেম্বর, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল ও মে মাসের ঐ তারিখগুলি বেশী ফলপ্রসূ। আপনার সব পরিকল্পনা ও যোগাযোগ ৩, ৯, ১২, ১৮, ২২, ২৭ ও ৩০ তারিখে ফেলবেন।

আপনার গ্রহ আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন—

বৃহস্পতি—হালকা বা গাঢ় বেগুনি।

মঙ্গল—লাল, গাঢ় বা ফিকে।

এ্যামেথিস্ট, হালকা বা গাঢ় বেগুনি পাথর, টারকোয়েজ ও সব নীল পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনে গুরুত্বপূর্ণ বয়সগুলি—৩, ৯, ১২, ১৮, ২১, ২৭, ৩০, ৩৬, ৪৮, ৫৪, ৫৭, ৬৩, ৬৬, ৭২ ও ৭৫।

বছরের যে কোনও মাসে '৩' ও '৯' ঘরের, যথা—৩, ৯, ১২, ১৮, ২১, ও ৩০ তারিখের জাতক আপনার দৃষ্টি আকর্ষণ করবে এবং তাঁদের সঙ্গে আপনার মিলবেও ভাল।

## ১০৫ পরিচ্ছেদ

### ৪, ১৩, ২২ ও ৩১শে নভেম্বরেব জাতকগণ

### ( মাসের ৪ সংখ্যাব ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে ইউরেনাস, রবি এবং মঙ্গল, ত্রিগুণাত্মক বরুণের বৃশ্চিকের দ্বিতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

৩১শে নভেম্বরের জাতক ধনু চিহ্নে এসে অন্য পর্যায়ে পড়বেন, তার ব্যাখ্যা পরে করা হবে।

নভেম্বরের বৃশ্চিক চিহ্নে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁদের সম্বন্ধে আলোচনা কালে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা করা হয়েছে।

ইউরেনাস, রবি ও মঙ্গল বৃশ্চিক চিহ্নে চরিত্রের অদ্ভুত এক জটিলতা সৃষ্টি করে। জ্যোতিষ্কমণ্ডলীর এ এক আশ্চর্য সমন্বয়।

এ কথা মনে রাখবেন যে, ইউরেনাস এবং মঙ্গল সৌর মণ্ডলের দু'টি ধ্বংসকারী সমন্বয়, যখন এরা বৃশ্চিকে মঙ্গলের ঘরে যুক্ত হয়, তখন অভাবিত কিছু ঘটতে পারে।

৩১শে অক্টোবরের জাতকগণ ( বৃশ্চিকের ৪ সংখ্যার প্রথম ব্যক্তিগণ ) এবং ৪, ১৩ ও ২২শে নভেম্বরের জাতকগণ ইউরেনাসের প্রভাবে আশ্চর্য সব কাজ করতে পারেন, কিন্তু এই প্রসঙ্গে বলে রাখা ভাল যে, জ্যোতিষ্কমণ্ডলীর এমন কোন গ্রহ সমন্বয় নেই, যেখানে পরিপূর্ণ আত্মসংযমের এত প্রয়োজন।

উপরোক্ত তারিখগুলিতে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁরা জীবনে অনেক উঁচুতে উঠতে পারেন। তাঁদের উদ্ভাবনী শক্তি, স্বাতন্ত্র্য এবং চরিত্রগত খেয়ালীপনা—সবকিছুই ফলপ্রদ হ'তে পারে, কিন্তু এজন্য আত্মবিশ্বাস ও চিত্তের দৃঢ়তার একান্ত আবশ্যক।

এঁদের মনের আধ্যাত্মিক ভাব উন্নত করার প্রয়োজন আছে। "দুর্ভাগ্যের তীক্ষ্ণ শরাঘাত" গুলি খণ্ডন করতে এর মত অস্ত্র নাই। এ বিষয়ে অগ্রসর হতে না পারলে আর সকলের ব্যবহারে তিক্ত বিরক্ত হ'য়ে উঠবেন। এঁদের চিন্তা, কর্ম ও ক্রিয়াকলাপ দেখে ভুল ধারণা হওয়া স্বাভাবিক। এঁদের বৈশিষ্ট্যও খেয়ালীপনা ও ব্যঙ্গের উপকরণ হ'তে পারে। তাঁদের প্রতি অবিচার চলতে পারে, ফলে জগৎটাকে একটি কঠিন বিদ্যালয় এবং এ স্থানের পাঠ অতি দুর্বোধ্য ঠেকতে পারে।

"মানব জগৎ সৃষ্টি কর্তার মহান উদ্দেশ্যের অংশ বিশেষ"—এই বিশ্বাস হারিয়ে যদি তাঁরা মঙ্গল ও ইউরেনাসের সমন্বয়কে মনের উপর ধ্বংসাত্মক প্রভাব বিস্তার করতে দেন, তবে সকল শুভ হ'তে বিচ্ছিন্ন হ'য়ে অসাধারণ দুঃখের বোঝা নিজেদের মাথায় নিজেরা টেনে আনবেন।

৩১শে অক্টোবর ও ৪, ১৩, ২২শে নভেম্বরের জাতকগণ স্বভাবের খামখেয়ালীপনা দূর করতে চেষ্টা করবেন—নতুবা বিপজ্জনক অবস্থায় পড়তে পারেন। ইউরেনাস ও মঙ্গলের সমন্বিত শুভ ফল হ'ল এই যে, তাঁরা যা

করেন, মন প্রাণ ঢেলে করেন। জন্মভূমির আইন ও সামাজিক জীবনের সংস্কার করার প্রবল ইচ্ছা এঁদের মধ্যে দেখা যায়। আমি এই উপদেশ দিই যে, আধ্যাত্মিক প্রেরণা দ্বারা যখন অন্তরে শান্তি লাভ করবেন, তখন আপনি চারিপাশে আইন-শৃঙ্খলা ও সমতা বিস্তারের চেষ্টা করুন।

## অর্থভাগ্য

নভেম্বরের এই তারিখগুলির জাতক অর্থ সম্বন্ধে সতর্ক হওয়া উচিত, অপরের সাহায্য বা প্রতিশ্রুতির উপর আদৌ নির্ভর করবেন না। অংশীদার বা মৈত্রী বন্ধনের পক্ষে এ রাশি অশুভ। তবে সম্পূর্ণ ব্যক্তিগত প্রচেষ্টা সফল হ'তে পারে। প্রগতিশীল উদ্ভাবনা—যথা বিদ্যুৎ রাজ্যে বেতার ও বেতারযন্ত্র, চলচ্চিত্র, টেলিভিশন বা ঐ ধরনের কিছু আবিষ্কারের সম্ভাবনা আছে। হয়তো বা সাহিত্যেও সুনাম হ'তে পারে।

## স্বাস্থ্য

সর্বদা মনে রাখবেন, মনই আপনার শারীরিক অসুস্থতার কারণ। মঙ্গল ও বৃশ্চিকে ইউরেনাসের ধ্বংসাত্মক উপাদানগুলিকে প্রশ্রয় দিলে ঐ সব গ্রহ সংশ্লিষ্ট ব্যাধির আক্রমণ হ'তে পারে। মানসিক দুশ্চিন্তায় স্নায়ুর উপর প্রতিক্রিয়া জনিত অগ্নিমান্দ্য, পেটের গণ্ডগোল, আভ্যন্তরীণ ক্ষত, টিউমার, বিষক্রিয়া, হৃদযন্ত্রের দুর্বলতা, রক্ত চলাচলে বাধা সৃষ্টি করতে পারে।

জীবনের প্রতি উজ্জ্বল দৃষ্টি রেখে পারিপার্শিকতার সঙ্গে আপনার মিলে যেতে চেষ্টা করা উচিৎ।

উপরোক্ত যে কোনও তারিখে জন্মালে মাসের ৪, ৮ ও ৯ ঘরের তারিখ, —যথা ৪, ৮, ৯, ১৩, ১৭, ১৮, ২২, ২৬, ২৭ ও ৩১ আপনার পক্ষে কার্যকরী হবে। আপনার পক্ষে শুভবর্ণ হবে—নীলকান্ত মনির নীল, গাঢ় লাল ও গোলাপী।

আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে—৪, ৮, ৯, ১৩, ১৭, ১৮, ২২, ২৬, ২৭, ৩১, ৩৫, ৩৬, ৪০, ৪৪, ৪৫, ৪৯, ৫৩, ৫৪, ৫৮, ৬২, ৬৩, ৬৭ ও ৭১।

বছরের যে কোনও মাসের ৪, ৮ ও ৯ ঘরের তারিখে যাঁর জন্ম, তিনি আপনাকে আকৃষ্ট করবেন বিশেষভাবে।

# ১০৬ পরিচ্ছেদ

## ৫, ১৪ ও ২৩শে নভেম্বরের জাতকগণ

## এ মাসের ৫ ঘরের ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা বুধ, মঙ্গল, ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘরের বৃশ্চিকের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

নভেম্বর মাসের জাতকগণ সম্বন্ধে আলোচনাকালে আপনার চরিত্র ও মানসিক গঠনের বিষয় সাধারণভাবে পূর্বেই ব্যাখ্যা করা হয়েছে।

নিস্ক্রিয় মঙ্গল এর ঘরে বুধ আপনাকে বুদ্ধি, মননশক্তি ও ব্যবস্থাপনার ক্ষমতা দেবে এবং নিজের চারপাশের ব্যক্তিগণ সম্বন্ধে নির্ভুল বিবেচনা দেবে। তীক্ষ্ণ, বিচক্ষণ, সন্দিহান ও অবিশ্বাসী স্বভাব আপনার এবং অপ্রচলিত কোনও উপায়ে আপনি অর্থোপার্জন করবেন। শিল্প ও সৌন্দর্যের প্রতি প্রগাঢ় প্রীতি থাকবে এবং উঁচুদরের কল্পনাশক্তি আপনার উপর ভগবানের দান।

বিপরীত লিঙ্গের প্রতি আপনার আকর্ষণ বেশী, প্রণয়ঘটিত অনেক ব্যাপার আপনার জীবনে আসতে পারে। কিন্তু এর কোনটাই স্থায়ী হবে না এবং আপনার চরিত্রে গভীর রেখাপাত করবে না। আপনার বিবাহ না করাই ভাল কিম্বা মধ্যবয়স পার করে বিবাহ করাই ভাল।

আপনি চঞ্চল, ভ্রমণ প্রিয় ও বহুবার বহু বাসস্থান পরিবর্তন করবেন।

### অর্থভাগ্য

এ বিষয়ে আপনি ভাগ্যবান কিন্তু মঙ্গলের ধ্বংসাত্মক প্রভাবে লভ্যাংশ ধরে রাখা সম্ভব হবে না।

### স্বাস্থ্য

নভেম্বরের এই তারিখগুলিতে জন্ম হ'লে বাল্যকালে যাবতীয় শিশুরোগে আপনাকে বিপর্যস্ত করবে; পরে ব্যাধির আক্রমণ এড়াবার ক্ষমতা অর্জন করবেন, কিন্তু স্নায়ু বরাবরই দুর্বল থাকবে।

সহজে বিরক্ত ও উত্তেজিত হয়ে হঠাৎ অসম্ভব রেগে উঠবেন এবং আপনার

শরীরে এর প্রতিক্রিয়া বিষবৎ ক্ষতিকর হবে। মোটামুটি স্বাস্থ্য ভালই চলবে, কিন্তু দীর্ঘকাল না ভুগে হঠাৎই মৃত্যু আসতে পারে আপনার।

৫, ১৪ বা ২৩শের জাতকের পক্ষে প্রধান সংখ্যা হবে '৫' ও '৯' এর ঘরে এবং তারিখ হিসাবে ৫, ৯, ১৪, ১৮, ২৩ ও ২৭ গুলি কার্যকরী।

সব হাল্‌কা রং, যথা—সাদা, ফিকে বাদামী, উজ্জ্বল রূপালী এবং সকল স্তরের লাল রং আপনার পক্ষে ভাল।

হীরা, সব উজ্জ্বল গহনা, চুনী, গোমেদ ও অন্যান্য লাল পাথর আপনার পক্ষে শুভ। আপনার জীবনের প্রধান বয়সগুলি যথাক্রমে—৫, ৯, ১৪, ১৮ ২৩, ২৭, ৩২, ৩৬, ৪১, ৪৫, ৫০, ৫৪ ৫৯, ৬৩, ৬৮ ও ৭২।

বছরের যে কোনও মাসে '৫' ও '৯' ঘরের ব্যক্তি, অর্থাৎ ৫, ৯, ১৪, ১৮ ২৩ ও ২৭শের জাতক আপনাকে আকৃষ্ট করবে।

## ১০৭ পরিচ্ছেদ

### ৬, ১৫, ২৪শে নভেম্বরের জাতকগণ

### ( ৬ সংখ্যার ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে শুক্র, মঙ্গল, ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘরের বৃশ্চিকের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

নভেম্বরের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা দেওয়া হয়েছে।

মঙ্গলের নিষ্ক্রিয় ঘরে শুক্র অনেক দিক থেকে মঙ্গলের লক্ষণ, কিন্তু ব্যর্থ প্রেম ও ব্যাহত স্নেহের সম্ভাবনা প্রায়ই দেখা যায়। এঁরা অত্যন্ত স্নেহপ্রবণ, আত্মীয়স্বজন, পিতামাতার জন্য আত্মত্যাগ করে থাকেন এবং সর্বদা কারুর দায় ওদের বহন করতে হয়।

পিতা বা মাতার মৃত্যুর ফলে নিজেদের উপর বহু দায়িত্ব এসে পড়ে, অল্প বয়সে বহু কষ্ট সইতে হয়, ফলে নিজেদের ইচ্ছা সব পূর্ণ হয় না।

সমাজের উঁচু ধাপে, আর্থিক স্বচ্ছলতার মধ্যে জন্মগ্রহণ করলেও জীবনে সেই একই কষ্ট ভুগতে হয়, নিজেদের সাধ-আহ্লাদ বিসর্জন দিতে হয়।

এঁরা স্বাধীন জীবন যাপনের আগ্রহে নিম্নস্তরে বিবাহ করেন ফলে প্রথমেই ভুল করে বসেন। এঁরা সহজে বিপরীত লিঙ্গের দৃষ্টি আকর্ষণ করেন, কিন্তু প্রেমে অন্ধ হ'য়ে ভুল সঙ্গী নির্বাচন করেন।

হয়তো অনেক বয়সে বিবাহ করেন এবং মুহূর্তের খেয়ালে সঙ্গী নির্বাচনে ভুল হয়। প্রেমের কাঁটা এঁদের জীবন ক্ষতবিক্ষত করে এবং ঈর্ষার বিরুদ্ধে প্রবল যুদ্ধ করতে হয়। বৃশ্চিক শুক্র সমন্বয়ের জাতক যত দেরিতে বিবাহ করেন ততই মঙ্গল।

শিল্পী জীবনে এঁদের প্রতিভার বিকাশ হয় বেশী। সঙ্গীত, বিশেষতঃ কনসার্ট বা অপেরা, অঙ্কন, ভাস্কর্য, অভিনয়, কখনও বা লেখক হিসেবে সুনাম অর্জন করেন। প্রায়ই এ সবের বিরাট দায়িত্ব নিতে বাধ্য হ'ন, ফলে একেবারে জনতার সামনে এসে দাঁড়াতে হয়।

ব্যবসায়ী জীবনে যদি বাঁধা-ধরা কাজ করতে বাধ্য হ'ন, তবে অতি পরিশ্রম করেন এবং ওপরওয়ালার দক্ষিণ হস্ত হয়ে দাড়ান। বস্তুতঃ যে কোনও কাজে এরা স্বীয় দায়িত্ব পালনে বহু স্বার্থত্যাগ করে থাকেন।

৬, ১৫ ও ২৪শে নভেম্বরের জাতক যশ, সম্মান লাভ করতে বাধ্য এবং অনেক সময়ে প্রচুর অর্থ ও উচ্চ পদমর্যাদা পেয়ে থাকেন।

## অর্থভাগ্য

আপন প্রেরণা অনুযায়ী কাজ করলে আর্থিক সুখের ইঙ্গিত পাওয়া যায়। যদিও বাইরের ঠাট বজায় রাখতে পোশাক পরিচ্ছদে যথেষ্ট বিলাসিতা করে থাকেন। তবু অর্থোপায় ও সঞ্চয় দুই বজায় রাখেন।

## স্বাস্থ্য

৫, ১৫ ও ২৪শে নভেম্বরের জাতক স্বভাবতঃ সুস্থ ও শক্ত সমর্থ হ'ন। এদের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে মেদবৃদ্ধি হয়ে হৃৎপিণ্ডের উপর চাপ পড়ে। ফুসফুস, কণ্ঠ, নাসিকা ও কর্ণের ভিতরে ব্যাধি হ'তে পারে।

৬, ১৫ ও ২৪শে নভেম্বরের জাতক '৬' ও '৯' সংখ্যা পর্যায়কে শুভ বলে

মেনে নিতে পারেন। যে কোনও মাসে, বিশেষতঃ যে অক্টোবর ও নভেম্বরের ৬, ৯, ১৫, ১৮, ২৪ ও ২৭ তারিখে প্রয়োজনীয় কর্ম ও সাক্ষাৎকারগুলি সেরে নেবেন।

গ্রহ শক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য আপনি নিম্নলিখিত রংগুলি ব্যবহার করবেন। যথা—শুক্র=ফিকে থেকে গাঢ় অবধি নীলের সবস্তর আপনার পক্ষে শুভ।

মঙ্গল—ফিকে অথবা গাঢ় লাল।

টারকোয়েজ, নীলপাথর, চুনী, গোমেদ ও লাল পাথর আপনার পক্ষে শুভ রত্ন।

যে কোন মাসের '৬' ও '৯' পর্যায় সংখ্যা যথা—৬, ৯, ১৫, ১৮, ২৪ ও ২৭শের জাতক আপনাকে আকৃষ্ট করে থাকেন।

## ১০৮ পরিচ্ছেদ

### ৭, ১৬ ও ২৫শে নভেম্বরের জাতকগণ

### ( এ মাসের ৭ ঘরের ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা নেপচুন, চন্দ্র, মঙ্গল ও ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘরের বৃশ্চিকের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

নেপচুন দেহ অপেক্ষা মনের ওপর প্রভাব বিস্তার করে বেশী। মনের গোপনে যা কিছু রহস্য, যথা—অবচেতন মন থেকে উদ্ভাবিত স্বপ্ন, দিবা স্বপ্ন এবং উচ্চমানের আবিষ্কার ক্ষমতা ইত্যাদিকে সাহায্য করে।

বৃশ্চিক রাশিতে মঙ্গল ( নেতি ) কক্ষের যথেষ্ট ক্ষমতা আছে এবং এই চিহ্নে মঙ্গল থাকায় একে মানসিক গ্রহ বলা হয়, চন্দ্রও তাই।

৭, ১৬ ও ২৫শে নভেম্বরের জাতক সোজাসুজি এই গ্রহ সমন্বয়ের প্রভাব পাবেন।

পারিপার্শ্বিক ব্যক্তি বা অবস্থা সম্বন্ধে আপনি অতি সচেতন। আনন্দ হীন পরিবেশ আপনাকে অস্থির, অতৃপ্ত করে এবং আপনি এতবেশী আপনভাবে মগ্ন এবং অ-মিশুক স্বভাবের ব্যক্তি যে, এতে আপনার ক্ষতি হয়।

উচ্চমানের রসায়ণ জাতীয় "গোপন শিল্পে"র প্রতি আপনি অনুরক্ত। সব বৈজ্ঞানিক গবেষণাই আপনার প্রিয়, বিশেষতঃ মনঃস্তাত্বিক হিসাবে মস্তিষ্কের আভ্যন্তরীণ ক্রিয়াকলাপের প্রতি আগ্রহ আপনার প্রগাঢ়।

বস্তু জগতের সঙ্গে যোগাযোগের স্বল্পতা হেতু লোকে আপনাকে ছিটগ্রস্ত মনে করবে। স্বীয় চিন্তাধারা অনুযায়ী কাজ করে আপনি অনেক উঁচুতে উঠতে পারেন।

যে কোনও কাজে আপনার প্রগাঢ় নিষ্ঠা আছে এবং আপনি গোপনতা-প্রিয় এবং গম্ভীর স্বভাবের ব্যক্তি। এই গ্রহ সমন্বয় মানুষকে রহস্যপ্রিয়তার দিকে টেনে নিয়ে যায়। যাদুবিদ্যা, মোহাবিষ্ট করবার ক্ষমতা ইত্যাদি মানসিক শক্তির দিকে আপনার ঝোঁক বেশী। "বৈদ্য" অথবা "অভিনব চিন্তা" ধারার অগ্রণী হিসাবে আপনার শক্তির বিকাশ হবে।

লোকে আপনাকে ভুল বুঝবে, লোকের কথায় আঘাত পেলেও আপনি সে সব মতের কোন দাম দেবেন না।

## অর্থভাগ্য

আপনি এই মানসিক শক্তি জীবিকার প্রয়োজনে ব্যয় করতে নারাজ, কিন্তু আশ্চর্য উপায়ে আপনার অর্থপ্রাপ্তি দেখা যায়। বৈজ্ঞানিক আবিষ্কার, তথ্যানুসন্ধান, স্বীয় অন্তর্দৃষ্টির সাহায্যে যথাসময়ে কোনও অসাধ্য-সাধনের জন্য পুরস্কার-প্রাপ্তির যোগ দেখা যায়।

## স্বাস্থ্য

শরীর খুব সবল নয়। মনের ওপর চাপ অল্পেই অত্যন্ত বেশী পড়ে, কিন্তু আশ্চর্যরকম দার্শনিক মতে আপন খাদ্য-তালিকা নির্দ্ধারণ করে জীবনের পরিসর বাড়িয়ে নেন আপনি।

২, ৭ ও ৯ পর্যায় সংখ্যা আপনার পক্ষে কার্যকরী এবং বছরের যে কোনও সময়ে ২, ৭, ৯, ১১, ১৬, ১৮, ২০, ২৫ বা ২৭ তারিখে নিজের কার্যসিদ্ধি ও সাক্ষাৎকার সেরে নেবেন।

গ্রহ শক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য নিম্নলিখিত বর্ণগুলি ব্যবহার করবেন।

চন্দ্র—সব স্তরের সবুজ, সাদা ও ঘি রং।

নেপচুন—সব স্তরের কপোত ধূসর, ফিকে এবং বিদ্যুৎ রং।

মঙ্গল—ফিকে ও গাঢ় সব লালই চল্‌বে, কিন্তু আপনি ফিকে রং-টিই বেশী ব্যবহার করবেন।

সবুজ, ধূসর জেড্, মস্ এগেট্, মুনস্টোন, সাদা, চুনী, গোমেদ ও লাল রঙের পাথর আপনার পক্ষে শুভ।

## ১০৯ পরিচ্ছেদ

### ৮, ১৭ ও ২৬শে নভেম্বরের জাতকগণ

### এ মাসের ৮ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা শনি, এবং মঙ্গল ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘরের বৃশ্চিকের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

নভেম্বর মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বেই দেওয়া হয়েছে।

সংক্ষেপে জানাচ্ছি যে, এই গ্রহ সমন্বয় সুখের নয়, যদি না আপনি যথেষ্ট আত্মসংযম ও আপন শক্তির উপর আস্থাবান হ'ন।

শনিকে অনেক জ্যোতিষী "স্বর্গের প্রাচীন বিদ্যালয়ের গুরুমহাশয়" আখ্যা দেন। শনি তার সন্তানদের কঠিন শাস্তি দেয়, বিশেষতঃ অল্প বয়সে।

বছরের এই সময়ে মঙ্গল (নেতি) আপনার পশ্চাতে রয়েছে এবং আপনার মনের সমর্থন দ্বারা শনির সর্বগ্রাসী শক্তি ক্ষয় করবে। কেবলমাত্র মনের জোরে আপনি এগিয়ে যাবেন এবং জীবন পথে জগদীশ্বর যেখানে আপনার ঠাঁই রেখেছেন, সেখানে সফল হবেন-ই। হয়তো জগতে শ্রেষ্ঠ যে জয় নিজের উপর জয়—তাই আপনি লাভ করবেন।

৮ ও ১৭ নভেম্বরে জন্ম হ'লে অল্প বয়সে কষ্ট করে খাড়াই উঠতে হবে। ২৬শে নভেম্বরের জাতক অপেক্ষাকৃত অধিক ভাগ্যবান, কারণ তাঁরা আগন্তুক বৃহস্পতির প্রভাব পাবেন, কিন্তু শনির দশা থেকে রেহাই পাবেন না।

৮ ও ১৭ নভেম্বরের জাতক স্বাধীনচেতা এবং তাঁদের সঙ্গে মানিয়ে চলা

শক্ত। ঠিক হোক, ভুল হোক, আপনার মতামত সহজে নড়ানো যায় না। একদেশদর্শিতা আপনার স্বভাবের দোষ, আপনি সন্দিগ্ধমনা এবং জগৎশুদ্ধ সবাই আপনার বিরোধী এই ভাব মনের মধ্যে পোষণ করেন। মনের এই দুর্বলতাগুলি যদি জয় করতে না পারেন, তবে অযথা "আত্মনিগ্রহে"র ফলে আপনি কষ্ট পাবেন।

অযোগ্য প্রেম ও গোপন সখ্যতা, আপনার জীবনে দুঃখের মূল। এসব বিষয়ে আপনার জেদ বড্ড বেশী এবং কারুর উপদেশ আপনি শুনতে চান না।

এসব সত্ত্বেও আপনি বুদ্ধিমান, পছন্দমত কাজে লেগে থাকলে আপনার উপকার হবে। আত্মত্যাগের সাহায্যে আপনার গভীর প্রেমকে উর্ধমুখী করা সম্ভব। নিদারুণ হৃদয়াবেগ সংযত করলে জীবন পথের বাধা অতিক্রম করে মানবচিত্ত জয় করতে পারেন।

৮ ও ১৭, বিশেষতঃ ১৭ তারিখের জাতক জীবনের ৩৫ থেকে ৪০ বছর অবধি বিশেষ দুর্ভোগ ভুগবেন। এ সময়ে যদি ভরাডুবি না হ'য়ে উৎরে যেতে পারেন, তবে অল্প বয়সের স্বভাব পরিবর্তিত হয়ে শেষ ৩৫ বছর ভালই কাটবে।

## অর্থভাগ্য

এদিকে সফল হওয়া, না হওয়া আপনার নিজের হাতে। মধ্য পন্থা আপনার জন্য নয়, হয় এদিক, নয় ওদিক। একরোখাভাবে লেগে থাকতে পারলে আপনার বাসনা সিদ্ধ হবেই।

## স্বাস্থ্য

হয় অতি উত্তম, নয় একেবারে বিপরীত স্বাস্থ্য হ'তে পারে। কার্বঙ্কল, ঘা এবং বিষফোড়া হ'তে পারে। বাত ও বাতজ্বর হওয়া সম্ভব। মাদক দ্রব্য বা উত্তেজক পানীয় বর্জন করবেন, নতুবা আপনার মস্তিষ্কের ক্ষমতা বিনষ্ট হবে। কখনও বা অত্যধিক চাপে মানসিক ভারসাম্য হারাতে পারেন। সুস্থতা বা অসুস্থতা সবটাই আপনার আত্মসংযমের উপর নির্ভর করে।

৪, ৮ ও ৯ সংখ্যা এবং ৪, ৮, ৯, ১৩, ১৭, ১৮, ২২, ২৬, ২৭ ও ৩১ তারিখ আপনার পক্ষে বিশেষ অর্থবহ। ৪ ও ৮ ঘরের তারিখ আপনি বিশেষ কোনও কাজের জন্য বেছে নেবেন না। জীবনে যখনই এই তারিখগুলির দেখা পাবেন, তখনই সতর্ক হবেন। মঙ্গলের প্রভাবে চুনী, গোমেদ ও রক্তমুখী সব পাথরই আপনার পক্ষে শুভ।

## ১১০ পরিচ্ছেদ

### ৯, ১৮ ও ২৭শে নভেম্বরের জাতকগণ

### মাসের ৯ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে তাঁরা মঙ্গল, ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় ঘর বৃশ্চিকের ও মঙ্গলের (নেতি) প্রভাব দ্বারা চালিত হবেন। ২৭শে নভেম্বরের জাতক আগন্তুক ধনুচিহ্ন, বৃহস্পতি (অস্থির) গণ্ডীতে চলে আসেন, ফলে তাঁদের জীবন ও কর্মক্ষেত্র ভিন্নতর হবে।

নভেম্বরের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা পূর্বে দেওয়া হয়েছে। ২৭শে অক্টোবর ও ৯, ১৮ নভেম্বরের জাতক "দুই মঙ্গলে"র প্রভাব পাবেন। এই সঙ্গে এই কথাটিও মনে রাখতে হবে যে জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে বৃশ্চিক, মঙ্গল, ত্রিগুণাত্মক বরুণের দ্বিতীয় কক্ষে বিরাজিত। অর্থাৎ এই মঙ্গলের গুণ বল্‌তে "অগ্নি" বোঝায়, এইবার পাঠকের কাছে বোধগম্য হবে দুই মঙ্গল বল্‌তে কি অসাধারণ অবস্থা নির্দেশ করে।

২৭শে নভেম্বর "দুই মঙ্গল" না হয়ে ধনুতে মঙ্গল (বৃহস্পতির ঘর) গণ্ডীর মধ্যে আসেন। এই দুই মঙ্গল মেষ চিহ্নে, মঙ্গলের সক্রিয় ঘরেও দেখা দেয় এবং ঐ চিহ্নের ৯ সংখ্যার ব্যক্তিগণ, যথা ২৭শে মার্চ, ৯ই ও ১৮ই এপ্রিলের জাতকদের উপরেও কার্যকরী হয়। সৈনিক ও যুদ্ধক্ষেত্রের সক্রিয় কর্মচারীদের উপরেও এ বিশেষ প্রভাব বিস্তার করে।

এর যে কোন একটি তারিখে জন্মালে কর্ম সাধনার শক্তি, এবং পরিচালনার ক্ষমতা থাকে। আপনি কৃত সঙ্কল্প, স্থির চিত্ত, সরকারি চাকুরি ও শাসন ব্যাপারে দক্ষ। ব্যক্তিগত জীবনে সার্জেন অথবা যন্ত্রপাতি ব্যবহারে দক্ষ ইঞ্জিনিয়র, গঠনমূলক কাজ বা ব্যবসায়িক প্রতিষ্ঠানের কর্তা ব্যক্তির পদে আপনি সার্থক হবেন।

স্বাধীন চিন্তা ও ইচ্ছাশক্তির দৃঢ়তা হেতু জীবনে বহু শত্রু হবে; কিন্তু ৯ নভেম্বরের জাতক জীবনে যে কোনও পদে যথেষ্ট উন্নতি লাভ করবেন। ২৭শে নভেম্বর বৃহস্পতির প্রভাবে তেমনই শক্তিমান।

## অর্থভাগ্য

জীবনের গোড়ার দিকে বহু কষ্ট স্বীকার করে পরবর্তীকালে সব কাজেই সফল হবেন এবং সব বাধা পেরিয়ে যশ ও অর্থ লাভ হবে।

## স্বাস্থ্য

৯, ১৮ ও ২৭শে নভেম্বরের জাতক জ্বর, রক্তের চাপ বৃদ্ধি, হৃদ্‌যন্ত্রের অতিরিক্ত শ্রান্তি জনিত ব্যাধিতে ভুগবেন। আকস্মিক দুর্ঘটনা, বিশেষতঃ যন্ত্রপাতি সংশ্লিষ্ট ব্যাপার বা আগ্নেয়াস্ত্রের আঘাত লাগতে পারে। শরীরের প্রতি আক্রমণ এবং অকাল মৃত্যু হতে পারে যা হৃদ্‌রোগ বা মস্তিষ্কে রক্তচাপের ফলেও হওয়া সম্ভব।

'৯' ঘরের সংখ্যা আপনার পক্ষে কার্যকরী, যে কোনও মাসের ৯, ১৮ ও ২৭ তারিখ আপনার পক্ষে শুভপ্রদ।

গ্রহশক্তি আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য পোশাকের যে কোনও অংশে, বিশেষতঃ রমণীর পোশাকে টুক্‌টুকে লাল, গোলাপী ও সচরাচর যেমন দেখা যায়—সেই লাল রং থাকা ভাল।

চুনী, গোমেদ ও সব লাল পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের শ্রেষ্ঠ বয়সগুলি যথাক্রমে—৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ও ৭২। যে কোনও মাসের ৯ পর্যায় যথা ৯, ১৮ ও ২৭শের জাতক আপনার দৃষ্টি আকর্ষণ করবে প্রবলভাবে।

২৭শে নভেম্বরের জাতক 'ধন্ন'র সূচনায় জীবনের পরোভাগে সৌভাগ্যের মুখ দেখতে পাবেন। সেইজন্য এই সময়ে ভবিষ্যতের ' ' থয় অতি সাবধানে সরিয়ে রাখবেন। আপনার সৌভাগ্য নিয়ন্ত্রণকারী সংখ্যা দু'টি এ ক্ষেত্রে ৩ ও ৯ পর্যায়ে পড়ে।

শুভ বর্ণ হিসাবে বেগুনি, ভায়লেট ও গাঢ় বেগুনি রং ব্যবহার করবেন।

বছরের যে কোনও মাসের ৩ ও ৯ তারিখের জাতক আপনাকে আকৃষ্ট করবে বেশী।

## ১১১ পরিচ্ছেদ

## ডিসেম্বর

**বৎসরের এই সময়ে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁদের স্বভাব, চরিত্র, অর্থ ও স্বাস্থ্যের উপর ডিসেম্বর মাসের রবির প্রভাব।**

২১শে নভেম্বর থেকে ধনু চিহ্ন আরম্ভ হয়। কিন্তু পূর্ববর্তী চিহ্ন দ্বারা ৭ দিন আচ্ছন্ন থাকায় ২৮শে নভেম্বরের আগে এর শক্তি পূর্ণ বিকশিত হয় না। এই দিন থেকে শুরু হয়ে ২০শে ডিসেম্বর অবধি পরিপূর্ণভাবে বিরাজিত থাকার পর শেষের সাতদিন ক্রমে ক্রমে শক্তি ক্ষয় হয়ে মকর চিহ্ন দ্বারা আবৃত হয়।

ধনুর প্রতীক চিহ্ন ধনুক হাতে তীর ছুঁড়তে উদ্যত এক অর্ধঅশ্ব-মানব। ২১শে নভেম্বর থেকে ২০শে ডিসেম্বরের মধ্যে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁদের চিহ্ন তীরন্দাজ। তাঁরা যা করব মনে করেন সোজা সেই দিকে ধাবিত হ'ন। এঁরা স্বীয় সিদ্ধান্তে অটল ও স্পষ্টবাদী, ফলে প্রবল শত্রু সৃষ্টি হয় এঁদের।

এঁরা কোন কাজ শুরু করলে সেই থেকে একাগ্রভাবে তাতেই মত্ত থাকেন এবং শেষ না হওয়া অবধি অন্যদিকে তাকাবার অবসর পান না।

এঁরা এত দ্রুত চিন্তা করেন, যে প্রায়ই এঁরা অপরের কথার মাঝে কথা বলেন, এবং যাঁরা অনেক সময় নিয়ে ঢিমে তালে কথা বলেন, তাঁদের প্রতি অসহিষ্ণু হয়ে ওঠেন।

নিষ্ঠুর সত্য বলতে এঁরা ভয় পান না এবং নিজেদের স্বার্থ বিরোধী হলেও প্রতারকের মুখোশ খুলে দিতে এরা পেছপা হন না।

কাজে হাত দিলে এঁরা থামতে জানেন না, অক্লান্তভাবে এরা থেমে থাকতে পারেন। ফল, শক্তিক্ষয় ও মৃত্যু।

ব্যবসা বা অন্য যে কোনও কাজে এঁদের উদ্যমের শেষ নেই, কিন্তু একটি মাত্র কাজে আবদ্ধ হয়ে এরা থাকতে চান না। ফলে দৃষ্টিভঙ্গী ওদের দ্রুত পরিবর্তিত হয়। যতদিন রাজনীতি নিয়ে থাকেন তার মধ্যে রাজনৈতিক মতের বহুবার পরিবর্তন করেন। পাদ্রী হ'লে ধর্মমত বহুবার পরিবর্তন করেন। বৈজ্ঞানিক হ'লে নিজেদের পেশা ছেড়ে অপর কোনও কর্মশাখায় চলে যান। এমনি প্রায়ই হয়।

এঁরা সর্বদা চূড়ান্ত পন্থী। সহসা সিদ্ধান্ত করে পরে অনুতাপ করতে হয়। কিন্তু এ কথা স্বীকার করতে গর্বে আঘাত লাগে। ক্ষমতার প্রতি এঁদের প্রবল আকর্ষণ থাকে। অবশ্য কোনও উদ্যমে প্রাণপণ করে যদি দেখেন উদ্দেশ্য সিদ্ধ হবার নয়, তবে তৎক্ষণাৎ তা জলাঞ্জলি দিয়ে ভিন্ন পথে চলে যান, কিম্বা বাকী জীবনে আর কোনও প্রচেষ্টার মধ্যে যান না।

এই চিহ্নের জাতক বা জাতিকা খেয়ালের বশবর্তী হয়ে হঠাৎ বিবাহ করেন এবং পরে তার জন্য অনুশোচনা করতে হয়। কিন্তু এই সত্য স্বীকার করতে অহমিকায় বাধে, এবং প্রায়ই আদর্শ-দম্পতি হিসাবে পরিচিত হন।

আইন ও শৃঙ্খলার প্রতি এদের ঝোঁক থাকে, নিয়মিত উপাসনায় যোগ দেন। এক্ষেত্রে নিজেদের ধর্মপ্রবণতার চেয়েও অপরের আদর্শ হবার কারণেই এইদিকে ঝুঁকে থাকেন।

বছরের এই সময়ের জাতক যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেন। প্রায়ই জনতায় আদর্শ স্থানীয় হ'ন এবং প্রশংসা ও পদমর্যাদা তাঁদের ওপর যেন চাপিয়ে দেওয়া হয়।

উভয় লিঙ্গের মধ্যে এই চিহ্নের নারী জাতি অধিক উন্নতমনা। স্বামী ও সন্তানদের জীবনে প্রতিষ্ঠিত করার জন্য জীবনের শেষ দিন অবধি আত্মবিসর্জন দিতে সম্মত থাকেন। নিজেদের সংসার এদের কাছে পরম প্রিয় এবং বিবাহে অসুখী হ'লেও যথাসম্ভব মানিয়ে নিতে চেষ্টা করেন।

এদের মর্যাদা ও কর্তব্যজ্ঞান প্রখর, কিন্তু দৃষ্টিভঙ্গী সম্পূর্ণ স্বাধীন।

এই সময়ে জন্মালে প্রায়ই অল্পেতে স্নায়ুর ওপর চাপ পড়তে পারে অত্যন্ত বেশী। বেশী বয়সে সাংঘাতিক বাত হ'তে পারে। মাসের শেষ দিকের জাতকের পায়ে পক্ষাঘাত পর্যন্ত হ'তে পারে। নাক ( সাইনাস ), মুখের ভিতর এবং কানের পিছনের হাড়ে ব্যাধি হ'তে পারে।

২১শে নভেম্বর থেকে ২০-২৭শে ডিসেম্বর অবধি সময়টি বৃহস্পতির ( শক্তির ) অধীন, সেইজন্য এই সময়ের জাতকের সবরকম উচ্চাকাঙ্ক্ষা দেখা যায়। ধনুরাশির জাতকের জন্ম সময়ে রবি যে অবস্থায় থাকে, তার উপর বৃহস্পতির প্রভাব পড়ে এদের চরিত্রে দ্বৈতভাব প্রকাশিত হয়। এরা অনুভূতি-প্রবণ, সহজে অভিভূত ও মৌন হয়ে যান, আবার একই সঙ্গে আত্মনির্ভর, খেয়ালী ও দুঃসাহসিক হতে পারেন। সবচেয়ে বড় কথা এই যে, অক্লান্ত মনন-

শক্তি এদের পথ-প্রদর্শক, তাছাড়া যদি রহস্যের আবরণ থাকে, তা উদ্ঘাটন করতে এরা জীবন পণ করেন।

সত্য, শান্তি ও ন্যায়ের পূজারী, এরা সর্বত্র আর্তের সেবায় আত্মনিয়োগ করেন। দুঃস্থ, পীড়িতের প্রতি এদের সহানুভূতি প্রবল মাত্রায় বর্তমান থাকে এবং মানবিকতা বা সবার মঙ্গল সাধনে সংস্কৃতিমূলক কাজে এদের যশোলাভ হয়। এরা পরিহাসপ্রিয় এবং আলোচনা ও বিতর্ক ভালবাসেন। বন্ধুমহলে তর্কনৈপুণ্যের জন্য খাতির পেয়ে থাকেন।

মুক্তবায়ুতে এরা খেলাধুলা ভালবাসেন, যখন বনে জঙ্গলে ঘুরে বেড়ান, বা পার্বত্যভূমিতে বিচরণ করেন, তখন তাঁরা সবচেয়ে খুশী হ'ন। এদের স্বভাব সহজ, সরল ও অত্যন্ত দয়াপ্রবণ, ব্যবহারও অতি ভদ্র, কিন্তু অন্যায়ভাবে আক্রান্ত হ'লে প্রচণ্ড কর্কশ ও রুক্ষ হ'তে পারেন। সহজ উপলব্ধির জোরে যাদুবিদ্যা ও মনস্তাত্ত্বিক ব্যাপারে স্বতঃসিদ্ধ শক্তি থাকে এদের। অসম্ভব সত্যবাদী এরা। কোনও রকম ছল চাতুরী পছন্দ করেন না। সেইজন্য নিজেদের ক্ষতি হতে পারে জেনেও প্রতারণার মুখোশ খুলে দেন এরা অনেক সময়।

এরা এত বেশী দৃঢ় প্রত্যয় সম্পন্ন ও স্পষ্টবাদী হ'ন যে, প্রায়ই আশে পাশে অনেকের মতামত ও কুসংস্কারের সঙ্গে সংঘাত লাগতে পারে।

এদের করুণাপ্রবণ অন্তরের উপর প্রায়ই জুলুম চলতে থাকে এবং মিথ্যা ঘটনার বিশ্বাসযোগ্য রূপ দিয়ে প্রায়ই সহানুভূতি অর্থ আদায় করে লোকেরা।

এরা সঙ্গীত ও সাহিত্য ভালবাসেন, এবং এ বিষয়ে যথেষ্ট ব্যুৎপত্তি থাকে। ধর্মে মতি থাকে তবে যে কোনো মুহূর্তে তা পাল্টে যেতে পারে আইন ও শৃঙ্খলার প্রতি প্রগাঢ় আস্থা থাকা সত্বেও।

এরা সাধারণভাবে আশাবাদী এবং অপরের দুঃখ কষ্টে মন গলে যাওয়া এদের অন্যতম প্রধান চারিত্রিক বৈশিষ্ট্য।

## স্বাস্থ্য

এই সময়ের জাতকদের বৃহস্পতির প্রভাববশতঃ দেহ মনের উপর অতিরিক্ত চাপই একমাত্র এদের স্বাস্থ্য হানি ঘটায়। বহুবিধ কাজের

পরিকল্পনা ও দায়িত্ব নিয়ে কোনটার প্রতি যথেষ্ট মনোযোগ দিতে পারেন না। ফলে ক্রমাগত জীবনীশক্তির অপচয় ঘটে।

অতি গ্রীষ্ম বা দারুণ শীত সম্বন্ধে সাবধান হ'ন না, ফলে জীবনের কোনও সময়ে মারাত্মক ব্রঙ্কাইটিসে ভোগেন। তবে সুবিধে এই যে, রোগমুক্তিও ঘটে সহজে। গুরুভোজের দরুণ অরুচি, রক্তদুষ্টি ও লিভারের রোগ হ'তে পারে। জীবনে মিতাচার অভ্যাস করলে এসব দুর্ভোগ ভুগতে হবে না। রক্ত শুদ্ধ রাখতে হবে, মাদকদ্রব্য বর্জন করতে হবে এবং স্বাস্থ্য সম্মত নিয়মে চলতে হবে। মনকে বিশ্রাম দিয়ে যথাসম্ভব নিশ্চিন্তভাবে অবসর যাপন এঁদের করা উচিৎ।

## অর্থভাগ্য

জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ের জাতক বুদ্ধির সাহায্যেই অর্থ উপার্জন করেন। নূতন নূতন চিন্তাধারা তাঁদের সহজাত এবং সেই উপলব্ধি অনুযায়ী কাজ করা ভাল। অংশীদার বা বন্ধুবান্ধবের সাহায্যে বেশী কিছু উপকার হয় না, কিন্তু ভৃত্যাদি অনুচরবর্গ ও অধঃস্তন কর্মচারীরা বিশেষভাবে ভালবাসে এদের।

উত্তরাধিকার সূত্রে অথবা উপহার হিসাবে এঁরা প্রচুর অর্থ লাভ করেন, কিন্তু পুঁজি করা এদের স্বভাব নয়। যদি কোনক্রমে অর্থপ্রাপ্তি ঘটে, তবু বেশী বয়সে সে ধন খোয়া যায় অথবা বহু পরিমাণে হ্রাস পায়।

## বিবাহ, বন্ধুত্ব ও অংশীদার ইত্যাদি

ধনু চিহ্নের ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘরের জাতকের সঙ্গে এই জাতকের সবচেয়ে বেশী মিল হবে। ২১শে জুলাই থেকে ২০শে অগাস্ট, সিংহ চিহ্ন ত্রিগুণাত্মক অগ্নির দ্বিতীয় ঘর, ২১শে মার্চ থেকে ১৯শে এপ্রিল—মেষ চিহ্ন, ত্রিগুণাত্মক অগ্নির প্রথম ঘর—এবং এই সময়গুলির আদি ও অন্তের ৭টি দিন —এর মধ্যে যাঁদের জন্ম, তাঁদের সঙ্গে এঁদের সম্বন্ধ প্রীতিপদ হবে। এছাড়া নিজেদের বিপরীত সময় ২১শে মে থেকে ২০-২৭ জুনের জাতকরাও এদের আকৃষ্ট করবেন।

## ১১২ পরিচ্ছেদ

### ২৮শে নভেম্বর, ১, ১০ ও ১৯ ডিসেম্বরের জাতকগণ

### ১ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে রবি, ইউরেনাস, বৃহস্পতির স্পন্দনে ত্রিগুণাত্মক অগ্নির ধনু চিহ্নের তৃতীয় ঘরের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

এদের চারিত্রিক ও মানসিক গঠনের মূল কথা পূর্বে ডিসেম্বরের জাতকদের সঙ্গে বর্ণনা করা হয়েছে। ২৮শে নভেম্বর "ডিসেম্বর কক্ষে" আসার কারণ এই যে, ঐ সময়ে ধনু চিহ্নের সূত্রপাত ঘটে এবং ২৮শে নভেম্বরের জাতক এ মাসের ১ম ঘরের পর্যায়ভুক্ত হ'ন।

উপরোক্ত তারিখে যাঁরা জন্মগ্রহণ করেন তাঁদের ১ সংখ্যার লোক বলে। এঁদের স্বভাব অত্যন্ত প্রফুল্ল, আনন্দময় ও আশাবাদী। বিপদ এঁদের উদ্যম হরণ করতে পারে না, চূড়ান্ত আশাবাদী এঁরা।

অপরের প্রতি এঁরা সহৃদয়; যদিও, সহজ ও স্পষ্ট বক্তা। এঁরা অসম্ভব উদ্যোগী ও সাহসী, একদিকে বিফল হ'লে অন্য পথে এগোন, সেখানে নিরাশ হ'লে আবার একদিকে চেষ্টা করেন, এইভাবে শেষ অবধি সফল হ'ন।

সানন্দে এঁরা সব দিয়ে দিতে পারেন এবং প্রয়োজন হ'লে পরের কারণে নিজেদের উপর দারিদ্র্য টেনে আনতেও রাজি থাকেন। অথচ এঁরা কচিৎ কদাচিৎ প্রতারিত হ'ন, কেমন করে যেন এঁরা প্রতারকের মতলব ধরে ফেলেন; কিন্তু কখনও কারো প্রতি বীতরাগ প্রকাশ করেন না। যে ব্যক্তি শত্রুতা করার চেষ্টা করে, এমন ব্যক্তির প্রতিও করুণার অভাব হয় না এদের।

কোন কাজের দায়িত্ব নিয়ে এঁরা প্রচণ্ড পরিশ্রম করতে পারেন এবং সে সময়ে আরামের তোয়াক্কা করেন না। মালিকের অধীনে কাজ করা এঁদের পোষায় না, কাজেই এঁরা বেশীর ভাগই স্বয়ংসিদ্ধ হ'ন।

এরা প্রবল উচ্চাভিলাষী, অথচ যথেষ্ট সংযত; অসম্ভবের আশা করেন না, চাঁদে হাত দিতে যান না।

এদের প্রকৃতি অত্যন্ত সৎ, অপরিশোধ্য ঋণ কদাচ করেন না। আইন ও

শৃঙ্খলার পক্ষপাতী হওয়ার দরুণ, যে সমাজে বাস করেন সেখানের প্রতিষ্ঠিত বিধানগুলি বলবৎ রাখতে সাহায্য করেন।

বাইরের খেলাধুলা ওরা অত্যন্ত ভালবাসেন এবং এদিকে উৎকর্ষতা লাভ করেন। এই চিহ্নের প্রতীক অর্ধমানব ও অর্ধ অশ্ব, এরা প্রবল জৈব শক্তির অধিকারী, কিন্তু মনের জোরে আত্মদমন করেন।

বিজ্ঞান, দর্শন ও ধর্মের প্রতি এদের প্রগাঢ় শ্রদ্ধা। এরা পুরোহিত ও আচার্য হিসাবে উত্তম ব্যক্তি ; কোনও রকম যাদু বা ভণ্ডামী এদের সহ্য হয় না। সুবক্তার বাণী শুনতে এবং স্বীয় চিন্তা ভাষায় প্রকাশ করতে দারুণ উৎসাহ বোধ করেন। কিন্তু অসম্ভব অনুভূতি প্রবণ হওয়ার ফলে কেবলমাত্র বিশেষ বার্তা জ্ঞাপন করার সময়ে এদের ভাব প্রকাশ পায় ; তবে যা-ই তাঁরা প্রকাশ করতে চান,—তীর সোজা লক্ষ্যে পৌঁছয়।

## অর্থভাগ্য

ধনু রাশির জাতকের অর্থপ্রাপ্তি আছেই, কিন্তু সমস্ত ঝুঁকি নিয়ে এরা কাজ করেন, ফলে মাঝে মাঝে বড় বেশী বিপদে পড়তে হয়। পরাজয়ে এরা ভেঙ্গে পড়েন না অথবা স্বীয় ক্ষতির জন্য অপরকে দায়ী করেন না। আবার প্রথম থেকে শুরু করেন এবং ক্ষতির অঙ্ক পুষিয়ে রাখেন।

## স্বাস্থ্য

ধনুরাশির জাতক উত্তম স্বাস্থ্যের অধিকারী, তবে অত্যধিক পরিশ্রমে স্নায়বিক বৈকল্য ঘটতে পারে।

উপরোক্ত তারিখগুলিতে জন্ম হ'লে ১ ও ৩ সংখ্যা প .য় শুভ জানবেন। বছরের যে কোনও মাসের নিম্নলিখিত তারিখগুলিতে বিশেষ কাজ বা সাক্ষাৎকারগুলি সম্পন্ন করবেন, যথা—

১, ৩, ১০, ১২, ১৯, ২১, ২৮ ও ৩০।

গ্রহ আকর্ষণী স্পন্দন বৃদ্ধির জন্য পোশাকের যে কোন অংশে নিম্নলিখিত রংগুলি ব্যবহার করবেন, যথা—

রবি—সবস্তরের সোনালী, ব্রোঞ্জ ও সোনালী খয়ের।

বৃহস্পতি—বেগুনি, ভায়লেট ও গাঢ় বেগুনি।

হীরা, পোখরাজ, এ্যাম্বর ও এ্যামেথিস্ট আপনার পক্ষে শুভ রত্ন।

আপনার জীবনের মনে রাখবার মত বয়সগুলি হচ্ছে যথাক্রমে—১, ৩, ১০, ১২, ১৯, ২১, ২৮, ৩০, ৩৭, ৩৯, ৪৬, ৪৮, ৫৫, ৫৭, ৬৪, ৬৬, ৭৩ ও ৭৫।

বছরের যে কোনও মাসের '১' ও '৩' ঘরের তারিখ, যথা—১, ৩, ১০, ১২, ১৯, ২১, ২৮ ও ৩০শের জাতক আপনাকে আকৃষ্ট করবে ভীষণ ভাবে।

## ১১৩ পরিচ্ছেদ

### ২, ১১, ২০ ও ২৯শে ডিসেম্বরের জাতকগণ

### ২ সংখ্যার ব্যক্তিগণ

উপরোক্ত তারিখগুলিতে জন্ম হ'লে আপনি '২' সংখ্যার ব্যক্তি বলে পরিগণিত হবেন। জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করলে চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে চন্দ্র, নেপচুন, বৃহস্পতির স্পন্দনে ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘরের ধনুচিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূল কথা ডিসেম্বরের জাতকদের সঙ্গে পূর্বে বর্ণনা করা হয়েছে। ২৯শে ডিসেম্বর ধনু প্রভাবের বাহিরে আগন্তুক মকর চিহ্নে চলে আসে, সেইজন্য ২, ১১ ও ২০শে ডিসেম্বরের জাতকদের থেকে এঁর চরিত্র গঠন ভিন্ন এবং সে বিষয়ে পরে আলোচনা করা হবে।

যাঁরা ২রা ডিসেম্বর জন্মগ্রহণ করেন, তাঁরা চন্দ্র ও নেপচুনের অধীনে থাকেন সেইজন্য পূর্বে বর্ণিত রবি ও ইউরেনাসের অংশে জাত ১ সংখ্যার ব্যক্তিদের মত দৃঢ় ইচ্ছাশক্তি ও আত্মপ্রত্যয় এদের মধ্যে দেখা যায় না।

এরা বাস্তবের তুলনায় আধ্যাত্মিক জগতেই বেশী বাস করেন। মানসিক সম্পদ এদের অসীম। দর্শন, ধর্মতত্ত্ব, আধিদৈবিক ও যাদুবিদ্যার প্রতি এদের ঝোঁক থাকে। প্রায়ই অতি স্পষ্ট স্বপ্ন বা দর্শন হয়। এরা ভবিষ্যৎ সম্বন্ধে বলতে পারেন এবং ঘটনা কোন্‌দিকে গড়াবে সে বিষয়ে আগে থেকে একটা উপলব্ধি থাকে। কিন্তু এই শক্তির বাস্তব প্রয়োগে এরা নারাজ, অবশ্য কেউ যদি এদের দৃষ্টিভঙ্গীর প্রতি বিশেষভাবে আকৃষ্ট হন সে কথা ভিন্ন।

শিক্ষকতা এদের স্বাভাবিক বৃত্তি হবার কথা অথবা অপ্রচলিত বৈজ্ঞানিক

বিষয়ের অনুরাগী এরা হ'ন। প্রকৃতি প্রেমিক এঁরা এবং সুদূর প্রবাসে প্রকৃতির নয়নাভিরাম দৃশ্য দেখে বেড়াবার অদম্য আকাঙ্ক্ষা থাকে এঁদের।

এরা সুরুচিসম্পন্ন এবং আহার্য-বিষয়ে খুব খুৎখুতে। স্বভাবতঃ উঁচু সুরে বাঁধা শিল্পী মন নিয়ে এরা জন্মগ্রহণ করেন, সেজন্য সঙ্গীত, অঙ্কন, কবিতা, সু-সাহিত্য, বাগ্মীতা-জাতীয় যাবতীয় চারুকলার প্রতি প্রচণ্ড আকর্ষণ থাকে এদের।

ধনী বা দরিদ্র যাই হোন্ না কেন—এদের কিছু আসে যায় না, অন্তরের সম্পদে এরা সুখী ও নিজেদের অবস্থায় তৃপ্ত। ১১ ও ২০ তারিখের জাতক চিন্তা ও কর্মে অধিক স্থিরপ্রতিজ্ঞ। ২৯শে ডিসেম্বর জন্ম হ'লে আপনি মকর রাশিতে ২ সংখ্যার ব্যক্তি হিসাবে শনির (অস্তি) প্রভাব পাবেন। ফলে আপনি অতি পরিশ্রমী ও আর সকলের গুরু দায়িত্ব বহন করতে সদাই প্রস্তুত।

## অর্থভাগ্য

অর্থের প্রতি আপনার আকিঞ্চন কম, কিন্তু উচ্চপদ মর্যাদা আপনি পাবেন। জীবনের কোনও উদ্দেশ্য সাধন অথবা পরার্থে আপনি অর্থলাভের জন্য পরিশ্রম করে থাকেন, কিন্তু নিজেদের লাভ ক্ষতির কথা কখনো চিন্তা করেন না।

## স্বাস্থ্য

স্বাস্থ্য এদের ভাল হয় না, দেখতে বড়সড় হ'লেও শরীর শক্ত হয় না। আহার এদের প্রয়োজনীয় পুষ্টি দিতে পারে না। উঁচু জায়গায়, শুক্‌নো আবহাওয়ায় না থাকলে ফুস্‌ফুসের কষ্ট, শ্বাসনালীর দুর্বলতা, কণ্ঠরোগ অথবা গ্রন্থীবাত হ'তে পারে। উপরোক্ত তারিখগুলির জাতকের পক্ষে ২, ৩ ও ৭ পর্যায় সংখ্যা শুভ। যে কোনও মাসের ২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২১, ২৩ ও ২৯ তারিখ আপনার পক্ষে শুভ। বর্ণ হিসাবে সবুজ, সাদা, ফিকে বাদামী, কপোত ধূসর ও বেগুনি, ভায়লেট ও গাঢ় বেগুনি আপনার পক্ষে মঙ্গলজনক।

মুক্তা, মুন্‌স্টোন্, মস্‌এগেট্, সবুজ, বা ধূসর জেড্, এ্যামেথিষ্ট ও সব বেগুনি পাথর রত্ন হিসাবে আপনার পক্ষে শুভ।

আপনার জীবনে মূল্যবান বয়সগুলি হ'ল যথাক্রমে—২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৪৮, ৫২, ৫৭, ৬১, ৬৫ ৬৯ ও ৭০।

বছরের যে কোনও মাসে ২, ৩ ও ৭ ঘরের ব্যক্তি, যথা—২, ৩, ৭, ১১, ১২, ১৬, ২০, ২১, ২৫, ২৯, ৩০শের জাতক আপনাকে আকৃষ্ট করবে। এ ছাড়াও ১ পর্যায় সংখ্যার মানুষজনও আপনাকে টানবে।

## ১১৪ পরিচ্ছেদ

### ৩, ১২, ২১ ও ৩০শে ডিসেম্বরের জাতকগণ

### ( ৩ ঘরের ব্যক্তিগণ )

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে বৃহস্পতি, ও রবির স্পন্দনে, ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘরের ধনুচিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূল কথা ডিসেম্বর জাতকদের সঙ্গে পূর্বে বর্ণনা করা হয়েছে। ৩০শে ডিসেম্বর '৩' সংখ্যা হ'লেও মকর রাশি, শনির (অস্তি) ঘরে বলে এই শ্রেণীতে পড়ে না, এ বিষয়ে পরে বিশদ আলোচনা করা হবে।

৩, ১২ ও ২১ ডিসেম্বরের জাতকগণ, ৩ সংখ্যার অন্তর্গত বৃহস্পতির ( অস্তি ) ঘরে আছেন, ফলে "দুই বৃহস্পতি"র প্রভাব পান।

রাশিচক্রের এই একটি অতি শক্তিপূর্ণ গ্রহ-সমন্বয়। এই তারিখগুলিতে যাঁরা জন্মগ্রহণ করেন, তাঁরা যে কোনও পদে উন্নতি করতে পারেন এবং যে কোনও সমাজের শীর্ষে উঠতে পারেন।

অন্যান্য কাজের মধ্যে এরা প্রকৃষ্ট পরিচালক হ'ন, বিশেষতঃ রাজনীতি ক্ষেত্রে এরা সার্থক। জীবনে বহু পুরস্কার ও সম্মানিত পদমর্যাদা লাভ করে থাকেন।

উৎকৃষ্ট গৃহনির্মাতা, রেলপথের নক্সা প্রস্তুতকারক, আমদানি, রপ্তানি বা জাহাজের ব্যাপারে কিম্বা শিল্প প্রতিষ্ঠানের কর্তাব্যক্তি হিসাবে এরা সফল হ'ন বেশী।

এই সময়ের জাতকদের মধ্যে কয়েকজনের স্বভাবে রহস্যজনক বিষয়ের প্রতি আকর্ষণ বা প্রগাঢ় ধর্মের ভাব দেখা যায়। অথবা এর সম্পূর্ণ বিপরীত হ'তে পারে, কেউ কেউ একেবারে নাস্তিক হ'ন, আচার বিচারে আদপেই আস্থা থাকে না।

কলমের শক্তির উপর এদের প্রগাঢ় আস্থা থাকে এবং প্রায়ই সংবাদপত্র বা উচ্চশ্রেণীর পত্রপত্রিকা প্রকাশ করেন অথবা নিজেদের চিন্তাভঙ্গী পত্রের মাধ্যমে প্রচার করেন। যথেষ্ট শক্তির অধিকারী হলেও, শেষ জীবনে নিজেদের সম্পত্তির বিনাশ নিজেদের চোখে দেখতে হ'তে পারে, যা বাধা দেবার ক্ষমতা তাদের থাকে না।

## অর্থভাগ্য

এই সময়ের জাতকদের আর্থিক সাফল্যের কথা উল্লেখ করা হয়েছে, কিন্তু আমি তাঁদের সতর্ক করতে চাই যে, সময়ে ভবিষ্যতের সঞ্চয় করে রাখুন, কারণ ৫০শের পর জীবনধারা পরিবর্তিত হতে পারে।

## স্বাস্থ্য

সাধারণতঃ এদের স্বাস্থ্য ভাল এবং ৬০ বছর অবধি বিশেষ কোনও রোগের বালাই থাকে না। এই সময় থেকে পরিবর্তন শুরু হয় এবং দায়িত্ব না কমালে, স্নায়ুমণ্ডলী দুর্বল হ'তে হ'তে কালে শিরদাঁড়া, হাত ও মস্তিষ্কের পক্ষাঘাত হতে পারে।

৩, ১২ ও ২১ ডিসেম্বরের জাতকের পক্ষে '৩', '৬' ও '৯' ঘরের সংখ্যা কার্যকরী। ৩-৬-৯ এর পর্যায়কে সংখ্যাতত্ত্বের মেরুদণ্ড বলা হয়। বিশেষ কাজ ও সাক্ষাৎকারগুলি আপনি ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭ ও ৩০ তারিখে সারবেন।

শুভবর্ণ হিসাবে পোশাকে নিম্নলিখিত রংগুলি পরবেন :—

বৃহস্পতি—বেগুনি ও গাঢ় বেগুনি।

শুক্র—হাল্কা থেকে গাঢ় অবধি সবস্তরের নীল রং।

মঙ্গল—গোলাপী থেকে গাঢ় অবধি সবস্তরের লাল রং।

আপনি যদি ৩০শে ডিসেম্বর জন্মে থাকেন তবে মকরে বৃহস্পতি, শনির (অস্তি) ঘরে আসেন, ৩ ও ৮ আপনার পক্ষে মঙ্গলকারী।

আপনার পক্ষে এ্যামেথিস্ট এবং বেগুনি রংয়ের সব পাথর শুভ। এ ছাড়া টারকোয়েজ, চুনী, গোমেদ ও সব লাল পাথর শুভ।

৩০শে ডিসেম্বরের জাতক লাল পাথর না পরে গাঢ় নীলকান্ত মণি পরতে

পারেন, আপনার জীবনের প্রধানতম বয়সগুলি যথাক্রমে—৩, ১২, ২১, ৩০, ৩৯, ৪৮, ৫৭, ৬৬ ও ৭৫।

৩, ৬, ৯ ঘরের জাতকদের প্রতি আপনি আকৃষ্ট হবেন বেশী। ৩০শে ডিসেম্বরের জাতক ৩ ও ৮ ঘরের ব্যক্তিদের প্রতি আকৃষ্ট হবেন।

## ১১৫ পরিচ্ছেদ

### ৪, ১৩, ২২ ও ৩১শে ডিসেম্বরের জাতকগণ

### এ মাসের ৪ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে, ইউরেনাস, নেপচুন, রবি, ও বৃহস্পতির স্পন্দনে ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘরের ধনুচিহ্নের পূর্ণ প্রভাব দ্বারা চালিত হ'ন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠন বৃত্তান্ত ডিসেম্বর জাতকদের সঙ্গে পূর্বেই ব্যাখ্যা করা হয়েছে। ৩১শে ডিসেম্বর ৪ সংখ্যার ঘর হ'লেও মকর রাশি, শনির ( অস্তি ) ঘরে প্রবেশ করে বলে এই শ্রেণীতে ফেলা যায় না। এ বিষয়ে পরে ব্যাখ্যা করা হবে।

৪, ১৩ ও ২২শে ডিসেম্বরের জাতক নিজেদের জীবনে ভাগ্যের বিচিত্র লীলা দেখতে পাবেন। ইউরেনাস গ্রহকে শনির যমজ ভাই বলা হয়। সুতরাং শনির ঘরের জাতক যদি ইউরেনাসের প্রভাব পান, তবে তাঁদের "নিয়তির সন্তান" বলে ধরে নেওয়া যায়।

এরা বুদ্ধিমান উচ্চমানসিকতা সম্পন্ন, এদের মধ্যে স্বতন্ত্র চিন্তাধারায় অভাবনীয় মানসিক বিকাশ দেখা যায়। আশ্চর্য কল্পনাশক্তি ও উদ্ভাবনী প্রতিভা লক্ষ্য করা যায়।

অন্যদের থেকে এদের জীবনধারা পৃথক এবং সাধারণ মানব সমাজ এদের ভুল বোঝেন। নিষ্ঠুর কুৎসা এদের কপালের লিখন এবং তার থেকে আত্মরক্ষা করা এদের পক্ষে অসম্ভব।

দৈব দর্শন, আশ্চর্য স্বপ্নলাভ, গূঢ় উপলব্ধি, ভবিষ্যৎ দৃষ্টি থেকে ক্রমে যাদুবিদ্যার প্রতি এদের ঝোঁক হয় এবং বিষয়টি মনোযোগ সহকারে অধ্যয়ন করেন।

এইসব তারিখের জাতক অতিশয় স্বাধীনচেতা হ'ন এবং চিন্তা ও কর্মে স্বাধীনতা চান। এদের জীবন সাধারণের জীবনধারা থেকে ভিন্ন হয় এবং বিধি নিষেধের প্রতি বিশেষ বিতৃষ্ণা থাকে। এইজন্যই এদের বিবাহিত জীবন সুখের হয় না। পরস্পরের মধ্যে দ্বন্দ্ব বিবাদ চলতেই থাকে।

এদের কপালে আকস্মিক দুর্ঘটনা, অগ্নি, মোটরকার, বিমান ও অশ্ব হ'তে নানাবিধ বিপদের আশঙ্কা লেখা থাকে। এদের কখনো বিমান যোগে ভ্রমণ করা উচিৎ নয়, কারণ কোনও না কোনও সময়ে অবধারিত বিপদের মুখে পতিত হ'ন।

ধর্মসম্প্রদায় বা গুপ্তসমিতির মধ্যে বিদ্রোহ ও বিপদের আশঙ্কা দেখা এদের থাকে, সুতরাং এই সময়ের জাতকের পক্ষে এই দুই দল পরিহার করে চলা কর্তব্য।

মস্তিষ্ক উদ্ভূত অপ্রচলিত পন্থা, অথবা সাহিত্য, সঙ্গীত বা অঙ্কনের সাহায্যে অর্থোপার্জন করা এদের সম্ভব, কিন্তু অর্থ সঞ্চিত করা এদের পক্ষে শক্ত।

উদার ও মহৎ স্বভাব হওয়া সত্বেও এঁদের পছন্দ অপছন্দ বোধ বেশ স্পষ্ট এবং এদিকে রুচি তাঁরা নিয়ন্ত্রিত করতে পারেন না।

## অর্থভাগ্য

উপরোক্ত তারিখগুলির জাতকের পক্ষে অর্থ সমস্যা বড়ই অনিশ্চিত। হঠাৎ কোনও বিচিত্র উপায়ে অর্থাগম হ'তে পারে, কিন্তু বেশীদিন তা স্থায়ী হয় না। এদের জীবন দর্শন ভিন্ন—"যা হোক্ একটা উপায় হবেই"—এই বিশ্বাসে চলেন এরা এবং বাস্তবিক এই জন্যেই বোধহয় কোথাও ঠেকে না।

## স্বাস্থ্য

এই পর্যায়ে দুই জাতের ব্যক্তি দেখা যায়। এক শ্রেণী হঠাৎ কোনও অজ্ঞাত রোগে আক্রান্ত হ'ন। হঠাৎ পেটের মাংস পেশীতে টান পড়ে, ঠাণ্ডা লেগে হঠাৎ খুব জ্বর আসে, ফুস্ফুস্, কণ্ঠ ও নাসিকায় ব্যাধি দেখা দেয়, এবং সর্দি জমে কষ্ট পান। অপর শ্রেণী—কদাচিৎ শক্ত কোনও রোগে ভোগেন, তবে আকস্মিক দুর্ঘটনায় ফলে কিছু দুর্ভোগ থাকে।

৪, ১৩, ২২শে ডিসেম্বরের জাতকের পক্ষে ৪ ও ৮ ঘরের সংখ্যা ও তারিখ যথা—৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ কার্যকরী।

অবশ্য আপনার ব্যক্তিগত কোনও কাজের জন্য এই তারিখগুলি নির্ধারণ করবেন না। সেক্ষেত্রে ১ ও ৩ ঘরের তারিখ, যথা—১, ৩, ১০, ১২, ১৯, ২১, ২৮ ও ৩০ আপনার পক্ষে শুভ।

শুভবর্ণ হিসাবে পোশাকের কোনও অংশে সোনালী, হলুদ, ব্রোঞ্জ, সোনালী খয়ের ও বেগুনি, ভায়লেট ও গাঢ় বেগুনি ব্যবহার করা উচিৎ।

নীলকান্ত মণি, হীরা, পোখরাজ, এ্যাম্বর, সবুজ বা হলদে আভাযুক্ত ব্রেড্ আপনার পক্ষে ধারণযোগ্য।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬, ৩১, ৩৫, ৪০, ৪৪, ৪৯, ৫৩, ৫৮, ৬২, ৬৭ ও ৭১।

যে কোনও মাসের ১, ৩, ৪ ও ৮ ঘরের তারিখ যথা—১, ৩, ৪, ৮, ১০, ১২, ১৩, ১৭, ১৯, ২১, ২২, ২৬, ২৮, ৩০ ও ৩১শে জাতকদের প্রতি আপনার সহজাত আকর্ষণ থাকবে।

## ১১৬ পরিচ্ছেদ

### ৫, ১৪ ও ২৩ ডিসেম্বরের জাতকগণ

### এ মাসের ৫ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডীন সংখ্যাতত্বের নিয়মানুসারে মকর, ও বৃহস্পতির স্পন্দনে ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘরের ধনুচিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূলতত্ব ডিসেম্বর জাতকদের সঙ্গে পূর্বেই বর্ণনা করা হয়েছে।

৫, ১৪ বা ২৩শে ডিসেম্বর জাতকদের জীবনে বুধের প্রভাব খুব বেশী করে অনুভূত হয়। এঁদের মন অসম্ভব সক্রিয়, এঁরা বুদ্ধিমান, চতুর কিন্তু দেহে মনে অস্থির। এঁরা সর্বদা কাজের মধ্যে ডুবে থাকেন, এঁদের দেহ অথবা মন সদাই ব্যস্ত।

এঁদের আদর্শ অতি উচ্চ, এঁরা স্বাধীনচেতা এবং নিজেদের দৃষ্টিভঙ্গীতে অচল, অটল, পছন্দ ও অপছন্দের ব্যাপারে এঁরা বড় খামখেয়ালী হ'ন। কিন্তু যদি অস্থিরতা দমন করে মাথা খাটিয়ে কাজ করেন তবে সাফল্য অনিবার্য।

এরা খেলাধুলা অত্যন্ত ভালবাসেন বিশেষতঃ খেলাটি যদি অশ্ব বা অন্য

কোনও পশু সম্পর্কিত হয়। গতির উপর এদের দুরন্ত আকর্ষণ, অতি দ্রুত মোটরগাড়ি, দ্রুত বিমান চালনার প্রতি এদের এক ম্যানিয়া থাকে। প্রাণহানির ভয় থাকলেও এদের নিরস্ত করা যায় না। বড় রকম দুর্ঘটনায় মৃত্যুর হাত হ'তে রক্ষা পেলেও বিশ্রী রকম অঙ্গহানি ঘটবার সম্ভাবনা সমধিক থাকে।

একস্থানে স্থিতি হ'তে পারলে সাহিত্য, বিজ্ঞান, চিকিৎসা শাস্ত্র এবং আইনে সুনাম পেতে পারেন এবং বিপদে অপরের সহায় হ'তে পারেন।

তর্ক বা আলোচনা ভালবাসেন এরা, নিষ্ঠুরভাবে ব্যাঙ্গ করতে পারেন, কিন্তু তর্কের শেষে বিপক্ষদলের প্রতি কোনও বিরূপভাব পোষণ করেন না। বিপরীত লিঙ্গের প্রতি এদের আকর্ষণ বেশী। সাধারণতঃ বিবাহিত জীবন ভালই উৎরে যায়, কিন্তু বেশী বয়সে বিবাহ করলে বেশী সুখী হ'তে পারেন।

## অর্থভাগ্য

আশ্চর্য বিচিত্র সব উপায়ে যথেষ্ট রোজগার করেন, মস্তিষ্ক উদ্ভুত পন্থায় অথ নিয়োগ করে প্রচুর লাভ করেন, কিন্তু অর্থের মূল্য এদের কাছে কম।

## স্বাস্থ্য

অসতর্ক জীবনযাপন অথবা যথেচ্ছ আহারের ফলে কোনও ব্যাধি হ'তে পারে, আর কোনও রোগ এদের হয় না। আহারে কালক্ষয় করতে এরা নারাজ, সেইজন্য পরিপাক যন্ত্রের গোলযোগ ঘটে থাকে। মুখ বা চোখের মুদ্রা দোষ অথবা বাক্যের জড়তা থাকতে পারে এদের।

৫, ১৪ বা ২৩শে ডিসেম্বরের জাতক আধিভৌতিক ব্যাপার মানতে চান না, কিন্তু লক্ষ্য করলে দেখবেন যে '৩' ও '৫' আপনার জীবনে বার বার দেখা দেবে। ৩, ৫, ১৪, ২১, ২৩ ও ৩০ তারিখে আপনার করণীয় কার্য সেরে ফেলবেন।

যাবতীয় হাল্‌কা রং,—ফিকে বেগুনি, ভায়লেট, গাঢ় বেগুনি আপনার শুভবর্ণ।

এ্যামেথিস্ট, হীরা এবং সব উজ্জ্বল পাথর আপনার পক্ষে ধারণীয়। আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৫৯, ৬৮ ও ৭৭।

'৩' ও '৫' ঘর, যথা—৩, ৫, ১২, ১৪, ২১, ২৩ ও ৩০ তারিখের জাতক—বছরের যে কোনও মাসেই তিনি জন্মান না কেন—আপনাকে আকর্ষণ করবেন।

## ১১৭ পরিচ্ছেদ

### ৬, ১৫, ২৪শে ডিসেম্বরের জাতকগণ

### এ মাসের ৬ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে শুক্র, ও বৃহস্পতির স্পন্দনে, ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ধনুচিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা ডিসেম্বরের জাতকদের সঙ্গে পূর্বেই আলোচনা করা হয়েছে।

নিষ্ক্রিয় বৃহস্পতির সঙ্গে শুক্রের সমন্বয় অতি শুভ কারণ এই দুই চিহ্নমাত্র ভাবাপন্ন।

৬, ১৫ ও ২৪শে ডিসেম্বরের জাতকদের প্রকৃতি লঘুচ্ছন্দ ও আনন্দময়। প্রাকৃতিক সৌন্দর্য এবং সব কিছু সৌন্দর্যের এরা পূজারী।

এদের মধ্যে নীচতা থাকে না, এরা নিখুঁত গৃহকর্তা বা গৃহকর্ত্রী এবং অকৃপণভাবে বন্ধুবান্ধবকে আমন্ত্রণ করে থাকেন।

বাইরের খেলাধুলা, সবরকম পশু, বিশেষতঃ কুকুর ও অশ্ব এদের প্রিয়। এরা ঘোড়দৌড় ভালবাসেন, উৎকৃষ্ট উঁচুজাতের অশ্বপালন ও পোষণ করে সাফল্যের সঙ্গে অর্থোপার্জন করেন। নিজেদের চারপাশে শৃঙ্খলা ভালবাসেন এবং কাউকে এলোমেলোভাবে জীবনযাপন করতে দেখলে অত্যন্ত অস্বস্তি বোধ করেন।

ধনুচিহ্নের এই সময়ে জন্মগ্রহণ করলে দুই উপায়ে অর্থাগম হয়। সর্বকাজে '২' এদের কাজে লাগে। নারী হ'লে প্রায়শই দুই স্বামী ও দুই সন্তান লাভ হয়। এই চিহ্নের জাতক প্রায়ই বিদেশী বা বহুদূর প্রবাসীকে বিবাহ করেন।

এরা বিপরীত লিঙ্গের প্রতি বিশেষ মনোযোগী, প্রেমিক না হলে উত্তম বন্ধু হ'তে পারেন এবং এদিক থেকে সৎ ও নির্ভরযোগ্য।

এরা ঈষৎ দাম্ভিক ভাবাপন্ন হ'ন এবং উচ্চ সরকারী কর্মচারী ও চার্চের মানী ব্যক্তিরা এদের প্রতি আকৃষ্ট হ'ন।

এরা ভ্রমণবিলাসী এবং সফরের সময়ে আজীবনের বন্ধুত্ব স্থাপিত করেন।

উভয় লিঙ্গের জাতকই উচ্চ আদর্শ পোষণ করেন এবং নিজেদের ইচ্ছার বাস্তব রূপ দেবার মত যথেষ্ট অর্থ উপার্জন করেন।

এই সময়ের জাতক মেধাবী ব্যক্তির প্রতি সহজে আকৃষ্ট হ'ন। সাহিত্য, অঙ্কন, সঙ্গীত পারদর্শী ব্যক্তিদের নিজেদের বাড়িতে ডেকে এনে আতিথেয়তা করতে ভালবাসেন। নিজেদের এদিকে দক্ষতা না থাকলেও এরা অত্যন্ত সুরুচিপূর্ণ হ'ন এবং সুন্দর শিল্প সমৃদ্ধ বস্তু দিয়ে গৃহ সাজাতে ভালবাসেন।

## অর্থভাগ্য

নিজেরা অর্থোপার্জন করুন বা নাই করুন, জীবনের প্রথম ভাগে এরা বিবাহ বা উত্তরাধিকার সূত্র বা পুরস্কার রূপে অর্থলাভ করেন। কিন্তু এদের "ভাগ্য" চিরস্থায়ী হয় না, সুতরাং আখেরের সঞ্চয় করে রাখা ভাল।

## স্বাস্থ্য

স্বাস্থ্য ভাল, কিন্তু অধিক সচ্ছলতার ফলে বাড়াবাড়ি করার অভ্যাস থাকে, এবং সেইটিতে অপকার হয়। শেষ বয়সে কর্কটরোগ ; অন্ত্রে বা বক্ষে টিউমার দেখা যেতে পারে।

৬, ১৫ ও ২৪শে ডিসেম্বরের জাতকের ৩, ৬ ও ৯ শুভ সংখ্যা। যে কোনও মাসের ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭ ও ৩০ তারিখে প্রয়োজনীয় কাজ করা উচিৎ।

ফিকে বেগুনি, ভায়লেট, গাঢ় বেগুনি, সবস্তরের নীল রং ; গাঢ় ও ফিকে সব রকমের লাল রং আপনার পক্ষে শুভ।

এ্যামেথিস্ট, টারকোয়েজ, চুনী, গোমেদ, আর লাল পাথর রত্ন হিসাবে শুভ। জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—৩, ৬, ১২, ১৫, ২১, ২৪, ৩০, ৩৩, ৩৯, ৪২, ৪৮, ৫১, ৫৭, ৬০ ও ৬৬।

বছরের যে কোনও মাসের ৩, ৬, ৯ ঘরের জাতক আপনাকে আকর্ষণ করবেন। মাঝে মাঝে '৫' ঘর যথা ৫, ১৪ ও ২৩ তারিখের জাতক আপনার জীবনের সঙ্গে জড়িয়ে যাবেন, কিন্তু তাঁরা স্থায়ীও নয়, কল্যাণকরও নয়।

## ১১৮ পরিচ্ছেদ

### ৭, ১৬ ও ২৫ ডিসেম্বরের জাতকগণ

### এ মাসের ৭ ঘরের ব্যক্তি

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে, নেপচুন, চন্দ্র, ও বৃহস্পতির স্পন্দনে ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘরের ধনুচিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বর্ণনা ডিসেম্বর জাতকদের সঙ্গে পূর্বেই আলোচনা করা হয়েছে। ২৫শে ডিসেম্বর আগন্তুক মকর চিহ্ন, শনির (অস্তি) ঘরে প্রবেশ করে, ফলে এই সময়ের জাতকের চরিত্র ভিন্ন হয়ে থাকে —এ বিষয়ে পরে বর্ণনা করা হবে।

নেপচুন ও বৃহস্পতিতে (অস্তি) চন্দ্র অতি আশ্চর্য তাৎপর্যপূর্ণ ঘটনা। মূলতঃ এরা পরস্পর বিরোধী। নেপচুন ও চন্দ্র নম্রতা ও নমনীয়তা গুণ সমৃদ্ধ অথচ ধনুতে বৃহস্পতি অতিশয় শক্তিপূর্ণ ও প্রভুত্বব্যাঞ্জক উচ্চাভিলাষী ও নেতৃত্বভাবাপন্ন।

রাশিচক্রের এই ভাগে নেপচুনের প্রভাব দেহের তুলনায় মনের উপর বেশী হয়। আশ্চর্য স্বপ্নলাভ, দৈবদর্শন, প্রেরণা ও রহস্যময় অভিজ্ঞতা দান করে। অবচেতন মনের জাগ্রত অবস্থায় এর ক্রিয়াকলাপ চলে। চন্দ্রের সমন্বয়ে নেপচুনের প্রভাবে; কবি, চিত্রকর, সঙ্গীতকার, ও আধ্যাত্মিক স্তরের সাহিত্যিক সৃষ্টি হয়। বৃহস্পতির উদ্যোগী প্রকৃতি কার্যকরী না হ'লে, এই সকল গুণাবলি অবিকশিত অবস্থায় থেকে যায়। এইভাবে দুই বিপরীত প্রকৃতির ক্রিয়া অনুভব করা যায়।

নেপচুন, ও চন্দ্র প্রকৃতির স্বপ্নবিলাসী ব্যক্তিগণ এইভাবে সক্রিয় হ'য়ে ওঠেন। "বস্তুর উপরে মন" এই বার্তা জগতে ঘোষণা করার জন্য এরা যেন "আহ্বান" শুনতে পান। যদি এখানেই থামতে পারতেন, তবে ভালই হ'ত, কিন্তু এই গ্রহসমন্বয়ে জাত কতিপয় ব্যক্তি নিজেদের উচ্চাভিলাষকে এতবেশী প্রশ্রয় দেন, যে জগতের আর সবকিছু তুচ্ছ করে এগিয়ে যেতে চেষ্টা করেন, ফলে তাঁরা নিজেদের সর্বনাশ ডেকে আনেন।

এরই অপর শ্রেণীর জাতক বস্তু জগতের উপর আধ্যাত্মিক জগতের শ্রেষ্ঠত্ব মেনে নেন এবং এইদিকে মানসিক বিকাশের ফলে সুনাম অর্জন করেন।

এইসব তারিখে জাত, কবি, চিত্রকর, সঙ্গীতকার, লেখক বা নেতা প্রায়ই জগতে নাম রেখে যান।

## অর্থভাগ্য

এঁদের আর্থিক অবস্থা ভারি অদ্ভুত। যদি এঁরা বিত্তবান হ'ন, তবে সাধারণ কোনও ব্যবসায়ের পথে অর্থাগম হয় না। অধিক বয়সে অ-সৎ কোন কোম্পানীর মালিকদের প্ররোচনায় অর্থ নিয়োগ করে অথবা নিজেদের ক্ষমতা অতিক্রম করার ফলে প্রচুর অর্থদণ্ড দেন।

## স্বাস্থ্য

পরিপাক শক্তি এমনিতেই ভাল নয়, তদুপরি আহার ও শরীরের প্রতি উদাসীনতা এঁদের মজ্জাগত স্বভাব। ৭, ১৬ ও ২৫শে ডিসেম্বরের জাতকের প্রকৃতি এত উচ্চ গ্রামে বাঁধা যে, এরা কখনই যথেষ্ট সুস্থ বোধ করেন না; মনে মনে নিজেদের শ্রান্ত করে ফেলেন এবং কদাচিৎ যথেষ্ট নিদ্রা ও বিশ্রাম পান।

এইসব তারিখে জন্ম হ'লে ২ ও ৭ ঘরের সংখ্যা এবং বছরের যে কোনও মাসে ২, ৭, ১১, ১৬, ২০, ২৫ ও ২৯ তারিখ আপনার পক্ষে শুভ। সুতরাং এই দিনগুলিতে আপনার বিশেষ প্রয়োজনীয় কাজ কর্ম সারবেন। ২৫শে ডিসেম্বর আগন্তুক মকর, শনির (অস্তি) ঘরে পড়ে যায়। ঐ তারিখে জন্ম হ'লে ৭ বা ১৬ তারিখের জাতকদের তুলনায় মানুষের কাছে অনেক বেশী আঘাত আপনাকে পেতে হতে পারে।

৭, ১৬ বা ২৫শে ডিসেম্বরের জাতক সবুজ, সাদা, ফিকে বাদামী, কপোত ধূসর বা যে কোনও ফিকে রং ব্যবহার করতে পারেন।

সবুজ জেড্, মুক্তা, মুনস্টোন, এ্যাসেথিষ্ট ও বেগুনি রঙের পাথর আপনার পক্ষে শুভ।

আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি যথাক্রমে—২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬ ও ৭০।

'২' ও '৭' এবং সময়ে সময়ে '৩' ঘর, যথা—৩, ১২, ২১ ও ৩০ তারিখের জাতক আপনাকে আকৃষ্ট করবে এবং তারা আপনার জীবনে গভীরভাবে ছায়া ফেলবে।

## ১১৯ পরিচ্ছেদ

### ৮, ১৭, ২৬ শে ডিসেম্বরের জাতকগণ

### এ মাসের ৮ সংখ্যার ব্যক্তিগণ

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যাতত্ত্বের নিয়মানুসারে শনি ও বৃহস্পতির স্পন্দনে ত্রিগুণাত্মক অগ্নির তৃতীয় ঘরের ধনু চিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হ'ন।

আপনার চারিত্রিক ও মানসিক গঠনের বিষয়ে পূর্বে ডিসেম্বর জাতকদের সঙ্গে বর্ণনা করা হয়েছে। ২৬শে ডিসেম্বরের জাতক আগন্তুক মকর চিহ্নে শনির ( অস্তি ) ঘরে অবস্থান করেন, সুতরাং ৮ বা ১৭ই ডিসেম্বর জাতকদের থেকে এঁদের চরিত্র কিছু ভিন্ন হয়।

বিশেষতঃ মকর কক্ষে প্রথম "৮" সংখ্যার বিষয়ে পরে আলোচনা করা হবে।

শনি, ধনুকক্ষে বৃহস্পতির প্রতীক্ "৮" সংখ্যা চরিত্রে অতিরিক্ত বল এবং সঙ্কল্পে দৃঢ়তা দান করে।

জীবনের সূচনা অতি কষ্টকর হয় এবং কোনও উদ্দেশ্য সাফল্যের গণ্ডীতে পৌছন বিঘ্ন বহুল হয়।

৮, ১৭ ও ২৬ শে ডিসেম্বর জাতকের অসীম অধ্যবসায় থাকে, কোনও কিছুই সহজে করতে পারেন না, কিন্তু ধৈর্য, কষ্ট সহিষ্ণুতা ও অধ্যবসায়ের এঁরা যে কোনও ক্ষেত্রে একটি স্থায়ী ব্যবস্থা করে নিতে পারেন।

এঁদের মধ্যে থেকে উৎকৃষ্ট বিচারপতি, আইনজীবী ও ব্যবসাদার হন। এঁরা অতি সতর্ক প্রকৃতির মানুষ, বিশেতঃ অপর ব্যাক্তিদের হয়ে যখন কিছু করেন।

এরা যা কিছু করেন এঁদের বিবেক সদা জাগ্রত থাকে, কিন্তু আরও একটু আত্ম-প্রত্যয় ও সাহস থাকলে নিজেদের উন্নতি সাংসারিক আয় আরও বেশী করতে পারেন।

এঁরা অতিশয় চাপা গোপন স্বভাবের হন, সামান্য সমালোচনায় আহত হন।

এঁরা অবিচার দেখে ক্রুদ্ধ হ'য়ে তীব্র প্রতিবাদ করেন এবং স্পষ্টবাদিতার

ফলে শত্রু সৃষ্টি করেন। শ্লেষ ও ব্যাঙ্গোক্তি এঁদের তর্কের অস্ত্র হিসাবে ব্যবহার করেন।

২৬শে ডিসেম্বরের জাতক জীবনে অনেক উর্দ্ধে উঠতে পারেন এবং যথেষ্ট সম্মানীয় ব্যক্তি হ'ন। কিন্তু কখনও বা কৌশলের অভাবে অথবা অতি সদয় ব্যবহারে অবিবেচক জনসাধারণের ঈর্ষাভাজন হয়ে সম্মান হারাতে পারেন।

## অর্থভাগ্য

৮, ১৭ ও ২৬শে ডিসেম্বরের জাতক ধীরে ধীরে নিশ্চিত রূপে অর্থসঞ্চয় করেন। এঁদের পরিবারের দুঃস্থ আত্মীয়বর্গ ওদের আর্থিক অবস্থার উপর চাপ সৃষ্টি করেন। জুয়া বা ফট্‌কা বাজারের সঙ্গে এঁদের কোনও সম্পর্ক নেই; সুপ্রতিষ্ঠিত ব্যবসাকেন্দ্র অথবা সরকারি নিরাপত্তা ব্যবস্থাগুলিতে এরা অর্থ বিনিয়োগ করেন। কিন্তু এত সতর্কতা সত্ত্বেও জীবনের শেষ ভাগে এঁদের অনেক অর্থ নষ্ট হয়।

## স্বাস্থ্য

৮, ১৭ ও ২৬শে ডিসেম্বরের জাতকগণ উত্তম স্বাস্থ্য ও মজবুত শরীরের অধিকারী। কিন্তু আভ্যন্তরীন ব্যাধির কারণে কঠিন অস্ত্রোপচারের সম্ভাবনা বিদ্যমান থাকে।

৮, ১৭ বা ২৬শে ডিসেম্বরের জাতক যেহেতু "৮" সংখ্যার ব্যক্তি, সেই কারণে ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১ তারিখ আপনার পক্ষে শুভপ্রদ।

গাঢ় রঙের পোশাক বা গহনা যথা কালো মুক্তা, হীরা ও গাঢ় বেগুনি পাথর আপনার পক্ষে শুভ।

'৮' ও সেই পর্যায়ে সংখ্যাগুলি আপনার জীবনে বাদ দেওয়া অসম্ভব; সুতরাং আপনার জীবনের উল্লেখযোগ্য বয়সগুলি হবে, যথাক্রমে—৮, ১৭, ২৬, ৩৫, ৪৪, ৫৩, ৬২, ৭১ ও ৮০।

৪ ও ৮ ঘরের ব্যক্তি, আর বছরের যে কোনও মাসের ৪, ৮, ১৩, ১৭, ২২, ২৬ ও ৩১শের জাতকের প্রতি তীব্র স্বাভাবিক আকর্ষণ বোধ করবেন।

# ১২০ পরিচ্ছেদ

## ৯, ১৮ ও ২৭ শে ডিসেম্বরের জাতকগণ

### এ মাসের "৯" সংখ্যার লোকেরা

যাঁরা জ্যোতিষ্কমণ্ডলীর এই সময়ে জন্মগ্রহণ করেন, তাঁরা চ্যালডীন সংখ্যা তত্ত্বের নিয়মানুসারে মঙ্গল ও বৃহস্পতির স্পন্দনে ত্রিগুণাত্মক পবনের তৃতীয় ঘরের ধনুচিহ্নের সবরকম প্রভাব দ্বারা চালিত হবেন।

২৭শে ডিসেম্বরের জাতক মকরের প্রথম '৯' সংখ্যা ঘরে অবস্থান করার ফলে মঙ্গল, শনি, ত্রিগুণাত্মক পৃথির তৃতীয় ঘরের প্রভাব পাবেন।

ডিসেম্বর মাসের জাতকদের সঙ্গে আপনার চারিত্রিক ও মানসিক গঠনের মূলকথা পূর্বে বর্ণনা করা হয়েছে।

৯, ১৮ ও ২৭শে ডিসেম্বরের জাতকগণ বৃহস্পতি, মঙ্গল ও শনির সমন্বয়ে অত্যন্ত উচ্চাভিলাষী ও দৃঢ় সঙ্কল্প সম্পন্ন ব্যক্তি হন।

এঁদের মতামত অটল থাকে এবং মনোভাব প্রভুত্ব ব্যাঞ্জক হয়।

হঠাৎ আহ্বান বা আকস্মিক প্রয়োজনে এরা বিশেষ তৎপর। শারীরিক ও মানসিক উচ্চ ক্ষমতা সম্পন্ন ব্যক্তি এঁরা বিপদকে গ্রাহ্য করেন না।

মুক্তবায়ুতে কঠোর পরিশ্রম এঁদের কাবু করতে পারেনা এবং অবসর সময়ে অশ্ব অথবা অন্য কোনও জীবজন্তুর চালনা এঁরা পারদর্শী হ'ন। বিপরীত লিঙ্গের প্রতি সহজে আকৃষ্ট হ'ন। বিবাহ সুখের হয়, কিন্তু একাধিক বিবাহের সম্ভাবনা থাকে।

সর্বপ্রকার দুঃসাহসিক কর্মে এঁদের আসক্তি, এইজন্য এঁরা নূতন নূতন দেশ আবিষ্কার কার্যে পথিকৃত হ'তে পারেন। এঁদের প্রকৃতি অস্থির এবং দেশ ভ্রমণের পক্ষপাতী বিশেষতঃ বহুদূরে অজানার অভিযানে বেরোতে এঁরা সদাই প্রস্তুত। যে কোনও মুহূর্তে, যে কোনও বিপদের ঝুঁকি নিতে এঁরা প্রস্তুত এবং নিজেদের উদ্দেশ্য সিদ্ধ করতে বহু বিপদের মধ্যে গিয়ে পড়েন।

অর্থের প্রতি এঁদের আকিঞ্চন কম, বিপন্ন ব্যক্তির প্রতি সহানুভূতিশীল, দাতব্য প্রতিষ্ঠানগুলিতে প্রচুর দান করেন, অর্থের অভাব থাকলে সময় ও বুদ্ধি দিয়ে সাহায্য করেন।

যন্ত্রপাতি সম্বন্ধে এঁদের সহজাত দক্ষতা থাকে, গতিসম্পন্ন যন্ত্রের বিষয়ে এঁদের ক্ষমতা ও উদ্ভাবনী শক্তি প্রশংসনীয়।

আর্থিক যোগাযোগ ভাল; অপ্রত্যাশিত উত্তরাধিকার সূত্রে, বিবাহ যোগে অথবা অর্থনিয়োগ করে এঁরা লাভবান হ'ন। অনেক সময়ে প্রভূত অর্থের অধিকারী হ'ন এবং, দ্রুতগতি সম্পন্ন যন্ত্রের সাহায্যে জনহিতকর কাজ করে থাকেন।

## অর্থভাগ্য

৯, ১৮ ও ২৭শে ডিসেম্বরের জাতকের আশাতীত উপায়ে, উত্তরাধিকার, বিবাহ বা অর্থনিয়োগের ফলে ধনপ্রাপ্তি ঘটে।

কয়েকটি ক্ষেত্রে নিজেদের দুঃসাহসিক প্রচেষ্টায় সফল হ'ন, অথবা দ্রুত অর্থকরী ব্যবসায় বিক্রয়লব্ধ অংশ লাভের সৌভাগ্য হয়। পেশাদারী ব্যাপারে না গিয়ে, ব্যক্তিগত মানসিকতা প্রয়োগ করলে এঁদের মঙ্গল হয়।

২৭শে ডিসেম্বরের জাতক এঁদের মধ্যে সবচেয়ে জ্ঞানী। শনির প্রভাব বিলীন হয়ে মঙ্গলকে নিয়ন্ত্রন করে, গুরু দায়িত্ব এবং অনেক বোঝা নিয়ে আসে।

## স্বাস্থ্য

ডিসেম্বরের এই সময়ের জাতক নিজেরাই নিজেদের শত্রু. এঁরা কখনই নিজেদের বিষয়ে সাবধান হ'ন না, উপরন্তু সব সময় কাজ করে স্বাস্থ্যক্ষয় করেন। আঠারো বছরের পর এঁরা স্বাস্থ্য ফিরে পান, কিন্তু চুয়ান্ন বছরের পর থেকে অত্যধিক স্নায়বিক পরিশ্রমের প্রতিক্রিয়া দেখা দেয়।

এঁদের জীবনে সচরাচর প্রায় বড় রকম দুর্ঘটনা ঘটে, যথা—বন্দুকের গুলির আঘাত, অগ্নি, মোটরকার, বিমান অথবা পশ্বাদি থেকে বিপদ ঘটতে পারে।

৯, ১৮ বা ২৭শে ডিসেম্বরের জাতকের পক্ষে '৯' ঘরের সংখ্যাও তারিখ, যথা—৯, ১৮ বা ২৭ ফলপ্রসূ। যে কোনও মাসের এই তারিখগুলি এঁরা বিশেষ প্রয়োজনীয় কাজে ব্যবহার করলে সুফল পাবেন।

ফিকে অথবা গাঢ় সবস্তরের লাল রং এঁদের পক্ষে শুভ।

চুনী, গোমেদ ও সব লাল পাথর কল্যাণবহ।

জীবনের যাবতীয় স্মরণীয় বয়স সবই '৯' পর্যায় পড়বে, যথা—৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ৭২ ও ৮১। ৩, ৬, ৯ পর্যায় ব্যক্তির প্রতি আপনার স্বাভাবিক আকর্ষণ থাকে, কিন্তু ২৭শে ডিসেম্বরের জাতকের পক্ষে বছরের যে কোনও মাসের ৩, ৮ ও ৯ ঘরের ব্যক্তি আকর্ষণী বেশী।

---